

উপক্রমণিকা

মহান দেশনায়ক সুভাষচন্দ্র বসুর নামাঙ্কিত এই মুক্ত বিশ্ববিদ্যালয়ের উন্মুক্ত শিক্ষাঙ্গনে আপনাকে স্বাগত। সম্প্রতি এই প্রতিষ্ঠান দেশের সর্বপ্রথম রাজ্য সরকারি মুক্ত বিশ্ববিদ্যালয় হিসেবে ন্যাক (NAAC) মূল্যায়নে 'এ'-গ্রেড প্রাপ্ত হয়েছে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন প্রকাশিত নির্দেশনামায় স্নাতক শিক্ষাক্রমকে পাঁচটি পৃথক প্রকরণে বিন্যস্ত করার কথা বলা হয়েছে। এগুলি হল—'কোর কোর্স', 'ডিসিপ্লিন স্পেসিফিক ইলেকটিভ', 'জেনেরিক ইলেকটিভ' এবং 'স্কিল'/'এবিলিটি এনহ্যান্সমেন্ট কোর্স'। ক্রেডিট পদ্ধতির ওপর ভিত্তি করে বিন্যস্ত এই পাঠক্রম শিক্ষার্থীর সামনে নির্বাচনাত্মক পাঠক্রমে পাঠ গ্রহণের সুযোগ এনে দেবে। এরই সঙ্গে যুক্ত হয়েছে ষাণ্মাসিক মূল্যায়ন ব্যবস্থা এবং ক্রেডিট ট্রান্সফারের সুযোগ। শিক্ষার্থী-কেন্দ্রিক এই ব্যবস্থা মূলত গ্রেড-ভিত্তিক যা অবিচ্ছিন্ন আভ্যন্তরীণ মূল্যায়নের মধ্য দিয়ে সার্বিক মূল্যায়নের দিকে এগোবে এবং শিক্ষার্থীকে বিষয় নির্বাচনের ক্ষেত্রে যথোপযুক্ত সুবিধা দেবে। শিক্ষাক্রমের প্রসারিত পরিসরে বিবিধ বিষয় চয়নের সক্ষমতা শিক্ষার্থীকে দেশের অন্যান্য উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের আন্তঃব্যবস্থায় অর্জিত ক্রেডিট স্থানান্তরে সাহায্য করবে। শিক্ষার্থীর অভিযোজন ও পরিগ্রহণ ক্ষমতা অনুযায়ী পাঠক্রমের বিন্যাসই এই নতুন শিক্ষাক্রমের লক্ষ্য।

UGC (Open and Distance Learning Programmes and Online Learning Programmes) Regulations, 2020 অনুযায়ী সকল উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের স্নাতক পাঠক্রমে এই সি.বি.সি.এস. পাঠক্রম পদ্ধতি কার্যকরী করা বাধ্যতামূলক— উচ্চশিক্ষার পরিসরে এই নতুন শিক্ষাক্রম এক বৈকল্পিক পরিবর্তনের সূচনা করেছে। আগামী ২০২১- ২২ শিক্ষাবর্ষ থেকে স্নাতক স্তরে নির্বাচনভিত্তিক এই পাঠক্রম কার্যকরী করা হবে, এই মর্মে নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় সিদ্ধান্ত গ্রহণ করেছে। বর্তমান পাঠক্রমগুলি উচ্চশিক্ষা ক্ষেত্রের নির্ণায়ক কৃত্যকের যথাবিহিত প্রস্তাবনা ও নির্দেশাবলী অনুসারে রচিত ও বিন্যস্ত হয়েছে। বিশেষ গুরুত্বারোপ করা হয়েছে সেইসব দিকগুলির প্রতি যা ইউ.জি.সি. কর্তৃক চিহ্নিত ও নির্দেশিত।

মুক্ত বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে স্ব-শিক্ষা পাঠ-উপকরণ শিক্ষার্থী-সহায়ক পরিষেবার একটি গুরুত্বপূর্ণ অংশ। সি.বি.সি.এস. পাঠক্রমের এই পাঠ-উপকরণ মূলত বাংলা ও ইংরেজিতে লিখিত হয়েছে। শিক্ষার্থীদের সুবিধের কথা মাথায় রেখে আমরা ইংরেজি পাঠ-উপকরণের বাংলা অনুবাদের কাজেও এগিয়েছি। বিশ্ববিদ্যালয়ের আভ্যন্তরীণ শিক্ষকরাই মূলত পাঠ-উপকরণ প্রস্তুতির ক্ষেত্রে অগ্রণী ভূমিকা নিয়েছেন—যদিও পূর্বের পরম্পরা অনুযায়ী অন্যান্য বিদ্যায়তনিক উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে সংযুক্ত অভিজ্ঞ ও বিশেষজ্ঞ শিক্ষকদের সাহায্য আমরা অকুণ্ঠচিত্তে গ্রহণ করেছি। তাঁদের এই সাহায্য পাঠ-উপকরণের মানোন্নয়নের সহায়ক হবে বলেই আমার বিশ্বাস। এই নির্ভরযোগ্য ও মূল্যবান বিদ্যায়তনিক সাহায্যের জন্য আমি তাঁদের আন্তরিক অভিনন্দন জানাই। এই পাঠ-উপকরণ মুক্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষণ পদ্ধতি ও প্রকরণে নিঃসন্দেহে গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে। একথা বলা বাহুল্য যে, এ বিষয়ে উন্মুক্ত শিক্ষাঙ্গনের পঠন প্রক্রিয়ায় সংযুক্ত সকল শিক্ষকের সদর্থক ও গঠনমূলক মতামত আমাদের আরও সমৃদ্ধ করবে।

মুক্ত বিশ্ববিদ্যালয়ের পাঠ-উপকরণ প্রস্তুতির এই বিদ্যায়তনিক উদ্যোগের সর্বাঙ্গীণ সাফল্য কামনা করি। মুক্তশিক্ষাক্রমে উৎকর্ষের প্রসঙ্গে আমরা প্রতিশ্রুতিবদ্ধ।

অধ্যাপক (ড.) শুভ শঙ্কর সরকার

উপাচার্য

Netaji Subhas Open University

**Under Graduate Degree Programme
Choice Based Credit System (CBCS)**

(নির্বাচনভিত্তিক মূল্যমান ব্যবস্থা)

বিষয় : সাম্মানিক বাণিজ্য (Commerce)

Subject : B. Com (Hons.) /(HCO)

পাঠক্রম : প্রত্যক্ষ কর (Direct Taxation)

Course Code : CC-CO-08

প্রথম মুদ্রণ : এপ্রিল, 2022

First Print : April, 2022

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের দূরশিক্ষা ব্যুরোর বিধি অনুযায়ী মুদ্রিত।

Printed in accordance with the regulations of the
Distance Education Bureau of the University Grants Commission.

Netaji Subhas Open University

Under Graduate Degree Programme
Choice Based Credit System (CBCS)

(নির্বাচনভিত্তিক মূল্যমান ব্যবস্থা)

বিষয় : সাম্মানিক বাণিজ্য (Commerce)

Subject : B. Com (Hons.) /(HCO)

পাঠক্রম : প্রত্যক্ষ কর (Direct Taxation)

Course Code : CC-CO-08

: বিষয় সমিতি :

: সদস্যবৃন্দ :

ড. অনির্বাণ ঘোষ
Professor of Commerce
NSOU (Chairperson)

ড. সজল কুমার মাইতি
Professor of Commerce (PG Dept.)
Hooghly Mohsin College

সি. এ. শুভায়ন বসু
Associate Professor
Ananda Mohan College

ড. উত্তম কুমার দত্ত
Professor of Commerce
NSOU

ড. আশিষ কুমার সানা
Professor of Commerce
University of Calcutta

শ্রী সুদর্শন রায়
Assistant Professor
NSOU

: রচনা :

একক 1-3 & 6-8 : ড. সুজিত রায়
Associate Professor
Goenka College of Commerce &
(Administration Business)

: সম্পাদনা :

একক 1-8 : ড. চিত্তরঞ্জন সরকার
Professor of Commerce
NSOU

একক 4A-5C : ড. অনির্বাণ ঘোষ
Professor of Commerce
NSOU

: বিন্যাস সম্পাদনা :

শ্রী সুদর্শন রায়
Assistant Professor of Commerce, NSOU

প্রজ্ঞাপন

এই পাঠ সংকলনের সমুদয় স্বত্ব নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের দ্বারা সংরক্ষিত। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের লিখিত অনুমতি ছাড়া এর কোন অংশের পুনর্মুদ্রণ বা কোনোভাবে উদ্ধৃতি সম্পূর্ণ নিষিদ্ধ।

কিশোর সেনগুপ্ত
নিবন্ধক



নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়

প্রত্যক্ষ কর

CC - CO-08

| পর্যায় - 1 | | পৃষ্ঠা |
|-------------|--|---------|
| একক 1 | <input type="checkbox"/> আয়কর আইন সম্পর্কে প্রাথমিক ধারণা ও পদ্ধতি | 7-28 |
| একক 2 | <input type="checkbox"/> আবাসিক মর্যাদা ও করদায় | 29-57 |
| একক 3 | <input type="checkbox"/> কর থেকে সম্পূর্ণ রেহাইযোগ্য আয়সমূহ বা করমুক্ত আয় | 58-71 |
| একক 4(A) | <input type="checkbox"/> বেতন থেকে আয় | 72-145 |
| একক 4(B) | <input type="checkbox"/> গৃহসম্পত্তি থেকে আয় | 146-176 |
| পর্যায় - 2 | | |
| একক 5(A) | <input type="checkbox"/> ব্যবসায় বা পেশা থেকে মুনাফা ও লাভ | 177-222 |
| একক 5(B) | <input type="checkbox"/> 'মূলধনি মুনাফা' থেকে আয় | 223-250 |
| একক 5(C) | <input type="checkbox"/> অন্যান্য উৎস থেকে আয় | 251-268 |
| একক 6 | <input type="checkbox"/> কর থেকে অব্যাহতি | 269-277 |
| একক 7 | <input type="checkbox"/> সমগ্র মোট আয় থেকে ছাড় সমূহ | 278-312 |
| একক 8 | <input type="checkbox"/> 'ব্যক্তি বিশেষ'-এর কর নির্ধারণ ও প্রদেয় কর নির্ণয় | 313-333 |

একক 1 □ আয়কর আইন সম্পর্কে প্রাথমিক ধারণা ও পদ্ধতি

গঠন

- 1.0 উদ্দেশ্য
- 1.1 প্রস্তাবনা
- 1.2 ভারতবর্ষে আয়কর আইনের সংক্ষিপ্ত ইতিহাস
- 1.3 বর্তমান আয়কর আইনের সংক্ষিপ্ত শিরোনাম, সীমা ও সূচনা
- 1.4 আয়কর
- 1.5 অর্থ আইন
- 1.6 সংজ্ঞা ও মৌলিক ধারণা
 - 1.6.1 নির্ধারী বা করদাতা
 - 1.6.2 ব্যক্তি
 - 1.6.3 কর নির্ধারণ বছর
 - 1.6.4 পূর্ববর্তী বছর
 - 1.6.5 নতুন স্থাপিত ব্যবসায় বা পেশার ক্ষেত্রে পূর্ববর্তী বছর
 - 1.6.6 কোন পূর্ববর্তী বছরের আয় তার ঠিক পরবর্তী বছরে নিরূপণ করা হবে—ব্যতিক্রম
 - 1.6.7 সমগ্র মোট আয়
- 1.7 কৃষি আয়
 - 1.7.1 কৃষি আয়ের সংজ্ঞা
 - 1.7.2 কৃষি আয়ের বৈশিষ্ট্য
 - 1.7.3 কৃষি আয়ের কয়েকটি দৃষ্টান্ত
 - 1.7.4 অকৃষি আয়ের কতকগুলি দৃষ্টান্ত
 - 1.7.5 আংশিক কৃষি আয়
 - 1.7.6 কৃষি আয়ের করযোগ্যতা
- 1.8 কর পরিকল্পনা, কর ফাঁকি ও কর এড়ানো ব্যাখ্যা করুন
 - 1.8.1 কর ফাঁকি, কর এড়ানো ও কর পরিকল্পনার মধ্যে পার্থক্য করুন
- 1.9 সারাংশ
- 1.10 অনুশীলনী

1.0 উদ্দেশ্য

এই এককটি পড়ার পর আপনি জানতে পারবেন—

- ভারতীয় আয়কর আইন,
- এই আইন অনুসারে আয়ের বৈশিষ্ট্য এবং
- কৃষি আয় ও কৃষি আয়ের করযোগ্যতা।

1.1 প্রস্তাবনা

ভারতীয় অর্থনীতিতে কর ব্যবস্থা কোনও নতুন প্রথা নয়। কোটিল্যোর ‘অর্থশাস্ত্র’ গ্রন্থে কর ব্যবস্থার (আয়কর) উল্লেখ পাওয়া যায়। চন্দ্রগুপ্ত যে লাভের বা আয়ের উপর কর আদায় করতেন, তারও প্রমাণ পাওয়া যায়। কর প্রথা ছিল রাজা ও প্রজার মধ্যে একটি সামাজিক চুক্তি। প্রজারা তাদের নিজেদের মঞ্জলের জন্য রাজাকে নানা প্রকার কর দিতে প্রস্তুত ছিল। অতএব, আয়কর ব্যবস্থা ভারতবর্ষে সুপ্রাচীন। সরকারের রাজস্ব আদায়ের একটি গুরুত্বপূর্ণ সূত্র হল আয়কর। বর্তমান গতিশীল ভারতীয় অর্থনীতিতে করব্যবস্থার গুরুত্ব সর্বজনস্বীকৃত।

1.2 ভারতবর্ষে আয়কর আইনের সংক্ষিপ্ত ইতিহাস

প্রথম আয়কর আইন (1860) : 1857 সালে সিপাহি বিদ্রোহের ফলে ইংরেজ সরকারের অর্থনৈতিক অবস্থার অবনতি হয়। তাই অর্থনীতির উন্নতির জন্য 1860 সালে প্রথম আয়কর আইন প্রবর্তন হয়— যার প্রধান উদ্দেশ্য ছিল অধিক মাত্রায় রাজস্ব সংগ্রহ করা। স্যার জেমস উইলসন (Sir James Wilson) ছিলেন এই আইনের প্রবর্তক।

এরপর যথাক্রমে দ্বিতীয় আয়কর আইন (1869), তৃতীয় আয়কর আইন (1886), চতুর্থ আয়কর আইন (1918) এবং পঞ্চম আয়কর আইন (1922) প্রবর্তন হয়।

বর্তমানে ভারতবর্ষে প্রচলিত আয়কর আইন 1961 সালে প্রবর্তন হয়।

1.3 বর্তমানে আয়কর আইনের সংক্ষিপ্ত শিরোনাম, সীমা ও সূচনা (ধারা 1)

- (a) এই আইনকে আয়কর আইন 1961 (Income Tax Act, 1961) বলা হয়।
- (b) এই আইন সমগ্র ভারতে প্রযোজ্য হয়।

- (c) 1 লা এপ্রিল 1962 (1.4.1962) থেকে এ আইন বলবৎ করা হয়েছে।
- (d) সরকারি আদেশানুসারে [SO 1028 (E) of 7.11.1988] এই আইন 1লা এপ্রিল 1989 (1.4.1989) থেকে সিকিম রাজ্যে চালু করা হয়েছে। বর্তমান আয়কর আইনে 450টির অধিক ধারা (Sections), অসংখ্য উপধারা (Sub-sections) এবং 12টি তফসিল (Schedule) আছে। এছাড়া বিভিন্ন উচ্চ আদালতের (High Court) ও সর্বোচ্চ আদালতের (Supreme Court) গুরুত্বপূর্ণ মামলার রায় (Judgement) বিশেষভাবে প্রয়োজন।

1.4 আয়কর (Income Tax)

কোনও পূর্ববর্তী বছরের মোট আয়ের উপর প্রদেয় করই হল আয়কর। আয়কর কথাটি দুটি শব্দ মিলিয়ে তৈরি হয়—1. আয় এবং 2. এই আয়ের উপর কর। মোট করযোগ্য আয় নিবুপণ ও তার উপর করছায় নির্ধারণ—এই দুই ক্ষেত্রেই 1961 সালের আয়কর আইন প্রয়োগ করাই হল এককথায় আয়করের মূল বিষয়।

1.5 অর্থ-আইন (Finance Act)

সাধারণত প্রতি বছর ফেব্রুয়ারি মাসে, কেন্দ্রীয় অর্থমন্ত্রী প্রত্যেক আর্থিক বছরের জন্য সরকারের আনুমানিক আয় ও ব্যয়ের সংবলিত একটি Budget সংসদে (লোকসভা) পেশ করেন। সেই বাজেটের সঙ্গে আয়কর সংক্রান্ত যাবতীয় নতুন প্রস্তাব ও সংশোধনী কার্যকরি করার জন্য অর্থ বিল (Finance Bill) পেশ করেন। বিতর্ক, আলোচনা এবং ভোটাভুটির পর এই বিল লোকসভা কর্তৃক গৃহীত ও রাষ্ট্রপতি কর্তৃক অনুমোদিত হলে অর্থ আইনে (Finance Act) পরিণত হয়। সুতরাং এই অর্থ আইন মূল আয়কর আইনের কিছু অংশের সংশোধন, পরিবর্তন, সংযোজন, পরিমার্জন ইত্যাদি করে। এছাড়াও অর্থ আইনে আয়করের হার (Rates of Income Tax) স্থিরীকৃত হয়।

1.6 সংজ্ঞা ও মৌলিক ধারণা (Definition and Concepts)

1.6.1 নির্ধারী বা করদাতা (Assessee) [ধারা 2 (7)]

1961 সালের আয়কর আইনের 2(7) ধারায় করদাতা বা নির্ধারীর সংজ্ঞা দেওয়া আছে। এই ধারা অনুযায়ী “যে ব্যক্তি আয়কর আইন অনুসারে কোনও কর বা অন্য যে কোনও অর্থ (যেমন সুদ, জরিমানা ইত্যাদি) প্রদান করতে বাধ্য থাকেন, তাকে নির্ধারী বা করদাতা বলে”।

নিম্নলিখিত ব্যক্তিগণকেও আয়কর আইনের দৃষ্টিতে করদাতা বলে গণ্য করা হবে—

1. যাঁর সম্পর্কে তাঁর নিজের বা অন্য কোন ব্যক্তির (যাঁর জন্য তিনিই কর নির্ধারণযোগ্য) আয় বা ক্ষতির পরিমাণ নিবৃপণের জন্য মামলা শুরু হয়েছে।

অথবা,

2. যাঁর সম্পর্কে তার নিজের বা অনুরূপ অন্য কোনও ব্যক্তির কাছে ফেরতযোগ্য অর্থের পরিমাণ নিয়ে মামলা শুরু হয়েছে।

আয়কর আইন অনুসারে নির্ধারিতরূপে ধরে নেওয়া যায় (Deemed to be an assessee) এমন প্রতিটি ব্যক্তিও এর অন্তর্ভুক্ত। এই ধরনের ক্ষেত্রগুলি হল:

1. কোনও মৃত করদাতার আইনানুগ উত্তরাধিকারীগণ (ধারা 159)
2. কোনও করদাতার প্রতিনিধি (ধারা 160) যেমন:
 - (a) কোনও অনাবাসিক (Non-Residence) ব্যক্তির নিযুক্তক (agent) রূপে গৃহীত ব্যক্তি।
 - (b) কোনও নাবালক, উন্মাদ বা জড়বুদ্ধিসম্পন্ন ব্যক্তির অভিভাবক বা ব্যবস্থাপক (Manager), যিনি তাদের হয়ে আয় গ্রহণের অধিকারী।
 - (c) কোনও আদালতের আদেশ অনুসারে নিযুক্ত রিসিভার বা ব্যবস্থাপক, ন্যাসরক্ষক (Trustee), কোট অফ ওয়ার্ডস ইত্যাদি। যাঁরা কোন ব্যক্তির সম্পত্তির তত্ত্বাবধান করেন।

আয়কর আইনের যে কোনও বিধান অনুযায়ী যে ব্যক্তি 'খেলাপকারী নির্ধারী' (assessee in default) হিসাবে গণ্য তিনিও 'নির্ধারী' শব্দের অন্তর্ভুক্ত। উদাহরণস্বরূপ বলা যায়—যে ব্যক্তি বা প্রতিষ্ঠান অর্থপ্রদানকালে উৎসস্থলে আয়কর কেটে রাখেনি, কিন্তু যিনি কেটে রাখতে বাধ্য—ধারা 192-194, 194A, 194B, 194C, 194D এবং 195 অনুসারে বা কেটে রাখা সত্ত্বেও আয়করের টাকা সরকারি তহবিলে জমা দেননি, তাকে খেলাপি করদাতা বলে গণ্য করা হবে (ধারা 201)।

সুতরাং কোনও ব্যক্তি যার উপর কর নির্ধারণের পক্ষতি আরোপ করা যায়— তার নিজের কর নির্ধারণের জন্য বা অপর কোন ব্যক্তির কর নির্ধারণের জন্য হোক— তাকেই আয়কর আইনে করদাতা বলা হয়।

1.6.2 ব্যক্তি (Person) [ধারা 2(31)]

ভারতীয় আয়কর আইন অনুসারে ব্যক্তি কথাটির অর্থ অনেক ব্যাপক। নিম্নলিখিত সাতটি সত্ত্বা ব্যক্তি হিসাবে গণ্য হয়—

1. একজন স্বতন্ত্র ব্যক্তি (An Individual), অর্থাৎ একজন মানুষ যিনি প্রাপ্তবয়স্ক, অপ্রাপ্তবয়স্ক, নারী, পুরুষ, বা উন্মাদ হতে পারেন।
2. একটি অবিভক্ত হিন্দু পরিবার (A Hindu Undivided Family) অর্থাৎ একই পূর্বপুরুষ থেকে বংশানুক্রমিকভাবে আগত সকল বংশধর ও তাঁদের পত্নীরা এবং অবিবাহিত কন্যারাও এর অন্তর্গত।
3. একটি যৌথ মূলধনি কোম্পানি (A Joint Stock Company)।

4. একটি অংশীদারী কারবার (A Partnership firm)।
5. নিবন্ধিত অথবা অনিবন্ধিত একক ব্যক্তিবর্গের একটি সমিতি অথবা সংঘ (An Association of Persons or Body of individual whether incorporated or not)।
6. একটি স্থানীয় স্বায়ত্তশাসন কর্তৃপক্ষ (A Local Authority) যেমন মিউনিসিপাল বোর্ড, কর্পোরেশন ইত্যাদি।
7. উপরিউক্ত ব্যক্তিগণ ছাড়াও আইনগ্রাহ্য প্রতিটি কৃত্রিম ব্যক্তি (Every artificial Juridical Person not falling within any of the preceding Sub-clauses)

উদাহরণ-1: নিম্নলিখিত তথ্যসমূহ থেকে ব্যক্তির (Person) ধরণ শনাক্ত কর।

- (a) Kolkata Municipal Corporation.
- (b) State Bank of India.
- (c) A joint family of Mr. Amit Sen, Smt. Mita Sen and their son Arijit Sen.
- (d) Calcutta University.
- (e) Tata Steel Ltd.
- (f) Mr. Amitava Bachhan.
- (g) Kalighat temple.
- (h) Calcutta Club.
- (i) A, B forming a partnership firm.

সমাধান :

- (a) Local authority (একটি স্থানীয় স্বায়ত্তশাসন কর্তৃপক্ষ)
- (b) Company (কোম্পানী)
- (c) Hindu Undivided family (অবিভক্ত হিন্দু পরিবার)
- (d) An artificial and Juridical person (আইনগ্রাহ্য কৃত্রিম ব্যক্তি)
- (e) Company (কোম্পানী)
- (f) Individual (একক ব্যক্তি)
- (g) An artificial and Juridical Person (আইনগ্রাহ্য কৃত্রিম ব্যক্তি)
- (h) Association of Person. (একক ব্যক্তিবর্গের সংঘ)
- (i) Partnership firm (অংশীদারী কারবার)

1.6.3 কর-নির্ধারণ বছর (Assessment Year) [ধারা 2 (9)]

কর-নির্ধারণ বছর বলতে একটি 12 মাসের সময়কালকে বোঝায় বা প্রতি ইংরেজি বছরের 1st এপ্রিল

থেকে শুরু করে পরবর্তী বছরের 31st মার্চ অবধি গণ্য করা হয়। যে বছরে করদাতার মোট করযোগ্য আয় নির্ণয় করা এবং প্রযোজ্য হারে উক্ত করযোগ্য আয়ের উপর দেয় আয়কর নির্ধারণ করা হয়, সে বছরকে কর নির্ধারণ বছর বলে।

যেমন, কর নির্ধারণ বছর 2021-22 বলতে বোঝায় 1.4.2021 থেকে 31.3.2022 পর্যন্ত 12 মাসের সময়কাল। এই কর নির্ধারণ বছরে পূর্ববর্তী বছর 2018-2019 এ নির্ধারিত মোট আয় ও কর নির্ধারণ করা হয় বলে এই বছরকে কর নির্ধারণ বছর বলে।

1.6.4 পূর্ববর্তী বছর (Previous Year) [ধারা 3]

● আয়কর আইনের ধারা 3 অনুসারে প্রতিটি কর নির্ধারণ বছরের একটি 'পূর্ববর্তী বছর' আছে। কোনও করদাতা (Assessee) যিনি কোন হিসাবখাতা রাখেন না বা আর্থিক বছরের ভিত্তিতেই হিসাবের খাতা রাখেন (অর্থাৎ 1st এপ্রিল থেকে 31st মার্চ) সেক্ষেত্রে কর-নির্ধারণ বছরের ঠিক পূর্ববর্তী আর্থিক বছরকেই 'পূর্ববর্তী বছর' আখ্যা দেওয়া হয়।

কর-নির্ধারণ বছরের ঠিক পূর্বে অবস্থিত বলে এই বছরকে পূর্ববর্তী বছর বলে।

● পূর্ববর্তী বছর হল কর নির্ধারণ বছরের পূর্বের আর্থিক বছর (1st এপ্রিল থেকে 31st মার্চ)

● একটি আর্থিক বছরে যে আয় উপার্জন করা হয় পরবর্তী আর্থিক বছরে তার উপর কর ধার্য করা হয়। অর্থাৎ প্রথম আর্থিক বছরটি, যাতে আয় হয়, তা হল পূর্ববর্তী বছর এবং পরবর্তী আর্থিক বছরটি যাতে কর নির্ধারণ করা হয় তা হল কর নির্ধারণ বছর। যেমন :

| পূর্ববর্তী বছর (Previous Year) | করনির্ধারণ বছর (Assessment Year) |
|-----------------------------------|-------------------------------------|
| 2018-19 | 2019-20 |
| 2019-20 | 2020-21 |
| 2020-21 | 2021-22 |

● সব শ্রেণির করদাতার ক্ষেত্রে 31শে মার্চে সমাপ্ত আর্থিক বছরকেই পূর্ববর্তী বছর হিসাবে গণ্য করা হয়। অর্থাৎ সকল প্রকার করদাতার জন্য 31শে মার্চ যে বছর শেষ হয় তা একরূপ হিসাব বছর (Uniform accounting year) বলে বিবেচিত হয়।

1.6.5 নতুন স্থাপিত ব্যবসায় বা পেশার ক্ষেত্রে পূর্ববর্তী বছর (Previous Year of a newly setup business or other source of income)

আয়কর আইন অনুসারে নতুন স্থাপিত ব্যবসায় বা পেশার ক্ষেত্রে অথবা কোনও আর্থিক বছরে নতুন কোনও আয়ের উৎস এলে সে ক্ষেত্রে পূর্ববর্তী বছর শুরু হবে ব্যবসায় বা পেশা আরম্ভ হওয়ার দিন থেকে অথবা যে তারিখ থেকে নতুন আয়ের উৎস হল সেই তারিখ থেকে শেষ হবে 31শে মার্চ তারিখে।

উদাহরণ :

রাম তার নতুন ব্যাবসা শুরু করল 1 লা সেপ্টেম্বর 2018— এক্ষেত্রে পূর্ববর্তী বছর শুরু হবে 1.9.2018 তারিখে এবং শেষ হবে 31শে মার্চ 2019। অর্থাৎ পূর্ববর্তী বছর হবে 7 মাসের সময়কাল।

1.6.6 কোনও পূর্ববর্তী বছরের আয় তার ঠিক পরবর্তী কর-নির্ধারণ বছরে নিরূপণ করা হবে—এই আইনের কিছু ব্যতিক্রম আছে (Exceptions to the General Rule that income earned during the Previous Year is charged to tax in the assessment year)

নিম্নলিখিত ক্ষেত্রে পূর্ববর্তী বছর এবং কর নির্ধারণ বছর একই হবে—

1. একজন অনাবাসিকের জাহাজি ব্যবসায় ভারতে অর্জিত আয় যদি তার ভারতে কোনও নিযুক্তক (agent) না থাকে, (ধারা 172),
2. যে ব্যক্তি স্থায়ীভাবে বা বহুদিনের জন্য ভারতবর্ষ ছেড়ে চলে যাচ্ছে, তার আয়ের ক্ষেত্রে (ধারা 174),
3. কোন একক ব্যক্তিবর্গের সমিতি অথবা সংঘ অথবা কৃত্রিম আইনগ্রাহ্য ব্যক্তিদের দ্বারা স্বল্প সময়ের জন্য সৃষ্ট সংঘ (ধারা 174A),
4. যে ব্যক্তি আয়কর না দেওয়ার উদ্দেশ্যে সম্পত্তির হস্তান্তর করে অথবা সম্পত্তির দামে কোনও পরিবর্তন করে, তবে তার আয়ের ক্ষেত্রে (ধারা 175),
5. পরিত্যক্ত বা বন্ধ করে দেওয়া হয়েছে এমন কোন ব্যাবসা, পেশা বা বৃত্তির আয়ের ক্ষেত্রে (ধারা 176)।

1.6.7 সমগ্র মোট আয় (Gross Total Income)

মোট আয়ের ও প্রদেয় আয়করের হিসাব করার জন্য আয়কর আইনের 14 ধারা অনুযায়ী সকল আয়কেই নিম্নলিখিত পাঁচটি খাতে ভাগ করা হয়েছে—

আয়ের বিভিন্ন খাত (Heads of Income)

1. বেতন থেকে আয় (Income for Salaries) [ধারা 15 থেকে 17]
2. গৃহসম্পত্তি থেকে আয় (Income from House property) [ধারা 22 থেকে 27]
3. পেশা বা ব্যাবসা থেকে আয় (Income from Business or Profession) [ধারা 28 থেকে 44]
4. মূলধনি লাভ (Income from Capital Gain) [ধারা 45 থেকে 55]
5. অন্যান্য খাতে আয় (Income from other Sources) [ধারা 56 থেকে 59]

কোন নির্ধারিত মোট আয় নির্ণয় করতে হলে সর্বপ্রথম আলাদা-আলাদাভাবে বিভিন্ন খাতের আয় নির্ধারণ করা প্রয়োজন।

উপরে উল্লেখিত পাঁচটি খাতের আয়ের যোগফল থেকে পাল্টা দাবি ও লোকসানের জের বাদ দেবার

(Set off and clubbing of incomes) পর যে আয় থাকে তাকে কোন নির্ধারিত সমগ্র মোট আয় (Gross total Income) বলে।

প্রসঙ্গত উল্লেখযোগ্য যে, এই সমগ্র মোট আয় থেকে অনুমোদনযোগ্য কিছু ছাড় (Deduction u/s 80) দেওয়ার পর যে আয় থাকে তাকে 'মোট করযোগ্য আয়' (Total taxable Income) বলে।

● সমগ্র মোট আয় এবং মোট করযোগ্য আয় নিরূপণ (Computation of Gross total income and total taxable income :

| | | |
|---|------------|-------|
| Salaries | | * * * |
| Income from house property | | * * * |
| Profits and gains of business or profession | | * * * |
| Capital gains | | * * * |
| Income from other sources | | * * * |
| | | <hr/> |
| Gross Total Income | | * * * |
| Less : Deductions under chapter VIA [U/S 80C to 80U] | | * * * |
| | | <hr/> |
| Total Taxable Income | | * * * |
| | | <hr/> |
| Tax liability [Non senior individual] for the A. Y. 2022-23 | | |
| Up to Rs. 2,50,000 | Nil | |
| Rs. 2,50,001 to Rs. 5,00,000 | 5% | |
| Rs. 5,00,001 to Rs. 10,00,000 | <u>20%</u> | |
| Above Rs. 10,00,000 | 30% | * * * |
| Less : Tax Rebate U/S 87A (একজন আবাসিক একক ব্যক্তি যার করযোগ্য আয় 5,00,000 টাকার উপরে নয়) | | |
| | | <hr/> |
| (a) Actual tax liability or | | * * * |
| (b) Rs. 15,000, which ever is lower | | * * * |
| | | <hr/> |
| Add : Surcharge [if total income exceeds Rs. 50 lac @10% Rs. 1 Crores @ 15% etc.] | | * * * |
| | | * * * |
| | | <hr/> |
| Add : Secondary and Higher Educations Cess (SHEC) @ 4% | | * * * |
| Gross Tax liability | | * * * |
| | | <hr/> |
| Less : Tax Deducted at source | | * * * |
| Advance tax paid | | * * * |
| Self assessment tax paid | | * * * |
| | | <hr/> |
| Net Tax Liability | | * * * |

1.7 কৃষি আয়

আয়কর আইনের 2(1A) ধারার কৃষি আয়ের যে সংজ্ঞা দেওয়া হয়েছে তাতে বলা হয়েছে যে *কৃষি আয় সম্পূর্ণভাবে করমুক্ত*। ভারতীয় সংবিধানের 270 অনুচ্ছেদে বলা হয়েছে যে ভারত সরকার অন্যান্য সকল প্রকার আয়ের উপর কর আরোপ ও আদায় করতে পারে, কিন্তু কৃষি-আয়ের উপর কোনো কর আরোপ করতে পারে না। কৃষি-আয় রাজ্য-তালিকাভুক্ত (State list)। তাই রাজ্য সরকার প্রয়োজন মনে করলে কৃষি-আয়ের উপর কর আরোপ ও আদায় করতে পারেন।

1.7.1 কৃষি-আয়ের সংজ্ঞা (Definition)

আয়কর আইনের 2(1A) ধারা অনুসারে কৃষি আয় হল—

- (i) ভারতে অবস্থিত কোনো জমি কৃষি কাজে ব্যবহৃত হলে ঐ জমি থেকে যে খাজনা বা লাভ পাওয়া যায়,
অর্থাৎ কৃষি আয় হলো সেই খাজনা বা আয় যা—
(ক) ভূমি থেকে প্রাপ্ত
(খ) ঐ ভূমি ভারতে অবস্থিত
(গ) ঐ ভূমি কৃষির উদ্দেশ্যে ব্যবহৃত।
- (ii) কৃষিজাত ফসল বাজারে বিক্রয়ের জন্য যদি কোনো প্রত্যক্ষ প্রক্রিয়া গ্রহণ করার প্রয়োজন হয় তাহলে ঐ প্রক্রিয়া থেকে যে আয় হয় এবং
- (iii) কৃষি খামারের সন্নিহিত গৃহ কৃষিকাজের উদ্দেশ্যে ব্যবহৃত হলে ঐ গৃহ থেকে প্রাপ্ত ভাড়া *শর্তসাপেক্ষে* কৃষি আয় বলে গণ্য হয়। এই শর্তগুলি হল :
(ক) যদি গৃহটি কৃষিকাজের উদ্দেশ্যে ব্যবহৃত হয়,
(খ) যদি ঐ গৃহটি মালিকের বসবাস বা ফসল মজুত করার জন্য ব্যবহৃত হয়,
(গ) গৃহটির জন্য দেয় খাজনা যদি ভূমিরাজস্বের অন্তর্ভুক্ত হয়,
(ঘ) গৃহটি যদি কৃষিজমির অংশ হিসাবে গণ্য হয় ও স্থানীয় করের আওতায় আসে এবং
(ঙ) গৃহটি যদি গ্রামীণ এলাকায় অবস্থিত হয়।

1.7.2 কৃষি-আয়ের বৈশিষ্ট্য (Features of Agricultural income)

কৃষি আয়ের মধ্যে যেসব বৈশিষ্ট্য লক্ষ করা যায় সেগুলি হল—

1. *আয় অবশ্যই জমি থেকে উদ্ভূত হবে।* অর্থাৎ আয়ের তাৎক্ষণিক ও কার্যকরী উৎস হল জমি।
2. *জমিটি অবশ্যই কৃষিকাজে ব্যবহৃত হবে।* অর্থাৎ আয় উদ্ভবের প্রত্যক্ষ কারণ হল কৃষিকাজে জমিটির ব্যবহার। কৃষিকাজের উদ্দেশ্যে জমিটি ব্যবহৃত হয়েছে বলে গণ্য হয় যদি ঐ জমিতে নীচের দুটি কাজ সম্পন্ন হয় (*CIT vs. Raja Benoy Kumar Saha Roy*) :

(ক) মূলকাজ (Basic operations) : এর অন্তর্ভুক্ত হল জমির কর্ষণ, বীজ বপন, চারা রোপন, জলসেচ ও অনুরূপ কার্যকলাপ। এই মূলকাজগুলি করতে জমিতে মানবিক শ্রম ও দক্ষতা প্রযুক্ত হয় এবং এর ফলেই বীজ অঙ্কুরিত ও চারা পল্লবীত হয়।

(খ) পরবর্তী কাজ (Subsequent operations) : বীজ অঙ্কুরিত বা চারা পল্লবীত হওয়ার পর যাতে ভালোভাবে ফসল উৎপন্ন হয় তার জন্য যেসব কাজ করতে হয় তাদের পরবর্তী কাজ বলে। এসব কাজের মধ্যে আগাছা পরিষ্কার, পোকামাকড়ের আক্রমণ প্রতিরোধ, চাপান দেওয়া ইত্যাদি আনুষঙ্গিক কাজকে বোঝায়।

3. কৃষি জমিটি অবশ্যই ভারতে অবস্থিত : কৃষি জমিটি ভারতের গ্রামীণ বা শহর যে-কোনো এলাকায় অবস্থিত হতে পারে। কিন্তু ভারতের বাইরে জমিটি অবস্থিত হলে উক্ত জমি থেকে প্রাপ্ত আয় কৃষি আয় বলে গণ্য হয় না।

4. তবে কৃষিজমি হস্তান্তরের ফলে উদ্ভূত মূলধনী আয় কৃষি আয় হিসাবে গণ্য হয় না।

1.7.3 কৃষি আয়ের কয়েকটি দৃষ্টান্ত (Some examples of agricultural income)

নীচে কৃষি আয়ের কয়েকটি দৃষ্টান্ত তুলে ধরা হল :

1. যেসব গাছ নিজে থেকে জন্মায়নি অর্থাৎ রোপন করা গাছ বিক্রয় থেকে প্রাপ্ত আয়।
2. কৃষি জমিতে গোচারণ করানো এবং কৃষি কাজে ব্যবহৃত গরু-মহিষাদির দুগ্ধ বা দুগ্ধজাত দ্রব্য বিক্রয় থেকে আয় (ডেয়ারীর আয় নয়) (CIT vs Kokine Dairy, Rangoon)।
3. অংশীদারী প্রথায় পরিচালিত কৃষি খামার থেকে অংশীদারের প্রাপ্ত পারিশ্রমিক।
4. কৃষি কাজের ফলে উৎপন্ন কৃষিপণ্য বিক্রয় থেকে আয়।
5. চাষাবাদের ফলে জমিতে কোনো বনজ সম্পদের সৃষ্টি হলে ঐ বনজ সম্পদ বিক্রয়ের ফলে উদ্ভূত আয়ও কৃষি আয়।
6. কৃষিকাজে ব্যবহৃত হত, এরূপ জমি যদি সরকার অধিগ্রহণ করে এবং এজন্য ক্ষতিপূরণ পাওয়া যায় তাহলে ঐ ক্ষতিপূরণ জনিত আয় কৃষি-আয় বলে গণ্য হয়।
7. রোপন করা গাছের লতা-পাতা, ফুল ইত্যাদি বিক্রয় থেকে প্রাপ্ত আয় কৃষি-আয়।
8. কোনো ভূগভূমি যদি লীজে (Lease) দেওয়া হয় এবং ঐ ভূগভূমি যদি কৃষিকাজে ব্যবহৃত হয় এমন গবাদি পশুর গোচারণ ক্ষেত্ররূপে ব্যবহৃত হয় তাহলে প্রাপ্য খাজনা কৃষি-আয় বলে গণ্য হয় [CIT vs Rai Samsher Jung Bahadur (1953)]।
9. কাঁচা তামাক পাতা শুকিয়ে বিক্রয় করা হলে তা কৃষি-আয়।
10. প্রাকৃতিকভাবে জন্মানো গাছ বা বনজ সম্পদ যদি পুনরায় রোপন করা হয় তাহলে ঐ গাছ বা বনজ সম্পদ বিক্রয়ের মাধ্যমে যে আয় হয় তা কৃষি-আয়।
11. কোনো কৃষি খামারের অংশীদার যদি তার মূলধনের উপর সুদ ও লভ্যাংশ পায় তাহলে ঐ আয় কৃষি আয় বলে গণ্য হয় [CIT vs R. M. Chidambaram Pillai (1970)]।

12. প্রাকৃতিক দুর্যোগের ফলে ফসলের ক্ষতি হলে বীমা কোম্পানী ক্ষতিপূরণ বাবদ যে অর্থ দেয় তা কৃষি-আয়।
13. বীজ বিক্রয় থেকে উদ্ভূত আয় কৃষি-আয় [CIT vs Soundarya Nursery (2000)]।
14. কৃষি জমি হস্তান্তরের সময় প্রাপ্ত সেলামীও কৃষি-আয় বলে গণ্য হয়।
15. অধিকারভুক্ত কৃষিজমি উপ-ভাড়াটিয়া (Sub tenant) -কে বন্ধক দিয়ে সেই বাবদ খাজনা (Raja Mustafa Ali Khan Vs CIT)।
16. জমির মালিক কৃষিজমির পরবর্তী হস্তান্তর স্বীকার করার ফলে প্রাপ্ত কোন সেলামি (Mehtar Bano Khanum Vs CIT)।
17. বৃক্ষ রোপণ থেকে, বনসম্পদ থেকে আয় (CIT Vs Benoy Kumar Saha Roy)।
18. ঝড় ও শিলাবৃষ্টির ফলে চা-বাগানের পাতা নষ্ট হবার জন্য বিমা কোম্পানি থেকে কোনও ক্ষতিপূরণ (CIT Vs B. Gupta (Tea) (P) Ltd.)।
19. শুকনো তামাক পাতা (dried tobacco) বিক্রি করে আয় (CIT Vs Katragada Madhusudhana Rao)।

1.7.4 অকৃষি-আয়ের কতকগুলি দৃষ্টান্ত (Some examples of non-agricultural income) :

অনেকসময় নির্ধারিত কতকগুলি আয় আপাতদৃষ্টিতে কৃষি-আয় বলে মনে হলেও প্রকৃতপক্ষে সেগুলি কৃষি-আয় নয় এবং সঙ্গত কারণেই করমুক্ত নয়। এরূপ আয়ই অ-কৃষি আয়রূপে গণ্য হয় এবং নির্ধারিত মোট আয়ের সাথে যুক্ত হয়। এরূপ আয়ের কতকগুলি দৃষ্টান্ত নীচে তুলে ধরা হল :

1. মানবিক প্রচেষ্টা ছাড়াই নিজে থেকে জন্মানো গাছ, ফুল, ফল, জঙ্গল, বন্য ঘাস ইত্যাদি বিক্রয় থেকে আয় [CIT vs Jyotikana Choudhury]।
2. সমুদ্র জল দ্বারা প্লাবিত জমি থেকে লবণ আহরণ ও বিক্রয় থেকে আয় [Linga Ready vs CIT]।
3. পাথর খাদান থেকে পাথর, নুড়ি আহরণ করে বিক্রয় থেকে আয়।
4. লোহা, কয়লা, ম্যাঙ্গানিজ, অত্র, খনিজ তেল ইত্যাদি খনি থেকে আহরণ ও বিক্রয় থেকে আয়।
5. জমির জলসেচের জন্য জল সরবরাহ থেকে আয়।
6. ইট তৈরির মাটি বিক্রয় থেকে আয় [Probhat Chandra Barua vs CIT]।
7. ভারতের বাইরে অবস্থিত কৃষি জমির আয়।
8. প্রাণী-প্রজনন (Breeding of livestock) সংক্রান্ত আয়।
9. দুধ, মাখন চীজ তৈরির খামার থেকে প্রাপ্ত আয় [CIT vs Venkatswamy Naidu (1956)]।
10. শুকর, মুরগী, ছাগল, ভেড়া ও গবাদী পশুর খামার থেকে আয় কৃষি-আয় নয়।

11. মৎস্যক্ষেত্র বা ভেড়ি থেকে আয় [CIT vs Sebaga Pandit Thebar (1939)]।
12. কৃষি জমির উপর বকেয়া খাজনার উপর প্রাপ্ত সুদ [Kamakhya Narayan Singh vs CIT]।
13. জমি বা গুদাম ভাড়া থেকে প্রাপ্ত আয়।
14. কোনো কোম্পানির কৃষি-আয় থেকে প্রাপ্ত লভ্যাংশ।
15. কৃষি-খামারে কর্মরত কোনো কর্মচারীর বেতন কৃষি-আয় নয় [Premier Construction World vs CIT]।
16. ঋণ দেওয়া অর্থের উপর সুদ হিসাবে কৃষিজাত পণ্য পাওয়া গেলে তাও কৃষি-আয় নয়।
17. অপরিণত ফসল কৃষকের কাছ থেকে কিনে পরিণত হওয়ার পর বাজারে বিক্রয় করে যে মুনাফা অর্জন করা হয় তা কৃষি-আয় বলে গণ্য হয় না [Maddy Venkat Subbaiah vs CIT]।
18. প্রজা কর্তৃক উৎপাদিত ফসল বিক্রয়ের জন্য জমির মালিকের প্রাপ্ত দস্তুরী [Commission]।
19. বন্য ঘাস বিক্রয় থেকে আয় (Rani Tara Kumari Devi Vs CIT)।
20. গুড় বা চিনি বিক্রয় থেকে আয় (Seth Banarsi Das Gupta Vs CIT)।
21. জলসেচের উদ্দেশ্যে জল সরবরাহ থেকে আয় (Sri Ranga Vilas Gining & Oil Mills Vs CIT)।
22. খেয়াঘাট (Ferries) থেকে আয় (Maharajadhiraj of Darbhanga Vs CIT)।
23. কর বৌথ কোম্পানির কৃষি আয় থেকে প্রাপ্ত লভ্যাংশ (Dividend) (Bacha F. Guzdar Vs CIT)।
24. কেবলমাত্র ফসল মজুত করার জন্য ব্যবহৃত জমির আয় (Emperor Vs Probhat Chandra Barua)।
25. কৃষিকাজের জন্য প্রদেয় ধার থেকে প্রাপ্ত সুদ (Hajee Cassim Tayoob Surty Vs CIT)।

1.7.5 আংশিক কৃষি-আয় (Partly Agricultural Income)

কৃষিকাজের মাধ্যমে উৎপন্ন কিছু দ্রব্য সরাসরি বিক্রয় করা হয় না। প্রক্রিয়াকরণের পর বিক্রয় করা হয়। কারণ ঐ দ্রব্যগুলি বিক্রয়যোগ্য করার জন্য প্রক্রিয়াকরণের প্রয়োজন হয়। বস্তুত প্রক্রিয়াকরণের কাজ শিল্পমূলক কাজ বলে গণ্য হয়। চা, কফি, রবার ও অন্যান্য কয়েকটি দ্রব্যের ক্ষেত্রে কৃষি কাজ ও শিল্পমূলক কাজ উভয়ই দেখা যায়। সেজন্য এসব দ্রব্য বিক্রয় থেকে উদ্ভূত আয়কে দু-ভাগে করা হয়—*কৃষি আয় ও অ-কৃষি আয় বা বাণিজ্যিক আয়*। অর্থাৎ চা, কফি, রবার ইত্যাদি দ্রব্য উৎপাদন ও প্রয়োজনীয় প্রক্রিয়াকরণের পর বিক্রয় করা হলে যে আয় হয় তা *অংশত কৃষি-আয় ও অংশত অ-কৃষি বা বাণিজ্যিক আয়*। আয়কর নিয়মাবলীর 7 এবং 8 ধারায় এসংক্রান্ত নির্দেশগুলি নীচে আলোচনা করা হল :

1. চা ছাড়া অন্য কোনো দ্রব্য উৎপন্ন ও উৎপাদন থেকে আয় (Income from growing and manufacturing of any product other than tea)—নিয়ম 7 : একজন করদাতার সংযুক্ত ব্যবসায়িক

আয় থাকতে পারে যা অংশত কৃষি-আয় ও অংশত অ-কৃষি আয়। উদাহরণস্বরূপ, একটি কোম্পানি আলুর চাষ করে এবং উৎপন্ন আলু থেকে চিপস, পঁপড় ও আঠা তৈরি করে বিক্রয় করে। ধরা যাক কোম্পানি ২ লক্ষ টাকা আয় করেছে এবং এজন্য কাঁচামাল হিসাবে 1 লক্ষ টাকার আলু ব্যবহার করেছে। এখন ঐ আলু উৎপন্ন করতে যদি কোম্পানীর 60,000 টাকা খরচ হয় তাহলে 2 লক্ষ টাকা আয়ের মধ্যে (1,00,000–60,000) 40,000 টাকা কৃষি-আয় এবং বাকি 1,60,000 টাকা অকৃষি বা ব্যবসায়িক আয়।

2. রবার উৎপাদন থেকে আয় (Income from manufacturing of Rubber)—নিয়ম-7A : কোনো ব্যক্তি যদি ভারতে রবার গাছের চাষ করে এবং রবার গাছ থেকে রস বের করে বিক্রয় করে তাহলে এরূপ আয়ের 65% কৃষি-আয় ও বাকি 35% অ-কৃষি বা ব্যবসায়িক আয় বলে গণ্য হয়।

3. কফি উৎপাদন থেকে আয় (Income from manufacturing of Coffee)—নিয়ম-7B : ভারতে উৎপন্ন ও উৎপাদিত কফি গুঁড়ো করে চিকোরী বা অন্যান্য সুগন্ধী দ্রব্য মিশ্রিত করে বা মিশ্রিত না করে বিক্রয় থেকে যে আয় হয় তার 60% কৃষি আয় ও বাকি 40% অ-কৃষি আয় হিসাবে গণ্য হয়। কিন্তু উৎপন্ন কফি কেবলমাত্র শুকনো করে বিক্রয় থেকে যে আয় হয় তার 75% কৃষি আয় ও 25% অ-কৃষি আয় বলে গণ্য হয়।

4. চা উৎপাদন থেকে আয় (Income from growing and manufacturing of tea)—নিয়ম 8 : চা বাগিচায় চা গাছ থেকে চা পাতা তোলা হয় এবং বাজারজাত করার আগে সেগুলির প্রয়োজনীয় প্রক্রিয়াকরণ করা হয়। উৎপাদিত চা বিক্রয় করে যে আয় হয় তার 60% কৃষি আয় ও বাকি 40% অ-কৃষি আয় বা ব্যবসায়িক আয়। অর্থাৎ এরূপ আয়ের 60% করমুক্ত আয় ও বাকি 40% করযোগ্য আয়।

1.7.6 কৃষি-আয়ের করযোগ্যতা (Tax treatment of Agricultural income)

আয়কর আইনের 10(1) ধারা অনুসারে কৃষি-আয় করমুক্ত আয়। কিন্তু যেক্ষেত্রে নির্ধারিত কৃষি-আয় ও অ-কৃষি আয় উভয়ই থাকে তাদের ক্ষেত্রে প্রথম ধাপে কৃষি-আয় অ-কৃষি আয়ের সাথে যুক্ত হয় এবং সংযুক্ত আয়ের উপর আয়কর ধার্য হয়। পরবর্তী ধাপে, কৃষি-আয়ের উপর ধার্য কর মোট আয়কর থেকে বাদ যায়। এই ব্যবস্থাকে কৃষি-আয়ের আংশিক সংযুক্তিকরণ (Partial integration of agricultural income) বলা হয়। যেসব ব্যক্তির কর নির্ধারণের ক্ষেত্রে কৃষি-আয়ের আংশিক সংযুক্তিকরণ ঘটে তারা হল—

(i) ব্যক্তি বিশেষ (Individual), (ii) হিন্দু অবিভক্ত পরিবার, (iii) ব্যক্তিবর্গের সমিতি ও সংঘ এবং (iv) কৃত্রিম আইনগত ব্যক্তি।

সুতরাং যেসব ব্যক্তির অ-কৃষি আয়ের সাথে কৃষি-আয়ের আংশিক সংযুক্তিকরণ ঘটে না তারা হল—

(i) অংশীদারী সংস্থা, (ii) কোম্পানি, (iii) সমবায় সমিতি, (iv) স্থানীয় কর্তৃপক্ষ।

তবে আংশিক সংযুক্তিকরণ তখনই সম্ভব যখন (i) করদাতার অ-কৃষি আয়ের পরিমাণ সর্বাধিক করমুক্ত সীমা অর্থাৎ ব্যক্তিভেদে 2,50,000 টাকা বা 3,00,000 টাকা বা 5,00,000 টাকার বেশি হয় এবং (iii) করদাতার কৃষি-আয়ের পরিমাণ 5,000 টাকার বেশি হয়।

● **কর নির্ধারণ পদ্ধতি (Procedure of tax determination)**

প্রথম ধাপ : কৃষি-আয় ও অ-কৃষি আয় যুক্ত করে মোট আয়ের উপর কর নির্ধারণ করতে হবে।

দ্বিতীয় ধাপ : কৃষি-আয়ের সাথে সর্বাধিক করমুক্ত আয় যোগ করে মোট কৃষি-আয়ের উপর কর নির্ধারণ করতে হবে।

তৃতীয় ধাপ : প্রথম ধাপে নির্ধারিত কর থেকে দ্বিতীয় ধাপে নির্ধারিত কর বাদ দিলে করদাতার অ-কৃষি আয়ের উপর কর পাওয়া যাবে।

চতুর্থ ধাপ : এভাবে যে কর পাওয়া যায় তার সাথে 4% শিক্ষা সেস যোগ করে করদাতার কর দায় নির্ধারিত হয়।

● **কৃষি-আয় সংক্রান্ত কয়েকটি উদাহরণ : (Some illustrations of agricultural income) :**

উদাহরণ-2 : নীচের আয়গুলি কৃষি-আয় কিনা যুক্তিসহ বিচার করুন :

- (i) বাগানের ফুল বিক্রয় করে 3,000 টাকা আয়।
- (ii) ইট ভাটার মালিককে পতিত জমির মাটি বিক্রয় থেকে আয় 15,000 টাকা।
- (iii) অপরের জমিতে জলসেচের জন্য জল সরবরাহ থেকে আয় 7,000 টাকা।
- (iv) বাংলাদেশে অবস্থিত কৃষিজমি থেকে আয় 16,000 টাকা।
- (v) পতিত জমির ঘাস বিক্রয় করে আয় 4,000 টাকা।
- (vi) কৃষিজ ফসল বিক্রয় থেকে প্রাপ্ত আয় 22,000 টাকা।
- (vii) কৃষি জমি ভাড়া বাবদ আয় 12,000 টাকা।
- (viii) তাল বাগিচায় তাল গাছ থেকে সংগৃহীত তাল রস বিক্রয় থেকে আয় 10,000 টাকা।
- (ix) একটি চিনিকল তার নিজের জমিতে আখ চাষ করে চিনি উৎপাদন করে যে আয় করে।
- (x) তামাক পাতা বিক্রয় থেকে আয় 18,000 টাকা।

সমাধান (Solution)

- (i) বাগানের ফুল বিক্রয় করে 3,000 টাকা আয় কৃষি-আয়। কারণ ফুলবাগান তৈরি করতে হলে প্রাথমিকভাবে কৃষিকাজ করতে হয়। সুতরাং 3,000 টাকা করমুক্ত আয় বলে গণ্য হবে।
- (ii) ইট তৈরির মাটি বিক্রয় করে প্রাপ্ত আয় অ-কৃষি আয়। কারণ এখানে কোনো কৃষিকাজ করা হয়নি। সুতরাং করমুক্ত নয়।
- (iii) উদ্ভূত জল বিক্রয় থেকে আয় অ-কৃষি আয়। কারণ কোনো কৃষিকাজ হয় না। সুতরাং এই আয় করমুক্ত নয়।
- (iv) বাংলাদেশে অবস্থিত কৃষিজমি থেকে আয় অ-কৃষি আয়। কারণ জমিটি ভারতে অবস্থিত নয়। সুতরাং 16,000 টাকা করযোগ্য আয়।

- (v) পতিত জমির ঘাস বিক্রয় থেকে আয় অ-কৃষি আয়। কারণ ঘাস উৎপন্ন করতে কোনো মানবিক শ্রম প্রযুক্ত হয়নি। সুতরাং 4,000 টাকা করযোগ্য।
- (vi) কৃষিজ ফসল বিক্রয় থেকে প্রাপ্ত আয় কৃষি-আয়। সুতরাং 22,000 টাকা আয় করমুক্ত বলে গণ্য হবে।
- (vii) কৃষি জমি ভাড়া থেকে আয় অ-কৃষি আয় যদি ঐ জমি কৃষিকাজে ব্যবহৃত না হয়। কিন্তু যদি ভাড়াটে কৃষিকাজে ঐ জমি ব্যবহার করে তাহলে কৃষি-আয়।
- (viii) তালগাছ থেকে রস সংগ্রহ করে বিক্রয় থেকে আয় কৃষি-আয়। ধরে নেওয়া হয়েছে তালগাছগুলি রোপন ও পরিচর্যা করা হয়।
- (ix) চিনির উৎপাদন জনিত আয় অ-কৃষি আয়। কারণ চিনি উৎপাদন কৃষি কাজ নয়, শিল্পমূলক কাজ। তবে আয়কর নিয়মাবলীর 7নং নিয়ম অনুসারে চিনি কলের চিনি উৎপাদন সংক্রান্ত আয় অ-কৃষি আয় এবং আখ উৎপাদন সংক্রান্ত আয় কৃষি-আয়। সে কারণে চিনিকলের মোট আয় থেকে আখ উৎপাদন সংক্রান্ত আয় বাদ যায়।
- (x) তামাক পাতা বিক্রয় থেকে প্রাপ্ত আয় 18,000 টাকা কৃষি-আয়। সুতরাং করমুক্ত আয় বলে গণ্য হবে।

উদাহরণ-3 : নীচের আয়গুলি কী ধরনের আয় উল্লেখ করে প্রতিটি আয়ের করযোগ্যতা (Taxability) বিচার করুন :

- (i) ডেয়ারী ফার্ম থেকে আয় 15,000 টাকা।
- (ii) পোল্ট্রী ফার্ম থেকে আয় 12,000 টাকা।
- (iii) ভেড়ীতে মাছ চাষ করে সেই মাছ বিক্রয় করে আয় 30,000 টাকা।
- (iv) কৃষি খামারের অংশীদার যে বেতন, মূলধনের উপর সুদ এবং লভ্যাংশ পান।
- (v) একটি কোম্পানী তার কৃষি-আয় যখন শেয়ারহোল্ডারদের মধ্যে লভ্যাংশ রূপে বিতরণ করে।
- (vi) মালিক হিসাবে কৃষিজ ফসল বিক্রয় করে কমিশন বাবদ আয় 2,000 টাকা।
- (vii) কৃষি খামারে ম্যানেজার হিসাবে কাজ করার জন্য প্রাপ্ত বেতন।
- (viii) কৃষি কাজে ব্যবহৃত গবাদি পশুর গোচারণের জন্য তৃণক্ষেত্র ইজারা দেওয়া থেকে প্রাপ্ত খাজনা।
- (ix) জমিতে নিজে থেকে জন্মানো গাছ কেটে বিক্রয় থেকে প্রাপ্ত আয় 12,000 টাকা।
- (x) কৃষি জমিতে চারণ করানো এবং একান্তভাবে কৃষিকাজে ব্যবহৃত গো-মহিষাদির দুধ, মাখন ও ঘি বিক্রয় থেকে আয় 20,000 টাকা।

সমাধান (Solution)

- (i) ডেয়ারী ফার্ম থেকে আয় 15,000 টাকা কৃষি-আয় নয়। কারণ ডেয়ারী কৃষি কাজ নয়, শিল্পমূলক কাজ। সুতরাং 15,000 টাকা করযোগ্য আয়।

- (ii) পোস্ট্রী ফার্ম থেকে আয় অ-কৃষি আয়। কারণ মুরগী পালন কৃষিকাজ হিসাবে গণ্য হয় না। সুতরাং 12,000 টাকা করযোগ্য আয় বলে গণ্য হবে।
- (iii) ভেড়ীর মাছ বিক্রয় থেকে আয় অ-কৃষি আয়। কারণ মাছ চাষ কৃষিকাজ বলে গণ্য হয় না। সুতরাং 30,000 টাকা করযোগ্য আয় হিসাবে মোট আয়ের সাথে যুক্ত হবে।
- (iv) কৃষি খামারের অংশীদার যে বেতন, মূলধনের উপর সুদ এবং কৃষি খামারের আয়ের উপর লভ্যাংশ পান তা কৃষি-আয় বলে গণ্য হয় এবং করমুক্ত হয়।
- (v) কৃষি-আয় লভ্যাংশ (Dividend) রূপে বিলি করলে তা শেয়ারহোল্ডারদের হাতে কৃষি-আয় বলে গণ্য হয় না। তবে প্রাপকের হাতে লভ্যাংশ 10(34) ধারায় করমুক্ত আয় হিসাবে গণ্য হয়।
- (vi) মালিক হিসাবে কৃষিজ ফসল বিক্রয় থেকে প্রাপ্ত কমিশন অ-কৃষি আয় এবং 'অন্যান্য উৎস থেকে আয়' খাতে করযোগ্য হয়। সুতরাং 2000 টাকা করযোগ্য আয়।
- (vii) কৃষি খামারের একজন কর্মচারী যে বেতন পেয়ে থাকে তা অ-কৃষি আয়, সুতরাং করমুক্ত নয়। এই আয় 'বেতন খাতে আয়' হিসাবে করযোগ্য হয়।
- (viii) কৃষি কাজে ব্যবহৃত হয় এরূপ গবাদি পশুর গোচারণের ক্ষেত্র ভাড়া দেওয়া থেকে আয় কৃষি-আয়। কাজেই করমুক্ত আয় বলে গণ্য হয় অবশ্য যদি ঐ তৃণক্ষেত্রের তৃণ উৎপন্ন করতে কৃষিকাজের ব্যবহার ঘটে।
- (ix) জমিতে নিজে থেকেই গাছ জন্মালে ঐ গাছ বিক্রয় থেকে আয় অ-কৃষি আয় কারণ কোনো মানবিক শ্রম প্রয়োগ করা হয়নি। সুতরাং এই আয় করযোগ্য হবে।
- (x) কৃষি কাজে ব্যবহৃত গো-মহিষাদি থেকে প্রাপ্ত দুধ, মাখন, ঘি বিক্রয় থেকে আয় কৃষি-আয় কারণ এটি ডেয়ারী শিল্প নয়। সুতরাং এই আয় করমুক্ত।

উদাহরণ-4 : নীচের আয়গুলির করযোগ্যতা (Taxability) নির্ধারণ করুন :

- (i) চা বাগান থেকে আয় 3 লক্ষ টাকা।
- (ii) রবার বাগিচার রবার গাছ থেকে তরুক্ষীর (latex) বিক্রয় থেকে আয় 5 লক্ষ টাকা।
- (iii) কফি চাষ করে উৎপন্ন কফি ব্যবহারের উপযোগী করে বিক্রয় থেকে আয় 2 লক্ষ 50 হাজার টাকা।

সমাধান (Solution)

- (i) আয়কর নিয়মাবলীর 8নং নিয়ম অনুসারে চা-বাগানের আয়ের 60% কৃষি-আয় এবং বাকি 40% অ-কৃষি আয়। ∴ 3 লক্ষ টাকা আয়ের 60% বা 1,80,000 টাকা করমুক্ত আয় এবং বাকি 1,20,000 টাকা ব্যবসার আয়খাতে করযোগ্য আয় হিসাবে গণ্য হবে।
- (ii) আয়কর নিয়মাবলীর 7Aনং নিয়ম অনুসারে রবার বাগিচা থেকে আয়ের 65% করমুক্ত ও বাকি 35% করযোগ্য আয়।

∴ করমুক্ত আয়ের পরিমাণ 5 লক্ষ টাকার 65% বা 3,25,000 টাকা, বাকি 35% অর্থাৎ 1,75,000 টাকা করযোগ্য আয় এবং ব্যবসার আয়খাতে করযোগ্য।

(iii) আয়কর নিয়মাবলীর 7Bনং নিয়ম অনুসারে কফি চাষ থেকে উদ্ভূত আয়ের 60% কৃষি-আয় ও বাকি 40% অ-কৃষি আয়।

∴ 2,50,000 টাকার 60% বা 1,50,000 টাকা করমুক্ত আয় বলে গণ্য হবে। বাকি 1,00,000 টাকা করযোগ্য আয় বলে গণ্য হবে এবং ব্যবসার আয়-খাতে করযোগ্য হবে।

উদাহরণ-5

2022-23 কর নির্ধারণ বছরের জন্য MR A. Paul (বয়স 48 বৎসর) এর করদায় (Tax Liability) নির্ণয় করুন :

| | Rs. |
|--------------|----------|
| (a) কৃষি আয় | 8,000 |
| অকৃষি আয় | 1,48,000 |
| (b) কৃষি আয় | 600 |
| অকৃষি আয় | 3,51,000 |
| (c) কৃষি আয় | 9,000 |
| অকৃষি আয় | 3,80,000 |

সমাধান

(a) কোনও কর হবে না, যেহেতু অকৃষি আয় 2,50,000 (ন্যূনতম করযোগ্য আয়) চেয়ে কম।

(b) এক্ষেত্রে অকৃষি আয়ের সঙ্গে কৃষি আয় একীকরণ হবে না, যেহেতু কৃষি আয় 5,000 টাকার কম :

করদায় (কেমলমাত্র অকৃষি আয়ের হবে)—

| | |
|--|---------------|
| মোট অকৃষি আয় | 3,51,000 টাকা |
| প্রথম 2,50,000 টাকা | — |
| অবশিষ্ট 1,01,000 টাকা (3,51,000-2,50,000)@ 10% | 10,100 |
| + Edu. Cess @ 4% | 404 |
| করদায় | 10,504 |

(c) এক্ষেত্রে কৃষি আয় (9000 টাকা) অকৃষি আয় (3,80,000 টাকা) একীকরণ হবে।

অতএব মোট আয় হবে (3,80,000+9000) টাকা = 3,89,000 টাকা

করদান হবে নিম্নরূপ :

Step I

মোট কর হবে

প্রথম 2,50,000 টাকা

—

অবশিষ্ট 1,39,000 টাকা @10%

13,900

13,900(A)

Step II

কৃষি আয় (9,000 টাকা) করমুক্ত সীমার (2,50,000 টাকা) সঙ্গে যোগ করে মোট আয় হল 2,59,000 টাকা।

মোট কর হবে :

প্রথম 2,50,000 টাকা

—

অবশিষ্ট 9,000 টাকা @ 10%

900

900(B)

Step III

সুতরাং নিট করদায় হবে (A-B) বা (13,900-900) টাকা = 13,000 টাকা + 4% শিক্ষা সেস
= 13,520 টাকা।

1.8 কর পরিকল্পনা, কর ফাঁকি ও কর এড়ানো ব্যাখ্যা করুন

যেহেতু সাধারণভাবে করদাতা তার আয়ের উপর ন্যূনতম কর প্রদান করতে চায় বা তার করদায় ন্যূনতম করতে চায় সেহেতু করদাতাকে তার উদ্দেশ্য সাধনের জন্য তিনটি উপায় গ্রহণ করতে দেখা যায়। এই উপায়গুলি হল—

- (i) কর ফাঁকি (Tax evasion);
- (ii) কর এড়ানো (Tax avoidance) ও
- (iii) কর পরিকল্পনা (Tax planning)।

নীচে এগুলির সম্বন্ধে সংক্ষিপ্ত ধরাণা দেওয়া হলো :

(i) **কর ফাঁকি (Tax evasion)** : করদাতা অসৎ উপায়ে যখন তার কর দায় কমানোর চেষ্টা করে বা কম কর প্রদান করে তখন তাকে কর ফাঁকি বলে। কর ফাঁকি দেওয়া যেমন **অনৈতিক কাজ তেমনি বে-আইনীও (illegal)**। কর ফাঁকি দেওয়া **ফৌজদারী অপরাধ (Criminal offence)** বলে গণ্য হয় এবং এজন্য জেল ও জরিমানা উভয়ই হতে পারে। কর ফাঁকি দেওয়ার উদ্দেশ্যে একজন করদাতা সাধারণত যেসব উপায় অবলম্বন করে তাদের মধ্যে কয়েকটি উপায় হল নিম্নরূপ :

(a) প্রকৃত আয় গোপন করা; (b) আয় কম দেখানোর জন্য ব্যয় বেশি করে দেখানো; (c) আয়ের মিথ্যা হিসাব তৈরি করা; (d) জ্ঞাতসারে নিয়মভঙ্গ করা ইত্যাদি।

(ii) **কর এড়ানো (Tax avoidance)** : করদাতা তার করদায় ন্যূনতম করার জন্য অনেকসময় এই উপায়টি গ্রহণ করে। কর এড়ানোকে **অনৈতিক (unethical)** বলা হলেও কিন্তু **বে-আইনী (illegal)** বলা হয় না। সেজন্য একে কর ফাঁকির মতো ফৌজদারী অপরাধ বলে গণ্য করা হয় না। কারণ কর এড়ানো কর আইনের চতুঃসীমার মধ্যে কাজ করে। এটি আইনভঙ্গের কাজ করে না। কর এড়ানোর ক্ষেত্রে কর-আইনের ফাঁকগুলি (loop holes) খুঁজে বার করা হয় এবং আইনের দুর্বলতার সুযোগ নিয়ে করদায় কমানোর ব্যবস্থা করা হয়। সেজন্য এর সংক্ষিপ্ত সংজ্ঞা হল '**আইন ভঙ্গ না করে কর কমানোর কৌশল**'। কর এড়ানোর ক্ষেত্রে আপাতভাবে করদাতা কর আইন মেনে চলে কিন্তু এমন কিছু জটিল ব্যবস্থা গ্রহণ করে যাতে করপ্রদানে দেরি করা বা কম কর প্রদান করা বা সম্পূর্ণ কর প্রদান না করার মতো উদ্দেশ্যগুলি সফল হয়।

(iii) **কর পরিকল্পনা (Tax planning)** : কর পরিকল্পনা হল একটি আর্থিক কার্যকলাপ। সর্বাধিক কর সুবিধা পাওয়ার জন্য কর আইনের সুযোগ গ্রহণ করার প্রচেষ্টাই হল কর পরিকল্পনা। কর পরিকল্পনার মাধ্যমে করদাতা করমুক্ত আয়, ছাড়, রিবেট, রিলিফ ইত্যাদির সুযোগ গ্রহণ করে তার করের বোঝা হালকা করতে পারে। কর পরিকল্পনা হল আইনসিদ্ধ ব্যবস্থা। কর আইনের চতুঃসীমার মধ্যে বুদ্ধিমত্তার সাথে করদাতা এর প্রয়োগ ঘটায়। এজন্য কর পরিকল্পনা কোনোভাবেই করদাতার মর্বাদা হানিকর বা অনৈতিক বলে গণ্য হয় না। কর আইনসংক্রান্ত জ্ঞানকে কাজে লাগিয়ে এবং অনৈতিক কিছু না করে করের বোঝা কমানোর জনপ্রিয় ও সবচেয়ে নিরাপদ ব্যবস্থাই হল কর পরিকল্পনা। এই ব্যবস্থা কখনোই অসৎ উপায়ে করদাতার করদায় কমানোকে উৎসাহিত করে না।

1.8.1 কর ফাঁকি, কর এড়ানো ও কর পরিকল্পনার মধ্যে পার্থক্য করুন (Distinguish among tax evasion, tax avoidance and tax planning)

কর ফাঁকি, কর এড়ানো ও কর পরিকল্পনা একই উদ্দেশ্য সাধনের লক্ষ্যে তিনটি উপায়। এই উদ্দেশ্যটি হল 'করদাতার করদায় কমানো'। তবুও চরিত্রগতভাবে তারা আলাদা। এদের মধ্যে যেসব পার্থক্য বিদ্যমান সেগুলি হল নিম্নরূপ :

- (1) কর পরিকল্পনা হল পুরোপুরি আইনসম্মত। কর আইনের সুবিধাজনক ব্যবস্থাগুলিকে কাজে লাগিয়ে কর-দায় কমানোর প্রচেষ্টাই হল কর-পরিকল্পনা। তাই এর উদ্দেশ্য বৈধ ও আইনসম্মত।

অন্যদিকে কর এড়ানো তত্ত্বগত দিক থেকে আইনানুগ। কারণ এটিও আইনের চতুঃসীমার মধ্যে থেকেই করদায় কমাতে চায়। তবে নীতিগত দিক থেকে কর এড়ানো অনৈতিক কারণ আইনের দুর্বলতার সুযোগ এতে গ্রহণ করা হয় এবং আইন প্রণয়নের উদ্দেশ্যকে অগ্রাহ্য করা হয়। কিন্তু কর ফাঁকি হল অসংভাবে করদায় হ্রাস করার উপায়। এটি পুরোপুরি অবৈধ ও বে-আইনী।

- (2) আয়কর আইনে করদাতাদের যেসব সুযোগসুবিধা দেওয়া হয় কর পরিকল্পনায় সেগুলি পুরোপুরি কাজে লাগানো হয়। সেজন্য করমুক্ত আয়, বিভিন্ন ছাড়, রিবেট, রিলিফ, ক্ষতির সমন্বয় ইত্যাদি সুবিধাগুলি যতটা সম্ভব ব্যবহার করা হয়। এভাবে করদাতার করদায় কমানো সম্ভব হয়।

কর এড়ানোর ক্ষেত্রে কর আইনের ত্রুটি বা ফাঁকি বা ছিদ্র বা দুর্বলতাগুলি খুঁজে বের করা হয় এবং সেগুলিকে কাজে লাগিয়ে করদায় কমানো হয়।

অন্যদিকে কর ফাঁকির ক্ষেত্রে অসং উপায়, যেমন—আয় কম করে দেখানো, ব্যয় বেশি করে দেখানো, মিথ্যা হিসাব বই তৈরি করা ইত্যাদি অবলম্বন করা হয়।

- (3) কর পরিকল্পনা বৈধ ও আইনানুগ। তাই এর বিরুদ্ধে কোনো শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করার প্রশ্নই উঠে না। কর এড়ানো বে-আইনী না হলেও অনৈতিক। তাই কর এড়ানোকে বড়ো অপরাধ বলে গণ্য করা হয় না।

অন্যদিকে কর ফাঁকি বে-আইনী, অবৈধ ও আইনভঙ্গ করে। তাই এটিকে ফৌজদারী অপরাধ বলে গণ্য করা হয় এবং করদাতার জেল বা জরিমানা বা একসাথে উভয় দণ্ডই হতে পারে।

1.9 সারাংশ

এই এককটিতে আয়কর আইনের সংক্ষিপ্ত ইতিহাস আলোচনা করা হয়েছে। এই আইন সারা ভারতে 1লা এপ্রিল 1962 থেকে চালু হলেও 1লা এপ্রিল 1989 থেকে সিকিম রাজ্যে চালু করা হয়েছে। আপনি এই এককে জেনেছেন যে কে নির্ধারী বা কে ব্যক্তি। আয়কর আইন অনুসারে ব্যক্তিটি সাতটি ভাগে ভাগ করা হয়। 2 (24) এই আইনের ধারা অনুসারে বিভিন্ন বিষয়গুলিকে আয়ের অন্তর্ভুক্ত করা হয়েছে। কৃষি আয় সম্পর্কেও এখানে আলোচনা করা হয়েছে। কতকগুলি আয় ভূমির সঙ্গে সম্পর্কিত হলেও কৃষি আয় বলা হয় না আবার কতকগুলি আয় ভূমির সঙ্গে সম্পর্কিত না হলেও সেগুলিকে কৃষি আয় বলা হয়।

1.10 অনুশীলনী

● বিষয়ভিত্তিক প্রশ্ন (Descriptive Question)

1. আয়কর আইনে আয় বলতে কী বোঝায়?
2. পূর্ববর্তী বছর কাকে বলে? নতুন ব্যবসায়ের ক্ষেত্রে পূর্ববর্তী বছরের কী কী বিশেষত্ব আছে?

3. 'কর-নির্ধারণ বছর' বলতে কী বোঝায়? পূর্ববর্তী বছরের সঙ্গে এর তফাৎ কী? কোন কোন ক্ষেত্রে পূর্ববর্তী বছর এবং কর নির্ধারণ বছর একই হবে?

4. কৃষি আয় কাকে বলে? আংশিক কৃষি আয় কী?

5. করদায় নির্ণয়ের জন্য কৃষি আয় ও অকৃষি আয়ের একীকরণ প্রকল্প উদহরণসহ ব্যাখ্যা করুন।

6. আয়কর আইনে কাকে 'করদাতা' বা 'নির্ধারী' বলে গণ্য করা হয় এবং কাদের 'ব্যক্তির' মধ্যে ধরা হয়?

● সংক্ষিপ্ত প্রশ্ন (Short Answer-type Question)

1. টীকা লিখুন:

(a) করদাতা (b) ব্যক্তি (c) পূর্ববর্তী বছর (d) আয়ের বিভিন্ন খাত (e) মোট সমগ্র আয়

2. সঠিক উত্তর দিন (Pick up the Correct Answer)

(a) আয়কর আইন 1961 বলবৎ করা হয়েছে :

(i) 1লা এপ্রিল, 1961 (ii) 1লা এপ্রিল 1962 (iii) 1লা মার্চ 1962

(b) আয়করের হার (Rate of Income Tax) ধার্য হয়:

(i) আয়কর আইন অনুসারে (ii) অর্থ আইন অনুসারে (iii) অর্ডিন্যান্স অনুসারে।

(c) আয়ের বিভিন্ন খাত (Heads of Income) হল মোট

(i) 4টি (ii) 5টি (iii) 6টি

(d) একটি মিউনিসিপ্যালিটির আয় নির্ধারণ করা হবে, এই সত্তা (Status)-য়

(i) কোম্পানি (ii) কিছু ব্যক্তির কোনও সমিতি বা সংগঠন (iii) একটি স্বায়ত্তশাসন কর্তৃপক্ষ।

(e) কলকাতা বিশ্ববিদ্যালয়ের আয় নির্ধারণ করা হবে এই সত্তা (Status)-য়

(i) একটি অংশীদারী কারবার (ii) কিছু ব্যক্তির কোন সমিতি বা সংগঠন
(iii) আইনগ্রাহ্য প্রতিটি কৃত্রিম ব্যক্তি।

(f) পূর্ববর্তী বছর শেষ হয় এই তারিখে :

(i) 31শে ডিসেম্বর (ii) 31শে মার্চ (iii) 30 শে সেপ্টেম্বর।

(g) কৃষি আয়

(i) সম্পূর্ণ করমুক্ত (ii) আংশিক করমুক্ত

(iii) কিছু ক্ষেত্রে অকৃষি আয়ের সঙ্গে একীকরণ করা হয়, গড় কর ধার্য করবার জন্য।

(h) ভারতে অবস্থিত চা-বাগানগুলিতে চা প্রস্তুত করে অর্জিত আয় :

(i) সম্পূর্ণ করমুক্ত (ii) সম্পূর্ণ করযোগ্য (iii) 60% কৃষি আয় বলে গণ্য হবে।

উত্তর : (a) ii, (b) ii, (c) ii, (d) iii, (e) iii (f) ii, (g) iii, (h) iii.

একক 2 □ আবাসিক মর্যাদা ও করদায়

গঠন

- 2.1 উদ্দেশ্য
 - 2.1.1 প্রস্তাবনা
 - 2.1.2 আবাসিক মর্যাদার শ্রেণিবিভাগ
 - 2.1.3 আবাসিক মর্যাদা নির্ধারণে সাধারণ নিয়ম
- 2.2 একক ব্যক্তির আবাসিক মর্যাদা
 - 2.2.1 আবাসিক এবং সাধারণত আবাসিক
 - 2.2.2 আবাসিক এবং সাধারণ আবাসিক নয়
 - 2.2.3 অনাবাসিক
 - 2.2.4 মূল শর্তাবলী, অতিরিক্ত শর্তাবলী এবং ব্যতিক্রম
 - 2.2.5 এক নজরে আবাসিক মর্যাদার নিয়মাবলী
- 2.3 অবিভক্ত হিন্দু পরিবারের আবাসিক মর্যাদা
 - 2.3.1 অবিভক্ত হিন্দু পরিবারের আবাসিক মর্যাদার নিয়মাবলী
- 2.4 অংশীদারী কারবার এবং ব্যক্তিবর্গের সংস্থার আবাসিক মর্যাদা
- 2.5 অন্যান্য ব্যক্তির আবাসিক মর্যাদা
 - 2.5.1 যৌথ মূলধনি কোম্পানির আবাসিক মর্যাদা
- 2.6 আবাসিক মর্যাদা এবং করের চৌহদ্দি
 - 2.6.1 আবাসিক ও সাধারণত আবাসিক করদাতার ক্ষেত্রে
 - 2.6.2 আবাসিক কিন্তু সাধারণত আবাসিক নন করদাতার ক্ষেত্রে
 - 2.6.3 অনাবাসিক করদাতার ক্ষেত্রে
- 2.7 আবাসিক মর্যাদার ভিত্তিতে মোট করযোগ্য আয়ের পরিধি
- 2.8 ভারতের আয়ের পরিধি
 - 2.8.1 ভারতে প্রাপ্ত আয়
 - 2.8.2 ভারতে উদ্ভূত কিংবা অর্জিত আয়
 - 2.8.3 ভারতে প্রাপ্ত বলে অনুমিত আয়
 - 2.8.4 ভারতে উদ্ভূত বা অর্জিত অনুমিত আয়
- 2.9 সারাংশ
- 2.10 অনুশীলনী

2.1 উদ্দেশ্য

এই এককটি পড়ার পর আপনি,

- বিভিন্ন প্রকার আবাসিক মর্যাদা জানতে পারবেন এবং
- বিভিন্ন ব্যক্তির আবাসিক মর্যাদা নির্ণয় করতে পারবেন।
- মোট আয় নির্ণয়ের ক্ষেত্রে আবাসিক মর্যাদার গুরুত্ব বুঝতে পারবেন।


2.1.1 প্রস্তাবনা

আয়কর আইনের 5 নং ধারা অনুসারে কোন করদাতার পূর্ববর্তী বছরে (Previous year) করযোগ্য মোট আয়ের অঙ্ক নির্ণয় করতে করদাতার সেই বছরের আবাসিক মর্যাদার (Residential Status) উপর নির্ভর করতে হয়। আয়কর দায় নির্ণয় করার জন্য করদাতার বাসস্থানের ভিত্তিতে তাদের আবাসিক মর্যাদা নির্ধারণ করা হয়।

ভারতে উদ্ভূত বা অর্জিত ও পেয়েছেন বা পেয়েছেন বলে বিবেচিত সমস্ত আয়ই সকল করদাতার ক্ষেত্রে ভারতে করযোগ্য হয়। কিন্তু ভারতের বাইরে উদ্ভূত বা অর্জিত ও পেয়েছেন বা পেয়েছেন বলে বিবেচিত কোন আয় ভারতে তাঁর মোট আয়ের অন্তর্ভুক্ত হবে বা হবে না, তা নির্ভর করবে সেই পূর্ববর্তী বছরে তার ভারতে আবাসিক মর্যাদার উপর।

2.1.2 আবাসিক মর্যাদার শ্রেণিবিভাগ

এই উদ্দেশ্যে করদাতার ভারতে আবাস (Residence) নিম্নলিখিত তিনটি শ্রেণিতে বিভক্ত :



2.1.3 আবাসিক মর্যাদা নির্ধারণে সাধারণ নিয়ম

কোন করদাতার আবাসিক মর্যাদা নির্ধারণে নিম্নলিখিত বিষয়গুলি মনে রাখা প্রয়োজন—

1. আবাসিক মর্যাদা ও নাগরিকত্ব (Citizenship) দুটি পৃথক বিষয়। কোনও ব্যক্তির আবাসিক মর্যাদা নির্ণয় করতে ভারতীয় নাগরিকত্ব (Citizenship) বিবেচিত হয় না।

2. আয়করের দৃষ্টিতে একজন ভারতীয় নাগরিক অনাবাসিক (Non-Resident) হতে পারেন, আবার একজন বিদেশি নাগরিক আবাসিক (Resident) হতে পারেন।

3. আবাসিক মর্যাদা কোনও স্থায়ী ধারণা নয়। অর্থাৎ কোনও ব্যক্তির আবাসিক মর্যাদা প্রতি বছর এক নাও হতে পারে। কোন পূর্ববর্তী বছরে কোন ব্যক্তি আবাসিক হলেন, কিন্তু পরবর্তী বছরে অনাবাসিক হতে পারেন। কিন্তু ব্যক্তির নাগরিকত্ব সাধারণত প্রতি বছর একই থাকে।

4. কোন এক কর-নির্ধারণ বছরে কোন ব্যক্তি যদি ভারতে 'আবাসিক' (resident) মর্যাদা পান, ওই একই কর-নির্ধারণ বছরে তিনি অন্য কোন দেশেও 'আবাসিক' হতে পারেন। অর্থাৎ এমন কোনও নিয়ম নেই যে, কোন ব্যক্তি ভারতে কোন কর-নির্ধারণ বছরে 'আবাসিক' হলে অন্য কোন দেশে তিনি আবাসিক হতে পারেন না।

5. কোনও ব্যক্তি আবাসিক না অনাবাসিক, তা তথ্যের উপর নির্ভর করে এবং এই কারণে করদাতার কর্তব্য হল আয়কর কর্তৃপক্ষের কাছে এই বিষয়ে প্রকৃত তথ্য জানানো (Rai Bahadur Seth Teomal Vs CIT)।

6. আয়কর আইন অনুযায়ী প্রত্যেক ব্যক্তির (Person) আবাসিক মর্যাদা নির্ণয় করার পদ্ধতি বা নিয়ম পৃথক। আইন অনুযায়ী ব্যক্তির শ্রেণি বিভাগ নিম্নরূপ—

- (a) একক ব্যক্তি (an individual),
 - (b) যৌথ হিন্দু পরিবার (a Hindu Undivided Family),
 - (c) একটি অংশীদারী প্রতিষ্ঠান বা ব্যক্তিবর্গের সংস্থা (A Firm or association of persons),
 - (d) যৌথ মূলধনি কোম্পানি (Joint stock Company),
 - (e) অন্যান্য প্রত্যেক ব্যক্তি (Every other person),
7. কোনও করদাতা ভারতে কোন একটি পূর্ববর্তী বছরে আবাসিক বা অনাবাসিক হতে পারেন।

2.2 একক ব্যক্তির আবাসিক মর্যাদা (Residential Status of an Individual)

একজন একক ব্যক্তি (i) ভারতে আবাসিক এবং সাধারণত আবাসিক বা (ii) ভারতে আবাসিক কিন্তু সাধারণত আবাসিক নয় বা (iii) ভারতে অনাবাসিক হতে পারে [ধারা 6]

2.2.1 আবাসিক এবং সাধারণত আবাসিক (Resident and ordinarily resident) ধারা [6(1)]

আয়কর আইন, 1961-এর ধারা 6 (1) অনুসারে কোনও স্বতন্ত্র ব্যক্তিকে কোনও পূর্ববর্তী বছরে আবাসিক বলা যাবে, যদি তিনি ওই সংশ্লিষ্ট পূর্ববর্তী বছরে নিম্নলিখিত দুটি মূল শর্তের (Basic Condition) মধ্যে অন্তত একটি (at least one) শর্ত পূরণ করতে পারেন :—

- (a) তিনি সংশ্লিষ্ট পূর্ববর্তী বছরে অন্তত 182 দিন বা তার অধিক দিন ভারতে উপস্থিত থাকেন। অথবা
- (b) সংশ্লিষ্ট পূর্ববর্তী বছরে তিনি অন্তত 60 দিন বা তার অধিকদিন ভারতে থাকেন এবং ওই পূর্ববর্তী বছরে অব্যাহিত পূর্বের 4 টি পূর্ববর্তী বছরে অন্তত 365 দিন ভারতে ছিলেন।

উপরে লিখিত নিয়মের ব্যতিক্রম (Exception)

- (1) যে কোন ভারতীয় নাগরিক যদি কর্মসংস্থানের উদ্দেশ্যে অথবা ভারতীয় জাহাজের একজন কর্মচারী (crew) হিসাবে ভারতের বাইরে যান সেই পূর্ববর্তী বছরে তাঁকে আবাসিক হবার জন্য অন্তত 182 দিন বা তার অধিকদিন ভারতবর্ষে থাকতে হবে [6(1) ধারার b শর্তে কমপক্ষে 60 দিন থাকলে হবে না]
- (2) বিদেশে কর্মরত কোনও ভারতীয় নাগরিক বা ভারতীয় বংশোদ্ভূত ব্যক্তি কোন পূর্ববর্তী বছরে ছুটি (Leave) বা দীর্ঘ অবকাশ (Vacation) ভারতে আসেন, তবে ওই পূর্ববর্তী বছরে ভারতে আবাসিক হবার জন্য তাঁকে অন্তত 182 দিন বা তার অধিকদিন ভারতে থাকতে হবে। ধারা [6(1) b শর্ত অনুসারে কমপক্ষে 60 দিন থাকলে হবে না।]

কোনও একক ব্যক্তি কোন পূর্ববর্তী বছরে উপরে উল্লিখিত [ধারা 6(1) দুটি মূল শর্ত অন্তত একটি পূরণ করা ছাড়াও নিম্নলিখিত দুটি অতিরিক্ত শর্তই (Secondary Condition) [ধারা 6(1)] পূরণ করতে পারেন, তবে তাঁকে ওই পূর্ববর্তী বছরে আবাসিক এবং সাধারণভাবে আবাসিক বলে গণ্য হবে।

অতিরিক্ত শর্ত [ধারা 6(6), অনুযায়ী]

- (i) সংশ্লিষ্ট পূর্ববর্তী বছরের ঠিক আগের 10 টি পূর্ববর্তী বছরের মধ্যে তিনি যদি কমপক্ষে 2 পূর্ববর্তী বছরে আগের উল্লেখিত দুটি মৌলিক শর্তের [ধারা 6(1)] মধ্যে যে কোন একটি পূরণ করার মাধ্যমে আবাসিক ছিলেন।

এবং

- (ii) উক্ত পূর্ববর্তী বছরের ঠিক আগে 7টি পূর্ববর্তী বছরে অন্তত 730 দিন তিনি ভারতে ছিলেন।

2.2.2 আবাসিক কিন্তু সাধারণত আবাসিক নয় (Resident but not ordinarily resident) [ধারা 6(1), 6(6)(a)]

কোন একক ব্যক্তি যদি কোন একটি পূর্ববর্তী বছরে মূল দুটি শর্তের [ধারা 6(1)] অন্তত একটি পূরণ করে [অর্থাৎ শর্ত (a) বা (b)] কিন্তু অতিরিক্ত শর্ত দুটি পূরণ করতে পারেন না [শর্ত (i) এবং (ii)], তাহলে তিনি ওই পূর্ববর্তী বছরে ভারতে আবাসিক কিন্তু সাধারণত আবাসিক নয় বলে গণ্য হবেন।

2.2.3 অনাবাসিক (Non-resident)

কোন একক ব্যক্তি কোন একটি পূর্ববর্তী বছরে যদি মূল শর্ত দুটির [ধারা 6(1)] মধ্যে একটিও পূরণ করতে পারেননি [অর্থাৎ শর্ত (a) অথবা (b)], তাঁকে ওই পূর্ববর্তী বছরে অনাবাসিক বলে গণ্য করা হবে।

2.2.4 এক নজরে শর্তাবলী

| মূল শর্তাবলী [ধারা 6(1)] (Basic Condition) | অতিরিক্ত শর্তাবলী [ধারা 6(6)] (Secondary Condition) |
|--|---|
| <p>(a) পূর্ববর্তী বছরে কমপক্ষে 182 দিন ভারতে উপস্থিতি।</p> <p>অথবা</p> <p>(b) পূর্ববর্তী বছরে কমপক্ষে 60 দিন এবং তার ঠিক আগে 4 পূর্ববর্তী বছরে অন্তত 365 দিন ভারতে উপস্থিত।</p> <p>ব্যতিক্রম (Exceptions)</p> <ol style="list-style-type: none"> কোন ভারতীয় নাগরিক কর্মের উদ্দেশ্যে অথবা ভারতীয় জাহাজের একজন কর্মচারী (crew) হিসাবে ভারতের বাইরে গেলে সেই পূর্ববর্তী বছরে আবাসিক গণ্য হতে গেলে (a) শর্ত পূরণ করতে হবে (উপস্থিতি অন্তত 182 দিন, 60 দিন নয়)। কোনও ভারতীয় বংশোদ্ভূত ব্যক্তি বিদেশে কর্মরত অবস্থায় কোন পূর্ববর্তী বছরে ছুটিতে বা অবকাশে ভারতে আসেন, তবে অন্তত 182 (60 দিন নয়) উপস্থিত থাকলে ওই বছরে তিনি আবাসিক হবেন। | <p>(i) পূর্ববর্তী বছরের আগের 10টি পূর্ববর্তী বছরের মধ্যে কমপক্ষে 2টি পূর্ববর্তী বছরে আবাসিক এবং</p> <p>(ii) পূর্ববর্তী বছরের আগের 7টি পূর্ববর্তী বছরে কমপক্ষে 730 দিন ভারতে উপস্থিতি।</p> |

2.2.5 এক নজরে আবাসিক নিয়মাবলী (Rules of Residence at a glance)

| আবাসিক এবং সাধারণত আবাসিক | আবাসিক এবং সাধারণত আবাসিক নয় | অনাবাসিক |
|---|--|---|
| মূল শর্তের [ধারা 6(1)] অসুত একটি এবং অতিরিক্ত শর্তের দুটিই পূরণ করতে হবে। | মূল শর্তের [ধারা 6(1)] অসুত একটি পূরণ করতে হবে এবং অতিরিক্ত শর্তের [ধারা 6(1)] একটি/ কোনটাই পূরণ করতে পারে না। | মূল শর্তের [ধারা 6(1)] কোনটিও পূরণ করবে না। |

উদাহরণ : 1. রমেন বিশ্বাস একজন ভারতীয় নাগরিক। 25.4.2013 তে তিনি চাকরি নিয়ে বিদেশে চলে যান এবং 1.7.18-এ ভারতে ফিরে আসেন। 25.4.2013 থেকে 31.4.2018 -এই সময়ের মধ্যে প্রতি বছর তিনি ভারতে আসেন এবং 2013-14 থেকে 2016-17 ত্র্যেক পূর্ববর্তী বছরে তিনি 80 দিন এবং 2017-2018-এ তিনি 141 দিন ভারতে থাকেন। 1.7.18-এ ভারতে ফিরে তিনি স্থায়ীভাবে ভারতে বসবাস শুরু করেন।

শ্রীমেন বিশ্বাসের 2019-2020 কর নির্ধারণ বছরে ভারতে আবাসিক মর্যাদা কী হবে ব্যাখ্যা করুন।
সমাধান :

কর নির্ধারণ বছর (Assessment year) 2019-2020 সুতরাং পূর্ববর্তী বছর (Previous year) 2018-2019। পূর্ববর্তী বছরে (2018-2019) শ্রীবিশ্বাস ভারতে ছিলেন মোট 274 দিন। (1.7.18 থেকে 31.3.19 পর্যন্ত)।

অর্থাৎ 182 দিনের বেশি। সুতরাং ধারা 6(1)-এর প্রথম শর্তটি তিনি পূরণ করেছেন, তিনি আবাসিক। প্রথম চাকরি নিয়ে বিদেশ গেলেন 25.4.2013 (পূর্ববর্তী বছর 2013-14)।

অতিরিক্ত শর্ত ধারা 6(6): তিনি ধারা 6(6)-এর দুটি শর্তের দুটি শর্তই পূরণ করেছেন। অর্থাৎ সংশ্লিষ্ট পূর্ববর্তী বছরের ঠিক আগের 10টি পূর্ববর্তী বছরের মধ্যে অসুত 2টি বছর তিনি আবাসিক ছিলেন [6(1) ধারায় উল্লেখিত মৌলিক শর্ত পূরণ করার মাধ্যমে] এবং পূর্ববর্তী বছরের আগের 7টি পূর্ববর্তী বছরে কমপক্ষে 730 দিন ভারতে উপস্থিত থাকার যে দ্বিতীয় অতিরিক্ত শর্তটি আছে তিনি সেটাও পূরণ করেছেন তার থেকে বেশী দিন ভারতে উপস্থিত থেকে। সুতরাং 2019-20 নির্ধারণ বছরে শ্রী রমেন বিশ্বাস আবাসিক এবং সাধারণ আবাসিক বলে গণ্য হবেন।

| | | |
|--|-----------------------------------|-------------------|
| পূর্ববর্তী বছরের আগের 10টি পূর্ববর্তী বছর | মোট এতদিন ভারতে ছিলেন | আবাসিক মর্যাদা |
| 2008-09 থেকে 2012-2013 | প্রতি বছর (365×5) =365 × 5 দিন | 1825 আবাসিক |
| 2013-14 | 25+80*= | 105 অনাবাসিক |
| 2013-14 থেকে 2016-17 | প্রতিবছর 80 দিন (80 × 4) | = 320 অনাবাসিক |
| 2017-18 | | 141 অনাবাসিক |
| | মোট দিন | = 2391 |

উদাহরণ : 2. Mr. Robertson একজন বিদেশি নাগরিক। তিনি প্রথমবার ভারতে আসেন 15ই জুন 2013। পূর্ববর্তী বছর 2013-14 থেকে 2018-2019 তিনি ভারতে ছিলেন 120 দিন, 110 দিন, 20 দিন, 195দিন, 130দিন ও 90দিন।

নির্ধারণ বছরে 2019-2020 তাঁর ভারতে আবাসিক মর্যাদা কী হবে?

সমাধান :

| | |
|-----------------------|-----------|
| কর নির্ধারণ বছর | 2019-2020 |
| সুতরাং পূর্ববর্তী বছর | 2018-2019 |

পূর্ববর্তী বছর 2018-2019-এ তিনি 90 দিন ভারতে ছিলেন। এই পূর্ববর্তী বছরের ঠিক আগের 4টি পূর্ববর্তী বছরে তিনি ভারতে ছিলেন

| পূর্ববর্তী বছর | মোট কতদিন ছিলেন |
|----------------|-----------------|
| 2017-18 | 130 দিন |
| 2016-17 | 195 দিন |
| 2015-16 | 20 দিন |
| 2014-15 | 110 দিন |
| মোট উপস্থিতি | 455 দিন |

তিনি ধারা 6(1)-র দ্বিতীয় শর্ত অনুসারে পূর্ববর্তী বছর 2018-2019-এ 60 দিনের বেশি (90দিন) ভারতে আছেন এবং সংশ্লিষ্ট পূর্ববর্তী বছরের ঠিক আগের 4টি পূর্ববর্তী বছরে 365 দিনের বেশি (455 দিন) ছিলেন। সুতরাং তিনি 2018-2019 পূর্ববর্তী বছরে ভারতে 'আবাসিক' বলে গণ্য হবেন।

তিনি ধারা 6(6)-দুটি অতিরিক্ত শর্তের একটিও পূরণ করতে পারেননি।

কারণ—

(1) পূর্ববর্তী বছর 2018-2019-এর ঠিক আগের 10টি পূর্ববর্তী বছরের মধ্যে 2টি পূর্ববর্তী বছরে তিনি আবাসিক ছিলেন না—যেহেতু তিনি ভারতে প্রথম আসেন 2013-14 পূর্ববর্তী বছর (15ই জুন 2013)।

(2) পূর্ববর্তী বছর 2018-19-এর ঠিক আগের 7টি পূর্ববর্তী বছরে তিনি ভারতে 730 দিন ছিলেন না। তিনি ভারতে উপস্থিত ছিলেন—

| পূর্ববর্তী বছর | মোট কতদিন ছিলেন |
|--------------------|-----------------|
| 2017-18 | 130 দিন |
| 2016-17 | 195 দিন |
| 2015-16 | 20 দিন |
| 2014-15 | 110 দিন |
| 2013-14 | 120 দিন |
| (প্রথম ভারতে আসেন) | 575 দিন |

অতএব, Mr. Robertson-এর কর নির্ধারণ বছর 2019-20-এ ভারতে আবাসিক মর্যাদা হল “আবাসিক কিন্তু সাধারণত আবাসিক নন।”

উদাহরণ : 3. শ্রীমতী শ্রাবণী ব্যানার্জী একজন ভারতীয় নাগরিক, বিদেশে চাকরি পেয়ে প্রথম ভারতবর্ষ ছেড়ে যান 1.9.16। 2016-2017 পূর্ববর্তী বছরে তিনি দেশে আসেন 28 দিনের জন্য। পুনরায় 1st January '18 তিনি ছুটি নিয়ে ভারতে আসেন এবং 31st March '19 অবধি ভারতে ছিলেন।

2019-2020 কর নির্ধারণ বছরে তাঁর আবাসিক মর্যাদা কী হবে?

সমাধান :

| | |
|-----------------------|-----------|
| কর নির্ধারণ বছর | 2019-2020 |
| সুতরাং পূর্ববর্তী বছর | 2018-2019 |

পূর্ববর্তী বছর 2018-2019-এ শ্রীমতী ব্যানার্জী ভারতে উপস্থিত ছিল 90 দিন (1.1.19 থেকে 31.3.19 পর্যন্ত অর্থাৎ 182 দিনের কম। যেহেতু তিনি ভারতীয় নাগরিক ও বিদেশে কর্মরতা ও ছুটিতে ভারতে এসেছেন, সেহেতু 6(1) ধারা অনুযায়ী আবাসিক মর্যাদা পাবার জন্য তাঁর সংশ্লিষ্ট পূর্ববর্তী বছরে কমপক্ষে 182 দিন থাকা প্রয়োজন। অতএব, 2019-2020 নির্ধারণ বছরে ভারতে তাঁর আবাসিক মর্যাদা হল “অনাবাসিক”।

2.3 অবিভক্ত হিন্দু পরিবারের আবাসিক মর্যাদা (Residential Status of a Hindu Undivided Family) [ধারা 6(2) ও ধারা 6 (6)(b)]

1. কোন অবিভক্ত হিন্দু পরিবারকে পূর্ববর্তী বছরে আবাসিক ও সাধারণত আবাসিক (Resident and ordinarily Resident) বলা হবে যদি ওই পরিবারের বিয়য়কর্মের নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনা সংশ্লিষ্ট

পূর্ববর্তী বছরে আংশিক বা সম্পূর্ণভাবে ভারতে অবস্থিত হয় এবং ওই পরিবারের কর্তা বা ম্যানেজার (ব্যবস্থাপক) ধারা 6(6)-এর অতিরিক্ত দুটি শর্তের দুটিই পূরণ করেন—

শর্তদুটি নিম্নরূপ :—

- (i) সংশ্লিষ্ট পূর্ববর্তী বছরের অব্যবহিত আগের 10 টি পূর্ববর্তী বছরের মধ্যে তিনি অন্তত 2 পূর্ববর্তী বছরে আবাসিক বলে গণ্য হয়ে থাকেন [ধারা 6(1)-এর মূল শর্তদুটির মধ্যে অন্তত একটি শর্ত পূরণ করার মাধ্যমে] এবং
 - (ii) সংশ্লিষ্ট পূর্ববর্তী বছরের অব্যবহিত আগের 7 পূর্ববর্তী বছরের মধ্যে তিনি যদি মোট 730 দিন বা তার বেশি দিন ব্যক্তিগতভাবে ভারতে উপস্থিত থাকেন।
2. কোন অবিভক্ত হিন্দু পরিবার পূর্ববর্তী বছরে আবাসিক কিন্তু সাধারণত আবাসিক নয় (Resident but not ordinarily Resident) বলা হবে যদি ওই পরিবারের বিষয়কর্মের নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনা সংশ্লিষ্ট পূর্ববর্তী বছরে আংশিক বা সম্পূর্ণভাবে ভারতে অবস্থিত হয় কিন্তু ওই পরিবারের কর্তা বা ম্যানেজার (ব্যবস্থাপক) সংশ্লিষ্ট পূর্ববর্তী বছরে ধারা 6(6)(a)-এর দুটি শর্তের একটি বা উভয় শর্তই পূরণ করতে না পারেন।
 3. কোন অবিভক্ত হিন্দু পরিবারকে কোন একটি পূর্ববর্তী বছরে অনাবাসিক (Non Resident) বলা হবে যদি ওই পরিবারের বিষয়কর্মের নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনা সম্পূর্ণভাবে ভারতের বাইরে অবস্থিত হয়।
 - (i) বিষয়কর্মের 'নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনা'—এই কথার তাৎপর্য হল কার্যত নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনা, কেবলমাত্র আইনত নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনা নয় (CIT Vs Nandalal Gandlal).
 - (ii) যৌথ হিন্দু পরিবারের কর্তার মৃত্যু ওই পরিবারের আবাসিক মর্যাদার পরিবর্তন ঘটায় না। পরিবারের উত্তরাধিকারী কর্তাগণের ভারতে উপস্থিত আবাসিক মর্যাদা নির্ধারণে গণ্য করা হবে। [Marimuthu Pillai Vs CIT]

2.3.1 অবিভক্ত হিন্দু পরিবারের আবাসিক মর্যাদার নিয়মাবলী (Rules of Residential Status of a HUF)

| আবাসিক এবং সাধারণত আবাসিক | আবাসিক এবং সাধারণত আবাসিক নয় | অনাবাসিক |
|---|---|--|
| * পরিবারের বিষয়কর্মের নিয়ন্ত্রণ সম্পূর্ণ বা আংশিকভাবে ভারতে অবস্থিত হয় এবং * পরিবারের কর্তা বা ম্যানেজার ধারা 6(6)-এর দুটি শর্তের দুটিই পূরণ করেন। | * পরিবারের বিষয়কর্মের নিয়ন্ত্রণ সম্পূর্ণ বা আংশিকভাবে ভারতে অবস্থিত হয় এবং * পরিবারের কর্তা বা ম্যানেজার ধারা 6(6)-এর দুটি শর্তের একটি বা উভয় শর্তই পূরণ করতে পারেন না। | পরিবারের বিষয়কর্মের নিয়ন্ত্রণ সম্পূর্ণভাবে ভারতের বাইরে অবস্থিত হয়। |

কোনও একটি পূর্ববর্তী বছরে—

উদাহরণ: 4. প্রলয় রায় একজন একক ব্যক্তি। তিনি কর নির্ধারণ বছর 2019-2020 (পূর্ববর্তী বছর 2018-2019, ভারতে আবাসিক কিন্তু সাধারণত আবাসিক নন। 2018-2019 পূর্ববর্তী বছরে একটি অবিভক্ত হিন্দু পরিবারের ব্যাবসার কর্তা ছিলেন প্রলয় রায়। এই ব্যাবসা আংশিক কলকাতা থেকে এবং আংশিক লন্ডন থেকে পরিচালিত হয়। 2019-2020 নির্ধারণ বছরে পরিবারের আবাসিক মর্যাদা কী হবে?

সমাধান :

| | |
|-----------------------|-----------|
| এখানে কর নির্ধারণ বছর | 2019-20 |
| অতএব পূর্ববর্তী বছর | 2018-2019 |

পূর্ববর্তী বছর 2018-2019-এ অবিভক্ত হিন্দু পরিবারের ব্যাবসা নিয়ন্ত্রিত হয় আংশিকভাবে ভারত থেকে। সুতরাং এই যৌথ হিন্দু পরিবারটি মর্যাদা হবে আবাসিক (Resident) সংশ্লিষ্ট পূর্ববর্তী বছরে।

কিন্তু এই পরিবারের কর্তা শ্রীপ্রলয় রায় 2018-2019 পূর্ববর্তী বছরে ভারতে আবাসিক কিন্তু সাধারণত আবাসিক নন। অর্থাৎ তিনি 6(1) ধারার দুটি শর্তের অন্তর্গত একটি পূরণ করেছেন, কিন্তু 6(6) ধারার দুটি শর্তের একটি বা দুটি শর্ত পূরণ করতে পারেননি।

সুতরাং ওই অবিভক্ত হিন্দু পরিবারের 2019-20 কর নির্ধারণ বছরে আবাসিক মর্যাদা হবে “আবাসিক কিন্তু সাধারণত আবাসিক নয়”।

2.4 অংশীদারী কারবার এবং ব্যক্তিবর্গের সংস্থার আবাসিক মর্যাদা (Residential Status of Firm of other Association of Persons) [ধারা 6 (4)]

কোন অংশীদারী কারবার বা ব্যক্তিবর্গের সংস্থা কোন পূর্ববর্তী বছরে ভারতে—

1. আবাসিক (Resident) হিসাবে গণ্য হবে যদি ওই অংশীদারী কারবারের বা সংস্থার বিষয়কর্মের নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনা সম্পূর্ণ বা আংশিকভাবে ভারতে অবস্থিত হয়।
2. অনাবাসিক (Non-Resident) হিসাবে গণ্য হবে যদি বিষয়কর্মের নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনা সম্পূর্ণভাবে ভারতের বাইরে অবস্থিত হয়।

কোন অংশীদারী কারবার বা ব্যক্তিবর্গের সংস্থা কখনও ‘সাধারণত আবাসিক নয়’ (Not ordinarily Resident) হতে পারে না।

এখানে মনে রাখা প্রয়োজন, যে নিয়ন্ত্রণ এবং পরিচালনা বলতে প্রকৃত নিয়ন্ত্রণ ও পরিচালনা (defact control and management) বোঝায়, নিয়ন্ত্রণ বা পরিচালনার অধিকার (right to control or management) বোঝায় না।

2.5 অন্যান্য ব্যক্তির আবাসিক মর্যাদা (Residential Status of every other Persons) [ধারা 6 (4)]

কোনও অন্যান্য ব্যক্তি পূর্ববর্তী বছরে ভারতে—

1. আবাসিক (Resident) হিসাবে গণ্য হবে যদি তাঁর বিষয়কর্মের নিয়ন্ত্রণ ও পরিচালনা সম্পূর্ণ বা আংশিকভাবে ভারতের মধ্যে থেকে পরিচালিত হয়।
2. অনাবাসিক (Non-Resident) হিসাবে গণ্য হবে যদি বিষয়কর্মের নিয়ন্ত্রণ ও পরিচালনা সম্পূর্ণভাবে ভারতের বাইরে থেকে পরিচালিত হয়। কোন অনগণ্য ব্যক্তি 'সাধারণত আবাসিক নয়' হতে পারে না।

2.5.1 যৌথ মূলধনি কোম্পানির আবাসিক মর্যাদা (Residential status of a Company) [ধারা 6 (3)]

(a) ভারতীয় কোম্পানি—

ভারতীয় কোম্পানি সর্বদাই আবাসিক (Resident) হিসাবে গণ্য হবে। এর বিষয়কর্মের নিয়ন্ত্রণ ও পরিচালনা ভারত বা ভারতের বাইরে—যেখানে থেকেই হোক না কেন। [Place of effective management (POEM)]

(b) বিদেশি কোম্পানি (Foreign Company)

1. আবাসিক (Resident) হিসাবে গণ্য হবে যদি এর সক্রিয় পরিচালনার জায়গা ভারতের হয়।
2. অনাবাসিক (Non-Resident) হিসাবে গণ্য হবে যদি এর সক্রিয় পরিচালনার জায়গা ভারতের বাইরে হয়।

যৌথ মূলধনি কোম্পানি কখনও 'সাধারণত আবাসিক নয়' (Non ordinary Resident) হতে পারে না।

2.6 আবাসিক মর্যাদা এবং করের চৌহদ্দি (Residential Status and Incidence of Tax) [ধারা 5]

পূর্ববর্তী বছরে কোন করদাতার ভারতে আবাসিক মর্যাদা অনুযায়ী তাঁর মোট আয় বা করযোগ্য আয় নির্ণয় করা হয়। অর্থাৎ কোন করদাতার কোন্ কোন্ আয় ভারতে করযোগ্য বা নয় তা নির্ভর করে সংশ্লিষ্ট

পূর্ববর্তী বছরে করদাতার আবাসিক মর্যাদার ওপর। বিভিন্ন আবাসিক মর্যাদার ভিত্তিতে করদায় কীভাবে নির্ণয় করা হয়, তা নিম্নে আলোচনা করা হল।

2.6.1 আবাসিক ও সাধারণত আবাসিক করদাতার ক্ষেত্রে

কোন পূর্ববর্তী বছরে যে কোন উৎস থেকে প্রাপ্ত সমস্ত আয়ই কোন আবাসিক ও সাধারণত আবাসিক করদাতার ক্ষেত্রে তাঁর মোট আয়ের অন্তর্ভুক্ত হয়, যেমন—

- ভারতে প্রাপ্ত অথবা প্রাপ্ত বলে অনুমিত (Deemed) আয়, সে আয় ভারতে বা ভারতের বাইরে যেখানেই অর্জিত বা উদ্ভূত হোক না কেন।
- ভারতে উদ্ভূত বা অর্জিত বা ভারতে উদ্ভূত বা অর্জিত বলে অনুমেয় আয়।
- ভারতের বাইরে উদ্ভূত বা অর্জিত বা ভারতের বাইরে প্রাপ্ত আয়।

2.6.2 আবাসিক কিন্তু সাধারণত আবাসিক নন করদাতার ক্ষেত্রে

যে করদাতার কোন পূর্ববর্তী বছরে ভারতে 'আবাসিক কিন্তু সাধারণত আবাসিক নন' তার কেবলমাত্র নিম্নলিখিত আয়গুলিই মোট আয়ের অন্তর্ভুক্ত হবে, যেমন—

- ভারতে প্রাপ্ত অথবা ভারতে প্রাপ্ত বলে অনুমিত আয়।
- ভারতে উদ্ভূত বা অর্জিত বা ভারতে উদ্ভূত বা অর্জিত বলে অনুমিত আয়।
- ভারতের বাইরে উদ্ভূত বা অর্জিত আয় এমন ব্যবসা থেকে যা ভারত থেকে পরিচালিত হয়।

2.6.3 অনাবাসিক করদাতার ক্ষেত্রে

যে করদাতার পূর্ববর্তী বছরে ভারতে অনাবাসিক তাঁর কেবলমাত্র নিম্নলিখিত আয়গুলিই মোট আয়ের অন্তর্ভুক্ত হবে যেমন—

- (a) ভারতে প্রাপ্ত অথবা ভারতের প্রাপ্ত বলে অনুমিত আয়।
- (b) ভারতে উদ্ভূত বা অর্জিত ভারতে উদ্ভূত বা অর্জিত বলে অনুমিত আয়, তা যেখানেই প্রাপ্ত হোক না কেন।

2.7 আবাসিক মর্যাদার ভিত্তিতে মোট করযোগ্য আয়ের পরিধি (Scope of Total income on the basis of residential Status)

| আয় | আবাসিক ও সাধারণত আবাসিক | আবাসিক কিন্তু সাধারণত আবাসিক নয় | অনাবাসিক |
|---|-------------------------------|--|-------------|
| 1. ভারতে উদ্ভূত এবং প্রাপ্ত আয় | করযোগ্য | করযোগ্য | করযোগ্য |
| 2. ভারতে উদ্ভূত কিন্তু ভারতের বাইরে প্রাপ্ত | করযোগ্য | করযোগ্য | করযোগ্য |
| 3. ভারতের বাইরে উদ্ভূত কিন্তু ভারতে প্রাপ্ত | করযোগ্য | করযোগ্য | করযোগ্য |
| 4. ভারতের বাইরে উদ্ভূত কিংবা অর্জিত এবং ভারতের বাইরে প্রাপ্ত আয় : | | | |
| (i) ভারত থেকে পরিচালিত এবং ব্যবসা থেকে লাভ | করযোগ্য | করযোগ্য | করযোগ্য নয় |
| (ii) ভারত থেকে পরিচালিত নয়, এমন ব্যবসা থেকে লাভ | করযোগ্য | করযোগ্য নয় | করযোগ্য নয় |
| (iii) অন্যান্য উৎস থেকে আয় | করযোগ্য | করযোগ্য নয় | করযোগ্য নয় |
| (iv) পূর্ববর্তী বছরের আগের কোন বছরের বৈদেশিক আয় যা পূর্বে কর ধার্য হয়নি কিন্তু তা পূর্ববর্তী বছরে ভারতে প্রেরণ করা হয়েছে | করযোগ্য নয় | করযোগ্য নয় | করযোগ্য নয় |

2.8. ভারতে আয়ের পরিধি

2.8.1 ভারতে প্রাপ্ত আয় (Income received in India)

নগদ অর্থে বা বস্তুতে (Kind) করদাতা স্বয়ং বা তার পক্ষে অন্য কোন ব্যক্তি দ্বারা পূর্ববর্তী বছরে ভারতের মাটিতে প্রাপ্ত আয়কে 'ভারতে প্রাপ্ত আয় বলে'।

তবে, এখানে মনে রাখা প্রয়োজন প্রথম প্রাপ্তি (First receipt) হল গুরুত্বপূর্ণ, পরবর্তী প্রাপ্তির কোন গুরুত্ব নেই।

উদাহরণস্বরূপ, কোন মূলধনি সম্পত্তি জাপানে বিক্রি করে ওই দেশেই অর্থ পাওয়া গেল। পরবর্তীকালে, করদাতা ওই অর্থ ভারতে পাঠালে, এই আয় জাপানে হয়েছে বলেই গণ্য করা হবে, ভারতে নয়।

2.8.2 ভারতে উদ্ভূত কিংবা অর্জিত আয় (Income which 'accrues' and 'arises' in India)

কোনও আয় ভারতে পাওয়ার অধিকার জন্মাবার সঙ্গে সঙ্গে সেই আয়কে ভারতে উদ্ভূত আয় বলে, এবং যখন ভারতে উদ্ভূত কোনও আয় প্রকৃতপক্ষে পাওয়া যায়, তখন সেই আয়কে অর্জিত আয় বলে।

যেমন—

- (i) ভারতের কোনও বাড়ি থেকে ভাড়া।
- (ii) ভারতে স্থিত কোনও মূলধনি সম্পত্তি বিক্রয় করে অর্থ লাভ।
- (iii) ভারতে অবস্থিত কোনও ব্যাঙ্ক থেকে সুদ।

2.8.3 ভারতে প্রাপ্ত বলে অনুমিত আয় (Income deemed to be received in India) [ধারা 7]

কিছু কিছু আয় আছে যেগুলি প্রকৃতপক্ষে প্রাপ্ত হয়নি, কিন্তু প্রাপ্ত বলে অনুমিত আয় হিসেবে গণ্য করা হয় এবং আয়কর আইনে এই অনুমিত আয়কে প্রাপ্ত মতেই দেখা হয়।

যেমন—

- (i) কোনও পূর্ববর্তী বছরে নিয়োগকর্তা দ্বারা কর্মচারীর অনুমোদিত ভবিষ্যনিধিতে (Recognised Provident Fund) চাঁদা এবং সুদ।
- (ii) অননুমোদিত ভবিষ্যনিধি (Unrecognised Provident Fund) থেকে অনুমোদিত ভবিষ্যনিধিতে কর্মচারীর নিজস্ব চাঁদা বাদে তার হিসাবের মোট সঞ্চিত অর্থের স্থানান্তর।
- (iii) লভ্যাংশ (Dividend) প্রকৃতপক্ষে দেওয়া হোক বা না হোক [তবে 1998-99 কর নির্ধারণ বছর থেকে লভ্যাংশ থেকে প্রাপ্ত আয় করমুক্ত]

2.8.4 ভারতে উদ্ভূত বা অর্জিত বলে অনুমিত আয় (Income deemed to arise of accrue in India) [ধারা 9]

ভারতীয় আয়কর আইন অনুসারে কিছু কিছু আয়কে ভারতে উদ্ভূত বা অর্জিত বলে অনুমিত আয় বলে, যদিও প্রকৃতপক্ষে আয়গুলি ভারতে উদ্ভূত বা অর্জিত নয়—

যেমন—

- (i) কোনও কেন্দ্রীয় বা রাজ্য সরকারি কর্মচারী ও ভারতীয় নাগরিক যদি সরকার দ্বারা ভারতের বাইরে প্রেরিত হয় এবং সরকারি কাজে লিপ্ত থেকে তার বেতন থেকে আয়।

- (ii) প্রত্যক্ষ বা পরোক্ষভাবে ভারত থেকে নিয়ন্ত্রিত কোনও ব্যবসার বা পেশা থেকে আয়।
- (iii) কোনও ভারতীয় কোম্পানি কর্তৃক ভারতের বাইরে প্রদত্ত লভ্যাংশ।

উদাহরণ : 5.

- (a) Mr. Martin একজন অনাবাসিক একক ব্যক্তি (Non Resident individual) ভারত থেকে পণ্য কিনে কানাডায় নিয়ে যান এবং কানাডায় বিক্রি করে 20,000 টাকা লাভ করেন। এই মুনাফার কোন অংশ ভারতে উদ্ধৃত হয়েছে বলে ভারতে করযোগ্য হবে কিনা তা ব্যাখ্যা করুন—
- (b) রাম ব্যানার্জী একজন আবাসিক কিন্তু সাধারণ আবাসিক নয়, একক ব্যক্তি প্যারিসের কোন ব্যবসা থেকে 30,000 টাকা উপার্জন করলেন এবং ওই শহরের ব্যাঙ্কে জমা রাখলেন। পরবর্তীকালে 15,000 টাকা ভারতে পাঠালেন। তার আয়ের করযোগ্যতা কী হবে?

সমাধান :

- (a) যদিও পণ্য ভারতে ক্রয় করা হয়েছে, পণ্য কিন্তু কানাডায় (ভারতের বাইরে) বিক্রি করা হয়েছে। সুতরাং এই আয় কানাডায় উদ্ধৃত ও প্রাপ্ত হয়েছে বলে ধরা হবে।
Mr. Martin একজন অনাবাসিক এবং আয় ভারতের বাইরে উদ্ধৃত ও প্রাপ্ত হয়েছে সুতরাং এই আয়/মুনাফা ভারতে করযোগ্য নয়।
- (b) এই আয় প্যারিসের কোন ব্যবসা থেকে প্রাপ্ত, এই ব্যবসা নিয়ন্ত্রণ ও পরিচালন ভারতের বাইরে থেকে হয়। এই লাভ ভারতের বাইরে উদ্ধৃত এবং ভারতের বাইরে প্রাপ্ত এবং রাম ব্যানার্জী একজন আবাসিক এবং সাধারণত আবাসিক, সুতরাং তা ভারতে করযোগ্য নয়।

উদাহরণ : 6.

অনিল তালুকদার 2018-2019 পূর্ববর্তী বছরে নিম্নলিখিত আয়গুলি করেছেন :

- (i) জাপানে উপদেষ্টার কাজ করে ভারতে বেতন হাতে পেয়েছেন 20,000 টাকা।
 - (ii) ভারতে কাজ করার জন্য, অবসরের পর ইরানে উত্তর-বেতন (Pension) পেয়েছেন 15000 টাকা।
 - (iii) ভারত সরকার থেকে সাম্মানিক বেতন পেয়েছেন 4000 টাকা।
 - (iv) পশ্চিমবঙ্গ থেকে ব্যবসা করে মুনাফা করেছেন 6000 টাকা, যদিও এই ব্যবসা পরিচালনা করেছেন কানাডা থেকে।
 - (v) পাকিস্তানে ব্যবসা করে তিনি মুনাফা করেছেন 10,000 টাকা, যদিও এই ব্যবসা দিল্লি থেকে পরিচালনা করেছেন।
 - (vi) ইংল্যান্ডের একটি কোম্পানি থেকে 7000 টাকা লভ্যাংশ (Dividend) পেয়েছেন ও এই টাকা সুইজারল্যান্ডে তাঁর ব্যাঙ্কে জমা পড়েছে।
 - (vii) সিঙ্গাপুরে ব্যবসা করে তিনি মুনাফা করেছেন 7000 টাকা যদিও এই ব্যবসা পরিচালন করেছেন বাংলাদেশ থেকে, আয় তাঁর নিজের নামে বাংলাদেশের এক ব্যাঙ্কে জমা পড়েছে।
 - (viii) নেপাল থেকে কৃষি আয় করেছেন 5000 টাকা, যা ভারতে আনা হয়নি।
- কর-নির্ধারণ বছর 2019-20-এ তাঁর করযোগ্য আয় নিরূপণ করুন, যদি করদাতা হন।

- (a) আবাসিক ও সাধারণত আবাসিক,
 (b) আবাসিক কিন্তু সাধারণত আবাসিক নন,
 (c) অনাবাসিক।

সমাধান :

মিস্টার অনিল তালুকদারের আয়ের করযোগ্যতার হিসাব 2019-20। পূর্ববর্তী বছর 2018-2019।

| | আবাসিক এবং সাধারণ আবাসিক Rs. | আবাসিক কিন্তু সাধারণ আবাসিক নয় Rs. | অনাবাসিক Rs. |
|---|---------------------------------------|--|-----------------|
| (i) জাপানে উপদেষ্টার কাজ করে ভারতে বেতন হাতে পেয়েছেন। | 20,000 | 20,000 | 20,000 |
| (ii) ভারতে কাজ করবার জন্য অবসরের পর ইরানে উত্তর বেতন পেয়েছেন। | 15,000 | 15,000 | 15,000 |
| (iii) ভারত সরকার থেকে সাম্মানিক বেতন পেয়েছেন। | 8,000 | 8,000 | 8,000 |
| (iv) পশ্চিমবঙ্গ থেকে ব্যবসা করে মুনাফা করেছেন, যদিও ওই ব্যবসা পরিচালনা করেছেন কানাডা থেকে। | 6,000 | 6,000 | 6,000 |
| (v) পাকিস্তানে ব্যবসা করে মুনাফা হয়েছে, যদিও ওই ব্যবসা দিল্লি থেকে পরিচালনা হয়েছে। | 10,000 | 10,000 | nil |
| (vi) ইংল্যান্ডের একটি কোম্পানি থেকে লভ্যাংশ পেয়েছেন ও ওই টাকা সুইজার-ল্যান্ডে তাঁর ব্যাঙ্ক জমা পড়েছে। | 9,000 | nil | nil |
| (vii) সিঙ্গাপুরে ব্যবসা করে মুনাফা হয়েছে, যদিও ওই ব্যবসা পরিচালিত হয়েছে বাংলাদেশ থেকে। | 7,000 | nil | nil |
| (viii) নেপাল থেকে কৃষি আয় হয়েছে, যা, ভারতে আনা হয়নি | 5,000 | nil | nil |
| করযোগ্য আয় | 80,000 | 59,000 | 49,000 |

উদাহরণ-7

Sri Haridas is an Indian citizen. He went to America on 1/1/2016 for taking employment in an American company for three years. On 1/10/2017, he came to India for a visit for 25 days. After the completion of the tenure of his service, he came back to India permanently from America on 3/2/2019. He received all the emoluments of the service in America. Discuss whether such income is taxable in India during the P.Y. 2018-2019.

Solution

During the previous years 2018-19, 2017-18, 2016-17 & 2015-16, Sri Haridas was in India as under

| P.Y. | Apr | May | June | July | Aug | Sep | Oct | Nov | Dec | Jan | Feb | Mar | Total |
|-------|-----|-----|------|------|-----|-----|-----|-----|-----|-----|-----|-----|-------|
| 18-19 | - | - | - | - | - | - | - | - | - | - | 26 | 31 | 57 |
| 17-18 | - | - | - | - | - | - | 25 | - | - | - | - | - | 25 |
| 16-17 | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | 0 |
| 15-16 | 30 | 31 | 30 | 31 | 31 | 30 | 31 | 30 | 31 | 1 | - | - | 276 |

Accordingly, his residential status can be decided as under :

| Previous Year | Presence in India (In Days) | Resident (R) or Non-resident (NR) | Condition satisfied to became a Resident |
|---------------|--------------------------------|--------------------------------------|---|
| 2018-2019 | 57 | NR | None |
| 2017-2018 | 25 | NR | None |
| 2016-2017 | 0 | NR | None |
| 2015-2016 | 276 | R | 6(1)(a) |

From the above working it is apparently clear that Sri Haridas is resident & ordinarily resident in India for the P.Y. 2015-16 and non-resident in India for the previous years 16-17, 17-18 & 18-19.

Income earned and received outside India shall be taxable only in the hands of resident and ordinarily resident in India.

In the given case, assessee's salary income of P.Y. 2015-16 is taxable in India and salary income of other years is not taxable in India.

Conclusion : Salary income of 2015-16 is taxable and other years' salary is not taxable.

উদাহরণ-8

Sri Sen went to England from India for higher education on 1st December, 2015.

So long he was in England, he had a residence in India. In winter vacations, he came twice to India. First time he came on 1st January, 2017 and stayed for 20 days, and second time he came on 15th December, 2017 and stayed for 25 days. After completing the education, he came back to India forever on 30th December, 2018. Determine the residential status of Sri Sen for the A. Y. 2019-20.

Solution

During past few previous years, Sri Sen was in India as under:

| P.Y. | Apr | May | June | July | Aug | Sep | Oct | Nov | Dec | Jan | Feb | Mar | Total |
|----------------------|-----|-----|------|------|-----|-----|-----|-----|-----|-----|----------------|-----|------------------|
| 18-19 | - | - | - | - | - | - | - | - | 2 | 31 | 28 | 31 | 92 |
| 17-18 | - | - | - | - | - | - | - | - | 17 | 8 | - | - | 25 |
| 16-17 | - | - | - | - | - | - | - | - | - | 20 | - | - | 20 |
| 15-16 | 30 | 31 | 30 | 31 | 31 | 30 | 31 | 30 | 1 | - | - | - | 245 |
| 14-15 and back | 30 | 31 | 30 | 31 | 31 | 30 | 31 | 30 | 31 | 31 | 28 or 29 | 31 | 365 or 366 |

Accordingly, his residential status can be decided as under :

| Previous Year | Presence in India (In Days) | Resident (R) or Non-resident (NR) | Condition satisfied to became a Resident |
|---------------------|--------------------------------|--------------------------------------|---|
| 2018-2019 | 92 | R | 6(1)(c) |
| 2017-2018 | 25 | NR | None |
| 2016-2017 | 20 | NR | None |
| 2015-2016 | 245 | R | Both |
| 2014-2015 & back | 365 or 366 | R | Both |

From the above working, it is apparently clear that Sri Sen is satisfying sec. 6(1) are both conditions of sec. 6(6). Hence, he is resident and ordinarily resident in India.

Conclusion : Resident and ordinarily resident.

উদাহরণ-৯

Sri Ranjan Das, an Indian citizen, left India for the first time on 1st January, 2016. He came back to India on 1st October, 2017 for 65 days. On 1st April, 2018, he came back to India and started living permanently. Determine his residential status for the assessment year 2019-20.

Solution

During past previous years, Sri Ranjan Das was in India as under:

| P.Y. | Apr | May | June | July | Aug | Sep | Oct | Nov | Dec | Jan | Feb | Mar | Total |
|-------------|-----|-----|------|------|-----|-----|-----|-----|-----|-----|----------|-----|-----------|
| 18-19 | 30 | 31 | 30 | 31 | 31 | 30 | 31 | 30 | 31 | 31 | 28 | 31 | 365 |
| 17-18 | - | - | - | - | - | - | 31 | 30 | 4 | - | - | - | 65 |
| 16-17 | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| 15-16 | 30 | 31 | 30 | 31 | 31 | 30 | 31 | 30 | 31 | 1 | - | - | 276 |
| 14-15 | 30 | 31 | 30 | 31 | 31 | 30 | 31 | 30 | 31 | 31 | 28 | 31 | 365 |
| and back | | | | | | | | | | | or 29 | | or 366 |

Accordingly, his residential status can be decided as under :

| Previous Year | Presence in India (In Days) | Resident (R) or Non-resident (NR) | Condition satisfied to became a Resident |
|---------------------|--------------------------------|--------------------------------------|---|
| 2018-2019 | 365 | R | Both |
| 2017-2018 | 65 | R | 6(1)(c) |
| 2016-2017 | Nil | NR | None |
| 2015-2016 | 276 | R | Both |
| 2014-2015 & back | 365 or 366 | R | Both |

From the above working, it is clear that Sri Das is satisfying sec. 6(1) and both conditions of sec. 6(6). Hence, he is resident and ordinarily resident in India.

Conclusion : Resident and ordinarily resident.

উদাহরণ-10

From the following information, compute the taxable income of Shri Amiyo Roy Choudhury for the assessment year 2019-20, assuming that Shri Roy Choudhury is a (1) Resident but not ordinarily resident, and (2) Non-resident.

- Remuneration for consultancy services rendered in Italy Rs. 30,000 but received in India.
- Income from business in Ireland and received in Ireland Rs. 65,000. The business is, however, controlled from India.
- Pension for services rendered in India but received in Israel Rs. 25,000.

- (d) Interest on deposit in a local bank in Indonesia and received in Indonesia Rs. 20,000.

Solution

Computation of Total income in India of Sri Amiyo Roy Chowdhury for A.Y. 2019-20

| S. N. | Particulars | Resident but not ordinarily resident | Non-Resident |
|-------|--|--------------------------------------|--------------|
| (a) | Remuneration <u>received in India</u> | 30,000 | 30,000 |
| (b) | Income from business situated outside India but <u>controlled from India</u> | 65,000 | Nil |
| (c) | Pension for <u>services rendered in India</u> received outside India | 25,000 | 25,000 |
| (d) | Interest earned and received outside India | Nil | Nil |
| | Total Income | 1,20,000 | 55,000 |

উদাহরণ-11

Mr. X is an Indian Citizen. He went to Japan on 1.1.2016 for employment in a Japanese Company for 3 years. On 1.10.2017, he came to India for a visit of 45 days. After the completion of the tenure of his service, he came back to India permanently from Japan on 03.01.2019. Determine his residential status for the A. Y. 2019-20.

Solution

During the previous years 2018-19, 2017-18, 2016-17, 2015-16 & 2014-15, Mr. X was in India as under:

| P.Y. | Apr | May | June | July | Aug | Sep | Oct | Nov | Dec | Jan | Feb | Mar | Total |
|-------------|-----|-----|------|------|-----|-----|-----|-----|-----|-----|----------|-----|-----------|
| 18-19 | - | - | - | - | - | - | - | - | - | 29 | 28 | 31 | 88 |
| 17-18 | - | - | - | - | - | - | 31 | 14 | - | - | - | - | 45 |
| 16-17 | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | 0 |
| 15-16 | 30 | 31 | 30 | 31 | 31 | 30 | 31 | 30 | 31 | 1 | - | - | 276 |
| 14-15 | 30 | 31 | 30 | 31 | 31 | 30 | 31 | 30 | 31 | 31 | 28 | 31 | 365 |
| and back | | | | | | | | | | | or 29 | | or 366 |

On the basis of given data, residential status of Mr. X in last few years can be decided as under:

| Previous Year | Presence in India (In Days) | Resident (R) or Non-resident (NR) | Condition satisfied to became a Resident |
|---------------|--------------------------------|--------------------------------------|---|
| 2018-2019 | 88 | R | 6(1)(c) |
| 2017-2018 | 45 | NR | None |
| 2016-2017 | 0 | NR | None |
| 2015-2016 | 276 | R | Both |
| 2014-2015 | 365 | R | Both |
| 2013-2014 | 366 | R | Both |
| 2012-2013 | 365 | R | Both |
| 2011-2012 | 365 | R | Both |
| 2010-2011 | 365 | R | Both |
| 2009-2010 | 366 | R | Both |
| 2008-2009 | 365 | R | Both |

Since, assessee resided in India for 88 days in the previous year 2018-19 and for more than 365 days in 4 years immediately preceding the previous year, hence he satisfies sec. 6(1). So he is resident in India.

Further, since he is resident in India for more than 2 time out of 10 years immediately preceding the previous year 2018-19 and also resided for more than 730 days in 7 years immediately preceding the previous year 2018-19 (as shown in above working). Thus, he is resident and ordinarily resident as he satisfies sec. 6(6).

Conclusion: Resident & ordinarily resident.

Assuming that he has visited abroad first time on 1.1.2016.

উদাহরণ-12

Mr. X, a foreign citizen, came in India for the first time on July 24, 2014. From July 24, 2014 to December 25, 2015 he was in India. Again, he came to India on August 5, 2018 for employment purpose and left India on November 25, 2018 permanently. Determine his residential status for the assessment year 2019-20. During the year 2018-19, Mr. X earned income from a property in London but received in Paris. In the income taxable in India for the A.Y. 2019-20?

Solution

During the previous years 2018-19, 2017-18, 2016-17, 2015-16 & 2014-15, Mr. X was in India as under:

| P.Y. | Apr | May | June | July | Aug | Sep | Oct | Nov | Dec | Jan | Feb | Mar | Total |
|-------|-----|-----|------|------|-----|-----|-----|-----|-----|-----|-----|-----|-------|
| 18-19 | - | - | - | - | 27 | 30 | 31 | 25 | - | - | - | - | 113 |
| 17-18 | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | 0 |
| 16-17 | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | 0 |
| 15-16 | 30 | 31 | 30 | 31 | 31 | 30 | 31 | 30 | 25 | - | - | - | 269 |
| 14-15 | - | - | - | 8 | 31 | 30 | 31 | 30 | 31 | 31 | 28 | 31 | 251 |

Accordingly, his residential status can be decided as under :

| Previous Year | Presence in India (In Days) | Resident (R) or Non-resident (NR) | Condition satisfied to became a Resident |
|---------------|--------------------------------|--------------------------------------|---|
| 2018-2019 | 113 | R | 6(1)(c) |
| 2017-2018 | 0 | NR | None |
| 2016-2017 | 0 | NR | None |
| 2015-2016 | 269 | R | 6(1)(a) |
| 2014-2015 | 251 | R | 6(1)(a) |
| 2013-2014 | 0 | NR | None |
| 2012-2013 | 0 | NR | None |
| 2011-2012 | 0 | NR | None |
| 2010-2011 | 0 | NR | None |
| 2009-2010 | 0 | NR | None |
| 2008-2009 | 0 | NR | None |

Since, assessee resided in India for 113 days in the previous year 2018-19 and for more than 365 days in 4 years immediately preceding the previous year, hence he satisfies sec. 6(1). So he is resident in India.

Further, since he does not reside in India for 730 days in 7 years immediately preceding the previous year 2018-19, hence he does not satisfy conditions of sec. 6(6). Thus, he is resident but not ordinarily resident.

Conclusion: Resident but not ordinarily resident.

Since the assessee is not ordinarily resident in India, income from a property in London but received in Paris shall not be taxable in India.

উদাহরণ-13

From the following information of Mr. Das, compute his gross total income for the assessment year 2019-20 assuming that Mr. Das is (i) resident but not ordinarily resident, and (ii) Non-resident.

- a. Income from house property in Colombo received in India Rs. 30,000.
- b. Profit from a business in Bangladesh controlled from India and received in Bangladesh Rs. 15,000.
- c. Agricultural income from land situated in Bangladesh Rs. 26,000.
- d. Income from profession in India but received in Iran Rs. 30,000.
- e. Salary income received in India for services rendered in Pakistan Rs. 72,000.

Solution

Computation of Total Income in India of Mr. Das for A.Y. 2019-20

| Particulars | Resident but not ordinarily resident | Non-Resident |
|---|--------------------------------------|-----------------|
| (a) Income from house property in Colombo received in India | 30,000 | 30,000 |
| (b) Profit from a business in Bangladesh controlled from India and received in Bangladesh | 15,000 | Nil |
| (c) Agricultural income from land situated in Bangladesh | Nil | Nil |
| (d) Income from profession in India but received in Iran | 30,000 | 30,000 |
| (e) Salary income received in India for services rendered in Pakistan | 72,000 | 72,000 |
| Total Income | 1,47,000 | 1,32,000 |

উদাহরণ-14

Kanak, a Bangladeshi national discloses the following particulars of his income during the previous year 2018-19:

- (i) Income from house property in Bangladesh, remitted by tenant to him in India through State Bank of India Rs. 1,00,000.
- (ii) Income from business in Singapore, controlled and managed from Singapore and profit received in Singapore Rs. 5,00,000.

- (iii) Profit from business in Bangladesh, controlled and managed from India but profit being received in Bangladesh Rs. 10,00,000.
- (iv) Net dividends received from Bangladeshi companies outside India Rs. 1,35,000 (tax deducted at source Rs. 15,000).
- (v) Interest received on bonds of U.K. companies outside India Rs. 45,000.
- Determine his total Income for the previous year 2016-17 in the following cases:
- (a) He is resident but not ordinarily resident in India during the previous year;
- (b) He is not resident in India during the previous year.

Solution

| Particulars | Resident but not ordinarily resident | Non-Resident |
|---|--------------------------------------|------------------|
| Income from house property in Bangladesh, remitted by tenant to him in India | 1,00,000 | 1,00,000 |
| Income from business in Singapore, controlled and managed from Singapore and profit received in Singapore | 5,00,000 | - |
| Profit from business in Bangladesh, controlled and managed from India but profit being received in Bangladesh | 10,00,000 | 10,00,000 |
| Net dividends received from Bangladeshi companies outside India | 1,35,000 | - |
| Interest received on bonds of U.K. companies outside India | 45,000 | - |
| Total Income | 17,80,000 | 11,00,000 |

উদাহরণ-15

Mr. Thomas, a foreign national, comes to India for the first time on October 10, 2014. Subsequently he stayed in India during 2014-15, 15-16, 16-17, 17-18 and 18-19 for 100 days, 150 days, 50 days, 190 days and 80 days respectively. Determine his residential status for the Assessment Year 2019-20.

Solution

During previous year 2018-19, Mr. Thomas was in India for 80 days & during four years immediately preceding the previous year, he was in India for 490 days as shown below:

| Year | 2014-15 | 2015-16 | 2016-17 | 2017-18 | Total |
|-----------------------------|----------|----------|---------|----------|----------|
| No. of days stayed in India | 100 days | 150 days | 50 days | 190 days | 490 days |

Thus, he satisfies one of the conditions specified u/s 6(1) & consequently, he becomes resident in India for the P.Y. 2018-19.

Further, to determine whether Brown is an ordinarily resident or not, he needs to satisfy both conditions laid down in sec. 6(6). His days of stay in India in last few years are as follows :

| Previous Year | Presence in India (In Days) | Resident (R) or Non-resident (NR) | Condition satisfied to became a Resident |
|---------------|--------------------------------|--------------------------------------|---|
| 1. 2017-2018 | 190 | R | Sec. 6(1)(a) |
| 2. 2016-2017 | 50 | NR | None |
| 3. 2015-2016 | 150 | NR | None |
| 4. 2014-2015 | 100 | NR | None |
| 5. 2013-2014 | 0 | NR | None |
| 6. 2012-2013 | 0 | NR | None |
| 7. 2011-2012 | 0 | NR | None |
| 8. 2010-2011 | 0 | NR | None |
| 9. 2009-2010 | 0 | NR | None |
| 10. 2008-2009 | 0 | NR | None |

Condition (i) of sec. 6(6) requires that an individual should be resident in India for at least 2 out of 10 years immediately preceding the relevant previous year.

Condition (ii) of sec. 6(6) requires that an individual should be present in India for at least 730 days during 7 years immediately preceding the relevant previous year. Hence, he does not satisfy these condition.

Thus, he is a resident but not ordinarily resident in India for the previous year 2018-19.

উদাহরণ-16

The following are the particulars of income of Sri Arun Singh for the previous year 2016-17:

- (a) Profit of Rs. 50,000 from a business in Nepal deposited in a bank therein. The business is controlled from India.
- (b) Income from house property in London but received in India Rs. 1,00,000.
- (c) Income from agriculture in Bangladesh received therein Rs. 75,000.

- (d) Income of Rs. 60,000 from a business in Sri Lanka received in India. The business is controlled from Sri Lanka.
- (e) Rs. 80,000 brought into India out of the past untaxed profit earned in USA. Compute his income for the Assessment Year 2019-20 if he is a—
- (i) Resident but not ordinarily resident in India and
- (ii) Non-resident in India.

Solution

Computation of Total income in India of Sri Arun Singh for A.Y. 2019-20

| S.N. Particulars | Resident but not ordinarily resident | Non-Resident |
|---|--------------------------------------|-----------------|
| (a) Profit from a business in Nepal being controlled from India | 50,000 | - |
| (b) Income from house property in London but received in India | 1,00,000 | 1,00,000 |
| (c) Income from agriculture in Bangladesh received therein | - | - |
| (d) Income from a business in Sri Lanka received in India | 60,000 | 60,000 |
| (e) Past untaxed profit | - | - |
| Total Income | 2,10,000 | 1,60,000 |

2.9 সারাংশ

একজন ব্যক্তির করদায় অনেকটা নির্ভর করে ওই ব্যক্তির আবাসিক মর্যাদার উপর। তাই কোন ব্যক্তির আবাসিক মর্যাদা নির্ণয় করা খুবই গুরুত্বপূর্ণ। আবার পূর্ববর্তী বছরে ব্যক্তির উপস্থিতির উপর নির্ভর করে যেহেতু ব্যক্তির আবাসিক মর্যাদা নির্ণয় করা হয়, সেই জন্য পূর্ববর্তী বছর পরিবর্তন হওয়ার সঙ্গে সঙ্গে ব্যক্তির আবাসিক মর্যাদাও পরিবর্তন হবে। আবাসিক মর্যাদাকে সাধারণত তিনটি ভাগে ভাগ করা হয়, যেমন—“আবাসিক ও সাধারণত আবাসিক” “আবাসিক কিন্তু সাধারণত আবাসিক নয়” এবং অনাবাসিক। যৌথ হিন্দু পরিবারের আবাসিক মর্যাদা [ধারা 6(6)(b) এবং (6)(2)] ও এখানে আলোচনা করা হয়েছে।

2.10 অনুশীলনী

● বিষয়ভিত্তিক প্রশ্ন (Descriptive Question)

1. ভারতে নির্ধারিত বাস বলতে কী বোঝায়?
2. আবাসিক মর্যাদার ভিত্তিতে করদাতাদের শ্রেণিবিভক্ত করুন।
3. “করের চৌহদ্দি আবাসিক মর্যাদার উপর নির্ভর করে”—ব্যাখ্যা করুন।
4. একজন করদাতার আবাসিক মর্যাদা কীভাবে তার করদায়ের উপর প্রভাব বিস্তার করে, তা সংক্ষেপে আলোচনা করুন।
5. একজন ব্যক্তিকে পূর্ববর্তী বছরে ‘আবাসিক’ মর্যাদা পেতে হলে কী কী শর্ত পূরণ করতে হবে?
6. “আবাসিক এবং সাধারণভাবে আবাসিক ব্যক্তি” কাকে বলে?
7. “আবাসিক কিন্তু সাধারণত আবাসিক নয়” কাকে বলে?
8. অনাবাসিক ব্যক্তি কে?
9. অবিভক্ত হিন্দু পরিবারের আবাসিক মর্যাদা কীভাবে নির্ধারণ হয়?
10. অংশীদারী কারবার এবং ব্যক্তিবর্গের সংস্থার আবাসিক মর্যাদা কীভাবে নির্ধারণ হয়?
11. অন্যান্য ব্যক্তির আবাসিক মর্যাদা কীভাবে নির্ধারণ হয়?
12. যৌথ মূলধনি কোম্পানির আবাসিক মর্যাদা কীভাবে নির্ধারণ হয়?
13. আয়কর আইন অনুসারে (a) ভারতে প্রাপ্ত আয় (b) ভারতে উদ্ভূত কিংবা অর্জিত আয় (c) ভারতে প্রাপ্ত বলে অনুমিত আয় বলতে কী বোঝেন?

● সঠিক উত্তর দিন (Pick up the correct Answer)

- (i) ভারতবর্ষে আয়কর দায় নির্ণয় করার জন্য আবাসিকের (a) নাগরিকত্ব (b) আবাসিক মর্যাদা (c) নাগরিকত্ব ও আবাসিক মর্যাদা বিবেচনা করা হয়।
- (ii) কোনও ব্যক্তির আবাসিক মর্যাদা (a) এক পূর্ববর্তী বছর থেকে আর এক পূর্ববর্তী বছরে ভিন্ন হতে পারে (b) সকল পূর্ববর্তী বছরে একই রকম থাকবে (c) প্রতিটি পূর্ববর্তী বছরে অবশ্যই পৃথক পৃথক হবে।
- (iii) ব্যক্তির আবাসিক মর্যাদা নির্ধারণের প্রথম মৌলিক শর্তটি হল যে, ওই ব্যক্তিকে পূর্ববর্তী বছরে (a) কমপক্ষে 150 দিন থাকতে হবে, (b) কমপক্ষে 182 দিন থাকতে হবে, (c) কমপক্ষে 60 দিন থাকতে হবে।
- (iv) কোনও ভারতীয় নাগরিক যিনি পূর্ববর্তী বছরে কাজের জন্য ভারত ত্যাগ করেছেন সেই পূর্ববর্তী বছরে আবাসিক হওয়ার জন্য তাঁকে ভারতে থাকতে হবে (a) কমপক্ষে 182 দিন (b) কমপক্ষে 60 দিন (c) কমপক্ষে 200 দিন।

- (v) ভারতের বাইরে উদ্ভূত কিংবা অর্জিত এবং ভারতের বাইরের প্রাপ্ত আয় যদি ভারতে থেকে পরিচালিত ব্যাবসা থেকে হয় তবে তা করযোগ্য হবে না (a) সকল ধরনের ব্যক্তির ক্ষেত্রে (b) আবাসিক কিন্তু সাধারণত আবাসিক নয় ব্যক্তির ক্ষেত্রে (c) অনাবাসিক ব্যক্তির ক্ষেত্রে।

● সংক্ষিপ্ত প্রশ্ন (Short Answer-type Question)

1. ভারতে প্রাপ্ত বলে অনুমিত আয়ের চারটি উদাহরণ দিন।
2. ভারতে উদ্ভূত কিংবা অর্জিত বলে অনুমিত আয়ের চারটি উদাহরণ দিন।
3. নিম্নলিখিত আয়গুলি ভারতে “আবাসিক কিন্তু সাধারণত আবাসিক নয়” করদাতার ক্ষেত্রে করযোগ্য কিনা তা কারণ দেখিয়ে লিখুন।
 - (i) কানাডায় ব্যাবসা থেকে লাভ বাবদ 15,000 টাকা ভারতে পাঠানো হয়েছে। করদাতা এই ব্যাবসা যখন তিনি কানাডায় থাকেন তখনই কেবলমাত্রা দেখাশোনা করেন।
 - (ii) থাইল্যান্ডে চাকরি করে 12,000 টাকা বেতন তিনি সেখানকার ব্যাঙ্কে জমা দিয়ে সঙ্গে সঙ্গেই ভারতে পাঠিয়ে দেন।
 - (iii) জাপানের একটি কোম্পানি থেকে লভ্যাংশ তাঁর ওখানকার ব্যাঙ্কে জমা পড়েছে 5,000 টাকা।
 - (iv) একটি ভারতীয় কোম্পানির হয়ে পাকিস্তানের কাজ করবার জন্য তিনি 20,000 টাকা ওখানে বেতন হিসাবে পেয়েছেন।
 - (v) ভারতে কৃষি আয় 15,000 টাকা।
 - (vi) লন্ডনে তাঁর বাড়ির ভাড়া সরাসরি ভাড়াটে থেকে ভারতে তাঁর ব্যাঙ্কে জমা পড়েছে 18,000 টাকা।
 - (vii) বাংলাদেশের কৃষি আয় 16,000 টাকা তাঁর ওখানকার ব্যাঙ্ক থেকে তাঁর আদেশ মতো ভারতে সরাসরি তাঁর ব্যাঙ্কে জমা পড়েছে।

ব্যবহারিক প্রশ্ন (Practical Question)

1. রতন লাহা 2018-2019 পূর্ববর্তী বছরে নিম্নলিখিত আয়গুলি করেছেন—

| | Rs. |
|---|--------|
| (i) একটি ভারতীয় কোম্পানি থেকে হালাতে লভ্যাংশ পেয়েছেন এবং ওখানেই খরচ করেছেন। | 40,000 |
| (ii) বিদেশি কোম্পানি থেকে লভ্যাংশ সুইজারল্যান্ডের একটি ব্যাঙ্কে জমা পড়েছে। | 12,000 |
| (iii) একটি বিদেশি কোম্পানি থেকে ভারতে বেতন হিসাবে আয় করেছেন। | 14,000 |
| (iii) ভারতে একটি বাড়ি থেকে ভাড়া তিনি শ্রীলঙ্কায় পেয়েছেন। | 16,000 |
| (iii) কানাডায় আয় করেছেন ও ওখানেই পেয়েছেন, যদিও পরে তিনি এই আয় ভারতে নিয়ে এসেছেন। | 22,000 |

| | |
|--|--------|
| (iii) দিল্লিতে ব্যবসা থেকে মুনাফা যা মার্কিন যুক্তরাষ্ট্র থেকে পরিচালনা করা হয়। | 18,000 |
| (iii) অস্ট্রেলিয়ান ব্যবসা থেকে মুনাফা যা কলকাতা থেকে পরিচালনা করা হয়। | 17,000 |
| (iii) তাঁর কাকা ইটালি থেকে দান হিসাবে ব্যাঙ্ক ড্রাফট ভারতে পাঠিয়েছেন। | 30,000 |

নির্ধারিত মোট আয় নির্ণয় করুন ধরে নিয়ে যে, তিনি ভারতে ওই পূর্ববর্তী বছরে :

- (a) আবাসিক ও সাধারণত আবাসিক।
- (b) আবাসিক কিন্তু সাধারণত আবাসিক নন।
- (c) অনাবাসিক।

2. শ্রী অশোক রায় একজন ভারতীয় নাগরিক। তিনি প্রথম 1st August 2015 কাজ নিয়ে ভারতে ছেড়ে বিদেশে চলে যান। 2017 সালে তিনি ভারতে আসেন এবং 42 দিন থেকে আবার বিদেশে চলে যান। তিনি 1st January 2019 এ আবার ভারতে আসেন এবং 31st March 2019 এবং পর্যন্ত ছিলেন। 2018-2019 পূর্ববর্তী বছরে তাঁর আবাসিক মর্যাদা নির্ধারণ করুন।

3. শ্রীঅলোক পাল 2010 সালের 1st April সর্বপ্রথম ভারতে আসেন। 2016 সালের 22nd March তিনি ভারত থেকে লন্ডনে যান (কর্মসূত্রে) 2017 এবং সালের 25th June ভারতে ফিরে আসেন। তখন থেকে তিনি একটানা ভারতে বসবাস করেছেন। 2018-2019 পূর্ববর্তী বছরে তাঁর আবাসিক মর্যাদা কী হবে?

4. শ্রীতপন রায় উচ্চশিক্ষার্থে প্রথমবার ভারত থেকে ইংল্যান্ডে যান 1st December। ছুটিতে তিনি দুবার ভারতে আসেন। প্রথমবার তিনি আসেন 25th December এবং 26 দিন থাকেন এবং দ্বিতীয়বার 1st May 2017 আসেন এবং 30 দিন ছিলেন। পড়াশুনো শেষ হবার পর, তিনি পাকাপাকিভাবে 15th November 2018 এ ভারতে ফিরে আসেন।

2018-2019 পূর্ববর্তী বছরে তাঁর আবাসিক মর্যাদা কী হবে?

একক 3 □ কর থেকে সম্পূর্ণ রেহাইযোগ্য আয়সমূহ বা করমুক্ত আয়

গঠন

- 3.1 উদ্দেশ্য
- 3.2 প্রস্তাবনা
- 3.3 কিছু আয় করমুক্ত
 - 3.3.1 কিছু প্রতিষ্ঠানের আয় করমুক্ত
 - 3.3.2 পুরস্কার ইত্যাদি করমুক্ত আয়
 - 3.3.3 অন্যান্য ব্যক্তিবর্গের করমুক্ত আয়
- 3.4 করমুক্ত আয়ের সংক্ষিপ্ত আলোচনা
- 3.5 সারাংশ
- 3.6 অনুশীলনী

3.1 উদ্দেশ্য

এই এককটি পড়ার পর আপনি এই বিষয়গুলো সম্পর্কে জানতে পারবেন—

- করমুক্ত আয় অর্থাৎ যে আয়ের উপর কর দিতে হয় না,
- বিশেষ বিশেষ ব্যক্তিদের করমুক্ত আয় এবং
- মুক্ত বাণিজ্য অঞ্চলের কর ছুটি (tax holiday) ইত্যাদি।

3.2 প্রস্তাবনা

সরকারের রাজস্ব আদায়ের একটি গুরুত্বপূর্ণ সূত্র হল আয়কর। সমাজে অর্থনৈতিক সমতা আনার সরকারি নীতির জন্য তাই আয়করের গুরুত্ব থচুর পরিমাণে বেড়েছে। তবুও আয়কর আইনের উদ্দেশ্য ভারতবর্ষের মতো রাষ্ট্রের ক্ষেত্রের সর্বক্ষেত্রের কর চাপানো হতে পারে না। তাই ভারতের আয়কর আইনও কিছু কিছু

সূত্র থেকে আয়, কিছু ব্যক্তি বা প্রতিষ্ঠানের আয় আয়কর মুক্ত বলে গণ্য করে। সামাজিক ন্যায়নীতি, অর্থনৈতিক সাম্যতা, বৈদেশিক মুদ্রা অর্জন, বিশেষ বিশেষ কাজের স্বরূপ সরকারি পুরস্কারপ্রাপ্তি, সামাজিক নিরাপত্তা, শ্রমিক কল্যাণ ইত্যাদি উদ্দেশ্য ভারতীয় আয়কর আইনের 10 ধারা অনুযায়ী কয়েকটি করমুক্ত (Tax Free Income) হিসাবে ঘোষণা করা হয়েছে। সুতরাং এই করমুক্ত আয়গুলি মোট আয়ের অন্তর্ভুক্ত হবে না।

3.3 কিছু আয় করমুক্ত

| সংখ্যা | ধারা | আয় | কারণ (Rationale) |
|--------|----------|--|---------------------------|
| 1. | 10(1) | কৃষি আয় [সম্পূর্ণ করমুক্ত] | সামাজিক ন্যায়নীতি |
| 2. | 10(2) | হিন্দু যৌথ পরিবার থেকে প্রাপ্ত আয় [সম্পূর্ণ করমুক্ত] | যৌথ পরিবারই কর নির্ধারী |
| 3. | 10(2A) | অংশীদারী ব্যবসা থেকে প্রাপ্ত আয় [সম্পূর্ণ করমুক্ত] | অংশীদারী ফর্ম কর নির্ধারী |
| 4. | 10(5) | ছুটিতে ভ্রমণ খরচ বা সহায়তা [সম্পূর্ণ করমুক্ত] | শ্রমিক কল্যাণ |
| 5. | 10(7) | বিদেশে চাকরির জন্য সুবিধাদি ও বিশেষ ভাতা [সম্পূর্ণ করমুক্ত] | বিদেশে চাকরির অসুবিধা |
| 6. | 10(8) | সমবায় কারিগরি সহায়তা পেশায় বিদেশিয় সরকার কর্তৃক নিযুক্ত ব্যক্তির আয় | আন্তর্জাতিক বাধ্যতা |
| 7. | 10(8A) | বিদেশি পরামর্শদাতার পারিশ্রমিক | আন্তর্জাতিক বাধ্যতা |
| 8. | 10(10) | মৃত্যু-সহ অবসরকালীন অনুতৌষিক | সামাজিক নিরাপত্তা |
| 9. | 10(10A) | সরকারি কর্মচারীগণ কর্তৃক প্রাপ্ত অবসর বৃত্তির নিষ্কৃত মূল্য | সামাজিক নিরাপত্তা |
| 10. | 10(10AA) | সরকারি কর্মচারীগণ কর্তৃক সঞ্চিত ছুটির বেতন বা নগদীকৃত অর্থ | সামাজিক নিরাপত্তা |
| 11. | 10(10B) | শ্রমিকদের ছাঁটাইজনিত ক্ষতিপূরণ বাবদ প্রাপ্ত অর্থ | সামাজিক নিরাপত্তা |
| 12. | 10(10BB) | ভূপাল গ্যাস দুর্ঘটনায় আক্রান্ত ব্যক্তির ক্ষতিপূরণ | সামাজিক কল্যাণ |
| 13. | 10(10C) | পাবলিক সেক্টর কোম্পানি থেকে স্বেচ্ছা অবসর গ্রহণ থেকে প্রাপ্ত অর্থ | সামাজিক নিরাপত্তা |

| সংখ্যা | ধারা | আয় | কারণ (Rationale) |
|--------|--------------|---|---|
| 14. | 10(10D) | জীবনবিমা পত্র থেকে অর্থপ্রাপ্তি | সামাজিক নিরাপত্তা ও সঞ্চার উৎসাহদান |
| 15. | 10(11), (12) | ভবিষ্যনিধি থেকে প্রাপ্ত অর্থ | সামাজিক নিরাপত্তা ও সঞ্চার উৎসাহদান |
| 16. | 10(13) | স্বীকৃত বার্ষিক্য তহবিল থেকে অর্থপ্রাপ্তি | সামাজিক নিরাপত্তা ও সঞ্চার উৎসাহদান |
| 17. | 10(14A) | বিনিময় বঁকি প্রিমিয়াম | ব্যবসায় সাহায্য |
| 18. | 10(15) | লগ্নিপত্র এবং থকল্লের উপর প্রাপ্ত সুদ | সঞ্চারে উৎসাহদান ও সরকারি লগ্নিপত্রকে জনপ্রিয় করা |
| 19. | 10(15A) | বিমানোপোতের ইজারা বাবদ খাজনা | বিদেশি বিমান বিক্রেতাকে উৎসাহদান |
| 20. | 10(16) | শিক্ষাগত ছাত্রবৃত্তি | শিক্ষায় উৎসাহদান |
| 21. | 10(30) | চা-বোর্ড থেকে ভর্তুকি প্রাপ্তি | চা-শিল্পে সাহায্য |
| 22. | 10(31) | রাবার উৎপাদনে ভর্তুকি প্রাপ্তি | রাবার শিল্পে সাহায্য |
| 23. | 10(32) | নাবালকের আয় (1500 টাকার কম) | সামাজিক দায়বদ্ধতা |
| 24. | 10(34) | কোম্পানীর লভ্যাংশ থেকে আয় 2020-21 পূর্ববর্তী বৎসর থেকে করমুক্ত নয় | কোম্পানী এই লভ্যাংশের ওপর কর প্রদান করে। 2020-21 থেকে কোম্পানীর পরিবর্তে শেয়ার হোল্ডারকে কর প্রদান করতে হয়। [Corporate dividend tax] |
| 25. | 10(35) | মিউচুয়াল ফান্ডের ইউনিট থেকে আয় | কর বাদ দেওয়ার পরেই এই আয় মিউচুয়াল ফান্ড পেয়ে থাকে। |
| 26. | 10(36) | দীর্ঘমেয়াদী মূলধনী লাভ কোম্পানীর শেয়ার বিক্রয় করে যদি এর লাভের ওপর সিকিউরিটি লেনদেন কর [Securities transaction tax] দেওয়া থাকে। 2018-19 পূর্ববর্তী বৎসর থেকে আর করমুক্ত নয়। | শেয়ার বাজার উৎসাহ দেবার জন্য |

3.3.1 কিছু প্রতিষ্ঠানের আয় করমুক্ত

| সংখ্যা | ধারা | আয় | কারণ (Rationale) |
|--------|-----------|---|---|
| 1. | 10(20) | স্থানীয় কর্তৃপক্ষের আয় | জনহিতকর কার্যে যুক্ত |
| 2. | 10(20A) | আবাসন পর্যটনের আয় | নগর উন্নয়নে যুক্ত |
| 3. | 10(21) | অনুমোদিত কোন বৈজ্ঞানিক গবেষণায় সংস্থার আয় | বৈজ্ঞানিক গবেষণায় উৎসাহদান |
| 4. | 10(22) | অনুমোদিত শিক্ষাপ্রতিষ্ঠানের আয় | শিক্ষার প্রসারে উৎসাহদান |
| 5. | 10(22B) | অনুমোদিত সংবাদ সংস্থার আয় | সংবাদ সরবরাহে উৎসাহদান |
| 6. | 10(23) | অনুমোদিত ক্রীড়া সংস্থার আয় | খেলাধুলার প্রসারে উৎসাহদান |
| 7. | 10(23A) | পেশাগত প্রতিষ্ঠানের আয় (আইন, ঔষধ, হিসাবশাস্ত্র ইত্যাদি) | পেশাগত কাজে উৎসাহদান |
| 8. | 10(23AA) | সৈন্যদল সংক্রান্ত তহবিলের পক্ষে আয় গ্রহণ | সৈন্যদলকে সাহায্য |
| 9. | 10(23AAA) | শ্রমিক ও কর্মচারীদের কল্যাণে সৃষ্ট তহবিলের আয় | শ্রমিককল্যাণ |
| 10. | 10(23AAB) | জীবনবিমা নিগমে পেনসন তহবিলের আয় | জীবনবিমা নিগমকে অর্থ সংগ্রহে উৎসাহদান |
| 11. | 10(23B) | খাদি বা গ্রামীণ শিল্পের আয় | গ্রামীণ শিল্পকে উৎসাহদান |
| 12. | 10(23BB) | খাদি ও গ্রামীণ শিল্প বিকাশের জন্য গঠিত বোর্ড বা কর্তৃপক্ষের আয় | গ্রামীণ শিল্পকে উৎসাহদান |
| 13. | 10(23BBA) | সার্বজনিক ধর্মীয় বা দাতব্য ট্রাস্ট | সামাজিক স্বীকৃতি |
| 14. | 10(23BBB) | ইউরোপিয়ান অর্থনৈতিক কমিউনিটির আয় | আন্তর্জাতিক দায়বদ্ধতা |
| 15. | 10(23C) | নির্দিষ্ট কিছু জাতীয় তহবিলের আয় | জাতীয় স্বার্থে অর্থ সংগ্রহের উদ্দেশ্যে |

| সংখ্যা | ধারা | আয় | কারণ (Rationale) |
|--------|---------|-----------------------------------|---|
| 16. | 10(23D) | মিউচুয়াল ফান্ডের আয় | মিউচুয়াল ফান্ড ও মূলধনি বাজারকে উৎসাহদান |
| 17. | 10(24) | নিবন্ধিত শ্রমিক সংঘের আয় | সামাজিক দায়বদ্ধতা |
| 18. | 10(25) | ভবিষ্যনিধির আয় | শ্রমিক কল্যাণ |
| 19. | 10(26) | তফশিলি উপজাতির কোনও সভ্যের আয় | সামাজিক দায়বদ্ধতা |
| 20. | 10(27) | নির্দিষ্ট সমবায় সমিতির আয় | সমবায় সমিতি গঠনে উৎসাহদান |
| 21. | 10(29) | পণ্য বিপণন কর্তৃপক্ষের আয় | পণ্য বিপণনে উৎসাহদান |
| 22. | 10(29A) | কফি বোর্ডের আয় | উৎপাদনে উৎসাহদান |

3.3.2 পুরস্কার ইত্যাদি করমুক্ত আয়

| সংখ্যা | ধারা | আয় | কারণ (Rationale) |
|--------|--------|--|------------------|
| 1. | 10(7A) | সাহিত্য, বিজ্ঞান, খেলা, শিল্প, সেবাকার্য ইত্যাদি ক্ষেত্রে কৃতিত্বের জন্য সরকার কর্তৃক পুরস্কার | স্বীকৃতি প্রদান |
| 2. | 10(18) | সাহসিকতার জন্য পুরস্কার প্রাপকদের পেনসন | স্বীকৃতি প্রদান |

3.3.3 অন্যান্য ব্যক্তিবর্গের করমুক্ত আয়

| সংখ্যা | ধারা | আয় | কারণ (Rationale) |
|--------|---------|--|--|
| 1. | 10(17) | লোকসভা, রাজ্যসভা ও বিধানসভার সদস্যদের দৈনিক ভাতা | রাজনৈতিক প্রয়োজন |
| 2. | 10(26) | তফশিলি উপজাতির কোনও সভ্যের আয় (নাগল্যান্ড, মণিপুর, মিজোরাম প্রভৃতি অঞ্চলের) | তফশিলি উপজাতির অর্থনৈতিক উন্নতিসাধন |
| 3. | 10(26A) | লাদাকে বসবাসকারী ব্যক্তির আয় | জাতীয় প্রয়োজন |

3.4 করমুক্ত আয়ের সংক্ষিপ্ত আলোচনা

নিম্নে কয়েকটি গুরুত্বপূর্ণ ও উল্লেখযোগ্য আয় সংক্ষেপে আলোচনা করা হল।

1. কৃষি আয় [ধারা 10(1)]

দ্রষ্টব্য প্রথম একক [প্যারা 1.7]

2. হিন্দু যৌথ পরিবার থেকে প্রাপ্ত আয় [ধারা 10(2)]

যৌথ হিন্দু পরিবারের কোনও সদস্য যদি ওই পরিবারের মালিকানাধীন কোন অবিভাজ্য সম্পত্তির আয় থেকে অথবা ওই পরিবারের অন্য কোন আয় থেকে অংশ পায়, তা সম্পূর্ণ করমুক্ত।

3. আকস্মিক আয় (Casual Income) [ধারা 10(3)]

যে আয় অপ্রত্যাশিত ও অভাবিতপূর্ণ তাকেই বলা হয় আকস্মিক আয়। একত্রীভূতভাবে সর্বাধিক 5,000 টাকা পর্যন্ত, (লটারি জেতাসমেত), এমন আকস্মিক বা অনাবৃত্ত বা সাময়িক প্রকৃতির কোনও অর্থপ্রাপ্তিকেই আকস্মিক আয় বলে। কিন্তু, ষোড়দৌড়সমেত অন্যান্য দৌড় থেকে আয়ের ক্ষেত্রে 5,000 টাকার পরিবর্তে এই 2,500 টাকা পর্যন্ত পাওয়া যায়। এই ছাড় কর নির্ধারণ বছর 2003-04 থেকে আর পাওয়া যাবে না।

কিন্তু নিম্নলিখিত আয়গুলি আকস্মিক আয়ের অন্তর্ভুক্ত নয়:

- (i) মূলধনি লাভ (ধারা 45),
- (ii) ব্যাবসায়, অথবা পেশা বা ব্যক্তিগত ক্ষমতা ব্যবহারের দ্বারা উদ্ভূত কোনও অর্থপ্রাপ্তি,
- (iii) বোনাস, বেতন পুরক আনুতোয়িক প্রভৃতি রূপে কোন কর্মচারীর পারিশ্রমিকের অতিরিক্ত অর্থপ্রাপ্তি।
যে আয় শ্রমদানের ফলে অথবা ব্যাবসায়, পেশা বা বৃত্তির সূত্রে অর্জিত হয়, তাকে কখনওই আকস্মিক আয় বলে গণ্য করা যাবে না।

আকস্মিক আয় হল অপ্রত্যাশিতভাবে ও চুক্তির কোন শর্ত ছাড়াই অর্থপ্রাপ্তিজনিত আয়।

ব্যক্তিগত ক্ষমতা ব্যবহারের দ্বারা কেউ যদি স্বেচ্ছায় প্রদত্ত কিছু গ্রহণ করেন, তা আকস্মিক আয় বলে গ্রাহ্য নয়, যেমন একজন হোটেল পরিচারককে প্রদত্ত বক্শিশ।

4. অনাবাসিক কর্তৃক প্রাপ্ত নির্ধারিত নগ্নিপত্রের উপর সুদ [ধারা 10(4)]

বিজ্ঞপ্তিকৃত জামানত ও বন্ডের উপর কোনও অনাবাসিকের প্রাপ্ত সুদ কর থেকে সম্পূর্ণ রেহাই পায়।

5. জাহাজের নাবিকের বেতন [ধারা 10(6)(viii)]

কোন অনাবাসিক বিদেশি নাগরিক জাহাজের নাবিক হিসেবে যে বেতন পায়, বা যা প্রাপ্য, তা সম্পূর্ণরূপে করমুক্ত, এই শর্তে যে তার ভারতে থাকার সময় পূর্ববর্তী বছরে মোট 90 দিনের বেশি হবে না।

6. অধ্যাপক বা শিক্ষক হিসেবে কোনও বিদেশি নাগরিকের বেতন [ধারা 10(6)(ix)]
কোন বিশ্ববিদ্যালয় বা অন্য কোনও শিক্ষাপ্রতিষ্ঠানে কোন বিদেশি নাগরিক যদি অধ্যাপক বা শিক্ষক হিসেবে কাজের জন্য বেতন পান তা সম্পূর্ণ করমুক্ত।
7. বিদেশি শিক্ষানবীশের পারিশ্রমিক [ধারা 10(6)(xi)]
কোনও বিদেশি নাগরিক বিদেশি সরকারের কর্মচারী হিসেবে ভারতে থাকাকালীন সময় যদি পারিশ্রমিক পায়, তা হলে সেই পারিশ্রমিক বাবদ আয় করমুক্ত হবে।
8. বিদেশি ভাতা [ধারা 10(7)]
কোন ভারতীয় নাগরিককে ভারতের বাইরে কাজ করার জন্য ভারত সরকার যদি কোন রূপ ভাতা প্রদান করেন, তা হলে সেই আয় সম্পূর্ণ করমুক্ত।
9. শ্রমিকের ছাঁটাইজনিত ক্ষতিপূরণ বাবদ প্রাপ্ত অর্থ [ধারা 10(B)]
শিল্পবিরোধ আই, 1947, বা চাকরির বা অন্য কোন শর্ত অনুসারে কোন শ্রমিকের ছাঁটাইজনিত ক্ষতিপূরণ বাবদ প্রাপ্ত অর্থ [সর্বাধিক 50,000 টাকা] করমুক্ত।
10. জীবনবিমা থেকে অর্থপ্রাপ্তি [ধারা 10(D)]
জীবনবিমা পলিসি থেকে প্রাপ্ত অর্থ, এমন কি ওই পলিসির উপর প্রাপ্ত বোনাস করমুক্ত।
11. বিনিময় ঝুঁকি প্রিমিয়াম [ধারা 10(14A)]
কোন ব্যক্তিকে মুদ্রা (currency) ধার দিয়ে exchange risk premium বাবদ কোন অর্থ যদি সরকারি আর্থিক প্রতিষ্ঠান আয় করে, তবে এ আয় করমুক্ত হবে, যদি ওই আয় 10(23E) ধারায় বর্ণিত তহবিলে ওই সরকারি প্রতিষ্ঠান জমা রাখে।
12. লগ্নিপত্র ও প্রকল্পের উপর প্রাপ্ত সুদ [ধারা 10(15)]
নিম্নলিখিত লগ্নিপত্র ওবং প্রকল্পের উপর প্রাপ্ত সুদ করমুক্ত :
 - (i) ন্যাশনাল সেভিংস অ্যানুয়িটি বন্ড (12 বছর)
 - (ii) পোস্ট অফিস (Savings Accounts Rs. 3500 অবদি ছাড়া, তবে সৌথ Account হলে Rs. 7000 ছাড়া পাওয়া যাবে।)
 - (iii) ন্যাশনাল গ্ল্যান সার্টিফিকেট
 - (iv) ট্রেজারি সেভিংস ডিপোজিট সার্টিফিকেট
 - (v) পোস্ট অফিস ন্যাশনাল সেভিংস সার্টিফিকেট (12 বছর/7বছর)
 - (vi) স্পেশাল ডিপোজিট স্কিম (1981)
 - (vii) স্পেশাল বিয়ারার বন্ড (1991)

- (viii) ন্যাশনাল ডিফেন্স গোল্ড বন্ড (1980)
- (ix) 10% জামিনযুক্ত পরিশোধনযোগ্য N.T.P.C. বন্ড
- (x) 10% (করমুক্ত 10 বছরের কক্ষন রেলওয়ে পরিশোধযুক্ত বন্ড।
- (xi) কোন সরকারি প্রকল্পের অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীর জমা বাবদ সুদ।
13. ছাত্রবৃত্তি [ধারা 10(16)]
শিক্ষার ব্যয় বহনের সাহায্যার্থে প্রদত্ত কোনও ছাত্রবৃত্তি করমুক্ত।
14. সংসদ ও বিধানসভা ইত্যাদির সদস্যদের দৈনিক ও অন্যান্য ভাতা [ধারা 10(17)]
লোকসভা, রাজ্যসভা ও বিধানসভা বা তাদের কোন কমিটির সদস্য হওয়ার জন্য প্রাপ্ত দৈনিক ভাতা সম্পূর্ণ করমুক্ত।
15. পুরস্কার [ধারা 10(17A)]
ভারত সরকার বা কোন রাজ্য সরকার কর্তৃক নগদ অর্থে বা বস্তুতে (kind) সাহসিকতা, সেবা ইত্যাদি কারণে প্রাপ্ত পুরস্কার করমুক্ত।
16. কেন্দ্রীয় সরকার প্রদত্ত কোন কোন অনুগ্রহপূর্বক অর্থপ্রদান [certain ex-gratia payments] [ধারা 10(18A)]
প্রাক্তন রাজন্যবর্গের ব্যক্তিগত ব্যয় নির্বাহার্থে ভাতা (Privy-purse) লোপ পাবার ফল হিসাবে কেন্দ্রীয় সরকার কর্তৃক কোন অর্থপ্রদান করমুক্ত।
17. স্থানীয় কর্তৃপক্ষের (Local Authority) আয় [ধারা 10(20)]
জল, বিদ্যুৎ, সেবা ইত্যাদি নিজ এলাকায় সরবরাহের জন্য স্থানীয় কর্তৃপক্ষের আয় করমুক্ত।
18. আবাসন কর্তৃপক্ষের (Housing Authority) আয় [ধারা 10(20A)]
নগর, শহর বা গ্রামের পরিকল্পনা, বিকাশ বা উন্নয়নের জন্য ভারতে গঠিত কোন আবাসন কর্তৃপক্ষের আয় সম্পূর্ণ করমুক্ত।
19. অনুমোদিত কোন বৈজ্ঞানিক গবেষণা সংস্থার আয় [ধারা 10(21)]
এ জাতীয় গবেষণা সংস্থার আয় করমুক্ত।
20. শিক্ষাপ্রতিষ্ঠানের আয় [ধারা 10(22)]
মুনাফার উদ্দেশ্যে নয়, কেবল শিক্ষার উদ্দেশ্যে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা অন্যান্য শিক্ষাপ্রতিষ্ঠানের আয় সম্পূর্ণ করমুক্ত।
21. অনুমোদিত ক্রীড়া সংস্থার আয় [ধারা 10(23)]
সরকার কর্তৃক অনুমোদিত ক্রিকেট, হকি, ফুটবল, টেনিস ও অন্যান্য খেলাধুলার পরিচালনা, প্রসার ও উন্নতির জন্য প্রতিষ্ঠিত কোন সংস্থার আয় করমুক্ত আয় বলে বিবেচিত হয়।

22. **পেশাগত প্রতিষ্ঠানের (Professional Institutions) আয় [ধারা 10(23A)]**
ভারত সরকার কর্তৃক অনুমোদিত কোন পেশাগত প্রতিষ্ঠানের আয় (জামানতের উপর সুদ, গৃহখাতে আয়, সুনির্দিষ্ট কোনও কাজের জন্য প্রাপ্ত আয় ও সুদ লভ্যাংশরূপে প্রাপ্ত আয় ছাড়া) সম্পূর্ণ করমুক্ত।
23. **সৈন্যদল সংক্রান্ত তহবিল (Registered Fund)-এর পক্ষ থেকে আয় গ্রহণ [ধারা 10(23AA)]**
ভারতে সশস্ত্র বাহিনীর প্রতিষ্ঠিত কোনও সৈন্যদল সংক্রান্ত তহবিল বা কোন জনসাধারণের তহবিলের তরফ এই ধরনের বাহিনীর বর্তমান বা প্রাক্তন সদস্যদের বা তাঁদের পরিবারের কল্যাণের জন্য কোন ব্যক্তি কর্তৃক গৃহীত কোন আয় করমুক্ত।
24. **শ্রমিক ও কর্মচারীদের কল্যাণে সৃষ্ট তহবিলের আয় [ধারা 10(23AAA)]**
শ্রমিক ও কর্মচারীদের কল্যাণের উদ্দেশ্যে সৃষ্ট কোন তহবিলের আয় করমুক্ত।
25. **জীবনবিমা নিগমের পেনসন তহবিলের আয় [ধারা 10(23AAB)]**
জীবনবিমা নিগমের দ্বারা (1996 সালের 1st আগস্টের পর) পেনসন তহবিলের আয় করমুক্ত।
26. **খাদি ও গ্রামীণ শিল্প কমিশনের আয় [ধারা 10(23B)]**
খাদি ও গ্রামীণ শিল্প কমিশনের অনুমোদিত কোনও ট্রাস্ট বা সমিতির ব্যাবসায় থেকে আয় ব্যতীত যে কোন আয় করমুক্ত।
27. **খাদি বোর্ডের আয় [ধারা 10(23BB)]**
খাদি ও গ্রামীণ শিল্প বিকাশের জন্য গঠিত যে কোন কর্তৃপক্ষের আয় সম্পূর্ণ করমুক্ত।
28. **সার্বজনিক ধর্মীয় বা দাতব্য ট্রাস্ট [ধারা 10(23BBA)]**
সার্বজনিক ধর্মীয় বা দাতব্য ট্রাস্ট বা বৃত্তিদান বা ধর্মীয় বা দাতব্য সমিতির পরিচালনার জন্য কোন আইন অনুযায়ী প্রতিষ্ঠিত বা নিযুক্ত কোন সংস্থার তরফে উদ্ভূত আয় সম্পূর্ণ করমুক্ত।
29. **নির্দিষ্ট কিছু জাতীয় তহবিল (National Fund)-এর আয় [ধারা 10(23C)]**
কোনও ব্যক্তি নিম্নলিখিত তহবিলের থেকে যে সকল আয় গ্রহণ করে—তা করমুক্ত।
(i) প্রধানমন্ত্রীর জাতীয় ত্রাণ তহবিল (ii) প্রধানমন্ত্রীর তহবিল (লোকশিল্প উন্নয়ন) (iii) প্রধানমন্ত্রীর ছাত্র তহবিল দান (iv) অন্যান্য দাতব্য তহবিল।
30. **মিউচুয়াল ফান্ডের আয় [ধারা 10(23D)]**
পাবলিক সেক্টর ব্যাঙ্ক বা পাবলিক ফিন্যান্সিয়াল সংস্থা বা SEBI কর্তৃক অনুমোদিত মিউচুয়াল ফান্ডের আয় করমুক্ত।
31. **শ্রমিক সংঘের আয় [ধারা 10(24)]**
কোনও নিবন্ধিত শ্রমিক সংঘের জামানতের উপর সুদ বাবদ আয়, সম্পত্তি থেকে আয় ও অন্যান্য উৎস থেকে আয় করমুক্ত।

32. **ভবিষ্যনিধির (Provident Fund)আয় [ধারা 10(25)]**

সংঘবন্ধ ভবিষ্যনিধি, অনুমোদিত ভবিষ্যনিধি, বার্ষিক্য তহবিল, কয়লাখনি ভবিষ্যনিধির পক্ষে যে কোন ব্যক্তির প্রাপ্ত যে কোন আয় সম্পূর্ণ করমুক্ত।

33. **তফশিলি উপজাতির (Scheduled Tribe) কোন সভ্যের আয় [ধারা 10(26)]**

নাগাল্যান্ড, মণিপুর, ত্রিপুরা, অরুণাচল প্রদেশ, মিজোরাম প্রভৃতি অঞ্চলে বসবাসকারী তফশিলি উপজাতির কোন সভ্যের আয় সম্পূর্ণ করমুক্ত।

34. **নির্দিষ্ট সমবায় সমিতির আয় [ধারা 10(27)]**

তফশিলি জাতি বা উপজাতির সভ্যদের স্বার্থে গঠিত সমবায় সমিতির আয় করমুক্ত।

35. **লাদাকে বসবাসকারী ব্যক্তির আয় [ধারা 10(26A)]**

লাদাকে বসবাসকারী ব্যক্তির আয় করমুক্ত বলে বিবেচিত হয়।

36. **পণ্য-বিপণন কর্তৃপক্ষের আয় [ধারা 10(29)]**

পণ্য মজুত, পণ্য আকরণ (Processing) বা পণ্য বাজারকৃত্ত করার সুবিধার্থে গুদামঘর বা পণ্যাগারের ভাড়াজনিত আয় করমুক্ত।

37. **কফি বোর্ডের আয় [ধারা 10(26A)]**

কফি উৎপাদনের সাহায্যে গঠিত কফি বোর্ডের আয় করমুক্ত।

38. **চা-বোর্ড থেকে ভরতুকি প্রাপ্তি [ধারা 10(30)]**

কোন করদাতা যিনি ভারতে চা উৎপাদন ও ব্যবসায় নিযুক্ত চা-পর্ষদ (Tea-Board) থেকে কোনরূপ ভরতুকি পান, সেই আয় করমুক্ত।

39. **ভারতীয় কোম্পানির শেয়ার থেকে লভ্যাংশ [ধারা 10(33)]**

কোন মূলধনী সম্পত্তি (US-64 এর কোন unit) হস্তান্তরের ফলে অর্জিত আয় সম্পূর্ণ করমুক্ত। তবে এই হস্তান্তর 1লা এপ্রিল, 2002 এর পর হতে হবে।

নিম্নলিখিত করমুক্ত (কোন কোন ক্ষেত্রে আংশিক করমুক্ত) আয়গুলি বেতনখাতে আয় (Income from Salary) এককে বিশদভাবে আলোচনা করা হয়েছে :

1. মৃত্যু সহ অবসরকালীন আনুতোষিক (Gratuity) [ধারা 10(10)]
2. উত্তর-বেতনের নিষ্ক্রিত মূল্য (Commutated Value of Pension) [ধারা 10(10A)]
3. শ্রমিকদের ছাঁটাইজনিত ক্ষতিপূরণ বাবদ প্রাপ্ত অর্থের রেহাই। [ধারা 10(10B)]
4. সংঘবিধিবদ্ধ ভবিষ্যনিধি (Statutory Provident Fund) থেকে প্রদত্ত কোনও অর্থ [ধারা 10(11)]

5. কোনও স্বীকৃত ভবিষ্যনিধির (Recognised Provident Fund) পুঞ্জিত অর্থ থেকে প্রাপ্ত অর্থ [ধারা 10(12)]
6. অনুমোদিত বার্ষিকনিধি প্রদত্ত অর্থ [ধারা 10(13)]
7. বাড়িভাড়া ভাতা (House Rent Allowance) [ধারা 10(13A)]
8. কোনও বিশেষ ভাতা বা সুবিধা (Special Allowance or benefits) [ধারা 10(14)]
9. ভ্রমণের জন্য রেয়াত বা সহায়তার মূল্য (Travel Concession or assistance) [ধারা 10(5)]

উদাহরণ :

From the following particulars compute gross total income of Mr. Anubhab.

- (a) Agricultural income received from Bangladesh Rs. 10,000.
- (b) Agricultural income from agricultural operation in India Rs. 15,000.
- (c) Dividend Received from LTC Ltd. (Indian company) Rs. 10,000.
- (d) Dividend received from USA based company Rs. 5,000.
- (e) Received share of profit from partnership firm Rs. 6,000.
- (f) Received share of income from a Hindu undivided family, where he is a member Rs. 5,500.
- (g) Received income from unit of equity oriented mutual firm Rs. 12,000.
- (h) Interest accrued in PPF (Public provided fund) A/c. Rs. 6,500.
- (i) Interest Income from post office savings account (on individual name) 15,000.

সমাধান :

Computation of total income of Mr. Anubhab for the previous year 2020-21. Assessment year 2021-22.

| Particulars | Amount (Rs.) |
|---|----------------------|
| (a) Agriculture income from Bangladesh (ভারতের বাইরে) | 10,000 |
| (b) Agriculture income from India. [Exempted under section 10(1)] | Nil |
| (c) Dividend from ITC Ltd. (ভারতীয় কোম্পানী) | 10,000 |
| (d) Dividend fro USA based company | 5,000 |
| (e) Share of profit from partnership firm [Exempted under section 10(24)] | Nil |
| (f) Share of income from Hindu undivided family under section 10(2) | Nil |
| (g) Dividend from units of mutual fund [Exempted under section 10(35)] | Nil |
| (h) Interest accrued in PPF A/c [Exempted under section 10(11)] | Nil |
| (i) Income from post office savings A/c. (15000–3500) u/s 10(15) (i) | 11,500 |
| Gross Total Income | <u>36,500</u> |

3.5 সারাংশ

আপনারা জানেন সমস্ত আয় করযোগ্য হলেও আয়কর আইন অনুসারে কতকগুলি আয়ের উপর কর দিতে হয় না। অর্থাৎ এই আয়গুলি করমুক্ত, যেমন কৃষি আয়, হিন্দু যৌথ পরিবার থেকে প্রাপ্ত আয় ইত্যাদি। আবার অনেক প্রতিষ্ঠান আছে যেমন স্থানীয় কর্তৃপক্ষ, আবাসন পর্যদ, অনুমোদিত শিক্ষা ইত্যাদির আয়ও করমুক্ত। কিছু কিছু আয় যেমন আকস্মিক আয়, মৃত্যুসহ অবসরকালীন আনুতোষিক ইত্যাদির একটি অংশ বিশেষ করমুক্ত।

3.6 অনুশীলনী

● বিষয়ভিত্তিক প্রশ্ন (Descriptive Question)

1. সম্পূর্ণ করমুক্ত আয়ের বারোটি দফার উল্লেখ করুন।
2. বিদেশি নাগরিকদের ক্ষেত্রে ছয়টি করমুক্ত আয়ের উল্লেখ করুন।
3. অনাবসিক ব্যক্তির ক্ষেত্রে চারটি করমুক্ত আয়ের উল্লেখ করুন।
4. বেতনখাতে আয়ের অন্তর্গত চারটি করমুক্ত আয়ের উল্লেখ করুন।
5. প্রতিষ্ঠানের ক্ষেত্রে করমুক্ত ছয়টি আয়ের উল্লেখ করুন।
6. মুক্ত বাণিজ্য-অঞ্চলের আয় ছুটির (Tax Holiday) কয়েকটির নাম উল্লেখ করুন।
7. 'আকস্মিক আয়' বলতে কী বোঝায়?

● সংক্ষিপ্ত প্রশ্ন (Short Answer-type Question)

- (i) নিম্নলিখিত আয়গুলি আকস্মিক আয় কিনা, যুক্তিসহ সংক্ষেপে নিবুপণ করুন।
 - (a) রবি ঘোড়দৌড় থেকে 4,000 টাকা পেয়েছেন।
 - (b) হরি মোটর দৌড় (Motor rally) থেকে 3,000 টাকা পুরস্কার হিসাবে পেয়েছেন।
 - (c) শ্যামা বিবাহবার্ষিকী উপলক্ষে তার বন্ধুর থেকে 4,500 টাকার উপহার পেয়েছেন।
 - (d) অজিত পশ্চিমবঙ্গ রাজ্য লটারির প্রথম পুরস্কার (এক লক্ষ টাকা) জিতলেন।
 - (e) ডঃ শ্যামল রায় তার রোগীর নিকট থেকে 2,000 টাকার উপহার পেলেন।
 - (f) কমল, (ইন্ডিয়া হোটেলের বেয়ারা) হোটেলে বসবাসকারীদের কাছ থেকে 500 টাকা টিপস পেয়েছেন।
 - (g) মালিক হরেনের কাজে খুশি হয়ে 3,000 টাকা মূল্যের সাদা-কালো টেলিভিশন উপহার দিলেন।

- (h) মৃগাল একজন রাজ্য সরকারের বেতনভুক্ত কর্মচারী। অফিসের বার্ষিক সাংস্কৃতিক উৎসবে নাটক করার জন্য দর্শকদের কাছ থেকে 3,000 টাকা পুরস্কার পেয়েছেন।
- (i) সৌরভ গঙ্গোপাধ্যায় পাকিস্তানের বিরুদ্ধে একটি আন্তর্জাতিক একদিনের ক্রিকেটে ম্যান অফ দি ম্যাচ হিসাবে 4,000 টাকা পেয়েছেন।
- (ii) নিম্নলিখিত আয়গুলির করযোগ্যতা পর্যালোচনা করুন।
- (a) ভূবন পাল ভারত সরকারের কাছ থেকে তাঁর শিল্প জাতীয়করণের ক্ষতিপূরণ বাবদ 50,000 টাকা পেলেন।
- (b) অমিত সেন একটি কারখানার শ্রমিক, চাকরির মেয়াদের পূর্বে চাকরি থেকে বরখাস্ত হওয়ার জন্য 75,000 টাকা ক্ষতিপূরণ পেলেন।
- (c) বিকাশ, কলকাতা বিশ্ববিদ্যালয়ের একজন ছাত্র। তার মেধার জন্য পশ্চিমবঙ্গ সরকারের নিকট থেকে বার্ষিক 12,000 টাকা ছাত্রবৃত্তি পেয়েছে।
- (d) পরিমল ন্যাশনাল সেভিংস অ্যানুয়িটি বন্ড থেকে 6,000 টাকা সুদ পেয়েছেন।
- (e) প্রফেসর রবার্টসন একজন ইংল্যান্ডের নাগরিক। নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের পড়াবার জন্য 10,000 টাকা বেতন পেয়েছেন।
- (f) শচীন তেণ্ডুলকারকে তাঁর পারদর্শিতার সম্মানরূপে ভারত সরকার 50,000 টাকার পুরস্কার দিয়েছে।
- (g) নিমাই ঘোষ জীবনবিমা নিগম থেকে তাঁর পলিসির মেয়াদান্তে বোনাস সহ 1,00,000 টাকা পেয়েছেন।
- (h) শ্রীমতী মীরা সেন, তাঁর স্বামীর মৃত্যুতে জীবনবিমা নিগম থেকে স্বামীর নমিনি হিসাবে 50,000 টাকা পেয়েছেন।
- (i) অরুণ মিত্র তাঁর চিকিৎসার জন্য প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে 20,000 টাকা সাহায্য পেয়েছেন।
- (j) অল ইন্ডিয়া ফুটবল ফেডারেশন বিভিন্ন খাতে বার্ষিক 80,000 টাকা আয় করল।
- (k) সূর্য সাংমা মণিপুরে বসবাসকারী উপজাতি সম্প্রদায়ের সভ্য। ব্যাবসা থেকে 1,25,000 টাকা আয় করেছেন।
- (l) সাহা ইনস্টিটিউট অফ নিউক্লিয়ার ফিজিক্স সরকার অনুমোদিত জাতীয় গবেষণা সংস্থা বার্ষিক 90,000 টাকা আয় করল।
- (m) কলকাতা মিউনিসিপাল কর্পোরেশন বার্ষিক 2,00,000 টাকা আয় করল।
- (n) নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় বার্ষিক 1,00,000 টাকা আয় করল।
- (o) রামকৃষ্ণ মিশন বার্ষিক 85,000 টাকা আয় করল।
- (p) শিবেন বসু ইন্ডিয়ান টোব্যাকো কোম্পানি থেকে 20,000 টাকা ডিভিডেন্ড পেয়েছেন।

একক 4 □ আয়ের খাত-I

(A) বেতন থেকে আয় [ধারা 14 এবং ধারা 15 থেকে
ধারা 17]

গঠন

4A.0 উদ্দেশ্য

4A.1 প্রস্তাবনা

4A.2 আয়ের বিভিন্ন খাত

4A.3 আয়ের সংজ্ঞা এবং আয়ের বিভিন্ন দিক

4A.3.1 বেতন থেকে আয়

4A.3.2 সংজ্ঞা

4A.3.3 ছুটির বেতন

4A.3.4 উত্তরবেতন

4A.3.5 আনুতোষিক

4A.3.6 সরকারি বা বেসরকারি কোম্পানির কর্মচারী কর্তৃক স্বেচ্ছায় অবসর গ্রহণের
জন্য ক্ষতিপূরণ বাবদ প্রাপ্ত অর্থের জন্য ছাড়

4A.3.7 রেয়াতি হারে ভ্রমণ সুবিধা

4A.4 বিভিন্ন ভাতা

4A.4.1 বাড়িভাড়া ভাতা

4A.4.2 বিশেষ বিশেষ ছাড়যোগ্য ভাতা

4A.4.3 সম্পূর্ণ করযোগ্য ভাতা

4A.4.4 বেতন পূরক

4A.4.5 নিম্ন আয়ভুক্ত কর্মচারী

4A.5 ব্যয়-মূল্য নির্ধারণ

4A.5.1 ভাড়াহীন বাসস্থানের মূল্য

4A.5.2 নিয়োগকারী ব্যবহৃত বাসস্থানের ভাড়া ব্যাপারে রেয়াত করলে রেয়াতের মূল্য

4A.5.3 মোটরগাড়ির মূল্যায়ন

4A.5.4 বিনাব্যয়ে গ্যাস, বিদ্যুৎ, জল প্রভৃতি সরবরাহ

4A.5.5 বিনাব্যয়ে শিক্ষার সুবিধাসমূহ

- 4A.5.6 বিন্যাসে পরিবহনের সুবিধাসমূহ
- 4A.5.7 বিন্যাসে আসবাবপত্রের ব্যবহার
- 4A.5.8 নিয়োগকারী কর্তৃক ঝাড়ুদার, মালী, পাহারাদার ও গৃহভৃত্য ইত্যাদির ব্যবস্থা
- 4A.5.9 সুদবিহীন ঋণ অথবা রেয়াতি সুদের হারে ঋণ
- 4A.6 বেতনের পরিবর্তে মুনাফা
- 4A.7 ভবিষ্যনিধি
- 4A.8 বেতন থেকে ছাড়
 - 4A.8.1 প্রমিত ছাড়
 - 4A.8.2 প্রমোদভাতার দরুন ছাড়
 - 4A.8.3 পেশা বা নিয়োগের উপর কর
- 4A.9 অব্যাহতি
- 4A.10 'বেতন থেকে আয়' খাতে করযোগ্য আয় নির্ণয়
- 4A.11 সারাংশ
- 4A.12 অনুশীলনী

4A.0 উদ্দেশ্য

আমরা জানি প্রতিটি মানুষ কোনও না কোনও ভাবে অর্থ উপার্জন করে জীবনধারণ করে। তারা তাদের চাহিদা মেটানোর জন্য বিভিন্ন কাজে লিপ্ত থাকতে পারে যেমন, একই ব্যক্তি কোথাও শ্রম দিয়ে পারিশ্রমিক পায়, অন্য সময়ে ব্যবসা করে মুনাফা করতে পারে। আবার তার একাধিক বাড়ি থাকলে তা ভাড়া দিয়ে কিছু আয় করতে পারে। সুতরাং একজন ব্যক্তি বিভিন্ন সূত্র থেকে আয় করতে পারে। করযোগ্য আয় নির্ণয়ের জন্য বিভিন্ন সূত্রের আয়গুলিকে পাঁচটি পৃথক খাতে ভাগ করা হয়। এই এককটি পড়ে আপনি—

- আয়ের বিভিন্ন খাত নির্ণয় করতে পারবেন, এবং
- 'বেতন থেকে আয়ের' ক্ষেত্রে আয়কর আইন প্রয়োগ করে করযোগ্য আয় নির্ণয় করতে পারবেন।

4A.1 প্রস্তাবনা

আগের এককগুলিতে করদাতাকে, কোন্ কোন্ আয়ের ক্ষেত্রে কর দিতে হয় তা আলোচনা করা হয়েছে। 1961 সালের ভারতীয় আয়কর আইনে সমস্ত আয়ের কয়েকটি নির্দিষ্ট খাতে'র অন্তর্ভুক্ত করা হয়েছে।

করদাতার মোট করযোগ্য আয় এই খাত অনুযায়ী নির্ণয় করতে হয়। করযোগ্য আয়ের সঠিক পরিমাণ জানতে হলে এই খাত-সম্পর্কিত আইনের নির্দিষ্ট নিয়মাবলীগুলি ভালোভাবে জানতে হবে।

4A.2 আয়ের বিভিন্ন খাত

1961 সালের ভারতীয় আয়কর আইনের 14 ধারা অনুসারে আয়ের সমস্ত উৎসকে পাঁচটি নির্দিষ্ট আয়ের খাতে অন্তর্ভুক্ত করা হয়েছে, এই খাতগুলি হল—

- বেতন থেকে আয় [ধারা 15 থেকে 17]
- গৃহসম্পত্তি থেকে আয় [ধারা 22 থেকে 27]
- ব্যবসা বা পেশা থেকে মুনাফা ও লাভ [ধারা 28 থেকে 44]
- মূলধনি মুনাফা থেকে আয় [ধারা 45 থেকে 55]
- অন্যান্য উৎস থেকে আয় [ধারা 56 থেকে 59]

সুতরাং কোনও সংস্থায় কাজ করে যে বেতন পাওয়া যায় তা ‘বেতন থেকে আয়’ খাতে করযোগ্য হবে, বাড়িভাড়া দিয়ে গৃহীত আয় (ভাড়া) ‘গৃহসম্পত্তি থেকে আয়’ খাতে করযোগ্য হবে। কোনও ব্যবসা বা পেশা থেকে যে মুনাফা ও লাভ পাওয়া যায় তা ব্যবসা বা পেশা থেকে মুনাফা ও লাভ খাতে করযোগ্য হবে। কোনও মূলধনি সম্পত্তি বিক্রয় হলে তা ‘মূলধনি মুনাফা থেকে আয়’ এবং অন্য যে কোনও আয় যেগুলি আগের কোনও খাতেই অন্তর্ভুক্ত হয়নি সেগুলি ‘অন্যান্য উৎস থেকে আয়’ খাতে করযোগ্য হবে।

4A.3 আয়ের সংজ্ঞা এবং আয়ের বিভিন্ন দিক

4A.3.1 বেতন থেকে আয়


এই খাতে করযোগ্য আয়ের পরিমাপ করতে হলে প্রদানকারী ও প্রাপকের মধ্যে নিয়োগকারী ও কর্মচারীর সম্পর্ক অবশ্যই থাকতে হবে। নিয়োগকারী ছাড়া অন্য কোনও ব্যক্তির কাছ থেকে প্রাপ্ত পারিশ্রমিক ‘অন্যান্য উৎস থেকে আয়’ খাতে করযোগ্য হবে। এক্ষেত্রে এম এল এ (MLA) ও এম পি (MP)-দের সরকারের কাছ থেকে প্রাপ্ত বেতন বা ভাতা এই খাতে কর যোগ্য হবে না, কারণ তাদের কর্মচারী বলে গণ্য করা হয় না, তাদের এই আয় ‘অন্যান্য উৎস থেকে আয়’ খাতে করযোগ্য হবে। আবার চাকুরি অবসানের পরেও আগের নিয়োগকারীর কাছ থেকে প্রাপ্ত অর্থ (উত্তরবেতন) এই খাতে করযোগ্য হবে। একজন কলেজ শিক্ষক পরীক্ষার কাজে বিশ্ববিদ্যালয়কে সহায়তা করার জন্য বিশ্ববিদ্যালয়ের কাছ থেকে যে পারিশ্রমিক পান তা ‘অন্যান্য উৎস থেকে আয়’ খাতে করযোগ্য হয় কারণ উক্ত শিক্ষকের সঙ্গে বিশ্ববিদ্যালয়ের কর্মচারী-নিয়োগকারীর সম্পর্ক নেই।

4A.3.2 সংজ্ঞা

আয়কর আইনে বেতনের কোনও সুনির্দিষ্ট সংজ্ঞা দেওয়া হয়নি। আয়কর আইনের 17(1) ধারা অনুযায়ী নিম্নলিখিত বিষয়গুলিকে বেতনের অন্তর্ভুক্ত করা হয়—

- মজুরিসমূহ (Wages)
- যে কোনও বার্ষিক বৃত্তি বা উত্তরবেতন (Annuity or Pension)
- আনুতোষিক (Gratuity)
- যেকোনও পারিশ্রমিক (fees), দস্তরি (Commission), বেতনপূরক (Perquisites) বা বেতনের পরিবর্তে মুনাফা (Profit in lieu of salary)
- যে কোনো আগাম বেতন (Any advance salary)
- চাকুরিজীবনে প্রাপ্য ছুটি উপভোগ না করার জন্য প্রাপ্ত অর্থ (Encashment of leave salary)
- স্বীকৃত ভবিষ্যনিধিতে কর্মচারীর বেতনের 12%-র অতিরিক্ত নিয়োগকারীর প্রদত্ত অংশ এবং এই ভবিষ্যনিধির উপর 9.5% হারের অতিরিক্ত সুদ।

এখন আমরা বেতনের নিম্নলিখিতভাবে শ্রেণিবিভাগ করতে পারি—



(i) আগাম বেতন—প্রাপ্তির ভিত্তিতে এই বেতন করযোগ্য হয়। অর্থাৎ যে পূর্ববর্তী বছরে এই বেতন গ্রহণ করা হয়, তাকে সেই বছরের সংশ্লিষ্ট নির্ধারণ বছরের করযোগ্য আয়ের অন্তর্ভুক্ত করা হয়।

(ii) বকেয়া আদায়—এই বেতন প্রাপ্তির ভিত্তিতে করযোগ্য হবে যদি তা প্রাপ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট নির্ধারণ বছরের করযোগ্য আয়ের অন্তর্ভুক্ত না হয়।

4A.3.3 ছুটির বেতন (Leave Salary)

একজন কর্মচারী তার চাকুরি জীবনের মোট প্রাপ্য ছুটির সবটাই উপভোগ করতে নাও পারেন। জমানো ছুটির একটি নির্দিষ্ট পরিমাণ বিক্রয় করে এককালীন অর্থ পেতে পারেন। এই অর্থকেই ছুটির বেতন বলে। মৃত কর্মচারীর আইন-সংগত উত্তরাধিকারীদের এই উত্তরবেতন প্রদান করা হলে তা বেতন হিসেবে করযোগ্য হবে না। আবার চাকুরিতে থাকাকালীন ছুটির বেতন গ্রহণ করলে তা বেতনের সঙ্গে প্রাপ্তির ভিত্তিতে করযোগ্য হবে।

তবে অবসরপ্রাপ্ত কর্মচারীদের ক্ষেত্রে ধারা 10(10AA) অনুসারে নিম্নলিখিত ভাবে কর ছাড় পাওয়া যায়—

- (a) কেন্দ্রীয় বা রাজ্য সরকারি কর্মচারীদের ক্ষেত্রে জমে থাকা ছুটির নগদীকৃত বেতনের সম্পূর্ণ অংশই করমুক্ত [ধারা 10(10AA)(i)]।
- (b) বেসরকারি কর্মচারীদের ক্ষেত্রে নিম্নলিখিত চারটি বিকল্পের মধ্যে যেটি সবচেয়ে কম [ধারা 10(10AA)(ii)]।
 - (i) জমানো ছুটির নগদীকৃত বেতন
 - (ii) তার 10 মাসের গড় বেতন
 - (iii) সর্বোচ্চ সীমা Rs. 3,00,000
 - (iv) যত বছর তিনি চাকুরি করছেন প্রতি বছরের জন্য প্রাপ্য সর্বাধিক 30 দিনের ছুটি হিসাবে মোট ছুটি থেকে যতদিন তিনি মোট ছুটি উপভোগ করছেন তা বাদ দিয়ে অবশিষ্ট দিনের গড় পাওয়া বেতন।

ব্যাখ্যা : (a) গড় বেতন বলতে বোঝায় অবসর নেওয়ার ঠিক আগের 10 মাসে তার পাওয়া মূল বেতন ও মহার্ঘ ভাতার গড়। যদি মোট বিক্রয়ের নির্দিষ্ট হারে দায়ুরি পাওয়া যায় তবে তাও অন্তর্ভুক্ত হবে। যদি অবসরকালীন সুবিধা নির্ণয়ে মহার্ঘভাতা বিবেচিত হয় তবেই তা এখানে বিবেচনা করা হবে।

- (b) কর্মচারী স্বেচ্ছায় অবসর গ্রহণ করলে 10(10AA) ধারা অনুসারে তিনি ছাড় পাবেন [C.I.T Vs R.J Shahvey (1986) 159 ITR 160 (Mad)]।
- (c) চাকুরি জীবনে কর্মচারীর মৃত্যু হলে ছুটির বেতন গ্রহণকারীকেও ওই অর্থের উপর কর দিতে হবে না।
- (d) 2002-2003 নির্ধারণ বছর থেকে সর্বোচ্চ সীমা হবে 3,00,000 টাকা (Notification NO. 123/2002 [F.No 200/23/98-IT (A-1)], dated 31 May 2002)।

উদাহরণ :

Mr. Anil Basu retired on 31st March 2019 from ITC Ltd. after 22 years and 5 months of service. He received a leave salary@Rs. 7,000 p.m. for 30 months leave standing credit at the time of his retirement. Other informations are as follows –

| | |
|--|----------------|
| Basic salary at the time of retirement | Rs. 7,000 p.m. |
| Dearness Allowance ... 50% of basic (as per terms of employment) | |
| Bonus | Rs. 1, 000 |
| Commission ... 10% of Annual Turnover. | |
| Leave availed during the tenure of service ... 6 months | |
| Annual Turnover | Rs. 1,00,000 |

Calculate the taxable amount of leave salary of Mr. Anil Basu for the Assessment year 2019-2020.

সমাধান :

**Calculation of taxable amount of leave salary
of Mr. Anil Basu**

| Particulars | Amount Rs. | Amount Rs. |
|---|-----------------|----------------------|
| Leave salary received Rs. (7,000 × 30) | | 2,10,000 |
| <i>Less</i> Deduction U/s 10 (10AA) (ii) (Least of the following) | | |
| (i) Actual amount received | 2,10,000 | |
| (ii) Maximum limit | 3,00,000 | |
| (iii) 10 months average salary Rs. (11,333 × 10) | 1,13,330 | |
| (iv) Leave Salary due on the basis of maximum entitlement of 30 days in a year Rs. (11,333 × 16) | <u>1,81,328</u> | <u>1,13,330</u> |
| Taxable amount of Leave Salary | | <u><u>96,670</u></u> |

Working notes :

(1) Average Salary :

Basic Rs. 7,000 × 10 = RS. 70,000

D.A (50% = Rs. 35,000

Commission

$\left(1,00,000 \times \frac{10}{100} \times \frac{10}{12}\right)$ = Rs. 8,333

Rs. 1,13,333

Average Salary (1,13,33 ÷ 10) = Rs. 11,333

(2) Leave Salary on the basis of maximum entitlement :

Maximum entitlement of leave @30 days for every year = 22 months

Leave actually availed during the service period = 6 months

∴ Maximum entitlement = (leave earned – leave availed)

= (22 – 6) = 16 months

4A.3.4. উত্তরবেতন (Pension) [ধারা 17 (i) (ii)]

অবসর গ্রহণের পর পূর্বতন নিয়োগকারীর কাছে থেকে প্রাপ্ত মাসিক অর্থই হল উত্তরবেতন। এই উত্তরবেতন বেতনের মতেই করযোগ্য হবে। কিন্তু নিষ্কৃতি উত্তরবেতন (Commuted Pension)’র সম্পূর্ণ অংশ করযোগ্য নয়। আয়কর আইনের 10(10A) ধারা অনুসারে নিষ্কৃত উত্তর বেতনের ক্ষেত্রে নিম্নলিখিত ভাবে ছাড় পাওয়া যায়—

| করদাতা | ধারা 10(10A) অনুসারে ছাড়ের পরিমাণ |
|--|--|
| 1. নিয়োগকর্তার কাছ থেকে প্রাপ্ত নিষ্কৃত উত্তর বেতন : | |
| (a) কেন্দ্রীয়/রাজ্য-সরকারি বা স্থানীয় কর্তৃপক্ষ বা প্রাদেশিক আইনের দ্বারা প্রতিষ্ঠিত কোনও নিগমের কর্মচারী। | (a) সম্পূর্ণ অংশ করমুক্ত [ধারা 10(10A)(i)] |
| (b) অন্যান্য কর্মচারী | (b) এই ক্ষেত্রে নিম্নলিখিতভাবে কর ছাড় পাওয়া যাবে [ধারা 10(10A)(ii)] (i) যদি তিনি আনুতোষিক পান : সম্পূর্ণ উত্তর বেতনের নিষ্কৃতি মূল্যের $\frac{1}{3}$ অংশ। (ii) যদি তিনি আনুতোষিক না পান : সম্পূর্ণ উত্তর বেতনের নিষ্কৃতি মূল্যের $\frac{1}{2}$ অংশ |
| 2. জীবন বিমা নিগম-এর কাছে থেকে প্রাপ্ত নিষ্কৃতি উত্তর বেতন যে কোনও ব্যক্তি (কর্মচারী হোন বা না হোন) | 2. জীবন বিমা নিগম-এর থেকে pension fund থেকে প্রাপ্ত নিষ্কৃত উত্তর বেতনের সম্পূর্ণ অংশ করমুক্ত [ধারা 10(10A)(iii)] |

উদাহরণ :

Subir, an employee of ITC Ltd. retired on Feb. 28, 2019 and his pension is fixed at Rs. 3,500 per month. He however has received Rs. 30,000 as the commuted value 60% of his monthly pension in March 2019. Calculate the taxable amount of commuted pension of Subir for the Assessment year 2019-2020, assuming that (a) he has also received gratuity and (b) he has not received any gratuity.

Computation of taxable amount of Commuted Pension of Subir for Assessment year 2019-2020

| Particulars | If he has received gratuity Rs. | If he has not received gratuity Rs. |
|--|---------------------------------|-------------------------------------|
| Commuted pension received | 30,000 | 30,000 |
| <i>Less.</i> Deduction u/s 101(10A)(ii) | | |
| ● Commuted value of $\frac{1}{3}$ rd of pension which he is normally entitled to receive, Rs. $\left(30,000 \times \frac{100}{60} \times \frac{1}{3}\right)$ | 16,667 | |
| ● Commuted value $\frac{1}{2}$ of the pension which he is normally entitled to receive, Rs. $\left(30,000 \times \frac{100}{60} \times \frac{1}{2}\right)$ | | 25,000 |
| Taxable amount | 13,333 | 5,000 |

4A.3.5 আনুতোষিক (Gratuity)

1972 সালের আনুতোষিক প্রদান আইন অনুযায়ী সমস্ত কর্মচারী মৃত্যু বা অবসর গ্রহণের পর বা চাকুরি ছেড়ে দিলে আনুতোষিক পাওয়ার অধিকারী তবে তাদেরকে অবশ্যই অন্ততপক্ষে পাঁচ বছর কাজ করতে হবে ওই প্রতিষ্ঠানে। এই আনুতোষিক করদাতার মোট আয়ের অন্তর্ভুক্ত হবে এবং ধারা 10(10) অনুসারে ছাড় পাওয়া যাবে। 1961 সালের আয়কর আইনের ধারা 10(10) অনুসারে একজন করদাতা নিম্নলিখিত ছাড় পাওয়ার অধিকারী।

| করদাতা | ধারা 10(10) অনুসারে ছাড়ের পরিমাণ |
|--|--|
| 1. কেন্দ্রীয়/রাজ্য সরকারি বা স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক নিযুক্ত কর্মচারী; কিন্তু বিধিবদ্ধ সংস্থার কর্মচারী নন। | সম্পূর্ণ অংশ করমুক্ত [ধারা 10(10)(i)] |
| 2. সংবিধিবদ্ধ নিগম ও বেসরকারি কর্মচারী | ● নিম্নলিখিত তিনটির মধ্যে যেটি কম সেটি ছাড়যোগ্য |
| ● যদি তিনি 1972 সালের আনুতোষিক প্রদান আইন অনুসারে আনুতোষিক পান | (a) প্রাপ্ত আনুতোষিকের মোট পরিমাণ (b) সর্বোচ্চ সীমা Rs. 20,00,000 |

| | |
|---|---|
| <ul style="list-style-type: none"> • যদি তিনি 'আনুতোষিক প্রদান আইন 1972' অনুযায়ী প্রদত্ত আনুতোষিক অপেক্ষা বেশি হারে আনুতোষিক পান। | <ul style="list-style-type: none"> (c) প্রতিটি পূর্ণ সম্পাদিত বছর বা তার ছয় মাসের অতিরিক্ত অংশের জন্য 15 দিনের বেতন। • নিম্নলিখিত তিনটির মধ্যে যেটি কম সেটি ছাড়যোগ্য— <ul style="list-style-type: none"> (a) প্রাপ্ত আনুতোষিকের মোট পরিমাণ (b) সর্বোচ্চ সীমা Rs. 20,00,000 (c) প্রতিটি পূর্ণ সম্পাদিত চাকুরির বছরের জন্য $\frac{1}{2}$ মাসের গড় বেতন (বছরের আংশিক সময় চাকুরি করলে উক্ত বছর বিবেচিত হবে না) |
|---|---|

ব্যাখ্যা :—(a) বেতন বলতে বোঝায় (মূল বেতন + চাকুরির শর্তে থাকা মহার্ঘভাতা + চাকুরির শর্ত অনুযায়ী সম্পাদিত বিক্রয়ের উপর নির্দিষ্ট হারে দস্তুরি)।

(b) 15 দিনের বেতন নিম্নলিখিতভাবে হিসাব করতে হবে—

$$\text{শেষ মাসিক বেতন} \times \frac{15}{26}$$

(c) গড় বেতন বলতে বোঝায় অবসর গ্রহণের ঠিক আগের 10 মাসের গড় বেতন।

উদাহরণ

(i) Tarun Biswas is an executive of Bengal Pvt. Ltd. He submits the following Particulars of his income for the previous year ended on 31st March 2019. You are required to compute the taxable amount of gratuity, (a) if he gets gratuity according to the provisions of the Payment of Gratuity Act 1972, and (b) If he gets gratuity at the better terms than that of the Payment of Gratuity Act 1972.

(i) Basic Pay Rs. 3,500 p.m.

(ii) Dearness Allowance Rs. 2,000 p.m. (as per terms of employment)

(iii) He retired from service on 31st October 2016 after completing 34 years 7 months of service and received Rs. 1,00,000 as gratuity.

সমাধান :

(a) Computation of taxable amount of gratuity of Tarun Biswas, a resident individual for the Assessment year 2019-2020 relating to previous year 2018-2019

| Particulars | Rs. | Rs. |
|---|-----------|----------|
| Gratuity received | | 1,00,000 |
| <i>Less.</i> Deduction u/s 10 (10) | | |
| Least of the following : | | |
| (i) Actual amount received | 1,00,000 | |
| (ii) Maximum limit | 20,00,000 | |
| (ii) 15 days salary for each year of complete service | 1,11,057 | |
| Rs. $\left[(3,500 + 2,000) \times \frac{15}{26} \times 35 \right]$ | | 1,00,000 |
| Taxable amount | | NIL |

(b) Computation of taxable amount of gratuity of Tarun Biswas, a resident individual for the year 2019-2020 relating to the Previous year 2018-2019

| Particulars | Rs. | Rs. |
|--|----------|----------|
| Gratuity received | | 1,00,000 |
| <i>Less.</i> Deduction u/s 10 (10): | | |
| Least of the following : | | |
| (i) Actual amount received | 1,00,000 | |
| (ii) Maximum limit | 20,00,00 | |
| (iii) $\frac{1}{2}$ months average salary for each year of completed service | 93,500 | 93,500 |
| Rs. $\left[(3,500 + 2,000) \times \frac{1}{2} \times 34 \right]$ | | |
| Taxable Amount | | 6,500 |

উদাহরণ : 2

From the following particulars compute the taxable amount of gratuity of Mr. X for the Assessment year 2019-2020.

(a) Basic Salary Rs. 3,000 p.m. Annual increment falls due every year on 1st January @ Rs. 150.

(b) Dearness Allowance Rs. 1,000 p.m. (fixed) [as per terms of employment].

(c) He retired for ITC Ltd. as 31st March 2019 after 33 years of completed service and received Rs. 85,000 as gratuity (he got gratuity at the better terms)

সমাধান :

Computation of taxable amount of gratuity of Mr. X, a resident individual for the Assessment year 2019-2020 relating to the Previous year 2018-2019

| Particulars | Rs. | Rs. |
|--|-----------|---------------|
| Gratuity received | | 80,000 |
| <i>Less.</i> Deduction u/s 10(10) : | | |
| Least of the following : | | |
| (i) Actual amount received | 85,000 | |
| (ii) Maximum limit | 20,00,000 | |
| (iii) $\frac{1}{2}$ months average salary for each years completed service | 64,268 | |
| Rs. $\left[3,895 \times \frac{1}{2} \times 33 \right]$ | | 64,268 |
| Taxable Amount | | 15,732 |

Working note :

Calculation for average salary–

Mr. X retired on 31st March, so the gratuity is payable in the month of April. 10 months average salary to be calculated prior to the month in which it is payable.

Basic Salary : Rs (3000 × 3) = 9,000 (Jan'19 to Mar '19)

Rs. (2850 × 7) = 19,950 (June'18 to Dec '18)

Dearness Allowance Rs. (1,000 × 10) = 10,000

Rs. 38,950

∴ Average Salary = 38,950 ÷ 10 = Rs. 3,895 p.m.

4A.3.6 সরকারি বা বেসরকারি কর্মচারী কর্তৃক স্বেচ্ছায় অবসর গ্রহণের জন্য ক্ষতিপূরণ বাবদ প্রাপ্ত অর্থের জন্য ছাড়

সি. বি .ডি. টি.-র 26.11.92 তারিখের পরিপত্র নং 640 বিধি 2BA অনুসারে নিম্নলিখিত শর্তগুলি পূরণ করলে কর্মচারী নিয়োগকারীর কাছে থেকে স্বেচ্ছায় অবসর গ্রহণের জন্য ক্ষতিপূরণ বাবদ প্রাপ্ত অর্থ

(Compensation received at the time of voluntary retirement) ছাড় পাবেন, যদি—

- নির্ধারী কোনও সরকারি বা বেসরকারি কোম্পানি বা সমবায় প্রতিষ্ঠান বা কেন্দ্রীয়, রাজ্য বা প্রাদেশিক আইনের দ্বারা প্রতিষ্ঠিত কোনও নিগম বা স্থানীয় কর্তৃপক্ষের কর্মচারী হন।
- কর্মচারীটি ওই কোম্পানির অধিকর্তা (Director) নন।
- কর্মচারীটি ওই সংস্থায় 10 বছর কাজ করেছেন বা তাঁর বয়স 40 বছরের বেশি।
- এই পরিকল্পনা নিয়োগকারী কর্তৃক কর্মচারীর মোট সংখ্যা কমানোর উদ্দেশ্যে করা হয়েছে।
- ওই কর্মচারীটি অতীতে কখনও স্বেচ্ছায় অবসর গ্রহণজনিত কোনও সুবিধা গ্রহণ করেননি।
- ওই কর্মচারী স্বেচ্ছায় অবসর গ্রহণের পর একই ব্যবস্থাপনার অধীন অপর কোনও প্রতিষ্ঠানে নিযুক্ত হননি।

প্রকৃত ছাড় : ধারা 10(10C)

উপরের শর্তগুলি পূরণ করলে নির্ধারী নীচের দুটি বিকল্পের মধ্যে যেটি সবচেয়ে কম সেটি ছাড় পাবেন,

- ক্ষতিপূরণ বাবদ প্রাপ্ত অর্থ
- সর্বোচ্চ সীমা Rs 5,00,000.

** এখানে 'বেতন' বলতে অবসর গ্রহণের সময়কাল প্রাপ্ত মাসিক বেতনের নির্দেশ করা হয়েছে। উক্ত বেতনের অন্তর্ভুক্ত হবে মূল বেতন, চাকুরির শর্ত অনুসারে মহার্ঘ ভাতা এবং বিজ্ঞয়ের উপর প্রাপ্ত কমিশন।

4A.3.7. রেয়াতিহারে ভ্রমণ সুবিধা [ধারা 10(5) বিধি 2B]

রেয়াতি হারে ভ্রমণ সুবিধার মূল্য ছাড়যোগ্য হবে যদি কর্মচারীটি নিম্নলিখিত শর্তাবলি পূরণ করে—

- পরিদর্শিত স্থান বা স্থানগুলি ভারতে অবস্থিত হবে,
- ছুটি কাটাতে বা অবসর গ্রহণের পর বা চাকুরি চলে যাওয়ার পর কেবলমাত্র তাঁর নিজের ও তাঁর পরিবারের সদস্যদের ভ্রমণের ব্যয় বাবদ বর্তমান বা পূর্বের নিয়োগকারীর কাছে যে অর্থিক সুবিধা পাওয়া যাবে তা ছাড় পাওয়ার যোগ্য।

প্রাপ্তযোগ্য প্রকৃত ছাড় : ভারতের যে কোনও স্থানে ভ্রমণের জন্য নিজের দুটি বিকল্পের মধ্যে যেটি ন্যূনতম।

- বর্তমান বা পূর্ববর্তী নিয়োগকর্তার কাছ থেকে প্রাপ্ত ছুটিতে ভ্রমণের রেয়াতের পরিমাণ,
- ভ্রমণের জন্য ব্যয়িত অর্থের প্রকৃত পরিমাণ। এটি ভ্রমণের প্রকৃতির উপর নির্ভর করে। ভ্রমণের প্রকৃতি অনুসারে এই প্রকল্পটি নিম্নরূপে নির্ণয় করা হয়।

| ভ্রমণের প্রকৃতি | ব্যয়িক ব্যয়িত অর্থের প্রকৃত ছাড়যোগ্য পরিমাণ |
|---|---|
| 1. যদি বিমানে ভ্রমণ করা হয় | সাধারণ শ্রেণির বিমান ভাড়া। |
| 2. যদি রেলো ভ্রমণ করা হয় | সর্বাপেক্ষা কম দূরত্ব অনুযায়ী প্রথম শ্রেণির বাতানুকূল রেল ভাড়া বা প্রকৃত ভাড়া বাবদ খরচ। |
| 3. রেলপথে যোগাযোগ থাকলেও বিমান ছাড়া অন্য কোনও মাধ্যমে যদি ভ্রমণ করা হয়। | এই দুটির মধ্যে যেটি কম। একই নিয়ম। |
| 4. যদি ভ্রমণের স্থানগুলি বা অংশ বিশেষ রেলপথে যোগাযোগ না থাকে— | |
| (a) যেখানে স্বীকৃত বেসরকারি যাতায়াত ব্যবস্থা আছে। | (a) সর্বাপেক্ষা কম দূরত্ব অনুযায়ী প্রথম শ্রেণির বা বিলাসপ্রদ শ্রেণির ভাড়া বা প্রকৃত ভাড়া বাবদ খরচ, এই দুটির মধ্যে যেটি কম। |
| (b) যেখানে কোন স্বীকৃত বেসরকারি যোগাযোগ ব্যবস্থা নেই। | (b) সর্বাপেক্ষা কম দূরত্ব অনুযায়ী প্রথম শ্রেণির বাতানুকূল রেলভাড়া বা প্রকৃত ভাড়া বাবদ খরচ, এই দুটির মধ্যে যেটি কম। |

- ব্যাখ্যা : 1. পরিবার বলতে বোঝায় নির্ধারীর স্বামী বা স্ত্রী, ছেলেমেয়ে বা তাঁর উপর নির্ভরশীল বাবা, মা, ভাই-বোনেরা।
2. চার পঞ্জিকা বছরের এক একটি খণ্ডে (যেমন 1990-92, 1994-97, 1996-2001, 2002-2005, 2006-2009 প্রভৃতি) মোট দুবার ভ্রমণের জন্য এই ছাড় পাওয়া যাবে।
3. যদি কোনও নির্ধারী চার বছরের এক একটি খণ্ডের এই ভ্রমণ রেয়াত ভোগ না করে থাকেন এবং সেই রেয়াত পরবর্তী খণ্ডের প্রথম পঞ্জিকা বছরেই ভোগ করেন তবে সেই ভ্রমণ পূর্ববর্তী খণ্ডের হিসাবেই ছাড়যোগ্য হবে।

4A.4 বিভিন্ন ভাতা

4A.4.1 বাড়িভাড়া ভাতা

ধারা 10(13A) অনুযায়ী কর ছাড় পাওয়ার পর নিয়োগকারীর কাছ থেকে প্রাপ্ত বাড়িভাড়া ভাতার অবশিষ্টাংশ কর্মচারী বেতন খাতে আয়ের সঙ্গে যুক্ত করা হয়। ধারা 10(13A) এবং বিধি 2A অনুসারে নীচের বিকল্প তিনটির মধ্যে যেটি পরিমাণে ছোটো হবে সেটি নির্ধারী ছাড় পাবেন।

- বাড়িভাড়া ভাতার প্রকৃত পরিমাণ,
- বেতনের 10%-র অতিরিক্ত প্রদত্ত বা প্রদেয় ভাড়া (Rent paid—10% of salary)।
- বেতনের 50% অথবা 40%।

- ব্যাখ্যা : (1) নির্ধারী নিজের বাড়িতে থাকলে তিনি কোনও ছাড় পাবেন না অর্থাৎ সম্পূর্ণ অংশই করযোগ্য।
(যদি এই ভাতা অবসরকালীন সুবিধা নির্ণয়ের সময় বিবেচিত হয়)
- (2) বেতন বলতে বোঝায় বেসিক + ডি. এ. + বিক্রয়ের উপর সুনির্দিষ্ট হারে প্রাপ্ত দস্তুরি
- (3) 50% প্রযোজ্য হবে কেবলমাত্র কলকাতা, মুম্বাই, চেন্নাই ও দিল্লির ক্ষেত্রে।

উদাহরণ : 1

From the following particulars calculate the taxable amount of House Rent Allowance.
Basic Salary : Rs. 1,000 p.m.
Dearness allowance : Rs. 500 p.m. (as per terms of employment)
Bonus Rs. 1,00 for the year.
House Rent Allowance : Rs. 800 p.m.
The assessee stays in a rented house at Delhi for which he pays Rs. 875 p.m.

Calculation for taxable amount of H.R.A.

| Particulars | Rs. | Rs. |
|---|-------|------------|
| House Rent Allowance Received Rs. (800×12) | | 9,600 |
| Less. Deduction u/s 10(13A) and rule 2A : | | |
| Least of the following | | |
| (i) Actual amount received | 9,600 | |
| (ii) Rent paid Rs. (875 × 12) 10,500 | | |
| (–) 10% of Salary $\left(18,000 \times \frac{10}{100}\right)$ 1,800 | | |
| | 8,700 | |
| (iii) 50% of Salary Rs. $\left(18,000 \times \frac{50}{100}\right)$ | 9,000 | 8,700 |
| Taxable amount | | 900 |

উদাহরণ : 2

Mr. Roy furnishes the following regarding his salary :

- (i) Basic salary Rs. 11,000 p.m.
(ii) DA Rs. 2,000 p.m.
(iii) Children education allowances (for 3 children) Rs. 400 p.m.
(iv) Reimbursement of medical expenses Rs. 25,000

He was entitled to house rent allowances of Rs. 6,000 p.m. 1st April, 2018 to 31st August, 2018. He was paying a rent of Rs. 7,000 p.m. for a house in Kolkata. From 1st September, 2018, he was provided with an accommodation by the company for which the company was paying the rent of Rs. 5,000 p.m. The company recovers an amount of Rs. 500 p.m. as rent for the accommodation.

Compute the gross salary of Mr. Roy for the assessment year 2019-20.

সমাধান :

Computation of Gross salary of Mr. Roy a resident individual, for the Assessment year 2019-20, relating to the Previous Year 2018-19.

| | Rs. | Rs. |
|--|--------|-----------------|
| Basic Salary (Rs. 11,000 × 12) | | 1,32,000 |
| DA (Rs. 2,000 × 12) | | 24,000 |
| Education Allowance for children (Rs. 400 × 12) | 4,800 | |
| Less : Exempted u/s 10(14) : | | |
| @ Rs. 100 p.m. for maximum of 2 children | 2,400 | 2,400 |
| Reimbursement of Medical Expenses | 25,000 | |
| Less : Exempted upto maximum limit of Rs. 15,000 u/s 17(2) | 15,000 | 10,000 |
| House Rent Allowance | 30,000 | |
| Less : Exempted u/s 10(13A) (see Working 1) | 28,500 | 1,500 |
| Value of Accommodation provided at Concessional Rate (see Working 2) | 13,860 | |
| Less : Recovery of Rent (Rs. 500 × 7) | 3,500 | 10,360 |
| Gross Salary Income | | 1,80,260 |

Workings :

(1) Computation of exempted HRA u/s 10(13A) :

| Minimum of the following exempted : | Rs. |
|---|--------|
| (a) 50% of Rs. (11,000 + 2,000) for 5 months | 32,500 |
| (b) HRA received = Rs. 6,000 × 5 | 30,000 |
| (c) Excess of rent paid over 10% of salary Rs. (35,000-6,500) | 28,500 |

Accordingly, the exemption shall be Rs. 28,500.

(2) Value of rent-free accommodation :

Salary for this purpose is Rs. (11,000 + 2,000 + 200) = Rs. 13,200 × 7 = 92,400. The value of rent-free accommodation shall be 15% of salary i.e., 13,860 or the rent paid by the company i.e., Rs. 5,000 × 7 = Rs. 35,000 whichever is less. The value shall be Rs. 18,480.

4A.4.2. বিশেষ বিশেষ ছাড়যোগ্য ভাতা

1961 সালের আয়কর আইন-এর ধারা 10(14) ও বিধি 2BB অনুসারে কিছু কিছু ভাতার ক্ষেত্রে নিম্নলিখিত পরিমাণ ছাড় পাওয়া যায় :

| ভাতার ধরন | স্থান | সর্বাধিক ছাড়ের পরিমাণ |
|--|---|--|
| কয়লাখনির ভূগর্ভে অস্বাস্থ্যকর ও অপ্রাকৃতিক পরিবেশে কর্মরত কর্মচারীকে প্রদেয় ভূগর্ভ ভাতা | সারা ভারত | মাসিক 800 টাকা |
| সীমান্তবর্তী এলাকা ভাতা বহু দূরবর্তী এলাকা ভাতা কিংবা কষ্টকর এলাকা ভাতা অথবা অশান্ত এলাকা ভাতা হিসাবে কোনও বিশেষ কম্পেনসেটোরি ভাতা। | (a) আন্দামান ও নিকোবর, লাক্ষাদ্বীপ, হিমাচল প্রদেশ, মিজোরাম, জম্মু ও কাশ্মীর এবং উত্তরপ্রদেশ ইত্যাদি রাজ্যের কোনও কোনও স্থানে। (b) অরুণাচল প্রদেশ, নাগাল্যান্ড, মিজোরাম, দক্ষিণ আন্দামান, জম্মু ও কাশ্মীর, হিমাচল প্রদেশ। (c) মিজোরাম আইজল জেলা, মনিপুর, হিমাচল প্রদেশ, জম্মু ও কাশ্মীর এবং ত্রিপুরার কিছু অংশে (d) কর্ণাটকের শিমোগা জেলার যোগ জলপ্রপাত এলাকা। (e) হিমাচল প্রদেশের কুলু জেলা, অসম, মেঘালয় ইত্যাদি স্থানে। | (a) মাসিক 1,300 টাকা (b) মাসিক 1,050 টাকা (c) মাসিক 750 টাকা (d) মাসিক 300 টাকা (e) মাসিক 200 টাকা |
| উপজাতীয় এলাকা ভাতা | মধ্যপ্রদেশ, তামিলনাড়ু, উত্তর-প্রদেশ, কর্ণাটক, ত্রিপুরা, অসম, বিহার, উড়িষ্যা এবং পশ্চিমবঙ্গ। | মাসিক 200 টাকা |
| পরিবহন ব্যবস্থার কাজে কর্মরত কোনও গাড়ি একস্থান থেকে অন্যস্থানে চালিয়ে নিয়ে যাওয়ার সময়ে কর্মচারীর ব্যক্তিগত খরচ মেটানোর জন্য প্রদেয় ভাতা। | সারা ভারতে। | এই ভাতার 70 শতাংশ বা সর্বাধিক মাসিক 6,000 টাকা। |

| ভাতার ধরন | স্থান | সর্বাধিক ছাড়ের পরিমাণ |
|---|--|---|
| সন্তানদের শিক্ষাভাতা | সারা ভারতে | শিশু প্রতি মাসিক 100 টাকা হিসাবে সর্বাধিক দুটি শিশু পর্যন্ত |
| কোনও কর্মচারীকে তার সন্তানের হস্টেলে খরচ মেটানোর জন্য প্রদেয় ভাতা। | সারা ভারতে | শিশু প্রতি মাসিক 300 টাকা সর্বাধিক দুটি সন্তান পর্যন্ত |
| বাড়ি থেকে অফিসে যাতায়াতের জন্য পরিবহন ভাতা। | সারা ভারতে | মাসিক 1,600 টাকা। |
| বাড়ি থেকে অফিস যাতায়াতের জন্য অথবা খোঁড়া কর্মচারীকে প্রদেয় পরিবহন ভাতা | সারা ভারতে | মাসিক 3,200 টাকা। |
| Composite Hill Compensatory Allowance or High Altitude Allowance or Uncongenial Climate Allowance or Snow-bound Area Allowance or Avalanche Allowance | 1. (a) মনিপুর : মোলান (b) অরুণাচল প্রদেশ : (i) কামেং; (ii) উত্তরপূর্ব অরুণাচল প্রদেশের কমপক্ষে 9,000 ফুট উচ্চতা বিশিষ্ট এলাকা; (iii) সিয়াং ও সুবানসারী সেক্টরের পূর্ব ও পশ্চিম অংশ। (c) সিকিম : (i) ছোটেন-এর উত্তর-পূর্বাংশ লুচং ও বেরলুক; (i) কমপক্ষে 9,000 ফুট উচ্চতা-বিশিষ্ট অন্যান্য এলাকা; (d) উত্তরাখন্ড : হরসিল, মানা এবং মালারি এবং 9,000 ফুট ও ততোধিক উচ্চতা বিশিষ্ট এলাকা; (e) হিমাচল প্রদেশ : (i) কল্পা, প্পিত্তি, লাহুল এবং তিসা; (ii) কমপক্ষে 9,000 ফুট উঁচু অন্যান্য এলাকা। (f) জম্মু ও কাশ্মীর : (i) শইখরা ও পিন্ডি গ্রামগুলির উত্তরাংশ; | মাসিক 800 টাকা। |

| ভাতার ধরন | স্থান | সর্বাধিক ছাড়ের পরিমাণ |
|-----------|---|--------------------------------------|
| | (ii) ডোডা, সনক এবং ফুট 9.000 উঁচু অন্যান্য অঞ্চল; (iii) কুদ-দুদু, বাস্ট-গড়, বিল-ওয়ার, বাতোত এবং পানিটপ, (iv) লেহ জেলার জোজিলা-লে অঞ্চল, (v) গুলমার্গ, (vi) উরি দক্ষিণ, (vii) বাজ, (viii) তাং ধর; (ix) করণ ও মাছাল সাব-সেক্টর, এবং (x) পান্জগাম, ক্রেহ্গম ও দুগমুল। II জম্মু ও কাশ্মীরের সিয়া-চিন এলাকা III অন্যান্য, মিটার উচ্চতা বিশিষ্ট অঞ্চল | মাসিক 7,000 টাকা। মাসিক 300 টাকা। |

4A.4.3. সম্পূর্ণ করযোগ্য ভাতা

কয়েকটি ভাতা আছে যগুলির ক্ষেত্রে কোনও কর ছাড় পাওয়া যায় না, অর্থাৎ সম্পূর্ণ অংশ করযোগ্য। এইরূপ কয়েকটি ভাতা হল—

- মহার্ঘ ভাতা (Dearness Allowance)
- নগর ক্ষতিপূরণ ভাতা (City Compensatory Allowance)
- নগরে প্রাপ্ত চিকিৎসা ভাতা (Medical Allowance)
- বিবাহ ভাতা (Marriage Allowance)
- ভৃত্য ভাতা (Servent Allowance)
- কৌমার্য ভাতা (Bachelor Allowance)
- প্রকল্প ভাতা (Project Allowance)
- এছাড়া যে কোনও ভাতা যা করমুক্ত নয়।

4A.4.4 বেতন পূরক [ধারা 17(2)]

বেতন পূরণের সংজ্ঞা সঠিকভাবে দেওয়া কঠিন, তবে বেতন পূরণের সংজ্ঞা হিসাবে বলা যায় বেতন বা মজুরির সঙ্গে সংযোজিত বিভিন্ন সুযোগ-সুবিধা যা কর্মচারীটি তার নিয়োগকারীর কাছ থেকে চাকুরির শর্ত হিসাবে পেয়ে থাকে। বেতনপূরক নগদে বা অন্য কোনও প্রকারে দেওয়া হতে পারে। এটি দুই প্রকার— করমুক্ত ও করযোগ্য।

● **করমুক্ত বেতন পুরক :**

1. নিয়োগকারী কর্তৃক প্রতিষ্ঠিত হাসপাতাল ও ঔষধখানা অথবা সরকারি হাসপাতাল অথবা আয়কর কর্তৃপক্ষ অনুমোদিত কোনও বেসরকারি হাসপাতাল থেকে কর্মচারীকে ও তাঁর পরিবারবর্গকে প্রদত্ত চিকিৎসার সহায়তা।
2. কর্মচারী তাঁর পরিবারবর্গের অসুস্থতার জন্য উপরে উল্লেখিত স্থান ব্যতিত অন্যত্র চিকিৎসার সমস্ত প্রকার ব্যবস্থা করলে নিয়োগকারী কর্তৃক প্রদত্ত অর্থ 15,000 টাকা পর্যন্ত করমুক্ত।
3. অফিসের কাজের সময় সরবরাহকৃত জলখাবার।
4. নিয়োগকারী কর্তৃক কর্মচারীদের জন্য বিনোদনমূলক সুবিধাসমূহ।
5. নিয়োগকারী কর্তৃক কর্মচারীদের প্রশিক্ষণের জন্য ব্যয়িত অর্থ।
6. নিয়োগকারী প্রদত্ত কর্মচারীর বাসগৃহে স্থাপিত টেলিফোনের খরচ। [CIT Vs Hindusthan Commerical Bank Ltd].
7. নিয়োগকারী কর্তৃক কর্মীদের সমবেত বিমা (Group Insurance) প্রকল্পের কিস্তি প্রদান।
8. নিয়োগকারী কর্তৃক কর্মচারীদের অফিসে ও আবাসনের মধ্যে বিমা ব্যয়ে যাতায়াতের ব্যবস্থা করা।
9. নিয়োগকারী মালিকানাধীন/পরিচালনাধীন কোনও শিক্ষা প্রতিষ্ঠানে কর্মচারীর ছেলেমেয়ের বিমা ব্যয়ে পড়াশুনোর সুযোগ সম্ভান-পিছু মাসিক 1,000 টাকা পর্যন্ত খরচ করমুক্ত।
10. উচ্চ আদালতে বা সর্বোচ্চ আদালতের বিচারপতিদের বিনাভাড়া বাসস্থানের সুবিধা ভোগ ইত্যাদি।
11. বার্ষিক 5,000 টাকা পর্যন্ত উপহার সামগ্রী।
12. বিনা সুদে বা কম সুদে 20,000 টাকা পর্যন্ত ঋণ দান।
13. নিয়োগকারী কমপক্ষে 10 বছর ব্যবহারের পর কোনও স্থানান্তর যোগ্য সম্পত্তি (Computer, electronic items এবং car-ব্যতিত) বিনামূল্যে কর্মচারীকে প্রদান করা।
14. বদলির ক্ষেত্রে নতুন স্থানে সর্বাধিক 15 দিন পর্যন্ত হোটেলে থাকার ব্যয় নিয়োগকারী কর্তৃক প্রদান।
15. কেন্দ্রীয় সরকারের নির্দেশিকার অধীন গৃহীত পরিকল্পনা অনুসারে নিয়োগকারী কোম্পানি কর্তৃক তার কর্মচারীদের বিনামূল্যে বা সস্তায় শেয়ার, ডিবেঞ্চার ইত্যাদি বিক্রয়।
16. নিয়োগকারী কর্তৃক উৎপাদিত পণ্য কর্মচারীর কাছে সস্তায় বিক্রয় করা।
17. কাজের সময়কালে বিনামূল্যে মধ্যাহ্নভোজের ব্যবস্থা করা অথবা হস্তান্তর-অযোগ্য রসিদের মাধ্যমে একত্রে ভোজের ব্যবস্থা করা। উভয়ক্ষেত্রে প্রতিজনে প্রতিভোজ 50 টাকা পর্যন্ত করমুক্ত।
18. দূরবর্তী স্থানে (remort area) অথবা নদী/সমুদ্রবক্ষে কাজ করার সময় বিনামূল্যে ভোজনের ব্যবস্থা এবং বাসস্থানের ব্যবস্থা।

19. নিয়োগকারী কর্তৃক কর্মচারীর ব্যক্তিগত দুর্ঘটনা বিমার চাঁদা প্রদান করা।
20. অফিস ও ব্যক্তিগত প্রয়োজনে ব্যবহারের জন্য কর্মচারীকে কমপিউটার/ল্যাপটপ প্রদান করা (মালিকানা প্রদান নয়)।
21. কাজের প্রয়োজনে কর্মচারীকে সাময়িক পত্র-পত্রিকা সরবরাহ করা।

● **করযোগ্য বেতন পূরকঃ**

1. নিয়োগকারী কর্তৃক নির্ধারীকে প্রদত্ত ভাড়াহীন বাসস্থানের মূল্য [ধারা 17(2) (i) বিধি 3(a)]
2. নিয়োগকারী ব্যবস্থিত বাসস্থানের ভাড়ার ব্যপারে রেয়াত করলে রেয়াতের মূল্য [ধারা 17 (2) (i) বিধি 3(b)]
3. নিয়োগকারী কর্তৃক প্রদত্ত মোটরগাড়ি বা মোটরগাড়ির খরচ [ধারা 17(2), বিধি 3(c)]
4. বিনাব্যয়ে গ্যাস, বিদ্যুৎ, জল প্রভৃতি [ধারা 17(2)(iii)]
5. বিনাব্যয়ে শিক্ষার সুবিধাসমূহ [ধারা 17(2) (iii)(iv)]
6. বিনাব্যয়ে পরিবহনের সুবিধাসমূহ [ধারা 17(2)(iii)]
7. বিনাব্যয়ে আসবাবপত্রের ব্যবহার।
8. নিয়োগকারী কর্তৃক বাড়িদার, মালী, পাহারাদার ও গৃহভৃত্য ইত্যাদির ব্যবস্থা।
9. নিয়োগকারী কর্তৃক নির্ধারীত জীবন-বিমার কিস্তির টাকা প্রদান [ধারা 17(2)(v)]
10. নিয়োগকারী কর্তৃক ক্লাবের বিল প্রদান [ধারা 17(2)(iv)]
11. নিয়োগকারী কর্তৃক কর্মচারীর পেশা কর প্রদান।

4A.4.5 নিম্ন-আয়ভুক্ত কর্মচারী (Low paid employee)

কোনও কর্মচারী “বেতনখাতে আয়” (নগদ অর্থে প্রদত্ত নয় এইরূপ বেতন পূরক বাদে) 1,00,000 টাকা অথবা তার থেকে কম হলে ওই ব্যক্তিকে নিম্ন-আয়ভুক্ত কর্মচারী বলা হবে। এই 1,00,000 টাকার সীমা নির্ধারণের ক্ষেত্রে নিম্নলিখিতগুলি বিবেচিত হবে না অথবা বাদ দিতে হবে—

- (a) নগদ অর্থ প্রদত্ত নয় এইরূপ সুবিধা
- (b) ভাতা ও নগদ সুবিধা যা আয়কর আইনের 10 ধারা অনুযায়ী করমুক্ত;
- (c) আয়কর আইনের 16(ii) এবং (iii) ধারা অনুযায়ী প্রাপ্য ছাড়।

পরবর্তী বছরে একাধিক নিয়োগকারীর কাছ থেকে বেতন পাওয়া গেলে তার সমষ্টি এই সীমা নির্ধারণে বিবেচিত হবে।

● স্বতন্ত্রীকৃত কর্মচারী (Specified Employee)

একজন কর্মচারীকে স্বতন্ত্রীকৃত কর্মচারী বলা হবে যদি তিনি নীচের শর্তগুলির যে-কোনও একটি পূরণ করেন—

- তিনি এই কোম্পানির একজন (Director) অধিকর্তা অথবা,
- ওই কোম্পানি তার প্রভূত স্বার্থে আছে অর্থাৎ যে কোম্পানিতে তিনি নিযুক্ত আছেন সেখানে তিনি অন্তত 20% ভোটদানের ক্ষমতা বিশিষ্ট ইকুইটি শেয়ারের মালিক অথবা,
- তঁার 'বেতন খাতে আর্থিক আয় 50,000 টাকা ছাড়িয়ে গেছে। এক্ষেত্রে আর্থিক আয় নির্ণয় করতে হলে কেবলমাত্র নগদে প্রদত্ত বেতনপূরক নেওয়া হবে এবং ধারা 10(13A), 10(14) 16(ii) 16(iii) ও অনুযায়ী ছাড় বাদ দেওয়া হবে।

● কর্মচারীর বিভিন্নতার উপর নির্ভরশীল বেতনের করযোগ্যতা :

| বেতন পূরক | 2019-20 কর-নির্ধারণ বছরের ক্ষেত্রে প্রযোজ্য | |
|--|--|--------------------------|
| | স্বতন্ত্রীকৃত কর্মচারী | অ-স্বতন্ত্রীকৃত কর্মচারী |
| 1. ভাড়াহীন বাসস্থান-আসবাবপত্রযুক্ত বা আসবাব পত্রহীন। | করযোগ্য | করযোগ্য |
| 2. নিয়োগকর্তা কর্তৃক প্রদত্ত নির্ধারিত ব্যবহারের জন্য মোটরগাড়ি—(ব্যক্তিগত অথবা ব্যক্তিগত ও অফিসের কাজের জন্য) খরচ নিয়োগকর্তা বা নির্ধারিত মেটাতে পারেন। | করযোগ্য | করযোগ্য নয় |
| 3. গাড়িটির মালিক নির্ধারী নিজেই, সমস্ত খরচ নিয়োগকর্তা বহন করেন—ব্যক্তিগত অথবা উভয় উদ্দেশ্যেই ব্যবহার করা হয়। | করযোগ্য | করযোগ্য |
| 4. (a) বিনা ব্যয়ে গ্যাস, বিদ্যুৎ ও জল সরবরাহ। (b) গ্যাস, বিদ্যুৎ ও জলের জন্য নির্ধারিত ব্যয় করলেও নিয়োগকর্তা পরে তা বহন করেন। | করযোগ্য করযোগ্য | করযোগ্য নয় করযোগ্য |
| 5. বিনা ব্যয়ে শিক্ষার সুবিধা (a) নিয়োগকর্তা কর্তৃক বিদ্যালয়ের ফী প্রদান বা কর্মচারীর পরিবারের সদস্যদের শিক্ষা বাবদ খরচা প্রদান। (খ) নিয়োগকর্তার নিজস্ব প্রতিষ্ঠানে বিনা ব্যয়ে শিক্ষার ব্যবস্থা। | করযোগ্য করযোগ্য | করযোগ্য করযোগ্য নয় |

| বেতন পুরক | 2019-20 কর-নির্ধারণ বছরের ক্ষেত্রে প্রযোজ্য | |
|---|--|-----------------------|
| | স্বত্বীকৃত কর্মচারী | অ-স্বত্বীকৃত কর্মচারী |
| 6. বিনাব্যয়ে পরিবহনের সুবিধাসমূহ | করযোগ্য | করযোগ্য নয় |
- (ii) (d) is lower than (c) partly for vacancy & partly for
other factors (at lower rent / unrealized rent).....(c) less loss due
to vacancy will be the GAV.
- (iii) (d) is lower than (c) because of factors other
than vacancy (c) will be the GAV.

4B.4.2 সম্পূর্ণভাবে নিজের বসবাসের জন্য গৃহসম্পত্তির বার্ষিকমূল্য

মালিক বসবাসের জন্য যখন একটি সম্পূর্ণ গৃহসম্পত্তি ব্যবহার করেন এবং পূর্ববর্তী বছরের কোনও সময়ের জন্য ভাড়া দেওয়া না হয়ে থাকে বা অন্য কোনও সুবিধা ভোগ করেননি তবে ওই গৃহসম্পত্তিটির বার্ষিক মূল্য শূন্য হবে [ধারা 23(2)(a)]। ধারা 24(b) অনুসারে কেবলমাত্র ঋণের উপর সুদ ছাড়া পাওয়া যাবে।

● পূর্ববর্তী বছরের কিছু সময় নির্ধারী নিজের আবাসের জন্য সম্পত্তিটি ব্যবহার করেন ও বাকি সময়ের জন্য ভাড়া দেন : [ধারা 23(2)(a)]

একটি বাড়ি বা আবাসিক একক পূর্ববর্তী বছরের কিছু সময় নির্ধারী কর্তৃক নিজের আবাসের জন্য ব্যবহৃত হয় আর বাকি সময় ভাড়া দেওয়া হয়েছে বলে ধরে নিয়ে [ধারা 23(1)] ধারা অনুযায়ী নির্ণয় করতে হবে।

নিজের বসবাসের জন্য কোনোরূপ [23(2)(a) ধারা অনুসারে] ছাড় বা সুবিধা পাওয়া যবে না।

যেখানে মালিকের বসবাসের জন্য তার ভোগদখলে একাধিক গৃহসম্পত্তি থাকে সেক্ষেত্রে তার ইচ্ছা অনুসারে কেবল একটি বাড়ির বার্ষিক মূল্য শূন্যরূপে ধরা হয় [ধারা 23(4)]। মালিকের ভোগদখলে থাকা অন্যান্য বাড়িগুলির বাৎসরিক আয় [ধারা 23(1)] অনুসারে “ভাড়া দেওয়া হয়েছে ধরে নিয়ে” নির্ণয় করতে হবে [ধারা 23(1)(c)]

4B.4.3 নির্দিষ্ট কারণে পূর্ববর্তী বছরে মালিকের ভোগ দখলে থাকা বাড়িটি খালি থাকলে তার বার্ষিক মূল্য

গৃহসম্পত্তি মালিকের ভোগদখলে থাকলেও পূর্ববর্তী বছরে খালি থাকলে নিম্নলিখিত শর্তপূরণ সাপেক্ষে বাড়িটির বার্ষিক মূল্য শূন্য হবে [ধারা 23(2)(b)]

- নির্ধারী মালিকানায় কেবলমাত্র একটি বাড়ি আছে।
- তিনি চাকুরি, ব্যবসায় বা পেশার প্রয়োজনে অন্য কোনও স্থানে ছিলেন।
- অন্য স্থানে তিনি যেখানে ছিলেন তিনি সেই বাড়ির মালিক নন।
- বাড়িটি প্রকৃতপক্ষে ভাড়া দেওয়া হয়নি।
- তিনি ওই বাড়ি থেকে অন্য কোনও সুবিধা পান নি।

4B.5 বার্ষিক মূল্য থেকে ছাড়সমূহ [ধারা 24]

নিট বার্ষিক মূল্য থেকে নিম্নলিখিত দুটি ছাড়া পাওয়া যাবে—

- প্রমিত ছাড় (Standard Deduction) এবং
- ঋণ করা মূলধনের উপর সুদ (Interest on borrowed capital)

নির্ধারী তাঁর গৃহসম্পত্তির জন্য যাই খরচ করুন না কেন নিট বার্ষিক মূল্যের 30 শতাংশ প্রমিত ছাড় পাবেন।

- **প্রমিত ছাড় [ধারা 24(a)] :** নির্ধারী তাঁর গৃহসম্পত্তির জন্য যাই খরচ করুন না কেন নিট বার্ষিক মূল্যের 30 শতাংশ প্রমিত ছাড় পাবেন।
- **ঋণ করা মূলধনের উপর সুদ [ধারা 24(b)] :** ঋণ করা মূলধনের উপর সুদ প্রকৃত প্রদত্ত না হলেও ছাড় পাওয়া যাবে যদি ওই মূলধন জমি ও গৃহ সম্পত্তি ক্রয়, নির্মাণ, সারানো বা পুনর্নির্মাণের জন্য ঋণ করা হয়ে থাকে। তবে এক্ষেত্রে নিম্নলিখিত বিষয়গুলি মনে রাখবেন—
 - কোনও একটি বছরে সুদের অর্থ প্রদত্ত না হলেও অর্থাৎ বাকি থাকলেও ছাড় পাওয়া যাবে।
 - অপ্রদত্ত সুদের উপর সুদ ছাড় পাওয়া যাবে না (Shew Kissen Bhatte Vs. CIT)
 - ওই ঋণ সংগ্রহের জন্য কোনও দানালি বা কমিশন ছাড় পাওয়া যাবে না।
 - উপরে উল্লিখিত উদ্দেশ্যের জন্য নেওয়া ঋণ পরিশোধের জন্য নতুন ঋণ নেওয়া হলে, ওই নতুন ঋণের উপর প্রদত্ত বা প্রদেয় সুদও ছাড় পাওয়া যাবে।

সম্পূর্ণভাবে নিজে বসবাসের জন্য যে গৃহসম্পত্তির বার্ষিক মূল্যায়ন 23(2)(a) ধারা অনুসারে করা হয় তার ক্ষেত্রের কেবলমাত্র সুদের জন্য 24(b) ধারার ছাড় হবে।

এখানে ধারা 24(b) অনুসারে নিম্নলিখিতভাবে নির্ধারী ছাড় পাবেন—

● নিজ বসবাসের জন্য গৃহসম্পত্তির ক্ষেত্রে 1999 সালের 1লা এপ্রিল বা তার পর মূলধন ঋণ করা হলে সর্বোচ্চ 2,00,000 টাকা যদি ঐ সম্পত্তির অধিগ্রহণ বা নির্মাণ কার্য সম্পন্ন হয় যে অর্থবৎসরে ঋণ নেওয়া হয়েছে তার শেষ হওয়ার 5 বৎসরের মধ্যে। অন্যান্য ক্ষেত্রে এই ছাড়ের পরিমাণ সর্বাধিক 30,000 টাকা।

● ভাড়া দেওয়া গৃহসম্পত্তির ক্ষেত্রে ঋণকৃত মূলধনের উপর প্রদেয়/প্রদত্ত সুদ পুরোপুরি ছাড়যোগ্য। যদি এই সুদের পরিমাণ ঐ সম্পত্তির বার্ষিক মূল্যের থেকে বেশি হয়, সেক্ষেত্রে এই বাবদ ক্ষতি সর্বাধিক 2,00,000 টাকা পর্যন্ত নির্ধারীর অন্যান্য আয় থেকে প্রতিসাদন (setoff) করা যাবে।

● নির্মাণকার্য সম্পন্ন হওয়ার পূর্বের সময়ের সুদ :

গৃহসম্পত্তি নির্মাণ সম্পন্ন হওয়ার পূর্বের আর্থিক বছরগুলিতে গৃহসম্পত্তিটির জন্য সংগৃহীত ঋণের উপর প্রদেয়/প্রদত্ত সুদের সমষ্টি যে বছর গৃহসম্পত্তির নির্মাণকার্য সম্পূর্ণ হয়ে তা ব্যবহারযোগ্য হয়েছে সে বছর থেকে পরবর্তী পাঁচ বছর এক-পঞ্চমাংশ করে ছাড় পাওয়া যাবে। সুতরাং গৃহসম্পত্তির প্রথম পাঁচ বছর সুদ বাবদ ছাড়ের পরিমাণ হবে বকেয়া ঋণের উপর বর্তমান বছরের প্রদেয় সুদ + নির্মাণ চলাকালীন বছরগুলির সুদের সমষ্টির এক-পঞ্চমাংশ।

● অনাদায়ী ভাড়া (Unrealised Rent) [Explanation to Sec.23(1)] :

নির্ধারী তার ভাড়াটির কাছ থেকে ভাড়া আদায়ে অসমর্থ হলে ওই অনাদায়ী ভাড়া “ভাড়ার মূল্য” (Rental Value) থেকে বাদ দিয়ে ‘প্রকৃত প্রাপ্য/প্রাপ্ত ভাড়া’ স্থির হবে, যদি নিম্নলিখিত শর্তগুলি পূরণ হয়—

- একটি লিখিত চুক্তি অনুযায়ী বাড়িটি ভাড়া দেওয়া হয়েছে।
- খেলাপকারী ভাড়াটিয়া বাড়ি ছেড়ে দিয়েছেন বা তাকে বাড়িটি ছেড়ে দিতে বাধ্য করার জন্য ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।
- ভাড়াটির ভোগদখলে নির্ধারীর অন্য কোনও সম্পত্তি নেই।
- অপ্রদত্ত ভাড়া আদায়ের জন্য করদাতা আইনানুগ মামলা রুজু করতে সমস্ত রকমের যুক্তিসঙ্গত ব্যবস্থা নিয়েছেন অথবা “খেলাপকারী ভাড়াটির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নিয়ে কোনও লাভ নেই” এ ব্যাপারে আয়কর দপ্তরের নির্ধারণকারী অফিসারকে যুক্তি দ্বারা সন্তুষ্ট করা

4B.5.1 বকেয়া ভাড়া বা অনাদায়ী ভাড়া বাবদ ছাড় [ধারা 25A]

যদি কোনও পূর্ববর্তী বছরের বকেয়া ভাড়া বা অনাদায়ী ভাড়া কোন পরবর্তী বছরে আদায় করা হলে তা সেই প্রাপ্তি সংশ্লিষ্ট পূর্ববর্তী বছরে করযোগ্য আয় হবে [ধারা 25A]। এক্ষেত্রে আদায়ীকৃত অর্থ থেকে আদায়ীকৃত অর্থের 30 শতাংশ ছাড় দেওয়া হবে।

অনাদায়ী ভাড়া আদায়ের সময় করদাতার উক্ত বাড়ির মালিক থাকা বাধ্যতামূলক নয়।

4B.6 গৃহসম্পত্তি থেকে আয় খাতে করযোগ্য আয় নির্ণয়

Computation of Income from House Property of Mr. X, a resident individual for the Assessment year 2019-2020 relating to the previous year 2018-2019.

| Particulars | Rs. | Rs. |
|---|-----|-----|
| □ Let out Property : | | |
| Gross Annual Value : | | |
| Step – I : (a) Gross Municipal Value or | ** | |
| (b) Fair rent or National Value | ** | |
| –whichever is higher subject to maximum of "Standard Rent" where applicable. | | ** |
| Step – II (c) Amount from Step – I | | |
| (d) Actual Rent Received or Receivable | ** | |
| [Annual Rental Value (–)Unrealised Rent] | ** | |
| –Whichever is higher | | ** |
| Step –III : In case of Vacancy, Amount calculated in Step –II will be reduced as follows for determining Gross Annual Value – Amount calculated from Step II (–) $\text{Annual Rental Value} \times \frac{\text{Vacancy Period}}{12}$ | | |
| Less : Municipal Tax paid by the Assessee | | *** |
| NET ANNUAL VALUE ; | | *** |
| Less Deduction u/s 24 | | |
| (i) Standard Deduction u/s 24 (a) | ** | |
| (ii) Interest on borrowed Capital u/s 24(b) | ** | *** |
| | | *** |
| ● Arrear or Unrealised Rent Recovered u/s 25 (A) : | | ** |
| Less : Deduction u/s @ 30% of amount recovered | ** | *** |
| Income from Let out house-property | | ** |

| | | |
|-----------------------------------|-----|------------|
| □ Self-Occupied Property : | | |
| Annual Value u/s 23(2)(a) | Nil | |
| <i>Less.</i> Deduction u/s 24 | | |
| Interest on loan u/s 24 (b) | (-) | (-) |
| Income from House property | | *** |

1. Municipal tax and other Service Taxes paid by the assessee for the current year including arrear tax paid during the current year are allowed as deduction. Tax paid by the tenant, outstanding tax and tax paid in advance during the current year are not allowed as deduction.

উদাহরণ : 1

From the following Particulars Compute the Gross Annual Value for the A.Y. 2021-22.

| | HP1 | HP2 | HP3 | HP4 |
|--------------------------|------------|------------|------------|------------|
| | Rs. | Rs. | Rs. | Rs. |
| Municipal Value (a) | 1,05,000 | 1,05,000 | 1,05,000 | 1,05,000 |
| Fair Rent (b) | 1,07,000 | 1,07,000 | 1,07,000 | 1,07,000 |
| Standard Rent (c) | NA | 88,000 | 88,000 | 1,35,000 |
| Actual Rent received (d) | 1,02,000 | 1,12,000 | 80,000 | 1,20,000 |

সমাধান :

Computation of Gross Annual value for the Assessment year 2021-22

| | HP1 | HP2 | HP3 | HP4 |
|---|------------|------------|------------|------------|
| | Rs. | Rs. | Rs. | Rs. |
| Step I : (a) or (b) whichever is higher but subject to (c) | 1,07,000 | 88,000 | 88,000 | 1,07,000 |
| Step II : If (d) is more than the value of Step I, (d) will be taken as Gross Annual Value (d) | | 1,12,000 | | 1,20,000 |
| ∴ Gross Annual Value | 1,07,000 | 1,12,000 | 88,000 | 1,20,000 |

উদাহরণ : 2

Find out the Gros Annual Value of the House Properties for the Assessment year 2021-22
(in Rs. '000)

| | H ₁ | H ₂ | H ₃ | H ₄ |
|---|----------------|----------------|----------------|----------------|
| Municipal value (a) | 60 | 60 | 60 | 112 |
| Fair Rent (b) | 68 | 68 | 68 | 117 |
| Standard Rent (c) | 62 | 62 | 70 | 115 |
| Actual Rent (d) | 66 | 66 | 72 | 120 |
| Unrealised rent of Previous year 2020-21 which could not be realised (e) | 2 | 6 | 5 | 50 |

সমাধান :

Computation of Gross Annual Value for the Assessment year 2021-22

| | H ₁ | H ₂ | H ₃ | H ₄ |
|---|----------------|----------------|----------------|----------------|
| Step -I : (a) or (b) whichever is higher but subject to max (c) | 62 | 62 | 68 | 115 |
| Step -II : If (d) – (e) [rent received after excluding unrealised rent] is higher than the amount deter-mined in step I, then (d)–(e) will be taken. If (d)–(e) is less. Step II is not required (d) – (e) | 64 | 60 | 67 | 70 |
| ∴ Gross Annual Value | 64 | 62 | 68 | 115 |

উদাহরণ : 3

From the following particulars compute the Gross Annual Value of the Assessment year 2021-22

| | (in Rs. '000) | | |
|--------------------------|---------------|-------|-------|
| | H_1 | H_2 | H_3 |
| Municipal Value (a) | 60 | 62 | 60 |
| Fair Rent (b) | 65 | 67 | 64.5 |
| Standard Rent (c) | 59.5 | 59 | 63 |
| Actual Rent (d) | 72 | 57 | 72 |
| Vacant Period (in month) | 1 | 2 | 5 |

সমাধান :

Computation of Gross Annual Value for the Assessment year 2021-22

| | (Rs. in '000) | | |
|--|---------------|----------|----------|
| | H_1 | H_2 | H_3 |
| Step-I : (a) or (b) whichever is higher but subject to maximum of (c) | 59.5 | 59 | 63 |
| Step-II : If (d) is higher than the amount determined in step I the (d) will be the G.A.V. (d) Whichever is higher | 72 72 | 57 59 | 72 72 |
| Step-III : If property remains Vacant, then the reduction in the gross annual value due to vacancy shall be deducted & after excluding such amount the balancing amount is taken as Gross Annual Value. | | | |
| Rs. $72,000 - \left(72,000 \times \frac{1}{12}\right)$; Rs. $\left(59,000 - 57,000 \times \frac{2}{12}\right)$ | 66 | 49.5 | 42 |
| Rs. $72,000 - \left(72,000 \times \frac{5}{12}\right)$ | | | |
| \therefore Gross Annual Value | 66 | 49.5 | 42 |

উদাহরণ : 4

Arun Ghosh has occupied three houses for his residential Purposes, Particulars of which are as follows :

| | H-1 Rs. | H-2 Rs. | H-3 Rs. |
|---------------------|------------|------------|------------|
| Municipal Valuation | 10,000 | 30,000 | 30,000 |
| Fair Rent | 18,000 | 18,000 | 35,000 |
| Standard Rent | 15,000 | 20,000 | – |
| Municipal Tax paid | 1,200 | 2,400 | 3,600 |
| Repairs | 400 | – | 200 |
| Ground Rent | 2,000 | 1,000 | 500 |

Arun borrows Rs. 30,000 @20% p.a. for Construction of House –3 (date of borrowing June 1. 2010) Construction of all houses is completed in May 2018.

Compute the taxable income for the Assessment year 2019-20.

সমাধান :

Here Arun has occupied three houses for his residential purposes, only one house will be treated as self-occupied property and the other two houses will be treated as "deemed to be let-out property." Here we have assumed that House–3 is self-occupied.

Computation of taxable income of Mr. Arun Ghosh, a resident individual for the Assessment year 2019-20 relating to the Previous year 2018 –19.

| Particulars | Rs. | Rs. | Rs. |
|--|--------|--------|-------|
| H-1 : | | | |
| Reasonable Expected Rent: | | | |
| Municipal Value | 10,000 | | |
| Fair Rent | 18,000 | | |
| Maximum of above two | 18,000 | | |
| Standard Rent | | | |
| Gross Annual Value | 15,000 | | |
| (Reasonable Expected Rent subject to max. of Rs. 15,000) | 15,000 | | |
| Less. Municipal Tax | 1,200 | | |
| | | 13,800 | |
| Net Annual Value | | | |
| Less. Deduction u/s 24 | | 13800 | |
| Standard Deduction u/s 24 (a) | | 4,140 | |
| (30% of Rs. 13,800) | | | |
| Inome from House –1 | | | 9,660 |

| | | | |
|---|--------|--------|------------|
| H-2 | | | |
| Reasonable Expected Rent: | | | |
| Municipal Value | 30,000 | | |
| Fair Rent | 18,000 | | |
| Maximum of above two | 30,000 | | |
| Standard Rent | 20,000 | | |
| Gross Annual Value (Reasonable Expected Rent subject to max. of Rs. 20,000) | 20,000 | | |
| Less. Municipal Tax | 2,400 | | |
| Net Annual Value | | 17,600 | |
| Less. Standard Deduction u/s 24(a) (30% of Rs. 17,600) | | 5,280 | |
| Income from House -2 | | | 12,320 |
| H-3 : | | | |
| (Self-occupied property) | | | |
| Annual Value [u/s 23 (2) (a)] | | | NIL |
| Less. Deduction u/s 24 | | | |
| Deduction u/s 24 (b) | | | |
| Interest on borrowed capital | | | |
| (a) of the previous year 2018-19 (30,000×20%) | 6,000 | | |
| (b) of the pre-reconstruction period i.e. from 1-6-2010 to 31-3-2018. (20% on Rs. 30,000 for 7 years & 10m = Rs. 9,400) deductible in 5 years in 5 equal instalments (47,000÷5) | 9,400 | | |
| (Maximum limit of deduction is Rs. 30,000) as construction was not completed within 3 years. | | 15,400 | |
| Income from House -3 | | | (-) 15,400 |
| Taxable Income from House Property | | | 6,580 |

উদাহরণ : 5

From the following Particulars compute the taxable income for the Assessment year 2019-20.

| | House I let out for residence Rs. | House II let out for business Rs. |
|--|--|--|
| Municipal Value | 36,000 | 35,000 |
| Rent | 38,000 | 38,000 |
| Fair Rent | 35,000 | 32,000 |
| Standard Rent | 40,000 | – |
| Municipal Tax paid | | |
| by the owner | 4,000 | 5,000 |
| by the tenant | 5,000 | 10,000 |
| Repairs & Collection | 750 | 900 |
| Insurance | 2,000 | 1,500 |
| Land Revenue | 500 | 700 |
| Ground Rent (due) | 1,200 | 2,200 |
| Interest on borrowed Capital (mortgaging of House – I) for construction of House – II) | – | 14,000 |
| Unrealised rent of Previous year 2017-18 | 1,000 | 8,000 |
| Unrealised rent of Previous yeat 2016-17 | – | 30,000 |

সমাধান :

Computation of taxable income under the head 'Income from House propert' of Mr. X, a resident individual for the Assessment year 2019-20 relating to the preveious year 2018-19.

| Particulars | Rs. | Rs. | Rs. |
|--|--------|--------|--------|
| House –I : (Let out for residence) | | | |
| Gross Annual Value : | | | |
| Higher of the following– | | | |
| (i) Municipal Value | 36,000 | | |
| (ii) Fair Rent | 35,000 | | |
| (a) Maximum of (i) & (ii) | 36,000 | | |
| (b) Standard Rent | 40,000 | | |
| (i) Minimum of above (a) & (b) | 36,000 | | |
| (ii) Rent Rs. (38,000 - 1,000) | 37,000 | | |
| Here (ii) is more than (i), so the Gross Annual Value | 37,000 | | |
| Less. Municipal Tax paid by the owner | 4,000 | | |
| Net Annual Value | | 33,000 | |
| Less. Deduction u/s 24 : | | | |
| (i) Standard Deduction u/s 24 (a) (30% on Rs. 33,000) | 9,900 | | |
| (ii) Interest on borrowed capital u/s 24(b) | NIL | 9,900 | |
| Income from House – I | | | 23,100 |
| House –II : (Let out for business) | | | |
| Gross Annual Value : | | | |
| (i) Municipal Value | 35,000 | | |
| (ii) Fair Rent | 32,000 | | |
| Whichever is maximum of (a) & (b) | 35,000 | | |
| Actual Rent Received (38,000-8,000) | 30,000 | | |
| Gross Annual Value | | 35,000 | |
| [Rent is less than the maximum of (a) & (b) so comparison is not necessary] | | | |
| Less. Municipal Tax paid by the owner | | 5,000 | |
| Net Annual Value | | 30,000 | |
| Less. Deduction u/s 24 : | | | |
| (i) Standard Deduction u/s 24 (a) (30% of Rs 30,000) | 9,000 | | |
| (ii) Interest on borrowed cap. u/s 24 (b) | 14,000 | 23,000 | 7,000 |
| Taxable Income | | | 30,100 |

উদাহরণ : 6

Rahul Mehta owns a building (construction completed on 31-3-17). The building has three independent units Unit -1 (50% of the floor area) is let out for residential purpose for the rent of Rs. 8,200 p.m. Unit-1 remains vacant for one month when it is not put to any use. Unit 2 (25% of the floor area) is used by Rahul for his profession, while unit 3 (the remaining 25%) is utilised for his residence. The particulars were as follows—

Municipal Value Rs. 60,000; Fair rent Rs. 70,000; Standard Rent Rs. 90,000 Municipal taxes Rs. 15,000, repairs Rs. 4,000; Annual Charge under the will by father Rs. 9,000. Interest on borrowed capital Rs. 36,000; Fire insurance premium paid Rs. 10,000.

Compute the taxable income for the A.y. 2019-20.

সমাধান :

Computation of taxable income for Rahul Mehta a resident individual for the Assessment year 2019–20 relating to the previous year 2018–19

| Particulars | Rs. | Rs. | Rs. |
|--|--------|-----|-----|
| Unit -1 : (let out Portion) | | | |
| Gross Annual Value : | | | |
| Step -I : Municipal Value | | | |
| Rs. $(60,000 \times \frac{1}{2})$ | 30,000 | | |
| Fair Rent Rs. $(70,000 \times \frac{1}{2})$ | 35,000 | | |
| (i) Higher of the above | 35,000 | | |
| (ii) Standard rent Rs. $(90,000 \times \frac{1}{2})$ | 45,000 | | |
| Whichever is less | | | |
| Step -II : (a) Minimum of above (i) & (ii) | 35,000 | | |
| (b) Rent receivable Rs. $(8,200 \times 12)$ | 98,400 | | |
| Whichever is higher | | | |
| Step -III. Amount from step-II as reduced by proportionate rental value for vacancy period, i.e. $\left[98,400 - \left(98,400 \times \frac{1}{12} \right) \right]$ | 90,200 | | |
| Gross annual Value (Whichever is lower) | | | |

| Particulars | Rs. | Rs. | Rs. |
|--|--------|--------|---------------|
| <i>Less.</i> Municipal Tax paid Rs. $\left(15,000 \times \frac{1}{2}\right)$ | 7,500 | | |
| Net Annual Value | | 82,700 | |
| <i>Less.</i> Standard Deduction u/s 24(a) (30% on Rs. 82,700) | 24,810 | | |
| Interest on loan u/s 24(b) Rs. $\left(36,000 \times \frac{1}{2}\right)$ | 18,00 | 42,810 | |
| Income from Unit -1 | | | 39,890 |
| Unit-2 (<i>used for Profession</i>) : | | | |
| It will not be assessed under this head | | | NIL |
| Unit-3 (<i>self-occupied portion</i>) : | | | |
| Net annual value u/s 23(2)(a) | | NIL | |
| <i>Less.</i> Interest on loan u/s 24(b) Rs. $\left(36,000 \times \frac{25}{100}\right)$ | | 9,000 | |
| [Being less than Rs. 30,000, maximum limit] | | | (-)9,000 |
| Taxable Income from House Property | | | 30,890 |

উদাহরণ : 7

Shri Taxman owns a house In Kolkata and uses it for the purpose of his own residence. He let out 1/3rd portion of the house from 1st June, 2016 to 30th November, 2018 at a monthly rent of Rs. 1,600. Municipal value of the house is Rs. 56,000. In the previous year, he paid Rs. 7,500 for municipal tax, Rs. 2,100 for fire insurance premium, Rs. 2,400 for ground rent and Rs. 3,000 for repairs. He took a loan for construction of house. The annual interest payable there on Rs. 4,800 was not paid by him during the previous year.

Compute income from house property of Shri Taxman for the A. Y. 2019-20

সমাধান :

Computation of Income from House Property of Shri Taxman for the A. Y. 2019-20

| Particulars | Details | Details | Amount |
|---|---------|---------|--------------|
| <u>House 2/3rd portion: Self occupied</u> | | | |
| Net Annual Value | | Nil | |
| <i>Less: Deduction u/s</i> | | | |
| 24(b) Interest on loan (2/3 rd of Rs. 4,800) | | 3,200 | (-) 3,200 |
| <u>House 1/3rd portion: Let out</u> | | | |
| Gross Annual Value (Working) | | 20,741 | |
| <i>Less: Deduction u/s</i> | | | |
| 24(a) Standard Deduction (30% of NAV) | 5,472 | | |
| 24(b) Interest on loan (1/3 rd of Rs. 4,800) | 1,600 | 7,072 | 11,169 |
| Income from House Property | | | 7,969 |

Working: Computation of GAV for 1/3rd portion

In case, property is partly self occupied and partly let out (period wise), assessee will not get any benefit for self-occupied period and will be taxed as if the property is let out throughout the year. Hence, municipal value for the whole year is taken as GAV as under:

| Particulars | Amount |
|--|--------|
| GMV 1/3rd of Rs. 62,222 | 20,741 |
| Fair rent (Rs. 1,600 * 12) | 19,200 |
| Reasonable expected rent (RER) | 20,741 |
| Actual rent receivable (Rs. 1,600 * 6) | 9,600 |
| Higher of RER and ARR | 20,741 |
| Gross Annual Value | 20,741 |

Explanation:

1. Since the property is situated in metro city, therefore GMV will be $(\text{NMV}/90) * 100 = (\text{Rs. } 56,000/90) * 100 = \text{Rs. } 62,222$.
2. Since 1/3rd of the property has been let out for Rs. 1,600 p.m. (for 6 months only), therefore fair rent of 1/3rd of property is Rs. 19,200 (being Rs. 1,600*12)

উদাহরণ : 8

Gouri Sen is the owner of a house property in Kolkata. He has let out the house at a monthly rent of Rs. 2,000. The municipal value of the house is Rs. 30,000. The

construction of the house was completed on 31st December, 1998. He has paid municipal tax Rs. 3,000 for the year 2018-19.

Compute net annual value of the house for the A.Y. 2019-20.

সমাধান :

Computation of Net Annual Value for the A. Y. 2019-20

| Particulars | Amount |
|------------------------------|---------------|
| Gross Annual Value (Working) | 33,333 |
| Less: Municipal Tax | 3,000 |
| Net Annual Value | 30,333 |

Working: Computation of GAV

| Particulars | Rs. |
|-----------------------|--------|
| RER (Municipal Value) | 33,333 |
| Rent Received | 24,000 |
| Higher of above | 33,333 |
| GAV | 33,333 |

Explanation:

- Since the property is situated in metro city, therefore GMV will be
 $(NMV/90) * 100 = (Rs. 30,000 / 90) * 100 = Rs. 33,333$

উদাহরণ : 9

Mr. A is the owner of two houses. Both the houses are let out. The particulars for the year ended 31st March, 2019 in connection with the houses are :

| Particulars | 1st House | 2nd House |
|----------------------------|---------------|--------------|
| (a) How used | For residence | For business |
| (b) Construction completed | 31.12.1992 | 31.3.1994 |
| (c) Municipal Value | Rs. 12,000 | Rs. 15,000 |
| (d) Rent received | Rs. 22,000 | Rs. 36,000 |
| (e) Municipal tax | Rs. 1,200 | Rs. 1,500 |
| (f) Land Revenue | Rs. 400 | Rs. 500 |
| (g) Insurance premium | Rs. 600 | Rs. 750 |
| (h) Repairs | Rs. 700 | Rs. 500 |
| (i) Vacancy Period | 1 month | - |

Compute the income from house property of Mr. A for the A. Y. 2019-20.

সমাধান :

Computation of Income from House Property of Mr. A for the A. Y. 2019-20

| Particulars | Details | Details | Amount |
|---------------------------------------|---------|---------|---------------|
| <u>House 1: Let out</u> | | | |
| Gross Annual Value (Working) | | 22,000 | |
| Less: Municipal Tax | | 1,200 | |
| Net Annual Value | | 20,800 | |
| Less: <u>Deduction u/s</u> | | | |
| 24(a) Standard Deduction (30% of NAV) | 6,240 | | |
| 24(b) Interest of loan | Nil | 6,240 | 14,560 |
| <u>House 2: Let out</u> | | | |
| Gross Annual Value (Working) | | 36,000 | |
| Less: Municipal Tax | | 1,500 | |
| Net Annual Value | | 34,500 | |
| Less: <u>Deduction u/s</u> | | | |
| 24(a) Standard Deduction (30% of NAV) | 10,350 | | |
| 24(b) Interest on loan | Nil | 10,350 | 24,150 |
| Income from House Property | | | 38,710 |

Working: Computation of GAV

| Particulars | House 1 | House 2 |
|--|------------|------------|
| Reasonable expected rent (Municipal Value) | Rs. 12,000 | Rs. 15,000 |
| Rent received | Rs. 22,000 | Rs. 36,000 |
| Higher of above | Rs. 22,000 | Rs. 36,000 |
| GAV | Rs. 22,000 | Rs. 36,000 |

Explanation:

1. Vacancy period rent has already adjusted in ARR in step 2.
2. Assume that both properties are situated in non-metro city.

উদাহরণ : 10

Sri Rabin Mondal is the owner of two houses. The municipal value of the first house is Rs. 25,000 and it is occupied by him for his residence. The municipal value of the second house is Rs. 30,000 and it is let out at a rent of Rs. 3,000 per month.

The expenses relating to the houses for the year 2018-19 are as follows:

| Particulars | 1st House Rs. | 2nd House Rs. |
|--|------------------|------------------|
| Municipal tax | 2,500 | 3,000 |
| Repairing charges | 3,000 | 2,600 |
| Rent collection charges | - | 400 |
| Interest on loan taken for construction of the house | 6,000 | 9,000 |
| Fire insurance premium | 500 | 600 |

On 30th November, 2018, Sri Mondal was transferred to Delhi and he let out the residential house from 1st December, 2018 at a monthly rent of Rs. 2,000.

Compute income from house property of Sri Mondal for the A.Y. 2019-20.

समाधान :

Computation of Income from House Property of Sri Mondal for the A. Y. 2019-20

| Particulars | Details | Details | Amount |
|---|---------|---------|---------------|
| <u>House 1 : Partly self occupaid & partly let out</u> | | | |
| Gross Annual Value (Working) | | 25,000 | |
| <i>Less: Municipal Tax</i> | | 2,500 | |
| Net Annual Value | | 22,500 | |
| <i>Less: Deduction u/s</i> | | | |
| 24(a) Standard Deduction | 6,750 | | |
| 24(b) Interest on loan | 6,000 | 12,750 | 9,750 |
| <u>House 2 : Let out</u> | | | |
| Gross Annual Value (Working) | | 36,000 | |
| <i>Less: Municipal Tax</i> | | 3,000 | |
| Net Annual Value | | 33,000 | |
| <i>Less: Deduction u/s</i> | | | |
| 24(a) Standard Deduction | 9,900 | | |
| 24(b) Interest on loan | 9,000 | 18,900 | 14,100 |
| Income from House Property | | | 23,850 |

Working: Computation of Gross Annual Value

| Particulars | 1st House Rs. | 2nd House Rs. |
|---|------------------|------------------|
| Municipal value | 25,000 | 30,000 |
| Fair rent (Rs. 2000 * 12) | 24,000 | - |
| Reasonable expected rent (Municipal value being higher) | 25,000 | 30,000 |
| Actual rent receivable | 8,000 | 36,000 |
| Higher of above | 25,000 | 36,000 |
| Gross Annual Value | 25,000 | 36,000 |

Assume that both properties are situated in non-metro city.

Since the House 1 being let out for Rs. 2000 p.m., therefore the fair rent of the property is Rs. 24,000 (being Rs. 2,000 * 12).

উদাহরণ : 11

Sri Roy is the owner of two-stories house in Kolkata. The first floor is occupied by him for his residence and the ground floor (identical in all respect with the first floor) is let out at the rate of Rs. 1,000 p.m. From the following particulars in respect of the house, calculate his taxable income under the head income from house property for the A.Y. 2019-20:

| Particulars | Rs. |
|----------------------------|--------|
| (i) Municipal Annual Value | 20,000 |
| (ii) Municipal tax paid- | |
| By owner | 1,200 |
| By tenant | 1,200 |
| (iii) Repair charges- | |
| Borne by tenant | 4,000 |
| (iv) Collection charges | 600 |

(v) Sri Roy was away from Kolkata for 3 months along with his family and during that period the house remained vacant.

(vi) Sri Roy's income from other sources amounts to Rs. 40,000.

সমাধান :

Computation of Income from House Property of Sri Roy for the A. Y. 2019-20

| Particulars | Details | Details | Amount |
|---------------------------------------|---------|---------|--------------|
| Ground Floor: Let out | | | |
| Gross Annual Value | | 12,000 | |
| Less: Municipal tax | | 600 | |
| Net Annual value | | 11,400 | |
| Less: <u>Deduction u/s</u> | | | |
| 24(a) Standard deduction (30% of NAV) | 3,420 | | |
| 24(b) Interest on loan | Nil | 3,420 | 7,980 |
| 1st Floor: Self occupied | | | |
| Net Annual value | | Nil | |
| Less: Deduction u/s 24(b) | | Nil | Nil |
| Income from House Property | | | 7,980 |

Working: Computation of GAV

| Particulars | Working | Ground floor |
|---|-------------------|--------------|
| RER (Gross Municipal Value) (Rs. 20,000/ 100/90) | 50% of Rs. 22,222 | Rs. 11,111 |
| Rent receivable | | 12,000 |
| GAV | Higher of above | 12,000 |

Assume when Sri Roy was away from Kolkata, self-occupied property was vacant.

উদাহরণ : 12

Sri Arun Bhadra is the owner of two houses. He furnishes the following particulars in respect of these houses for the previous year 2018-19.

| | House No.1 Let out for residential purpose | House No.2 Let out for business purpose |
|---|--|---|
| | Rs. | Rs. |
| Municipal value | 44,000 | 74,000 |
| Fair rent | 42,000 | 75,000 |
| Annual rent received | 54,000 | 72,000 |
| Municipal tax paid | 3,300 | 7,000 |
| Interest on loan taken for construction of house | 2,000 | 10,000 |

Compute income from house property of Sri Bhadra for the assessment year 2019-20

সমাধান :

Computation of Income from House Property of Sri Bhadra for the A. Y. 2019-20

| Particulars | Details | Details | Amount |
|---------------------------------------|---------|---------|---------------|
| House 1: Let out | | | |
| Gross Annual Value (Woring 1) | | 54,000 | |
| Less: Municipal Tax | | 3,300 | |
| Net Annual Value | | 50,000 | |
| Less: <u>Deduction u/s</u> | | | |
| 24(a) Standard Deduction (30% of NAV) | 15,000 | | |
| 24(b) Interest on loan | 2,000 | 17,210 | 33,490 |
| House 2: Let out | | | |
| Gross Annual Value (Woring 1) | | 75,000 | |
| Less: Municipal Tax | | 7,000 | |
| Net Annual Value | | 68,000 | |
| Less: <u>Deduction u/s</u> | | | |
| 24(a) Standard Deduction (30% of NAV) | 20,400 | | |
| 24(b) Interest on loan | 10,000 | 30,400 | 37,600 |
| Income from House Property | | | 71,090 |

Working

1. Computation of GAV

| Particulars | 1st House Rs. | 2nd House Rs. |
|------------------------------|------------------|------------------|
| Municipal value | 44,000 | 74,000 |
| Fair rent | 42,000 | 75,000 |
| RER (Higher of above) | 44,000 | 75,000 |
| Rent received | 54,000 | 72,000 |
| GAV (Higher of above) | 54,000 | 75,000 |

Assume that Property is situated in non-metro city.

উদাহরণ : 13

Mr. Sudipto Roy is the owner of two houses in Kolkata, particulars in respect of which are given below :

| Particulars | 1st House Rs. | 2nd House Rs. |
|----------------------------------|------------------|------------------|
| Fair Rent | 80,000 | 70,000 |
| Gross Municipal Standard Rent | 70,000 | 80,000 |
| Annual Rent | 60,000 | 65,000 |
| Vacant Period | 90,000 | 60,000 |
| Municipal Tax | 2 months | – |
| | 3,000 | 2,000 |
| | (Paid) | (Due) |
| Repairs and Maintenance Expenses | 2,500 | 1,500 |

On 1.7.2013 Mr. Roy took a loan of Rs. 10,00,000 @ 12% p.a. for construction of House No. 2 and the construction was completed on 1.6.2015. As on 31.3.2019, the loan remained unpaid. He also paid Rs. 5,000 as interest on loan taken for purchasing House No. 1. House No. 1 is let-out to a tenant for business purpose while House No. 2 is used by Mr. Roy for his own residence.

Compute Income from House Property of My. Roy for the assessment year 2019-20.

সমাধান :**Computation of Income from House Property of Mr. Roy for the A. Y. 2019-20**

| Particulars | Details | Details | Amount |
|---------------------------------------|---------|----------|-------------------|
| <u>House 1 : Let out</u> | | | |
| Gross Annual Value (Working 1) | | 75,000 | |
| Less: Municipal Tax | | 3,000 | |
| Net Annual Value | | 72,000 | |
| Less: <u>Deduction u/s</u> | | | |
| 24(a) Standard Deduction | 21,600 | | |
| 24(b) Interest on loan | 5,000 | 26,600 | 45,400 |
| <u>House II: Self occupied</u> | | | |
| Net Annual Value | | Nil | |
| Less: <u>Deduction u/s</u> | | | |
| 24(b) Interest on loan (Working 2) | | 1,62,000 | (1,62,000) |
| Income from House Property | | | (1,16,600) |

Working 1: Computation of Gross Annual Value

| Step | Particulars | Working | House 1 |
|------|---|--|---------------|
| 1st | Calculation of RER | Higher of Gross Municipal Value or Fair Rent, subject to maximum of Standard Rent | 60,000 |
| 2nd | ARR | For the period actually let out [Rs. 90,000/12*10] | 75,000 |
| 3rd | Gross Annual Value [Higher of Step 1 & Step 2] | | 75,000 |

Working 2: Calculation of Interest to be deducted in A. Y. 2019-20 in respect of House 2

| Previous Year | Month | Interest |
|---|-------|----------|
| <u>Pre-construction Interest</u> | | |
| 2013-14 | 9 | 90,000 |
| 2014-15 | 12 | 1,20,000 |
| Total | | 2,10,000 |
| 1/5 th of pre construction (a) | | 42,000 |
| Post-construction interest (b) | 12 | 1,20,000 |
| Total interest Allowable (a) + (b) | | 1,62,000 |

উদাহরণ : 14

Sri Roy is the owner of three houses. From the following information, compute his Income from House Property for the Assessment Year 2019-20.

| | House I | House II | House III |
|------------------------------|----------|---------------|-----------------------|
| Situated at | Kolkata | Durgapur | Malda |
| Nature of Occupation | Let-out | Self-occupied | Used for own business |
| Gross Municipal Value (Rs.) | 3,00,000 | 2,00,000 | 1,00,000 |
| Fair Rent (Rs.) | 2,80,000 | 2,25,000 | 1,10,000 |
| Annual Rent receivable (Rs.) | 3,60,000 | - | - |
| Vacancy Period (Month) | 2 | - | - |
| Municipal tax (% of M.V.) | 10 | 5 | 7.5 |
| Interest on loan (Rs.) | 20,000 | 15,000 | 12,000 |

সমাধান :

Computation of Income from House Property of Sri Roy for the A. Y. 2019-20

| Particulars | Details | Details | Amount |
|--|---------|----------|-----------------|
| House 1: Let out | | | |
| Gross Annual Value (Working 1) | | 3,00,000 | |
| Less: Municipal Tax [Rs. 3,00,000×90%×10%] | | 27,000 | |
| Net Annual Value | | 2,73,000 | |
| Less: <u>Deduction u/s</u> | | | |
| 24(a) Standard Deduction | 81,900 | | |
| 24(b) Interest on loan | 20,000 | 1,01,900 | 1,71,000 |
| House II: Self occupied | | | |
| Net Annual Value | | Nil | |
| Less: <u>Deduction u/s</u> | | | |
| 24(b) Interest on loan | | 15,000 | (15,000) |
| Income from House Property | | | 1,56,100 |

Computation of Gross Annual Value

| Step | Particulars | Working | House 1 |
|-----------------|---------------------------|---------------------------------|-----------------|
| 1 st | Calculation of RER | Being Gross Municipal Value | 3,00,000 |
| 2 nd | ARR | For the period actually let out | 3,00,000 |
| 3 rd | Gross Annual Value | | 3,00,000 |

House III is not to be considered under the head Income from House Property.

4B.7 সারাংশ

একজন নির্ধারিত একাধিক বাড়ি থাকলে তিনি সেই বাড়িগুলি বিভিন্নভাবে ব্যবহার করে কিছু আয় করতে পারেন। আপনি জানেন আয় হলেই তা করযোগ্য হবে। সুতরাং এই এককটি পড়ে আপনি সহজেই গৃহসম্পত্তি থেকে করযোগ্য আয় নির্ণয় করতে পারবেন। আয়কর আইনের উল্লেখযোগ্য ধারা যেমন, 23(1), 23(2)(a), 24 এবং 25 সম্পর্কে এই এককটিতে আলোচনা করা হয়েছে।

4B.8 অনুশীলনী

● বিষয়ভিত্তিক প্রশ্ন :

1. কাকে গৃহসম্পত্তির মালিক বলা হবে?
2. কোন কোন ক্ষেত্রে গৃহসম্পত্তি থেকে আয় করযোগ্য নয়?
3. সম্পূর্ণভাবে ভাড়া দেওয়া গৃহসম্পত্তির বার্ষিকমূল্য নির্ণয় করুন।
4. ধারা 24 অনুসারে ছাড়গুলি বর্ণনা করুন।

● সঠিক উত্তরটি বেছে লিখুন :

5. (a) নির্ধারিত নিজের ব্যবসায়ের জন্য ব্যবহৃত গৃহসম্পত্তি থেকে প্রাপ্ত আয়” ‘গৃহসম্পত্তি থেকে আয়’ খাতে করযোগ্য। ঠিক/ভুল
- (b) নির্ধারিত নিজের বসবাসের জন্য ব্যবহৃত গৃহসম্পত্তির বার্ষিক মূল্য শূন্য ধরা হয়। ঠিক/ভুল
- (c) নির্ধারিত স্বেচ্ছায় কোনও বার্ষিক দায় প্রদান করলে তা ধারা 24 অনুসারে ছাড়যোগ্য। ঠিক/ভুল
- (d) পৌরকর প্রদত্ত না হলেও গৃহসম্পত্তির আয় নির্ণয়ে ছাড় পাওয়া যাবে। ঠিক/ভুল

● ব্যবহারিক প্রশ্ন :

6. From the following particulars compute the taxable income of Mr. X for the Assessment year 2019–20

| How used | House-I self occupied for residence Rs. | House-II self occupied for business Rs. | House-III let out for residence Rs. |
|------------------------------|--|--|--|
| Municipal Value | 40,000 | 6,000 | 16,000 |
| Fair Rent/rent | 50,000 | 10,000 | 22,000 |
| Municipal Tax paid | 4,000 | 500 | 1,500 |
| Repairs & Collection | 200 | 550 | 750 |
| Land Revenue | 500 | 300 | 1,300 |
| Annual Charge | 200 | – | 50 |
| Interest as borrowed Capital | 1,000 (for repairs) | 5,000 (for construction) | 200 (for payment sister's marriage) |
| Construction completed on | 16-5-09 | 5-6-72 | 14-5-95 |
| House remaining Vacant | – | – | 2 months |

7. Karuna has occupied two houses for his residential purposes, particulars of which are as follows –

| | House –I Rs. | House –II Rs. |
|---|-----------------|------------------|
| Municipal Value | 60,000 | 35,000 |
| Fair Rent | 85,000 | 32,000 |
| Standard Rent | 65,000 | – |
| Municipal Tax paid | 10% | 10% |
| Fire Insurance (due) | 300 | 500 |
| Interest on Capital borrowed for construction (loan is yet to be repaid) | 1,40,000 | NIL |
| Date of Completion | 10-3-2001 | 31-3-2001 |
| Remain Vacant | – | 2 months |

You are required to compute the taxable income for the assessment year 2019–20.

4B.9 উত্তর সংকেত

1. 4(b) অংশ দেখুন।
2. 4(b) অংশ দেখুন।
3. 4(b) (b) অংশ দেখুন।
5. (a) ভুল, (b) ঠিক, (c) ভুল, (d) ভুল।

**একক 5A □ ব্যাবসায় বা পেশা থেকে মুনাফা ও লাভ [ধারা 28 থেকে
ধারা 44]**

গঠন

5A.1 উদ্দেশ্য

5A.1.1 প্রস্তাবনা

5A.2 ব্যাবসা ও পেশা

5A.2.1 এই খাতে করযোগ্য আয়

5A.2.2 এই খাতে আয় নির্ণয়ের সাধারণ নীতি

5A.2.3 ব্যবসায়িক আয় হলেও এই খাতে করযোগ্য নয়

5A.3 ব্যাবসা বা পেশা থেকে লাভ বা ক্ষতি নির্ণয়ের জন্য বাদযোগ্য খরচসমূহ

5A.3.1 বাড়িভাড়া, কর, মেরামত খরচ এবং বিমার ব্যয়

5A.3.2 যন্ত্রপাতি এবং আসবাবপত্রের মেরামত ও বিমার খরচ

5A.3.3 অবচয়

5A.3.4 বৈজ্ঞানিক গবেষণার জন্য ব্যয়

5A.3.5 ‘Patent right ও Copy right’র জন্য ব্যয়

5A.3.6 বিশেষ জ্ঞান আহরণের জন্য ব্যয়

5A.3.7 জনগণের সামাজিক ও অর্থনৈতিক উন্নতিকল্পে পরিকল্পনা গ্রহণের জন্য অর্থ ব্যয়

5A.3.8 প্রাথমিক ব্যয়

5A.3.9 স্বৈচ্ছায় অবসর গ্রহণ প্রকল্পে প্রদত্ত অর্থ

5A.3.10 কর্মচারীদের প্রদত্ত বোনাস বা কমিশন

5A.3.11 ঋণ মূলধনের উপর সুদ

- 5A.3.12 কুঋণ
- 5A.3.13 পরিবার পরিকল্পনার জন্য অর্থ ব্যয়
- 5A.3.14 সাধারণ ছাড়
- 5A.3.15 কয়েকটি গুরুত্বপূর্ণ ছাড়
- 5A.4 কয়েকটি ব্যয় যেগুলি ছাড় পাওয়া যায় না
- 5A.5 বিবেচিত মুনাফা
- 5A.6 অস্তিম মজুত সম্ভারের মূল্যায়ন
- 5A.7 ঋণাত্মক সম্ভার ও অস্তিম সম্ভার কম মূল্যে বা বেশি মূল্যে দেখানো
- 5A.8 মালিকের নিজের ব্যবহারের জন্য উত্তোলিত পণ্য
- 5A.9 ব্যবসা থেকে আয় বা মুনাফা নির্ণয়ের পদ্ধতি
- 5A.10 পেশা থেকে আয় মুনাফা নির্ণয়ের পদ্ধতি
- 5A.11 ব্যবহারিক উদাহরণ
- 5A.12 সারাংশ
- 5A.13 অনুশীলনী
- 5A.14 উত্তর সংকেত

5A.1. উদ্দেশ্য

এই এককটি পড়ে আপনি

- ব্যবসা বা পেশা থেকে লাভ ও আয় এবং
- ওই লাভ বা আয়ের উপর প্রদেয় কর নির্ণয় করতে পারবেন।

5A.1.1 প্রস্তাবনা

কোনও ব্যক্তি ব্যবসার মাধ্যমে বা তাঁর পেশাগত যোগ্যতাকে কাজে লাগিয়ে যে আয় উপার্জন করেন সেই উপার্জিত আয়কে ব্যবসা বা পেশা থেকে উদ্ভূত আয় বলে। আয় এবং লাভ সমার্থক নয়। আয়

থেকে প্রাসঙ্গিক ব্যয় বাদ দিয়ে যা অবশিষ্ট থাকে তাকে লাভ বলে। কোনও ব্যবসা বা পেশার করযোগ্য লাভ আপনাকে নির্ণয় করতে হবে। প্রত্যক্ষ করের মধ্যে “ব্যবসা বা পেশার লাভ বা মুনাফা” খাতে আয় খুব গুরুত্বপূর্ণ। সরকারের আয়ের একটি বড় অংশ আসে এই উৎস থেকে।

5A.2 ব্যবসা ও পেশা

আয়কর আইনের 2(13) ধারা অনুসারে ব্যবসা (Trade), বাণিজ্য (Commerce) বা উৎপাদন (manufacture) সম্পর্কিত যে কোনও ব্যবসা, বাণিজ্য বা উৎপাদনের অর্থনৈতিক কার্যকলাপকে ব্যবসা বলে। কোনও একটি পৃথক লেনদেন থেকে প্রাপ্ত লাভকে ব্যবসা বলে। কোনও একটি পৃথক লেনদেন থেকে প্রাপ্ত লাভকেও আপনি ব্যবসা আয় বলে গণ্য করতে পারেন। এক্ষেত্রে কোনও লেনদেন বারবার হওয়ার প্রয়োজন নেই।

আয়কর আইনের 2(36)ধারা অনুসারে পেশার অর্থ হল বৃত্তি। কোনও ব্যক্তি যখন তাঁর নিজস্ব বুদ্ধি বা মানসিক দক্ষতাকে কাজে লাগায় তখন তাকে পেশা বলে। যেমন— আইনজীবী, সনদপ্রাপ্ত হিসাব পরীক্ষক, ডাক্তার ইত্যাদি। কিন্তু এই সমস্ত ব্যক্তিকে যখন কোনও প্রতিষ্ঠান নিয়োগ করে অর্থাৎ যেখানে নিয়োগকর্তা ও কর্মচারী সম্পর্ক থাকে সেক্ষেত্রে ওই সমস্ত ব্যক্তির আয় ‘বেতন থেকে আয়’ খাতে করযোগ্য হবে।

5A.2.1 এই খাতে করযোগ্য আয়

“ব্যবসা বা পেশা থেকে লাভ বা আয়” করযোগ্য আয়গুলি হল—

1. নির্ধারিত মালিকানাধীন পূর্ববর্তী বছরে ব্যবসা বা পেশা থেকে প্রাপ্ত আয়। কোনও ব্যবস্থাপক বা প্রতিনিধি ব্যবসা পরিচালনা করলেও মালিকই কর প্রদানের জন্য দায়ী থাকবেন। ভারতে বা ভারতের বাইরের ব্যবসা যাই হোক না কেন আয়কর আইন অনুসারে একই নিয়ম প্রযোজ্য হবে। আবার আকস্মিক (Casual) বা অপৌনপুনিক (non-recurring) যাই হোক না কেন কেবলমাত্র মুনাফা জাতীয় লাভই এই খাতে করযোগ্য হবে। [ধারা 28(i)]

2. নিম্নলিখিত ব্যক্তিদের কোনও ক্ষতিপূরণ বা কোনও অর্থ প্রদত্ত হলে বা ওই ব্যক্তিদের দ্বারা গৃহীত হলে সেগুলি ব্যবসায়ের আয় হিসাবে গণ্য করা হবে

- ভারতীয় কোম্পানির সম্পূর্ণ অংশ বা অংশ বিশেষ কোনও ব্যক্তির দ্বারা পরিচালিত হলে, তিনি যে নামেই পরিচিত হোন না কেন তার অপসারণ হলে বা কাজের শর্তাবলীর পরিবর্তন হলে।
- ভারতে অবস্থিত যে কোনও বিদেশি কোম্পানির সম্পূর্ণ অংশ বা অংশ বিশেষ কোনও ব্যক্তির দ্বারা পরিচালিত হলে তিনি যে নামেই পরিচিত হোন না কেন তার অপসারণ হলে বা কাজের শর্তাবলীর পরিবর্তন হলে।

(c) ভারতে কোনও ব্যক্তি অপর কোনও ব্যক্তির ব্যবসায়ের প্রতিনিধিত্ব করলে তার প্রতিনিধিত্বের অবসায়ন বা শর্তাবলীর পরিবর্তন ঘটলে।

(d) কোনও ব্যক্তিগত সম্পত্তি বা ব্যবসা, আইন বলে সরকার বা সরকারি বিধিবদ্ধ সংস্থা দ্বারা অধিগৃহীত হলে।

3. আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ আইন, 1947 এর আমদানি (নিয়ন্ত্রণ) আদেশ 1955 অনুসারে প্রাপ্ত অনুমতিপত্র (licence) বিক্রয় করে প্রাপ্ত মুনাফা [ধারা 28(iii)(a)],

ভারত সরকার অনুমোদিত রপ্তানির জন্য প্রাপ্ত বা প্রাপ্য নগদ অনুদান বা সাহায্য [ধারা 28(iii)(b)], Customs and central Excise Duties Drawback Rules, 1971 অনুযায়ী রপ্তানির জন্য কোনও ব্যক্তিকে রপ্তানি শুল্ক বা উৎপাদন শুল্ক ফেরত বা ফেরতযোগ্য অর্থ [ধারা 28(iii)(c)]।

4. ব্যবসা বা পেশা থেকে উদ্ধৃত কোনও সুবিধা অর্থে রূপান্তরিত করা সম্ভব না হলে তা এই খাতে করযোগ্য হবে [ধারা 28(iv)]।

5A.2.2 এই খাতে আয় নির্ণয়ের সাধারণ নীতি

(a) ব্যবসা বা পেশা নির্ধারী দ্বারা পরিচালিত হবে অর্থাৎ তাঁর পরিচালিত করবার অধিকার থাকবে। তিনি নিজে অথবা প্রতিনিধি দ্বারা করবার পরিচালিত করবেন।

(c) পূর্ববর্তী বছরে নির্ধারী ব্যবসা বা পেশা পরিচালিত করেছেন।

(d) আইন বহির্ভূত ব্যবসার আয় এবং পেশাগত আয় আয়কর আইনের আওতায় করযোগ্য আয়রূপে গণ্য হয় এবং উহাদের এই খাতে অন্তর্ভুক্ত করা হয়।

(e) নির্ধারীর যতগুলি ব্যবসা বা পেশা আছে সেইসব ব্যবসা বা পেশা থেকে উদ্ধৃত আয়ের উপর আলাদা ভাবে কর ধার্য করবেন না। সমস্ত ব্যবসা বা পেশা থেকে উদ্ধৃত আয় একত্রে হিসাব করে তার উপর কর ধার্য করবেন।

(f) কর সবসময় প্রকৃত বা বাস্তব মুনাফা (Actual Profit)-র উপর ধার্য করবেন। কখনই অনুমান করা মুনাফা (Anticipated Profit) কর নির্ণয়ের জন্য গণ্য করবেন না।

(g) ফাটকা কারবারের ক্ষেত্রে যদি কোনও ক্ষতি হয় তবে সেই ক্ষতি কেবলমাত্র ফাটকা কারবার থেকে প্রাপ্ত আয় থেকেই বাদ দেবেন। অন্য কোনও ব্যবসার আয় থেকে আয় আপনি বাদ দিতে পারবেন না।

(h) ব্যবসায় অবসায়নে সম্পত্তি বিক্রয়ের ফলে প্রাপ্ত মুনাফা করযোগ্য নয় কিন্তু ওই সম্পত্তি যদি মজুদ সস্তার (Stock-in-trade) হয় তবে তা বিক্রয়ের ফলে প্রাপ্ত মুনাফা করযোগ্য হবে।

(i) ব্যবসার সঙ্গে প্রত্যক্ষভাবে যুক্ত ক্ষতি ওই ব্যবসার আয় নির্ণয় করার সময় নিম্নলিখিত

শর্তসাপেক্ষে ছাড়যোগ্য—

- (i) ক্ষতি মুনাফা জাতীয় হবে।
- (ii) পূর্ববর্তী বছরের সঙ্গে ওই ক্ষতি সম্পর্কযুক্ত।
- (iii) এই ক্ষতি কাল্পনিক নয়।

উদাহরণ :

- কর্মচারীর অবহেলার বা অসততার জন্য ক্ষতি,
 - কারখানা থেকে চুরির জন্য ক্ষতি,
 - শত্রুর আক্রমণের ফলে মজুদ সত্তারের ক্ষতি,
 - প্রাকৃতিক বিপর্যয়ের জন্য ক্ষতি ইত্যাদি।
- (j) কোনও অংশীদারী কারবারের অংশীদারদের প্রাপ্ত বা প্রাপ্য সুদ, বেতন, বোনাস যাই হোক না কেন, তা অংশীদারদের ব্যক্তিগত করযোগ্য আয় নির্ণয়ে “কারবারের আয়” খাতে করযোগ্য হবে। এই ব্যবস্থা নির্ধারণ বছর 1993-94 থেকে কার্যকরী [ধারা 28(v)]।

5A.2.3. ব্যবসায়িক আয় হলেও এই খাতে করযোগ্য নয়

নিম্নলিখিত ক্ষেত্রগুলিতে ব্যবসা বা কারবার থেকে প্রাপ্ত আয় বা লাভ “ব্যবসা বা পেশা থেকে মুনাফা লাভ” খাতে করযোগ্য হবে না।

- (a) গৃহসম্পত্তি থেকে প্রাপ্ত ভাড়া ধারা 22 অনুসারে “গৃহসম্পত্তি থেকে আয়” খাতে করযোগ্য হয়। গৃহসম্পত্তি যদি মজুদ সত্তার হিসাবে থাকে অথবা মালিকের বাড়িভাড়া দেওয়ার ব্যবসা থাকলেও প্রাপ্ত ভাড়া এই খাতে করযোগ্য হবে না [Salisbury House Estate Ltd Vs Fry (1930)]
- (b) নিয়মিত কারবার হিসাবে লটারি জেতা বা ঘোড় দৌড় জেতা “অন্যান্য উৎস থেকে আয়” খাতে করযোগ্য হবে।
- (c) শেয়ারের উপর লভ্যাংশ 56(2)(i) ধারা অনুসারে “অন্যান্য উৎস থেকে আয়” খাতে করযোগ্য হবে। মজুদ সত্তারে থাকা শেয়ারের উপর প্রাপ্ত লভ্যাংশ বা শেয়ারের ডিলারের কাছে থাকা শেয়ারের উপর ডিলারের প্রাপ্ত লভ্যাংশও এই খাতে করযোগ্য হবে না; উহাদের “অন্যান্য উৎস থেকে আয়” খাতে হিসাব করা হবে।

5A.3 ব্যাবসা বা পেশা থেকে লাভ বা ক্ষতি নির্ণয়ের জন্য বাদযোগ্য খরচসমূহ

5A.3.1 বাড়িভাড়া, কর, মেরামত খরচ এবং বিমার ব্যয় [ধারা 30]

নির্ধারিত ব্যাবসা পরিচালনার জন্য বাড়ি সংক্রান্ত ব্যয় যেমন—বাড়িভাড়া, বাড়ির জন্য কর, মেরামতি খরচ বাড়ির জন্য বিমা ইত্যাদি ব্যাবসায়ের আয় থেকে বাদ দেবেন।

5A.3.2 যন্ত্রপাতি এবং আসবাবপত্রের মেরামত ও বিমার খরচ [ধারা 31]

এই সংক্রান্ত খরচগুলি অর্থাৎ যন্ত্রপাতি ও আসবাবপত্রের মেরামত ও বিমার খরচগুলি ব্যাবসার আয় থেকে বাদ দেবেন।

5A.3.3 অবচয় [ধারা 32]

● নিম্নলিখিত শর্তসাপেক্ষে অবচয়ের জন্য ছাড় পাওয়া যাবে—

- নির্ধারিত অবশ্যই সম্পত্তির মালিক হবেন,
- সম্পত্তিটি অবশ্যই নির্ধারিত ব্যাবসা বা পেশার জন্য ব্যবহৃত হবে,
- সম্পত্তিটি পূর্ববর্তী বছরে ব্যবহৃত হয়েছে।

● আয়কর আইন অনুযায়ী নিম্নলিখিত সম্পত্তিগুলির অবচয় বাদ যাবে—স্পর্শনীয় সম্পত্তি → কারখানা গৃহ, যন্ত্রপাতি, আসবাবপত্র।

অস্পর্শনীয় সম্পত্তি (31শে মার্চ 1998 থেকে ব্যবহার শুরু হয়েছে) → Know how, Patent, Copyrights, trade mark, licence ইত্যাদি।

● অবচয় ধার্যের নিয়মাবলী—

- আয়কর আইন অনুযায়ী সম্পত্তিটির হ্রাসপ্রাপ্ত মূল্য (Written down Value) 'র উপর ক্রম হ্রাসমান জের পদ্ধতিতে অবচয় ধার্য করবেন। তবে কেবলমাত্র বিদ্যুৎ উৎপাদন ও বণ্টন শিল্পের জন্য স্থির কিস্তি পদ্ধতি অনুসরণ করবেন।
- নির্দিষ্ট শ্রেণিভুক্ত সম্পত্তির (Block of Assets) উপর অবচয় ধার্য হয়।
- যে বছরটিতে সম্পত্তিটি বিক্রয় হয় সেই বছর কোনও অবচয় বাদ দেবেন না।
- পূর্ববর্তী বছরে যে সম্পত্তি ক্রয় করা হয় এবং নির্ধারিত সেই সম্পত্তি যদি 180 দিনের কম সময় ব্যাবসায়ে ব্যবহার করেন সেক্ষেত্রে অবচয়ের যে হার আছে তার 50% ধার্য করবেন।

নির্দিষ্ট শ্রেণিভুক্ত সম্পত্তির অবচয় হার—

| শ্রেণি | সম্পত্তির প্রকৃতি | অবচয়ের হার |
|----------|--|-------------|
| বিভাগ—1 | বসবাসযোগ্য গৃহসম্পত্তি (Residential buildings) | 5% |
| বিভাগ—2 | অফিস, কারখানা বা গুদামঘররূপে ব্যবহৃত গৃহসম্পত্তি | 10% |
| বিভাগ—3 | হোটেল—বসবাসযোগ্য প্রতিটি এককের আয়তন 80 বর্গ মিটারের অধিক নয় | 20% |
| বিভাগ—4 | নতুন গৃহসম্পত্তি—প্রতিটি একক 80 বর্গমিটারের অধিক নয় (বিভাগ-3 এর অন্তর্ভুক্ত নয় এইরূপ) | 40% |
| বিভাগ—5 | সাময়িক বা অস্থায়ী গৃহসম্পত্তি | 100% |
| বিভাগ—6 | আসবাবপত্র—হোটেল, রেস্টুরেন্ট, স্কুল কলেজ, সিনেমা হল ইত্যাদি জনসমাগমযুক্ত স্থানের আসবাবপত্রের জন্য | 15% |
| বিভাগ—7 | অন্যান্য আসবাবপত্রের জন্য | 10% |
| বিভাগ—8 | যন্ত্রপাতি, জাহাজ এবং অন্য জলযান | 25% |
| বিভাগ—9 | মোটরগাড়ি—(গাড়ি ভাড়া খাটানো ব্যবসা ব্যতীত) 1990 সালের 1লা এপ্রিলের পরে ক্রীত অথবা ব্যবহৃত | 20% |
| বিভাগ—10 | যাত্রী বা পণ্য পরিবহণের ব্যবসায় নিযুক্ত কারবারের বাস, লরি এবং মোটরগাড়ি, উড়োজাহাজ ইত্যাদি | 40% |
| বিভাগ—11 | (ক) 2001-02 আর্থিক বছরে ক্রীত এবং ব্যবহৃত নতুন বাণিজ্যিক গাড়ি; (খ) Technology Upgradation Fund Scheme অনুসারে 1লা এপ্রিল, 2001 থেকে 31 শে মার্চ 2004 সালের মধ্যে ক্রীত এবং ব্যবহৃত বয়ন শিল্পের | 50% |
| বিভাগ—12 | কমপিউটার এবং নতুন বাণিজ্যিক গাড়ি যা 15 বছরের পুরানো বাতিল গাড়ির পরিবর্তে ক্রয় করা হয়েছে (ক্রীত এবং ব্যবহৃত হয়েছে 1লা অক্টোবর 1998 থেকে 31 শে মার্চ 1999 এর মধ্যে অথবা 1লা এপ্রিল 1999 থেকে 31 শে মার্চ 2000-এর মধ্যে) | 60% |
| বিভাগ—13 | বায়ু এবং জলদূষণ নিয়ন্ত্রণ যন্ত্র, শক্তি সম্পদ সংরক্ষণ যন্ত্র, শক্তি পূর্ননবীকরণ যন্ত্র, বর্জ্য পদার্থ নিয়ন্ত্রণ যন্ত্র | 100% |
| বিভাগ—14 | উৎপাদন কলা-কৌশল (1998 সালের 31শে মার্চের পর অর্জিত) | 25% |

| শ্রেণি | সম্পত্তির প্রকৃতি | অবচয়ের হার |
|----------|--|-------------|
| বিভাগ—15 | পেটেন্ট (31শে মার্চ, 1998-এর পর অর্জিত) | 25% |
| বিভাগ—16 | কপিরাইট (31 শে মার্চ 1998-এর পর অর্জিত) | 25% |
| বিভাগ—17 | ট্রেড মার্ক (31 শে মার্চ, 1998-এর পর অর্জিত) | 25% |
| বিভাগ—18 | লাইসেন্স (31 শে মার্চ, 1998-এর পর অর্জিত) | 25% |
| বিভাগ—19 | ফ্রানচাইজ (31 শে মার্চ, 1998-এর পর অর্জিত) | 25% |

5A.3.4 বৈজ্ঞানিক গবেষণার জন্য ব্যয় [ধারা 35]

গবেষণার জন্য ব্যয়



মুনাফা জাতীয়

মূলধন জাতীয়

- | | |
|--|--|
| <p>(i) নির্ধারিত নিজস্ব ব্যবসার সাথে সংশ্লিষ্ট বৈজ্ঞানিক গবেষণা সংক্রান্ত ব্যয় ছাড়যোগ্য।</p> <p>(ii) কোনও স্বীকৃত বৈজ্ঞানিক গবেষণা সংস্থা, বিশ্ববিদ্যালয়, কলেজ ইত্যাদি প্রতিষ্ঠানে গবেষণার জন্য প্রদত্ত অর্থের 100 শতাংশ ছাড়যোগ্য।</p> | <p>(i) নির্ধারিত নিজস্ব ব্যবসার সাথে যুক্ত বৈজ্ঞানিক গবেষণার জন্য ব্যয় ছাড়যোগ্য।</p> <p>(ii) বৈজ্ঞানিক গবেষণার জন্য কেন্দ্রীয় সরকারের স্বীকৃত কোনও বিশ্ববিদ্যালয়, বা IIT অথবা National laboratory or Department of BioTechnology ইত্যাদি স্থানে অর্থ প্রদান করা হলে, সেই অর্থের 100 শতাংশ ছাড়যোগ্য।</p> |
|--|--|

** ধারা 35(2AB) অনুসারে বায়ো-টেকনোলজি সংক্রান্ত কারবার অথবা ভেষজ, ঔষধ, কমপিউটার, টেলিযোগাযোগ যন্ত্রপাতি, বিমান, ইলেকট্রনিক যন্ত্রপাতি, রাসায়নিক সামগ্রী ইত্যাদি উৎপাদনে নিযুক্ত কোনও কোম্পানি বৈজ্ঞানিক গবেষণার জন্য অর্থ ব্যয় করলে ওই ব্যয়ের (মূলধনী এবং মুনাফা জাতীয়) 100 শতাংশ ছাড়যোগ্য।

** জমি ক্রয় সংক্রান্ত ব্যয় ছাড়যোগ্য নয়।

** কারবার প্রতিষ্ঠার পূর্বের তিন বছরের মধ্যে বৈজ্ঞানিক গবেষণার জন্য কোনও ব্যয় করলে তাকে কারবার যে বছর শুরু হচ্ছে সেই বছরের ব্যয় রূপে গণ্য করা হবে।

** যদি সমাজ বিজ্ঞান বা পরিসংখ্যানজনিত গবেষণা কাজের জন্য প্রদত্ত অর্থের 125% ছাড়যোগ্য।

5A.3.5 Patent right ও Copy right'র জন্য ব্যয় [ধারা 35A]

নির্ধারী 1.4.98 এর আগে যদি কোন পেটেন্ট বা কপি রাইট নেবার জন্য মূলধন জাতীয় ব্যয় করেন তবে সেক্ষেত্রে 14 বছর অথবা উহার মেয়াদ কাল এই দুটির মধ্যে যেটি কম সেই সময় ধরে সমান কিস্তিতে ওই মূলধনী ব্যয় ছাড় দিতে হবে। এই জন্য মূলধনী ব্যয় 1.4.98 এর পরে হলে নির্ধারী 32 ধারা অনুসারে 25% হারে অবচয় দিতে পারবেন।

আবার মুনাফা জাতীয় ব্যয় হলে নির্ধারী 37 (1) ধারা অনুসারে ছাড় দাবী করতে পারবেন।

5A.3.6 বিশেষ জ্ঞান আহরণের জন্য ব্যয় [ধারা 35AB]

নির্ধারী কারিগরি বিশেষ জ্ঞান আহরণ করার জন্য এককালীন যে অর্থ 31.3.98 এর মধ্যে ব্যয় করেন তার জন্য ছাড় পাবেন। ছাড়ের পরিমাণ হবে—

(a) যদি ওই বিশেষ জ্ঞান কোনও সরকারি ল্যাবরেটরি বা পাবলিক সেক্টর কোম্পানির ল্যাবরেটরি বা কোনও বিশ্ববিদ্যালয়ে বিকাশ লাভ করে তবে 3 বছর ধরে ওই অর্থ সমান কিস্তিতে ছাড় পাওয়া যাবে।

(b) অন্যান্য ক্ষেত্রে 3 বছরের পরিবর্তে 6 বছর ধরে উক্ত ব্যয়কে ছড়িয়ে দিতে হবে।

5A.3.7 জনগণের সামাজিক ও অর্থনৈতিক উন্নতিকল্পে কোনও পরিকল্পনা গ্রহণের জন্য অর্থ ব্যয় [ধারা 35AC]

সরকার কর্তৃক নির্ধারিত কোনও পরিকল্পনা জনগণের সামাজিক ও অর্থনৈতিক উন্নতিতে কাজে লাগানোর জন্য প্রতিষ্ঠান কোনও অর্থ ব্যয় করলে তা ছাড় পাওয়া যাবে। কোনও সরকারি কোম্পানি, স্থানীয় স্বায়ত্তশাসন প্রতিষ্ঠান অথবা জাতীয় কমিটি কর্তৃক অনুমোদিত কোনও সংস্থার মাধ্যমে এই ব্যয় করলে, অবশ্য কোনও কোম্পানি সরাসরি এই জাতীয় প্রকল্পে অর্থ ব্যয় করলে তা ছাড় পাবে।

5A.3.8 প্রাথমিক ব্যয় [ধারা 35D]

ব্যবসায় প্রতিষ্ঠানের প্রাথমিক ব্যয়গুলি হল—

- সম্পাদনযোগ্যতা প্রতিবেদন তৈরির খরচ,
- প্রকল্প প্রতিবেদন তৈরির খরচ,
- বাজার সমীক্ষার খরচ,
- পরিমেলন নিয়মাবলী ও পরিমেলনবন্ধ রচনার খরচ,

- (e) কোম্পানি নিবন্ধনের খরচ,
- (f) বিভিন্ন চুক্তিপত্র তৈরির আইনগত খরচ,
- (g) শেয়ার ও ডিবেঞ্চার বিলি করার বিভিন্ন খরচ ইত্যাদি।

● **ছাড়ের পরিমাণ :**

কোম্পানি ছাড়া যে কোনও নির্ধারিত ক্ষেত্রে সর্বোচ্চ ছাড়ের পরিমাণ হবে পরিকল্পনা ব্যয় (Project Cost) এর 5%। কোম্পানির ক্ষেত্রে পরিকল্পনা ব্যয়ের 5% অথবা নিয়োজিত মূলধন (Capital employed)-এর মধ্যে যেটি বড় হবে সেটি সর্বোচ্চ সীমা হবে।

● **ছাড় পাওয়ার নিয়ম :**

31.3.98 এর পরে ব্যয় → ছাড়যোগ্য অর্থের পরিমাণ সমান 5টি বার্ষিক কিস্তিতে বাদ যাবে।

5A.3.9 স্বেচ্ছায় অবসর গ্রহণ প্রকল্পে প্রদত্ত অর্থ [ধারা 35DDA]

2001-2002 নির্ধারণ বছর থেকে 35DDA ধারা অনুসারে কোনও প্রতিষ্ঠান কোনও পূর্ববর্তী বছরে স্বেচ্ছায় অবসর গ্রহণ প্রকল্পে যে অর্থ ব্যয় করে তার $\frac{1}{5}$ অংশ ওই সংশ্লিষ্ট পূর্ববর্তী বছরে ছাড় পাওয়া যাবে এবং অবশিষ্ট অংশ চারটি পরবর্তী বছরে ছাড় পাওয়া যাবে।

5A.3.10 কর্মচারীদের প্রদত্ত বোনাস বা কমিশন [ধারা 36(1)(ii)]

কর্মচারীদের প্রদত্ত বোনাস বা কমিশন ছাড় পাওয়া যাবে। বোনাস সংশ্লিষ্ট পূর্ববর্তী বছরের মধ্যে অথবা আয়ের হিসাব আয়কর দপ্তরে জমা দেওয়ার পূর্বে প্রদান করলে তবে তা ছাড় পাওয়া যাবে।

5A.3.11 ঋণ মূলধনের উপর সুদ [ধারা 36(1)(iii)]

ব্যবসায়ের প্রয়োজনে যদি কোনও মূলধন ঋণ করা হয় তবে নিম্নলিখিত শর্তসাপেক্ষে ওই মূলধনের সুদ ছাড় পাওয়া যাবে।

- (a) নির্ধারিত অবশ্যই অর্থ ঋণ করেছেন।
- (b) এই ঋণ করা অর্থ ব্যবসায়ে ব্যবহার করা হয়েছে।
- (c) এই ঋণ করা অর্থের উপরই সুদ দেওয়া হয়েছে।
- (d) লভ্যাংশ প্রদানের জন্য ঋণ করা অর্থের উপর প্রদত্ত সুদ ছাড় পাওয়া যাবে।

(e) ব্যাবসার পরিধি বাড়ানোর জন্য ঋণ করা অর্থের উপর প্রদত্ত সুদ ছাড় পাওয়া যাবে।

(f) মূলধনী সম্পত্তিক্রয়ের জন্য ঋণ করা হয়েছে, এই রূপ অর্থের উপর প্রদত্ত সুদ ছাড় পাওয়া যাবে, তবে ওই ঋণকৃত মূলধন মুনাফাজাতীয় ক্রয়ে ব্যবহৃত হলেও ওই ঋণের উপর সুদ ছাড় পাওয়া যাবে [India Cements Ltd. V CIT (1966)]

5A.3.12 কুঋণ [ধারা 36(1)(vii)]

পূর্ববর্তী বছরের অবলেখিত (Written off) কুঋণ ছাড় পাওয়া যাবে, যদি নিম্নলিখিত শর্তগুলি পূরণ হয়—

(a) আগের যে কোনও পূর্ববর্তী বছরে অথবা বর্তমান পূর্ববর্তী বছরে এই অর্থ আয়ের অন্তর্ভুক্ত হয়েছে অথবা অর্থলগ্নীকারী প্রতিষ্ঠানের স্বাভাবিক কারবারী লেনদেনের অঙ্গ হিসেবে এই ঋণ প্রদত্ত হয়েছে।

(b) পূর্ববর্তী বছরের আয় নির্ণয় করার সময় কুঋণের অর্থ ক্ষতিরূপে বাদ দেওয়া হয়েছে।

(c) কারবারের স্বাভাবিক লেনদেনের অংশ হিসেবে এই ঋণ সৃষ্টি হয়েছে।

(d) কোনও একটি বর্ষ কারবারের কুঋণ অন্য চালু কারবারের আয় থেকে বাদ দেওয়া যাবে না।

5A.3.13 পরিবার পরিকল্পনার জন্য অর্থব্যয় [ধারা 36(1)(ix)]

কোম্পানির তার কর্মীদের মধ্যে পরিবার পরিকল্পনার ধারণা বিস্তারের জন্য যদি মূলধনজাতীয় ব্যয় করেন তবে সংশ্লিষ্ট ব্যয় 5 বছর ধরে বিস্তার করতে হবে। যে বছর এটি ব্যয় করা হয় সেই বছর থেকে শুরু করে পরবর্তী 4 বছর এই ছাড় পাওয়া যাবে।

5A.3.14 সাধারণ ছাড় [General Deduction ধারা 37(1)]

এই ধারাকে অবশিষ্টের ধারা বলে। এই ধারাতে ছাড় পেতে হলে নিম্নলিখিত শর্তগুলি পূরণ করতে হবে—

(i) 30 থেকে 36 নম্বর ধারার অন্তর্গত বিষয়গুলি এই ধারায় থাকবে না।

(ii) পূর্ববর্তী বছরে এই ব্যয় করা হবে।

(iii) নির্ধারিত কোনও ব্যক্তিগত খরচ এর মধ্যে আসবে না।

(iv) ব্যয়গুলি অবশ্যই নির্ধারিত ব্যবসা-সংক্রান্ত ব্যয় হবে।

(v) ব্যয়গুলি কখনই মূলধনজাতীয় হবে না।

- (vi) এই ব্যয় সম্পূর্ণ এবং কেবলমাত্র এই কারবারের জন্যই করা হয়েছে।
- (vii) “আপনার নিজস্ব টেলিফোন প্রকল্প” (Own your Telephone)-এ অর্থ জমা রাখলেও উহা এই ধারাতে ছাড় ফাওয়া যাবে (Circular No. F 204/70/75 – ITCA II dated 10.5.1976)।
- (viii) এই ব্যয় বেআইনী হবে না।

5A.3.15 কয়েকটি গুরুত্বপূর্ণ ছাড় [ধারা 30 থেকে 37]

- (i) সম্পত্তি রক্ষার্থে যে আইনগত ব্যয় হয়,
- (ii) আর্থিক সংস্থা থেকে ঋণ নেবার জন্য আইনগত ব্যয়,
- (iii) চুক্তিপত্র ও গুরুত্বপূর্ণ দলিল তৈরির আইনগত ব্যয়,
- (iv) নির্ধারিত ব্যবসায়ের সম্পত্তি ধ্বংস, নষ্ট ইত্যাদির হাত থেকে রক্ষা করার জন্য ব্যয়,
- (v) চুক্তি সম্পাদনের ব্যর্থ হওয়ার জন্য ক্ষতিপূরণ,
- (vi) ব্যবসায়ের স্বার্থে রক্ষার্থে বিভিন্ন সমিতিতে প্রদত্ত বাধ্যতামূলক চাঁদা,
- (vii) আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ নেওয়ার জন্য আইন-সংক্রান্ত ব্যয় ও পরিমেল নিয়মাবলী পরিবর্তনের জন্য ব্যয়,
- (viii) টেলিফোন প্রতিস্থাপনের জন্য ব্যয়,
- (ix) বিভিন্ন সামাজিক অনুষ্ঠানের জন্য ব্যয়,
- (x) কর্মচারীদের কল্যাণের জন্য ব্যয়,
- (xi) ব্যবসার স্বার্থে কোনও কর্মচারীকে বহিষ্কারের জন্য প্রদত্ত ক্ষতিপূরণ,
- (xii) ট্রেড মার্ক নিবন্ধনের জন্য ব্যয়, (CIT Vs Finlay Mills Ltd, 1951)
- (xiii) দিনের শেষে ব্যবসায়ের নগদ ঘাটতি,
- (xiv) একচেটিয়া অধিকার রক্ষার জন্য আইনগত ব্যয়,
- (xv) কর্মচারীদের প্রদত্ত উপহারের জন্য ব্যয়,
- (xvi) অনুমোদিত মূলধন বাড়ানোর জন্য প্রদত্ত ফাঁ,
- (xvii) কর্মচারী দ্বারা অর্থ চুরি সংক্রান্ত ক্ষতি (loss by embezzlement),
- (xviii) শেয়ার মূল্যায়নের জন্য ব্যয়।

5A.4 কয়েকটি ব্যয় যেগুলি ছাড় পাওয়া যায় না [ধারা 40]

(a) কয়েকটি ব্যয় ছাড়যোগ্য নয় [ধারা 40 (a)]

আয়কর আইনের 40(a) ধারা অনুসারে যে কোনও নির্ধারিত ক্ষেত্রে নিম্নলিখিত ব্যয়গুলি ছাড় পাওয়া যাবে না।

- (i) ভারতের বাইরে প্রদেয় যে কোনও সুদ, স্বত্বভাড়া, প্রযুক্তিগত সেবার জন্য ফী ইত্যাদি যার উপর কর প্রদান করা হয়নি বা উৎসমূলে কর বাদ দেওয়া হয়নি। [ধারা 40(a)(i)]।
- (ii) কোনও ব্যবসা বা পেশার মুনাফা বা লাভের উপর প্রদত্ত কর।
- (iii) সম্পত্তি কর আইন 1957 অনুসারে প্রদত্ত কোনও সম্পত্তি কর। [ধারা 40(a)(iia)]।
- (iv) ভারতের বাইরে প্রদেয় বেতন, যদি তার উপর কর প্রদান না করা হয় অথবা উৎসমূলে কর বাদ না দেওয়া হয়। [ধারা 40(a)(iii)]।
- (v) কর্মচারীদের কল্যাণার্থে ভবিষ্যনিধি বা অন্য যে-কোনও ফাণ্ডে নির্ধারী কর্তৃক প্রদত্ত অর্থ, যদি ওই ফাণ্ড থেকে কর্মচারীদের অর্থ প্রদানের সময় করযোগ্য অর্থের উপর কর প্রদানের উপযুক্ত ব্যবস্থা নির্ধারী কর্তৃক না নেওয়া হয়। [ধারা 40(a)(iv)]।

(b) আত্মীয়দের জন্য ব্যয় [ধারা 40A(2)]

নির্ধারী যদি নিম্নলিখিত ব্যক্তিদের কোনও অর্থ প্রদান করেন বা তাদের জন্য কোনও অর্থ ব্যয় করেন এবং নির্ধারণ অফিসার যদি তা অনৈতিক মনে করেন তবে তা ছাড় পাওয়া যার না।

- (a) নির্ধারী স্বতন্ত্র ব্যক্তি হলে তার আত্মীয়,
- (b) কোম্পানির অধিকর্তা অথবা তার কোনও আত্মীয়,
- (c) অংশীদারী কারবারের অংশীদার বা তার কোনও আত্মীয় অথবা কোনও সমিতির ক্ষেত্রে সমিতির সদস্য বা তার কোনও আত্মীয়,
- (d) নির্ধারীর ব্যবসা বা পেশাতে প্রভূত স্বার্থ (Substantial interest) আছে এমন ব্যক্তি,
- (e) যে কোনও ব্যক্তি যার ব্যবসাতে নির্ধারীর প্রভূত স্বার্থ আছে।

(c) 10,000 টাকার বেশি অর্থ প্রদান ও মালবাহী যানের ভাড়া বা লীজের ক্ষেত্রে 35,000 টাকার বেশি অর্থ প্রদান [ধারা 40A(3)]

2018-19 A.Y. থেকে 10,000 টাকার বেশি কোনও অর্থপ্রদান রেখাঙ্কিত চেক বা রেখাঙ্কিত ব্যাঙ্ক ড্রাফটের মাধ্যমে না হয়ে যদি অন্যভাবে প্রদত্ত হয় তবে ওই অর্থপ্রদানের 100% ছাড় পাওয়া যাবে না। (100% of such expenses is disallowed)। কোন মালবাহীযানের ভাড়া বা লীজ বাবদ 35,000 টাকার বেশী নগদে প্রদান করলে ঐ প্রদানের 100 শতাংশ ছাড় পাওয়া যাবে না।

● **ব্যতিক্রম**—বিধি 6DD অনুসারে নিম্নলিখিত ক্ষেত্রে 10,000 টাকার বেশি রেখাঙ্কিত ড্রাফট বা রেখাঙ্কিত চেক প্রদান না করলেও উপরের নিয়মটি কার্যকর হবে না—

- (a) LIC, IFC, RBI, IDBI, বাণিজ্যিক ব্যাঙ্ক'র মতো বিভিন্ন অর্থনৈতিক সংস্থা,
- (b) সরকারকে অর্থ প্রদান,
- (c) যেখানে ব্যাঙ্কের কোনও শাখা নেই এমন গ্রামে বসবাসকারী বা ব্যবসায়ী,
- (d) কৃষিকার্ব, মধু, চন্দন তৈরিতে, দুগ্ধ উৎপাদনে এবং মৎস্য চাষে নিয়োজিত ব্যক্তিসমূহ,
- (e) কোনও ব্যক্তি যিনি বাৎসরিক 7,500 টাকার বেশি বেতন পান না, তাকে অবসর নেওয়ার বছরে অবসরকালীন সুযোগ-সুবিধা যেমন আনুতোয়িক, অবসায়নের জন্য ক্ষতিপূরণ ইত্যাদি প্রদান।

- (f) একাধিক বিল প্রতিটি 10,000 টাকার নীচে, কিন্তু অর্থ প্রদান একত্রে হলে।
- (d) ব্যয় প্রকৃতই প্রদত্ত হলে ছাড় [Allowed only on payment basis] 43B ধারা।
43B ধারা অনুযায়ী নিম্নলিখিত ব্যয়গুলি নগদে প্রদান হলে তা ছাড়যোগ্য :
- কর (Tax), ডিউটি (Customs, Excise Duty)।
 - মালিক কর্মচারীদের জন্য Provident fund বা Retirement benefit এর জন্য Fund বা তহবিলে প্রদেয় অর্থ।
 - কর্মীদের বোনাস বা কমিশনের জন্য অর্থ।
 - ব্যাক থেকে ঋণ নেওয়ার জন্য প্রদেয় সুদের অর্থ।
 - ICICI, IFCI, IDBI, LIC এবং UTI থেকে ঋণ নিলে, তারজন্য প্রদেয় সুদের অর্থ।
- এই প্রসঙ্গে মনে রাখতে হবে যদি অর্থ আয়কর রিটার্ন জমা দেওয়ার নির্দিষ্ট দিনের (Due date of billing Return of Income) আগে জমা দেওয়া হয় তবেই ছাড় পাওয়া যাবে।

Due date:

- নিরীক্ষার অন্তর্গত হলে 30th September
- অন্য ক্ষেত্র হলে 31st July (যদি নিরীক্ষার অন্তর্গত না হয়)

5A.5 বিবেচিত মুনাফা (Deemed Profit)

নিম্নলিখিত প্রাপ্তিগুলি ব্যবসায়ের আয় হিসাবে করযোগ্য হবে—

- পূর্বে ছাড় পাওয়া গেলেও পরে পুনরুদ্ধার করা হয়েছে [ধারা 41(1)]

যদি নির্ধারী কোনও পূর্ববর্তী বছরে ক্ষতি, ব্যয় বা ব্যবসায়িক দায়-এর জন্য ছাড় পান এবং সংশ্লিষ্ট পূর্ববর্তী বছরে ওই বাদ দেওয়া ক্ষতি, ব্যয় বা ব্যবসায়িক দায়ের কোনও অংশ বা সম্পূর্ণ অংশ নগদে বা অন্য কোনও উপায়ে পুনরুদ্ধার করতে পারেন তবে তা মুনাফা হিসাবে বিবেচিত হবে এবং করযোগ্য হবে।

আগুনে পুড়ে যাওয়া মজুদপণ্যের ক্ষতির জন্য নির্ধারী ছাড় পান কিন্তু বিমা কোম্পানির কাছ থেকে এই খাতে প্রাপ্ত ক্ষতিপূরণ করযোগ্য [Investors Corporation Vs CIT (1993) 201 ITR 378 (Cal)]।

- কুঞ্চণ পুনরুদ্ধার [ধারা 41(4)]

কোনও পূর্ববর্তী বছরে আয়কর আইনের 36(1) (vii) ধারা অনুসারে কুঞ্চণের জন্য নির্ধারী যদি ছাড় পান এবং সংশ্লিষ্ট পূর্ববর্তী বছরে ওই ছাড় পাওয়া কুঞ্চণের বেশি পরিমাণ পুনরুদ্ধার করেন তবে পুনরুদ্ধার করা অর্থ থেকে মোট ঋণ ও ছাড় পাওয়া কুঞ্চণের অন্তরফলটি (balance) বাদ দিয়ে যে অবশিষ্ট অংশটি থাকে তাই করযোগ্য হবে।

ধরা যাক, নির্ধারী 1998-99 পূর্ববর্তী বছরে 55,000 টাকার পণ্য ধারে বিক্রয় করেছেন। 1999-2000

সালে নির্ধারী 20,000 টাকা অবলেনখন করেন এবং 36(1)(vii) ধারা অনুসারে ছাড় পান। 2000-2001 পূর্ববর্তী বছরে নির্ধারী 40,000 টাকা পুনরুদ্ধার করেন। সুতরাং, 40,000 টাকা—(55,000 টাকা —20,000 টাকা) বা 5,000 টাকা করযোগ্য হবে।

(iii) অজানা উৎস থেকে আয়

(a) নগদ ঋণ (Cash Credit) [ধারা 68]

যদি নির্ধারী তাঁর হিসাবের বই-এ কোনও অর্ধকে ক্রেডিট করেন এবং ওই ক্রেডিট করা অর্ধের উৎস সম্পর্কে তিনি যদি আয়কর অফিসারকে সন্তোষজনক উত্তর দিতে না পারেন তবে ওই অর্ধ করযোগ্য হবে।

(b) অব্যাখ্যাকৃত লগ্নি (Unexplained Investment) [ধারা 69]

নির্ধারী সংশ্লিষ্ট পূর্ববর্তী বছরে কোথাও লগ্নি করলে হিসাবের বইতে যদি তিনি লিপিবদ্ধ না করেন এবং এই লগ্নির উৎস সম্পর্কে আয়কর অফিসারকে সন্তোষজনক ব্যাখ্যা দিতে না পারেন তবে ওই লগ্নির মূল্য আয় হিসাবে বিবেচিত হবে।

(c) অব্যাখ্যাকৃত অর্থ (Unexplained Money) [ধারা 69A]

কোনও আর্থিক বছরে নির্ধারী যদি কোনও অর্থ, রত্ন, জহরত, গহনাপত্র বা মূল্যবান সামগ্রীর মালিক হন এবং তা হিসাবের বইতে লিপিবদ্ধ না করেন তবে এর উৎস সম্পর্কে তিনি সন্তোষজনক ব্যাখ্যা দিতে না পারার জন্য ওই অর্থ রত্ন, জহরত, গহনাপত্র বা মূল্যবান সামগ্রী ওই আর্থিক বছরে নির্ধারীর আয় হিসাবে বিবেচিত হবে এবং করযোগ্য হবে,

(d) অব্যাখ্যাকৃত ব্যয় (Unexplained Expenditure) [ধারা 69C]

যেখানে নির্ধারী কোনও অর্থ ব্যয় করেন এবং এই ব্যয়ের উৎস সম্পর্কে তিনি যদি সন্তোষজনক ব্যাখ্যা দিতে না পারেন তবে তা নির্ধারীর আয় হিসাবে বিবেচিত হবে এবং সংশ্লিষ্ট পূর্ববর্তী বছরে করযোগ্য হবে।

5A.6 অন্তিম মজুদ সত্তার (Closing Stock)-এর মূল্যায়ন

ক্রয়মূল্য এবং বাজার মূল্য—এই দুটির মধ্যে যেটি কম, সেই মূল্যে নির্ধারী তাঁর অন্তিম সত্তার মূল্যায়ন করতে পারেন। কিন্তু মূল্যায়নের জন্য নির্ধারী যে পদ্ধতিই গ্রহণ করুন না কেন তিনি তাঁর সুবিধামতো ওই পদ্ধতি পরিবর্তন করতে পারবেন না। [CIT Vs. Apuchattiar, 1962]

5A.7 প্রারম্ভিক সত্তার এবং অন্তিম সত্তার কম মূল্যে বা বেশি মূল্যে দেখানো

প্রারম্ভিক সত্তার বা অন্তিম সত্তার কম মূল্যে বা বেশি মূল্যে মূল্যায়িত করলে পূর্ববর্তী বছরের মুনাফার উপর তার প্রভাব পড়ে। মুনাফার উপর এই প্রভাব দূর করার জন্য নিম্নলিখিত মিলকরণ প্রয়োজন—

| সম্ভারের মূল্যায়ন | মুনাফার উপর প্রভাব | প্রয়োজনীয় মিলকরণ |
|--|---------------------|---|
| (a) প্রারম্ভিক সম্ভারের কম মূল্যায়ন (Under Valued) হলে | মুনাফা বৃদ্ধি পাবে। | প্রকৃত মূল্য ও বইতে লিখিত মূল্যের অন্তরফল মুনাফা থেকে বাদ দিতে হবে। |
| (b) অন্তিম সম্ভারের কম মূল্যায়ন (Under Valued) হলে | মুনাফা হ্রাস পাবে। | ওই অন্তরফল মুনাফার সঙ্গে যোগ হবে। |
| (c) প্রারম্ভিক সম্ভারের অধিক মূল্যায়ন (Over Valued) হলে | মুনাফা হ্রাস পাবে। | ওই অন্তরফল মুনাফার সঙ্গে যোগ হবে। |
| (d) অন্তিম সম্ভারের অধিক মূল্যায়ন হলে | মুনাফা বৃদ্ধি পাবে। | ওই অন্তরফল মুনাফা থেকে বাদ দিতে হবে। |

5A.8 মালিকের নিজের ব্যবহারের জন্য উত্তোলিত পণ্য

মালিক নিজের ব্যবহারের জন্য ব্যবসা থেকে পণ্য উত্তোলন করলে তার মূল্যায়ন অবশ্যই ক্রয়মূল্যে করতে হবে। এক্ষেত্রে বাজার মূল্য বিবেচনা করা যাবে না। যদি ওই উত্তোলিত পণ্য বাজার মূল্যে দেখানো হয় তবে মুনাফা থেকে বাজারমূল্য ও ক্রয়মূল্যের অন্তরফলটি বাদ দেবেন। এখানে উল্লেখ্য যে বিক্রয়ের ক্ষেত্রে দু'জন ব্যক্তির প্রয়োজন—ক্রেতা ও বিক্রেতা। মালিক নিজের ব্যবসার পণ্য নিজের ব্যবহারের জন্য গ্রহণ করলে সেখানে দু'জন ব্যক্তির উপস্থিতি পাওয়া যায় না।

5A.9 ব্যবসা থেকে আয় বা মুনাফা নির্ণয়ের পদ্ধতি

Computation of Business Income of Mr. X, a resident individual for the Assessment year 2019-20 relating to the previous year 2018-2019.

| Particulars | Rs. | Rs. |
|--|-----|-----|
| Profit as per Profit & Loss A/c | | *** |
| Add : Expenses debited to Profit and Loss A/c but not admissable under the Act. | | |
| (i) All Provisions and Reserves | *** | |
| (ii) All Capital expenses | *** | |

| Particulars | Rs. | Rs. |
|---|-----|-----|
| (iii) All personal expenses (Interest on Capital, Salary of Proprietor) | *** | |
| (iv) Penalty and fine paid for infringement of law | *** | |
| (v) Expenses relating to other heads of income | *** | |
| (vi) Depreciation—treated separately | *** | |
| (vii) All charities and donations treated separately | *** | |
| (viii) Under valuation of Closing stock | *** | |
| (ix) Over-valuation of opening stock | *** | |
| (x) Bad Debt—treated separately | *** | |
| (xi) 20% of cash expenses in excess of Rs. 20,000 | *** | *** |
| <i>Add</i> : Value of goods drawn Cost price | *** | *** |
| (-) credited to sales A/c | *** | *** |
| | *** | |
| <i>Less</i> Income credited to Profit & Loss A/c but to be assessed under separate heads. | | |
| (i) Rent from house property | *** | |
| (ii) Capital Gains | *** | |
| (iii) Income from other source | *** | *** |
| (iv) Salary | *** | |
| <i>Less</i> Admissable Expenses but not debited to Profit & Loss A/c | | *** |
| (i) Depreciation—allowed by ITO | ** | |
| (ii) Bad Debt—allowed by ITO | ** | |
| (iii) Bad Debt recovered not allowed in earlier year | ** | |
| Adjustment for stock | | |
| Over valuation of closing stock | ** | |
| Under valuation of opening stock | ** | ** |
| Income from Profit & Gains of Business | | *** |

5A.10 পেশা থেকে আয় নির্ণয়ের পদ্ধতি

Computation of income from Profession of Mr. X, a resident individual for the A.y. 2019-20 relating to the P.y 2018-2019.

| Particulars | Rs. | Rs. |
|---|-----|------------|
| Income from Profession : | | |
| Fees | *** | |
| Gift from clients (Patients) | *** | |
| Any other receipts relating to Profession | ** | *** |
| Less : Professional expenses of revenue nature : | | |
| (i) Office expenses | ** | |
| (ii) Salary to staff | ** | |
| (iii) Membership fees | ** | |
| (iv) Motor Car expenses | ** | |
| (v) Depreciation on equipment | ** | |
| (vi) Cost of journals | ** | |
| (vii) Any other expenses pertaining to profession | ** | ** |
| Income from Profession | | *** |

5A.11 ব্যবহারিক উদাহরণ

উদাহরণ : 1

Compute the business income for the A.y. 2019-20.

Trading and Profit and Loss A/c for the year ended 31.3.19

| Dr. | Rs. | | Cr. |
|------------------|---------------|---------------------|---------------|
| | | | Rs. |
| To Opening Stock | 5,500 | By Sales | 37,650 |
| To Purchases | 20,650 | By Closing Stock | 7,700 |
| To Wages | 6,700 | | |
| To Gross Profit | 12,500 | | |
| | <u>45,350</u> | | <u>45,350</u> |
| To Salaries | 2,500 | By Gross Profit b/d | 12,500 |

| | Rs. | | Rs. |
|--|---------------|---------------------------|---------------|
| To Rent | 800 | By Interest on investment | |
| To Interest on Capital | 400 | in Govt. Securities | 1,540 |
| To Interest on Loan | 900 | (tax deducted at Source | |
| To Life Insurance Premium | 300 | @ 23% | |
| To Fire Insurance premium | 120 | By Bad Debt recovered | 700 |
| To Bad Debt | 800 | By Profit on Sales of | |
| To Provision for Bad Debt | 250 | Machinery | 5000 |
| To Depreciation | 2,300 | | |
| To Loss on theft | 1,000 | | |
| To Entertainment Expenses | 2,200 | | |
| To Donation to Govt. of India for family Planning | 3,000 | | |
| To Net Profit | 3,670 | | |
| | <u>19,740</u> | | <u>19,740</u> |

Additional Information :

- (1) Both opening and closing stock were valued below cost by 10%.
- (2) Bad debts include Rs. 200 due from a customer against whom a suit for realisation of the debt has been pending for three years in court.
- (3) Bad debt recovered includes Rs. 200 disallowed by AO in the preceeding year.
- (4) During the year an old machine was sold for Rs. 15,000 and its written down value for income tax purpose on the date of sale was Rs. 10,000 while its cost was Rs. 13,000.
- (5) Depreciation admissable as per Income Tax Rules Rs. 2,150.

Computation of business income of Mr. X, a resident individual for the Assessment year 2019-20 relating to the Previous year 2018-19.

| | Rs. | Rs. |
|---|-------|--------|
| Net Profit as per Profit and Loss A/c | | 3,670 |
| <i>Add</i> : Inadmissible expenses : | | |
| (i) Interest on Capital (Notional) | 400 | |
| (ii) Life Insurance Premium (Personal) | 300 | |
| (iii) Bad Debt (not yet settled) | 200 | |
| (iv) Provision for Bad Debt | 250 | |
| (v) Provision for income tax | 1,000 | |
| (vi) Donation – treated separately | 3,000 | |
| (vii) Depreciation (treated separately) | 2,300 | 7,450 |
| | | 11,120 |
| <i>Add</i> : Under valuation of closing stock $\left(7,700 \times \frac{10}{90}\right)$ | | 856 |
| | | 11,976 |
| Less : Income credited to Profit and Loss A/c but assessable under different heads : | | |
| (i) Interest on Govt. Securities – Treated Separately | 1,540 | |
| (ii) profit on sales of Machinery – Treated Separately | 5,000 | 6,540 |
| | | 5,436 |
| Less : Bad Debt recovered (700 – 200) | 500 | |
| Under-valuation of opening stock $\left(5,500 \times \frac{10}{90}\right)$ | 611 | |
| Depreciation allowable under I.T. Act. | 2,150 | 3,261 |
| Income from business | | 2,175 |
| Rounded off u/s 288A | | 2,180 |

Note : (1) Loss on theft is allowed assuming that theft was committed in the normal course of business.

উদাহরণ : 2

From the following Profit and LossA/c for the year ended 31.3.2019 of Mr. Sinha compute the business income for the A.Y. 2019-20.

| Dr. | | Cr. | |
|--------------------------------|-----------|---------------------|-----------|
| To Opening stock | 80,000 | By Sales | 1,20,000 |
| To Purchases | 9,20,000 | By Closing Stock | 90,000 |
| To Gross Profit c/d | 2,90,000 | | |
| | 12,90,000 | | 12,90,000 |
| To Salaries | 55,000 | By Gross Profit b/d | 2,90,000 |
| To Rent | 25,000 | By Bank interest | 500 |
| To Commission | 5,000 | | |
| To Legal charges | 4,500 | | |
| To Bad Debt | 14,500 | | |
| To Reserve for Bad Debt | 11,500 | | |
| To Repairs to machinery | 1,500 | | |
| To Depreciation on Fixed Asset | 26,500 | | |
| To Other expenses | 2,000 | | |
| To Income Tax | 20,000 | | |
| To Net Profit | 1,25,00 | | |
| | 2,90,500 | | 2,90,000 |

Additional Informations :

- (1) Sales include the value of goods with Rs. 50,000 which were drawn by Sinha for his personal use. The cost price of such goods was Rs. 45,000 and the market price of such goods as the date of transfer was valued at Rs. 56,000.
- (2) Rent includes Rs. 3,600 which was charged by Sinha as part of his own residence was used a godown for his business.
- (3) Bad Debts include Rs. 3,000 which were not finally settled as irrecoverable.

- (4) Depreciation allowable as per Income Tax Rules for the year was Rs. 30,000.
 (5) Both opening and closing stock were under valued at 20% below cost.
 (6) Legal Charges include Rs. 500, the fees paid for the registration of title deeds of a land acquired for the business last year.

সমাধান :

Computation of Income from Profits and Gains of Business or Profession of Mr. Sinha, a resident individual for the Assessment year 2019-20 relating to the Previous year 2018-19.

| Particulars | Rs. | Rs. |
|---|--------|----------|
| Net Profit as per Profit & Loss A/c | | 1,25,000 |
| Add : Inadmissible expenses : | | |
| (i) Rent for godown (Owned by Sinha) | 3,600 | |
| (ii) Bad debt (not yet settled) | 3,000 | |
| (iii) Registration for title deeds of land –Capital expenditure | 500 | |
| (iv) Reserve for Bad Debt | 11,500 | |
| (v) Depreciation on fixed assets–treated separately | 26,500 | |
| (vi) Income Tax–Personal Tax | 20,000 | 65,100 |
| | | 1,90,100 |
| Less : Income credited to P/L/A/c but to be assessed under different heads : | | |
| Bank interest | | 500 |
| | | 1,89,600 |
| Less : Under valuation of opening stock $\left(80,000 \times \frac{20}{80}\right)$ | | 20,000 |
| | | 1,69,600 |
| Add : Under valuation of closing stock $\left(90,000 \times \frac{20}{80}\right)$ | | 22,500 |
| | | 1,92,100 |
| Less : Depreciation – Allowed by I.T. Act | 30,000 | |

| | | |
|---|-------|-----------------|
| Less : Over Valuation of Goods drawn by the Proprietor | | |
| Rs. (50,000 – 45,000) | 5,000 | 35,000 |
| Business Income | | 1,57,100 |

ব্যাখ্যা :

অন্যভাবেও প্রারম্ভিক সত্তার ও অন্তিম সত্তারের জন্য মিলকরণ করা যাবে।

| | | |
|--|---|---------------|
| (a) প্রারম্ভিক সত্তারের প্রকৃতমূল্য = 80,000 টাকা $\times \frac{100}{80}$ | = | 1,00,000 টাকা |
| বইতে দেখানো মূল্য | = | 80,000 টাকা |
| মুনাফা থেকে বাদ দিতে হবে | = | 20,000 টাকা |
| (b) অন্তিম সত্তারের প্রকৃত মূল্য $\left(90,000 \times \frac{10\phi}{8\phi}\right)$ | = | 1,12,500 টাকা |
| অন্তিম সত্তারের বইতে দেখানো মূল্য | = | 90,000 টাকা |
| মুনাফার সঙ্গে যোগ করতে হবে | = | 22,500 টাকা |

উদাহরণ : 3

The following is the Profit and Loss Account of Mr. Sarkar for the year ended 31-03-19 Compute his taxable income for the relevant Assessment year.

| Dr. | | Cr. | |
|------------------------------|-----------------|----------------------|-----------------|
| To Opening Stock | 15, 000 | By Sales | 80,000 |
| To Purchases | 40,000 | By Closing Stock | 20,000 |
| To Rent | 6,000 | By Gift from father | 10,000 |
| To Repairs to motor car | 3,000 | By Sale of motor car | 17,000 |
| To Income tax paid | 2,000 | By Income tax refund | 3,000 |
| To Medical expenses | 3,000 | | |
| To General expenses | 10,000 | | |
| To Depreciation on motor car | 4,000 | | |
| To Advance income tax paid | 1,000 | | |
| To Net Profit | 26,000 | | |
| | 1,30,000 | | 1,30,000 |

Additional informations :

- (1) Mr. Sarkar carries on his business from rented premises at Kolkata, half of which is used as his residence.

- (2) Mr. Sarkar bought a car during the year for Rs. 20,000. He charged 20% depreciation on the value of the car. The car was sold during the year for Rs. 17,000. The use of the car was $\frac{3}{4}$ th for the business and $\frac{1}{4}$ th for the personal purposes.
- (3) Medical expenses were incurred during sickness of Sarkar for his treatment.
- (4) Wages include Rs. 250 per month an account of Sarkar's driver for 10 months.

সমাধান :

Computation of Taxable Income of Mr. Sarkar, a resident individual for the Assessment year 2019-20 relating to the previous year 2018-19.

| Particulars | Rs. | Rs. |
|---|--------|--------|
| Profit as per Profit and Loss A/c | | 26,000 |
| <i>Add</i> : Inadmissible Expenses: | | |
| (i) Wages of the drive Rs. $(250 \times 10) \times \frac{1}{4}$ | | |
| —Personal expenses | 625 | |
| (ii) Rent Rs. $\left(6,000 \times \frac{1}{2}\right)$ | 3,000 | |
| (iii) Repairs to motor car $\left(3,000 \times \frac{1}{4}\right)$ | 750 | |
| (iv) Income Tax – Personal Tax | 2,000 | |
| (v) Medical Expenses – Personal expenses | 3,000 | |
| (vi) Depreciation | 4,000 | |
| —No depreciation on motor car is allowed as the car was purchased and sold in the same year | | |
| (vii) Advance Income Tax paid | 1,000 | 14,375 |
| | | 40,375 |
| <i>Less</i> : Income credited to Profit & Loss A/c but not treated as business income. | | |
| (i) Gift from father | 10,000 | |
| (ii) Sale of motor car — Capital gain | 17,000 | |
| (iii) Income tax refund | 3,000 | 30,000 |
| Taxable Income | | 10,375 |
| Rounded of u/s 288 A | | 10,380 |

Note :

(1) Motor car has been treated as capital asset as the car has been purchased not for the purposes of sale, it has been used for both personal and business purposes.

উদাহরণ : 4

Form the following information compute the income from business of Ramanuj Basu for the Assessment year 2019-20.

Trading and Profit & Loss A/c for the year ended 31-03-2019

| Dr. | | Cr. | |
|------------------------------------|-----------------|--|-----------------|
| To Op Stock | 22,000 | By Sales | 6,00,000 |
| To Purchases | 3,00,000 | By Closing Stock | 33,000 |
| To Wages | 28,000 | | |
| To Gross Profit c/d | 2,83,000 | | |
| | <u>6,33,000</u> | | <u>6,33,000</u> |
| To Salaries | 43,000 | By Gross Profit b/d | 2,83,000 |
| To Provision for Bad Debt | 3,000 | By Refund of Income Tax | 1,700 |
| To Income Tax | 5,000 | By Dividend from UTI | 4,300 |
| To Fines Paid to Customs Authority | 2,000 | By Recovery of Bad Debt (Disallowed in Previous year) | 1,000 |
| To Advertisement | 6,500 | | |
| To Interest on Capital | 2,500 | | |
| To Life Insurance Premium | 4,000 | | |
| To Donation | 17,000 | | |
| To General expenses | 10,000 | | |
| To Depreciation | 23,000 | | |
| To Entertainment expenses | 14,000 | | |
| To Net Profit | 1,60,000 | | |
| | <u>2,90,000</u> | | <u>2,90,000</u> |

Additional informations :

- (1) Advertisement include cost of 2 gifts of Rs. 1,200 each presented to clients.
- (2) Purchase include a petty purchase of Rs. 20,000 paid by cash.
- (3) Salaries include Rs. 3,000 being Mr. Basu's Contribution to the employees R.P.F made one month after end of the relevant P. Y. 2018-19.
- (4) Donations Comprise Rs. 10,000 donated to Janta Dal and Rs. 7,000 donated to PM's National Relief Fund.
- (5) Sales include a sum of 10,000 representing the value of goods withdrawn by Mr. Basu (Cost of goods Rs. 12,000 and market value is Rs.15,000).
- (6) on 1.4.2018 he had plant & machinery (Rate of depreciation 25%) having written down value of Rs. 1,50,000. During the year he purchases a new plant for Rs. 50,000 (on 1.6.2018 and sold a machine having written down value of Rs. 60,000 for Rs 80,000.)

সমাধান :

Computation of income from business of Mr. Basu, a resident individual for the A.y. 2019-20 relating to the P.y. 2018-19.

| Particulars | Rs. | Rs. |
|--|--------|----------|
| Net Profit as Per Profit & Loss A/c | | 1,60,000 |
| <i>Add</i> : Expenses debited to P/L A/c but to be disallowed : | | |
| (i) Provision for Bad Debt | 3,000 | |
| (ii) Income Tax – Personal | 5,000 | |
| (iii) Fines paid to customs authority | 2,000 | |
| (iv) Interest on Capital – Personal | 2,500 | |
| (v) Life insurance Premium – Personal | 4,000 | |
| (vi) Donation – treated separately | 17,000 | |
| (vii) Depreciation | 23,000 | |
| (viii) Salaries (Employer's Contribution being not paid in the relevant P. Y.) | 3,000 | |
| (ix) Cash payment for purchases exceeding Rs. 10,000 | 20,000 | 79,500 |
| | | 2,39,500 |

| Particulars | Rs. | Rs. |
|---|-------|----------|
| <i>Less</i> Income Credited to P/L A/c but to be assessed under different heads : | | |
| Dividend from UTI | | 4,300 |
| | | 2,35,200 |
| <i>Less</i> Income credited to P/L A/c but not considered as actual income : | | |
| (i) Recovery of bad debt (not allowed in last year) | 1,000 | |
| (ii) Refund of Income Tax | 1,700 | 2,700 |
| | | 2,32,500 |
| <i>Add</i> Drawing of goods valued Rs. 12,000 but credited to sales A/c Rs.10,000 | | 2,000 |
| | | 2,34,500 |
| <i>Less</i> Depreciation – see working note. | | 30,000 |
| Income from business | | 2,04,500 |

Note :

(1) Calculation for Depreciation

| | |
|---|----------|
| WDV as on 1.4.2018 | 1,50,000 |
| <i>Add</i> Purchase of new Plant | 50,000 |
| | 2,00,000 |
| <i>Less</i> Sale of machine | 80,000 |
| | 1,20,000 |
| <i>Less</i> Depreciation 25% on Rs 1.20.000 | 30,000 |
| WDV as on 31.3.2019 | 90,000 |

- (2) Employer's Contribution to R.P.F. paid after the end of the P.Y. 2018-19 will not be allowed as business expense u/s 43B.
- (3) Cash payment in excess of Rs 10,000 will be disallowed in full u/s 40A(3).
- (4) From the A.y. 2002-03 the amount spent on advertisement is deductible as business expense. There is no maximum limit.

উদাহরণ : 5. নিম্নলিখিত ব্যয়গুলি 'ব্যবসা বা পেশা থেকে লাভ ও আয়' খাতে আয় নির্ণয় করার সময় ছাড় পাওয়া যাবে কিনা লিখুন।

- (a) নির্ধারিত ব্যবসায়ের বৈজ্ঞানিক গবেষণার জন্য 5,000 টাকার দামের একটি মেশিন ক্রয় করা হয়েছে।
- (b) একটি পরিকল্পনার সম্পাদনযোগ্যতা প্রতিবেদন তৈরির খরচ পড়েছে 20,000 টাকা। পরিকল্পনা (Project) টির জন্য মোট ব্যয় 3,00,000 টাকা।
- (c) ব্যবসায়ের মেশিন ক্রয়ের জন্য ঋণ করা অর্থের উপর প্রদত্ত সুদ 5,000 টাকা।
- (d) নির্ধারিত সম্পত্তির মালিকানা রক্ষা করার জন্য আইনগত খরচ 3,000 টাকা।
- (e) বিদেশে মেশিন ক্রয়ের জন্য অধিকর্তার যাতায়াত ভাড়া 15,000 টাকা।
- (f) কাঁচামালের সহজলভ্যতার জন্য একস্থান থেকে অন্যস্থানে কারবার নিয়ে যাওয়ার ব্যয় 10,000 টাকা।

সমাধান :

- (a) নির্ধারিত ব্যবসায়ের ব্যবহারের জন্য মেশিনটি ক্রয় করেছেন সেটি বৈজ্ঞানিক গবেষণায় কাজে লাগবে। সুতরাং আয়কর আইনের ধারা 35 অনুসারে এই 5,000 টাকা নির্ধারিত ছাড় পাবেন।
- (b) পরিকল্পনার সম্পাদনযোগ্য প্রতিবেদন তৈরির খরচ একটি প্রাথমিক ব্যয়। এক্ষেত্রে ব্যয়ের সর্বোচ্চ সীমা হবে (3,00,000 টাকা \times 5%) বা 15,000 টাকা। ধারা 35(D) অনুসারে প্রাথমিক ব্যয়ের জন্য ছাড় পাওয়া যাবে (15,000 টাকা \div 5) বা 3,000 টাকা [সমান কিস্তিতে পাঁচ বছর ধরে]।
- (c) মূলধনি সম্পত্তি ক্রয়ের জন্য ব্যাঙ্ক থেকে নেওয়া ঋণের উপর সুদ একটি বাদযোগ্য ছাড়। আয়কর আইনের 36(i) (iii) ধারা অনুসারে প্রদত্ত সুদ 5,000 টাকা ছাড় পাওয়া যাবে।
- (d) ব্যবসায়ের সম্পত্তি রক্ষার্থে আইনগত ব্যয় একটি বাদযোগ্য ছাড়। আয়কর আইনের 37(1) ধারা অনুসারে এখানে নির্ধারিত 3,000 টাকা ছাড় পাবেন।

- (e) অবচয়যোগ্য সম্পত্তি ক্রয়ের ক্ষেত্রে যাতায়াত বাবদ খরচ সম্পত্তিটির প্রকৃত মূল্যের সঙ্গে যোগ করতে হয়। সুতরাং এক্ষেত্রে যাতায়াত বাবদ খরচ মূলধনি ব্যয় হিসাবে গণ্য হবে ও আলাদাভাবে ছাড় পাওয়া যাবে না [ধারা 37(1)]
- (f) কারবার স্থানান্তরের জন্য যে ব্যয় হয় তা মূলধনি ব্যয়, কারণ এই ব্যয় কারবারের আয় করার ক্ষমতা বৃদ্ধি করে। আবার 37(1) ধারা অনুসারে কোনও মূলধনি ব্যয় ছাড় পাওয়া যায় না। সুতরাং প্রদত্ত থলে কারবারের স্থানান্তরজনিত ব্যয় 10,000 টাকা ছাড় পাওয়া যাবে না।

উদাহরণ : 6

Mr Kar furnishes the following Trading, Profit & Loss A/c for the Previous year ending 31-03-2019

| Dr. | | Cr. | |
|--|------------|--|-----------|
| To Stock | 2,40,000 | By Sales | 19,76,900 |
| To Purchases | 16,60,000 | By Closing Stock | 4,60,000 |
| To Feight & Duty | 50,000 | | |
| To Manufacturing wages | 1,20,000 | | |
| To Depreciation | 48,000 | | |
| To Rent, rates and taxes | 45,000 | | |
| To Gross Profit c/d | 2,73,900 | | |
| | 24, 36,900 | | 24,36,900 |
| To Office Salaries | 60,000 | By Gross Profit b/d | 2,73,900 |
| To Interest on Capital | 12,000 | By Rent of Staff quarters (built in 1998) | 19,000 |
| To Bad Debt | 9,000 | By Refund of income tax | |
| To Income tax | 11,000 | penalty | 1,100 |
| To Expenses of Income tax proceedings | 16,000 | By Sale price of old machine | 25,000 |

| Dr. | | | Cr. |
|---|-----------------|---|-----------------|
| To Legal expenses | 6,000 | By Recovery of bad debt not allowed to be deducted in earlier year. | 6,000 |
| To Diwali expenses | 6,000 | By Sundry Receipts | 35,000 |
| To Staff welfare expenses | 4,000 | | |
| To Security deposit for salex connection | 15,000 | | |
| To Bonus payable to employees | 30,000 | | |
| To Repair to staff quarter | 11,000 | | |
| To General Reserve | 11,000 | | |
| To Entertainment expenses | 11,000 | | |
| To Provisions for taxes | | | |
| Sales tax & Excise duty | 40,000 | | |
| Municipal tax for staff quarter | 14,000 | | |
| | 54,000 | | |
| To Medical expenses | 8,000 | | |
| To Net Profit | 90,000 | | |
| | <u>3,54,000</u> | | <u>3,60,000</u> |

Compute the taxable income considering the following informations

- (i) Purchase include Rs. 28,000 whose payment was made by a bearer cheque.
- (ii) Office Salaries include Rs. 18,000 paid to the proprietor of the business. Municipal tax paid on 31.03.18.
- (iii) Diwali expenses include gifts of Rs. 1,500 made for relatives.
- (iv) The WDV of the block consisting of machinery as on 1.4.2018 is Rs.80,000.
- (v) The WDV of the block of assets consisting of factory building on 1.4.2018 Rs. 1,20,000 An addition was made to building on 1.8.2018 at a cost of Rs. 40,000. The newly added building was destroyed by fire and insurance co. paid Rs. 41,000 as compensations.

সমাধান :

Computation of taxable income of Mr. Kar, a resident individual for the Assessment year 2019-20 relating to the Previous year 2018-19

| Particulars | Rs. | Rs. |
|--|--------|----------|
| Profitt as per Profit & Loss A/c | | 90,000 |
| <i>Add</i> : Inadmissable Expenses : | | |
| 1. Depreciation – treated separately | 48,000 | |
| 2. Interest on Capital – Personal | 12,000 | |
| 3. Income tax – Personal | 16,000 | |
| 4. Medical expenses – Personal | 8,000 | |
| 5. Bonus Payable – Deductible on actual payment u/s 43B. | 30,000 | |
| 6. Provision for sales tax & excise duty | 40,000 | |
| 7. Provision for Municipal tax for staff quarter | 14,000 | |
| 8. General Reserve | 11,000 | |
| 9. Propritor's Salary | 18,000 | |
| 10. Diwali expenses to the extent of gifts to relatives | 1,500 | |
| 11. Payment regarding purchase of more than Rs. 10,000 by bearer cheque hence, 100% is disallowed u/s 40 A (3) | 28,000 | 2,26,500 |
| | | 3,16,500 |
| <i>Less</i> : Admissable deductions: | | |
| Depreciation – Working note | | 25,650 |
| | | 2,90,850 |
| <i>Less</i> : Income not being business income : | | |
| (1) Refund of income tax penalty | 1,100 | |
| (2) Sale price of Machinery | 25,000 | |
| (3) Recovery of bad debt not allowed | 6,000 | 32,100 |
| Business income | | 2,58,750 |

Note :

- (1) Expenses on income tax proceedings and entertainment are fully deductible.
- (2) It appears that letting of staff quarters to the staff is incidental to the business of the assessee. Hence the rental income is taxable under this head.
- (3) Security deposit for telex connection is allowable as expenditure if it is debited to P/L A/c. When the security will be refunded it will be liable to tax u/s 41(1).
- (4) Calculation for admissible depreciation

| | Rs. |
|---|----------|
| WDV of machinery on 1.4.2016 | 80,000 |
| Less Machinery sold | 25,000 |
| | 55,000 |
| Less Depreciation $\left(55,000 \times \frac{25}{100}\right)$ | 13,750 |
| | 41,250 |
| WDV of factory building on 1.4.2016 | 1,20,000 |
| Add. Building purchased on 1.8.2016 | 40,000 |
| | 1,60,000 |
| Less Compensation received from Insurance Co. for building destroyed by fire | 41,000 |
| | 1,19,000 |
| Less Depreciation $\left(1,19,000 \times \frac{10}{100}\right)$ | 11,900 |
| | 1,07,000 |

Total depreciation = (13,750 + 11,900) = Rs.25,650

উদাহরণ : 7

From the following Receipts and Payments A/c submitted by Dr. Monohar paul, a medical practitioner, Compute Professional income for the relevant Assessment year.

| Dr. | Receipts and Payments A/c for the year ended 31-3-2020 | | Cr. |
|------------------------------|--|-------------------------------------|----------|
| To Balance b/d | 18,300 | By Electricity (Cheamber) | 1,000 |
| To Consultation fees | 46,000 | By LIC premium | 4,400 |
| To Visiting fees | 15,800 | By Cost of medicines | 6,100 |
| To Dividends | 8,200 | By Purchase of TV sets | 14,000 |
| To Surgical fees | 20,500 | By Rent of chamber | 6,600 |
| To Interest of fixed deposit | 7,600 | By Household Expenses | 60,200 |
| To Gifts from Patients | 1,400 | By Compounder's Salaries | 9,600 |
| To Sale of medicines | 12,900 | By Motor car expenses | 10,000 |
| To Sale of land | 70,000 | By Subscription of medical journals | 1,800 |
| | | By travelling expenses (Personal) | 20,000 |
| | | By Balance c/d | 67,300 |
| | 2,01,000 | | 2,01,000 |

- (1) Depreciation allowable on surgical instruments – Rs. 4,500 on motor car – Rs. 5,000.
- (2) 25% of the use of the motor car may be attributed to private purpose
- (3) Fees still payable to Indian Medical Association Rs. 1,000, Professional tax payable Rs. 250.

সমাধান :

Computation of Income from Profession of Dr. M. Paul, a resident individual for the assessment year 2019-20 relating to the Previous year 2018-19.

| Particulars | Rs. | Rs. |
|-----------------------|--------|-----|
| Professional Receipts | | |
| Consulation fees | 46,000 | |
| Visiting | 15,800 | |
| Surgical fees | 20,500 | |

| Particulars | Rs. | Rs. |
|---|--------|---------------|
| Gifts from the Patients | 1,400 | |
| Sale of medicines | 12,900 | 96,600 |
| <i>Less</i> Professional Expenses : | | |
| Electricity expenses | 1,000 | |
| Cost of Medicines | 6,100 | |
| Rent of chamber | 6,600 | |
| Compounder's salary | 9,600 | |
| Motor car expenses (75% for professional purpose) Rs. $\left(10,000 \times \frac{75}{100}\right)$ | 7,500 | |
| Subscription for medical journals | 1,800 | |
| Depreciation on surgical instruments | 4,500 | |
| Depreciation on motor cars $\left(5,000 \times \frac{75}{100}\right)$ | 3,750 | 40,850 |
| Income from Profession | | <u>55,750</u> |

Note :

- (1) Fees payable to Indian Medical Association and professional tax payable have not been taken into consideration Fees payable to I.M.A. may be allowed as business expenses under accrual basis, but professional tax is always considered in cash basis
- (2) Sale of land is a capital receipts
- (3) LIC Premium and household expenses are personal expenses.
- (4) Gift from patients has direct nexus with his profession.
- (5) Dividend and Interest of Fixed Deposit will be assessed under the head Income from other sources.

উদাহরণ : 8

D.K. Rana, a Chartered Accountant, who maintains his books of accounts on cash basis, furnishes the following particulars for the previous year 2018-19.

| Dr. Receipts and payments and A/c for the year ended 3-3-2019 | | Cr. | |
|---|-----------------|------------------------------|-----------------|
| To Balance b/d | 10,000 | By Purchase of a car | 20,000 |
| To Fees from client | | By Car expenses | 5,000 |
| for 2016-2017 | 50,000 | By Office expenses | 4,000 |
| for 2015-2016 | 10,000 | By Salary to staff | 10,000 |
| for 2017-2018 | 5,000 | By Income Tax | 2,000 |
| To presents and gifts from client | 6,000 | By Contribution to P.F. | 5,000 |
| To Winning from lottery | 14,000 | By Telephone unde OYT Scheme | 2,000 |
| To Rent from property | 5,000 | By Balance c/d | 52,000 |
| | <u>1,00,000</u> | | <u>1,00,000</u> |

Additional informations:

- (1) Depreciation on motor car is to be charged @ 20% p.a.
- (2) Fees due but not realised Rs. 10,000
- (c) 20% of car expenses is attributable to personal purpose. Compute the professional income of Mr. Rana

সমাধান :

Computation of Professional income of Mr. D.K.Rana, a resident individual for the Assessment year 2019-20 relating to the Previous year 2018-19.

| Particulars | Rs. | Rs. |
|--|--------|--------|
| Fees from clients (on receipts basis) (50,000 + 10,000+5,000) | 65,000 | |
| Presents and gifts from clients | 6,000 | 71,000 |

| | | |
|--|--------|--------|
| <i>Less</i> : Admissable expenses | | |
| Car expenses $\left(5,000 \times \frac{80}{100}\right)$ | 4,000 | |
| Office expenses | 4,000 | |
| Telephone under OYT scheme | 2,000 | |
| Depreciation $\left(20,000 \times \frac{20}{100}\right) \times \frac{80}{100}$ | 3,200 | |
| Salary to office staff | 10,000 | 23,200 |
| Income from profession | | 47,800 |

উদাহরণ : 9

From the following information compute allowable Depreciation u/ s 32 for the A.Y. 2019-20:

- (i) Original cost of Plant and Machinery on 1.4.2018 Rs. 18,00,000.
 - (ii) W.D.V. of the Plant and Machinery on 1.4.2018 Rs. 11,00,000
 - (iii) Additions to the Plant and Machinery Rs. 3,00,000.
(Out of which Plant and Machinery costing Rs. 1,00,000 purchased on 15.10.2018)
 - (iv) Sale proceeds of machinery Rs. 1,00,000 (originally bought on 1.7.2016 Rs. 1,40,000 and W.D.V. on 1.4.2018 Rs. 1,01,150).
- Rate of depreciation is 15% for plant and machinery

সমাধান :

Computation of Depreciation for the A. Y. 2019-20

| Particulars | Amount |
|--|-----------------|
| Block: Plant & Machinery (Rate 15%) | |
| W.D.V. as on 1/4/2018 | 11,00,000 |
| Add: Purchases during the year | 3,00,000 |
| | 14,00,000 |
| Less: Sale during the year | 1,00,000 |
| | 13,00,000 |
| Depreciation [Rs. 1,00,000 * 15% * 1/2] + (12,00,000 * 15%) | 1,87,500 |

উদাহরণ : 9

Pankaj submits' the following Profit & Loss Account of his business for the year ended 31st March, 2019

| | Rs. | | Rs. |
|-----------------------------|----------|------------------------------|----------|
| To Opening Stock | 45,000 | By Sales | 4,91,400 |
| To Purchases | 3,50,000 | By Closing Stock | 55,000 |
| To Wages | 21,000 | By Bad Debt recovered | 6,300 |
| To Salaries | 22,700 | (disallowed in earlier year) | |
| To Rent | 14,000 | By Bank Interest | 15,500 |
| To Depreciation | 14,200 | | |
| To Advertisement | 21,300 | | |
| To Provision for income-tax | 4,000 | | |
| To Life Insurance Premium | 6,800 | | |
| To Provision for Bad Debts | 6,400 | | |
| To Bad Debts | 8,400 | | |
| To Interest on Capital | 2,800 | | |
| To Miscellaneous Expenses | 4,800 | | |
| To Net Profit | 46,800 | | |
| | 5,68,200 | | 5,68,200 |

Compute Income from Business for the assessment year 2019-20 considering the following additional information :

- Depreciation as per IT Rules amount to Rs. 14,000.
- Sales include Rs. 20,000 being the value of goods withdrawn by the proprietor. The cost and market price of such goods on the date of withdrawal were Rs. 18,000 and Rs. 25,000 respectively.

समाधान :

Computation of Profit & Gains of Business or Profession of Pankaj for the A. Y. 2019-20

| Particulars | Details | | Amount |
|--|---------|--------|---------------|
| | Rs. | Rs. | Rs. |
| Profits & gains of Business or Profession | | | |
| Net profit as per books of accounts | | | 46,800 |
| <i>Add: Expenditure disallowed but debited in P/L A/c</i> | | | |
| Depreciation as per books of account | 1 | 14,200 | |
| Provision for Income tax | 2 | 4,000 | |
| Life insurance premium | 3 | 6,800 | |
| Provision for Bad debts | 4 | 6,400 | |
| Interest on capital | 5 | 2,800 | |
| Goods withdrawn for personal purposes | 3 | 18,000 | 52,200 |
| | | | 99,000 |
| <i>Less: Expenditure allowed but not debited in P/L A/c:</i> | | | |
| Depreciation as per LT. Rules | 1 | 14,000 | |
| <i>Less: Income not taxable credited to P/L A/c:</i> | | | |
| Recovery of bad debts | 6 | 6,300 | |
| Sales to himself (goods withdrawn for personal purpose) | 3 | 20,000 | |
| <i>Less: Income taxable under other head credited to P/L/ A/c:</i> | | | |
| Bank Interest | 7 | 15,500 | 55,800 |
| Profits & gains of Business or Profession | | | 43,200 |

Notes:

1. Depreciation is allowed as per I.T. Act not as per books of accounts.
2. Income tax is specifically disallowed *uls* 40(a).
3. Life insurance premium and goods used for personal purposes is a personal expenditure, hence not allowed as deduction. However, deduction *uls* SOC is available for LIC premium paid. Further, sale of goods to himself is not considered as income.
4. Any anticipated loss is not allowed as deduction.

5. Interest on capital to proprietor is not an allowable expenditure.
6. Recovery of Bad debt is taxable if Bad debtors allowed as deduction earlier.
7. Bank interest is taxable under income from other sources.

উদাহরণ : 9

From the following Profit and Loss A/c and other relevant information, compute income from business of Ratanlal for the A.Y. 2019-20.

| Dr. | | Cr. | |
|--|----------|---|----------|
| Profit and Loss A/c for the year ended 31.03.2019: | | | |
| | Rs. | | Rs. |
| To Opening stock | 11,000 | By Sales | 5,20,000 |
| To Purchases | 2,50,000 | By Dividend from foreign company | 4,000 |
| To Salaries | 50,000 | By Bad debt recovery (Disallowed in 2007-08) | 35,000 |
| To Business expenses | 7,500 | By Bank Interest | 15,000 |
| To Income Tax | 8,500 | By Closing stock | 66,000 |
| To Fine paid to Excise Dept. | 12,000 | | |
| To Provision for bad debts | 8,000 | | |
| To Depreciation | 27,000 | | |
| To Donation to Puri temple | 10,000 | | |
| To Sales Tax | 16,000 | | |
| To Travelling expense | 5,000 | | |
| To Advertisement | 15,000 | | |
| To Net profit | 2,20,000 | | |
| | 6,40,000 | | 6,40,000 |

Additional information:

- (a) Both opening and closing stock have been valued at 10% above cost.
- (b) Business expenses include
 - (i) wages @ Rs. 200 p.m. to his domestic servant;
 - (ii) Life insurance premium of Rs. 1,600 p.a. on his own life.
- (c) Purchases include a payment of Rs. 40,000 made in cash.
- (d) Depreciation as per I.T. Rules Rs. 22,000.

সমাধান :

Computation of Gross Total Income from business of Ratanlal for the A. Y. 2019-20

| Particulars | Note | Details | Amount |
|---|------|---------|-----------------|
| Net profit as per books of accounts | | | 2,20,000 |
| <i>Add: Expenditure disallowed but debited in P/L A/c</i> | | | |
| Income tax | 1 | 8,500 | |
| Fine paid to excise de artnent | 2 | 12,000 | |
| Provision for bad debt | 3 | 8,000 | |
| Depreciation debited to the account | 4 | 27,000 | |
| Donation | 5 | 10,000 | |
| Wages to domestic servant | 6 | 2,400 | |
| LIC Premium | 7 | 1,600 | |
| Purchase for which payment has been made in cash | 8 | 40,000 | 1,09,500 |
| | | | 3,29,500 |
| <i>Less: Expenditure allowed but not debited in P/L A/c</i> | | | |
| Depreciation as per I.T. Rules | 4 | 22,000 | |
| <i>Less: Income credited but taxable under other head</i> | | | |
| Dividend from foreign company | 9 | 4,000 | |
| Bank Interest | 9 | 15,000 | |
| <i>Less: Income credited but not taxable</i> | | | |
| Bad debt recovery | 10 | 35,000 | 76,000 |
| | | | 2,53,500 |
| <u>Adjustment for stock valuation</u> | | | |
| <i>Add: Overvaluation of opening stock</i> | 11 | 1,000 | |
| <i>Less: Overvaluation of closing stock</i> | 12 | 6,000 | (5,000) |
| Profits & gains of Business or Profession | | | 2,48,500 |

Notes:

1. Income tax is not allowed u/s 40(a).
2. Any payment for infringement of law is not allowed as deduction.
3. Any anticipated loss is not allowed as deduction.
4. Depreciation is allowed as per IT Act not as per books of accounts.
5. Donation is not an allowable expenditure.

6. Personal expenditure is not deductible.
7. Payment of LIC premium is eligible for deduction u/ s SOC
8. Any expenditure incurred in cash in excess of ~20,000 shall be disallowed u/ s 40A(3).
9. Dividend from foreign country and bank interest is taxable under the head 'Income from Other Sources'
10. Since bad debt was earlier disallowed, hence recovery thereof shall not be taxable
11. Over valuation of opening stock
Value of opening stock (Rs. 11,000/110%) = Rs. 10,000
Over value of stock 10% of Rs. 10,000 = Rs. 1,000.
12. Over valuation of closing stock
Value of closing stock (Rs. 66,000/110%) = Rs. 60,000
Over value of stock 10% of Rs. 60,000 = Rs. 6,000.

উদাহরণ : 10

CA. Arijit Mukherjee is a practicing Chartered Accountant at Kolkata. From the following Receipts and Payments Accounts compute income from Profession for the Assessment Year 2019-20.

| Receipts | Amount Rs. | Payment | Amount Rs. |
|--|---------------|--------------------------------------|---------------|
| Balance b/ f | 2,00,000 | Salary to staff | 2,79,500 |
| Professional receipts | 8,14,000 | Professional expenses | 14,000 |
| Income from accounting work | 40,000 | Miscellaneous office expenses | 8,000 |
| Salary from college as guest Lecturer | 80,000 | Purchase of car | 2,00,000 |
| Gift from client (on appreciation of service) | 20,000 | Motor Car expenses | 1,15,000 |
| Examiner's remuneration | 7,500 | Donation to Calcutta University | 10,000 |
| | | Household expenses | 10,000 |
| | | Purchase of professional Journals | 5,00,000 |
| | | Balance c/f | 4,75,000 |
| | 11,61,500 | | 11,61,500 |

Other Information:

- (1) ¼th of the motorcar expenses related to personal use.
- (2) Depreciation allowable of the motor car as per I.T. Rules is Rs. 17,250.

সমাধান :

Computation of “Profits & Gains of Business or Profession” of CA Arijit Mukherjee for the A. Y. 2019-20

| Particulars | Note | Details | Amount |
|-----------------------------------|----------------|----------|-----------------|
| Income: | | | |
| Professional Receipts | | 8,14,000 | |
| Income from Accounting works | | 40,000 | |
| Presents from clients | | 20,000 | 8,74,000 |
| <i>Less: Expenses allowed</i> | | | |
| Salary to staff | | 2,79,500 | |
| Professional expenses | | 14,000 | |
| Miscellaneous Office expenses | | 8,000 | |
| Purchase of Professional Journals | 3 | 50,000 | |
| Depreciation on motor car | 4 | 17,250 | |
| Motor car expenses | 1,15,000 * 75% | 86,250 | 4,55,000 |
| Gross Total Income | | | 4,19,000 |

1. As ¼th use of motor car is related to private purpose, hence as per sec. 38 expenditure is apportioned.
2. Household expenses are personal expenses.
3. Assumed that books are in the nature of annual publication, hence eligible for 100% depreciation.
4. In case of depreciation on motor car, it is assumed that the amount given in the problem is computed after considering for personal use.

উদাহরণ : 11

Mr. Pinka Mukherjee submits the following Profit and Loss Account of his business for the year ended 31.03.2019:

| Particulars | Amount Rs. | Particulars | Amount Rs. |
|------------------|---------------|-----------------------|---------------|
| Income: | | | |
| To Opening Stock | 45,000 | By Sales | 4,90,000 |
| To Purchases | 3,50,000 | By Closing Stock | 50,000 |
| To Salaries | 21,000 | By Bad Debt Recovered | 3,000 |

| | | | |
|-----------------------------|----------|------------------------------|----------|
| To Depreciation | 22,000 | (Disallowed in earlier year) | |
| To Provision for Income Tax | 10,000 | By Interest on fixed deposit | 10,000 |
| To Life Insurance Premium | 5,000 | | |
| To Sales Tax Paid | 6,000 | | |
| To Provision for Bad Debt | 1,000 | | |
| To Bad Debt | 5,000 | | |
| To Interest on Capital | 2,000 | | |
| To Legal Expenses | 6,000 | | |
| To Net Profit | 50,000 | | |
| | 5,53,000 | | 5,53,000 |

Other Information:

- (i) Depreciation as per Income Tax Rule Rs. 25,000.
- (ii) Salary include Rs. 6,000 paid to Mr. Mukherjee
- (iii) Closing stock overvalued by Rs. 5,000,
- (iv) Sales include Rs. 20,000 being the value of goods withdrawn by the proprietor, cost of which is Rs. 18,000.
- (v) Legal charges includes Rs. 2,000 paid as penalty for infringement of sales tax Law. Compute income from business for the Assessment year 2019-20.

समाधान :

Computation of Profits and Gains of Business or Profession for the A.Y. 2019-20

| Particulars | Note | Details | Amount |
|---|------|---------|---------|
| Net loss as per books accounts | | | 50,000 |
| Add: <u>Expenditure disallowed but debited in P/L A/c</u> | | | |
| Provision for Income tax | 1 | 10,000 | |
| Life Insurance Premium | 2 | 5,000 | |
| Provision for Bad Debts | 3 | 1,000 | |
| Interest on Capital | 4 | 2,000 | |
| Depreciation | 5 | 22,000 | |
| Salary to himself | 4 | 6,000 | |
| Goods withdrawn for personal use | 4 | 18,000 | |
| Penalty included legal charges | 6 | 2,000 | 66,000, |

| | | | |
|---|---|--------|---------------|
| | | | 1,16,000 |
| <i>Less: Expenditure allowed but not debited in P/L A/c</i> | | | |
| Depreciation as per I.T. | 5 | 25,000 | |
| <i>Less: Income not taxable but credited to P/L A/c:</i> | | | |
| Bad Debt recovered | | 3,000 | |
| Overvaluation of stock | | 5,000 | |
| Sales to himself | 4 | 20,000 | |
| <i>Less: Income taxable under other heads of income:</i> | | | |
| Interest on fixed deposit | | 10,000 | 63,000 |
| Profits and Gains of Business or Profession | | | 53,000 |

Notes:

1. Income tax is specifically disallowed u/s 40(a).
2. Personal expenditure is not allowed as deduction.
3. Any anticipated loss is not allowed as deduction.
4. Sales, Salary to himself and interest on capital to proprietor are not allowed as no one can earn from himself.
5. Depreciation as per IT Rules shall be allowed.
6. Fines paid in contravention of law is disallowed.

5A.12 সারাংশ

এই এককটিতে ব্যবসা বা পেশা থেকে লাভ বা আয় নির্ণয় করার ক্ষেত্রে আয়কর আইনের বিভিন্ন ধারাগুলি আলোচনা করা হয়েছে। এইগুলির মধ্যে উল্লেখযোগ্য হল ধারা 32, ধারা 35, 35A, 35AB, 37, 40A ইত্যাদি। ব্যবসা বা পেশা থেকে লাভ বা আয় নির্ণয় করার সময় অনেকগুলি ব্যয় ছাড় পাওয়া গেলেও কিছু কিছু ব্যয় ছাড় পাওয়া যায় না। আবার অনেকগুলি ব্যয় ছাড় পাওয়ার ক্ষেত্রে নির্ধারণ অফিসারের সিদ্ধান্তের উপর নির্ভর করতে হয়। এই লাভ বা আয় নির্ণয়ের ক্ষেত্রে মূলধনজাতীয় ব্যয় ও মূলধনজাতীয় আয় আপনি বিবেচনা করবেন না। আবার অব্যাক্ত অর্থ, ব্যয়, মূল্যবান সামগ্রী সম্পর্কে আয়কর আইনের গুরুত্বপূর্ণ নিয়মগুলি এই এককে আলোচনা করা হয়েছে।

5A.13 অনুশীলনী

(a) সংক্ষিপ্ত প্রশ্ন :

1. ব্যাবসা এবং পেশা বলতে কী বোঝেন?
2. “ব্যাবসা বা পেশা থেকে লাভ ও আয়” খাতে করযোগ্য আয়গুলি লিখুন।
3. কুঋণ সম্পর্কে আয়কর আইনের বিধান আলোচনা করুন।
4. বৈজ্ঞানিক গবেষণার ব্যয় সম্পর্কে আয়কর আইনে কী বিধান আছে?
5. কয়েকটি প্রাথমিক ব্যয়ের উদাহরণ দিন। এই সম্পর্কে আয়কর আইনে কী বিধান আছে?
6. আয়কর আইন 1961-তে অবচয়ের নিয়মগুলি লিখুন। অবচয়ের জন্য ছাড় পাওয়ার জন্য কী কী শর্তপূরণ করতে হয়?

(b) রচনাধর্মী প্রশ্ন :

1. Ramu Roy has prepared the following Profit and Loss A/c for the year ended 31-3-19. Compute his business income for the Assessment year 2019-2020.

| Dr. | | Cr. | |
|-------------------------------------|--------|---------------------------|--------|
| To Salary | 10,800 | By Gross Profit | 85,680 |
| To Advertisement | 5,800 | By Rent of House property | |
| To Sundry expenses | 8,600 | let-out | 12,000 |
| To Rent, Rates & Taxes | 950 | By Interest on Debenture | 5,172 |
| To Interest on Capital | 2,500 | By Winning from lottery | 10,000 |
| To Fire insurance premium | 860 | | |
| (Rs. 600 relates to house property) | | | |
| To Income Tax | 2,875 | | |
| To Household expenses | 10,750 | | |
| To Audit fees | 5,325 | | |
| To Wealth tax | 3,000 | | |
| To Bad Debts | 1,300 | | |
| To Provision for Bad Debt | 5,000 | | |
| To Repairs of House property | 1,600 | | |

| | | |
|--------------------------------------|----------|----------|
| To Municipal tax (House Property) | 2,000 | |
| To Insurance Premium | 5,500 | |
| To Donation to National Defence Fund | 4,150 | |
| To Depreciation (allowable) | 7,500 | |
| To Net Profit | 34,342 | |
| | 1,12,852 | 1,12,852 |

Additional informations:

The assessee owns one house property which is being used by him for the following purposes :

(a) $\frac{1}{4}$ th as his business premises. (b) $\frac{1}{4}$ th for his residence. (c) $\frac{1}{4}$ th has been let out at Rs. 500 p.m. to a tenant for residential purpose. (d) $\frac{1}{4}$ th has been let-out to a tenant for business purpose.

2. Sanjay Khan is a practising Chartered Accountant. He has also a private accountancy coaching institute. His account for the year ended 31-3-2019 is given below.

| Dr. | Receipts & Payments A/c for the year ended 31-3-19 | | Cr. |
|---------------------------|--|------------------------------|--------|
| To Balance b/f | 18,700 | By Office expenses | 8,000 |
| To Audit fees | 29,400 | By Municipal tax on property | 800 |
| To Income from audit work | 10,800 | By Institute expenses | 1,800 |
| To Institute Fees | 4,200 | By Personal expenses | 7,000 |
| To Interest on investment | 15,500 | By Membership fees | 400 |
| To Examiner's fees | 1,200 | By Life Insurance premium | 3,000 |
| To Rent from property | 8,000 | By Income tax | 5,000 |
| | | By Motor car purchased | 30,000 |
| | | By Motor car expenses | 1,200 |
| | | By Insurance of Property | 600 |
| | | By Balance c/d | 30,000 |
| | 87,800 | | 87,800 |

Additional informations :

- (1) $\frac{1}{3}$ rd of motor car expenses is in respect of own profession.
 (2) Depreciation allowance for motor car is Rs. 2,400.

Compute the professional income of Mr. Khan for the A.y. 2019-20.

5A.14 উত্তর সংকেত

- (a) 1. 5(A).1.2
 2. 5(A).2.1
 3. 5(A).3.12
 4. 5(A).3.4
 5. 5(A).3.8
 6. 5(A).3.3
- (b) 1. বাড়ির অগ্নিবিমা, বাড়ি মেরামতের খরচ, বাড়ির পৌরকর ইত্যাদির জন্য কেবলমাত্র $\left(\frac{1}{4} + \frac{1}{4} + \frac{1}{4}\right) = \frac{3}{4}$ অংশ Profit & Loss A/c-এর মুনাফার সাথে যোগ করতে হবে, কারণ এই অংশটি ব্যবসার সঙ্গে যুক্ত নয়।
2. Coaching institute-সংক্রান্ত সমস্ত আয় ও ব্যয় 'Income from other Source' খাতে আসবে, Institute ছাড়াও Examiner's fees, Interest on Investment পেশা থেকে আয় নির্ণয় করার সময় নেওয়া হবে না।

একক 5B □ ব'মূলধনি মুনাফা' থেকে আয় [ধারা 45 থেকে ধারা 55]

গঠন

5B.0 উদ্দেশ্য

5B.1 প্রস্তাবনা

5B.2 মূলধনি পরিসম্পদ

5B.2.1 মূলধনি পরিসম্পদ-এর শ্রেণিবিভাগ

5B.2.2 মূলধনি লাভ

5B.3 মূলধনি পরিসম্পদ-এর হস্তান্তর

5B.3.1 লেনদেন যোগুলি 'হস্তান্তর' হিসাবে গণ্য হয় না

5B.4 মূলধনি লাভ নির্ণয়ের পদ্ধতি

5B.5 মূলধনি সম্পত্তিকে ব্যাপারিক সম্ভার-এ পরিবর্তন

5B.6 মূলধনি লাভ থেকে ছাড়সমূহ

5B.6.1 বাসস্থান হস্তান্তরের ফলে মূলধনি লাভ [ধারা 54]

5B.6.2 কৃষিভূমি হস্তান্তরের ফলে মূলধনি লাভ [ধারা 54B]

5B.6.3 বাড়ি এবং ভূমি বাধ্যতামূলক অধিগ্রহণের ফলে মূলধনি লাভ ধারা

5B.6.4 কয়েকটি নির্দিষ্ট বন্ডে মূলধনি লাভ বিনিয়োগ [ধারা 54EC]

5B.6.5 নির্দিষ্ট তালিকাভুক্ত লগ্নিপত্র বা ইউনিট হস্তান্তরের ফলে উদ্ধৃত মুনাফা [ধারা 54ED]

5B.6.6 বাসস্থান ক্রয়ে মূলধনি লাভ বিনিয়োগ [ধারা 54F]

5B.6.7 শহরাঞ্চল থেকে শিল্প-কারখানা স্থানান্তর [ধারা 54G]

5B.7 মূলধনি লাভের উপর কর

5B.7.1 স্বল্পমেয়াদী মূলধনি ক্ষতি প্রতিসাদন এবং পরবর্তী বছরে জের টানা

5B.7.2 দীর্ঘমেয়াদী মূলধনি ক্ষতি প্রতিসাদন এবং পরবর্তী বছরে জের টানা

5B.8 ব্যবহারিক উদাহরণ

5B.9 সারাংশ

5B.10 অনুশীলনী

5B.0 উদ্দেশ্য

এই এককটি পড়ে আপনি

- মূলধনি পরিসম্পৎ বা সম্পদ থেকে করযোগ্য লাভ নির্ণয় করতে পারবেন।

5B.1 প্রস্তাবনা

আয়কর আইন অনুসারে একটি গুরুত্বপূর্ণ আয়ের খাত হল “মূলধনি লাভ”। নির্ধারিত অধিকারে থাকা মূলধনি পরিসম্পৎ হস্তান্তরের ফলে নির্ধারী কিছু আয় করতে পারেন। এই আয় বা লাভ অন্যান্য খাতের আয়ের মতোই করযোগ্য। এই এককে মূলধনি লাভ সম্পর্কে আয়কর আইনের বিভিন্ন ধারা ও উপধারা আলোচনা করা হয়েছে। মূলধনি পরিসম্পদের হস্তান্তরের ফলে লাভ বা মুনাফার সৃষ্টি হলে আয়কর আইনের 45(1) ধারা অনুসারে “মূলধনি লাভ” খাতে করযোগ্য হবে।

5B.2 মূলধনি পরিসম্পদ (Capital Asset) [ধারা 2(14)]

আয়কর আইনের 2(14) ধারা অনুসারে মূলধনি পরিসম্পদ বলতে বোঝায় নির্ধারিত ব্যবসার বা পেশার সঙ্গে সম্পর্কিত বা অসম্পর্কিত যে কোনও সম্পত্তি। এই সম্পত্তি স্থায়ী বা অস্থায়ী, স্পর্শনীয় বা অস্পর্শনীয়, স্থাবর বা অস্থাবর হতে পারে।

কিন্তু নিম্নলিখিত সম্পত্তিগুলিকে মূলধনি পরিসম্পৎ হিসাবে গণ্য করা যাবে না—

(a) নির্ধারিত ব্যবসায় বা পেশার জন্য রক্ষিত কোনও ব্যাপারিক সত্তার (Stock-in-trade) কাঁচামাল বা ভোগোপযোগী সঞ্চিত দ্রব্যাদি,

(b) ব্যক্তিগত জিনিসপত্র অর্থাৎ নির্ধারিত অথবা তাঁর উপর নির্ভরশীল তাঁর পরিবারের কোনও ব্যক্তির ব্যক্তিগত ব্যবহারের জন্য রক্ষিত কোনও অস্থাবর সম্পত্তি যেমন—পরিধেয় পোশাক ও আসবাবপত্র। 1973-74 নির্ধারণ বছর থেকে গহণাপত্র (নির্ধারিত ব্যক্তিগত ব্যবহার্য)-কে মূলধনি পরিসম্পৎ হিসাবে গণ্য করা হয়।

গহণাপত্র বলতে বোঝায়—

- সোনা, রুপা, প্লাটিনাম বা অন্য কোনও মূল্যবান ধাতুর অলংকার তা কোনও পরিধেয় পোশাকে খচিত হোক বা না হোক।
- মূল্যবান মণি, রত্ন, জহরত তা কোনও আসবাবপত্রে, বাসনপত্রে বা অন্য কোনও সামগ্রীতে গ্রথিত অথবা কোনও পরিধেয় পোশাকে খচিত হোক বা না হোক।

(c) ভারতে অবস্থিত কৃষিজমি বা 10,000 বা তার বেশি জনসংখ্যা বিশিষ্ট কোনও পুরসভা অথবা ক্যান্টনমেন্ট বোর্ডের সীমার মধ্যে অবস্থিত নয় অথবা পুরসভা বা ক্যান্টনমেন্ট বোর্ডের স্থানীয় সীমার 4 কিমি দূরত্বের অন্তর্গত এলাকায় অবস্থিত নয়।

(d) কেন্দ্রীয় সরকার প্রবর্তিত $6\frac{1}{2}\%$ স্বর্ণ ঋণপত্র (Gold Bond) 1977 বা 7% স্বর্ণ ঋণপত্র, 1980 বা জাতীয় প্রতিরক্ষা স্বর্ণ ঋণপত্র, 1980 বা বিশেষ প্রত্যর্পণযোগ্য ঋণপত্র 1991।

(e) স্বর্ণ সঞ্চয় প্রকল্প, 1999-এ বিলিকৃত স্বর্ণ সঞ্চয় ঋণপত্র।

5B.2.1 মূলধনি পরিসম্পদ-এর শ্রেণিবিভাগ

মূলধনি পরিসম্পদ-কে দুই ভাগে ভাগ করা হয় :

(a) স্বল্পমেয়াদী মূলধনি পরিসম্পদ (Short term Capital asset) [ধারা 2(42A)]

স্বল্পমেয়াদী মূলধনি পরিসম্পদ বলতে সেই সমস্ত পরিসম্পৎকেই বোঝায় যেগুলি হস্তান্তরের অব্যবহিত পূর্বে 36 মাস বা তার কম সময় নির্ধারীর অধিকারে ছিল। তবে কোম্পানির শেয়ার, কোনও স্বীকৃত শেয়ার বাজারের তালিকাভুক্ত ঋণপত্র ও সরকারি বন্ড, UTI বা অন্যান্য বিজ্ঞাপিতকৃত মিউচুয়াল ফান্ডের ইউনিটের ক্ষেত্রে 36 মাসের পরিবর্তে 12 মাস ধরতে হবে।

(b) দীর্ঘমেয়াদী মূলধনি পরিসম্পদ (Long term Capital asset) [ধারা 2(29A)]

দীর্ঘমেয়াদী মূলধনি পরিসম্পদ বলতে সেই সমস্ত পরিসম্পৎকে বোঝায় যেগুলি হস্তান্তরের অব্যবহিত পূর্বে 36 মাসের বেশি নির্ধারীর অধিকারে ছিল। তবে কোম্পানির শেয়ার, স্বীকৃত শেয়ার বাজারে তালিকাভুক্ত ঋণপত্র বা সরকারি বন্ড ও UTI বা অন্যান্য বিজ্ঞাপিতকৃত মিউচুয়াল ফান্ডের ইউনিটের ক্ষেত্রে 36 মাসের পরিবর্তে 12 মাসের বেশি নির্ধারীর অধিকারে থাকলে তাকে দীর্ঘমেয়াদী মূলধনি পরিসম্পৎ বলা হবে।

5B.2.2 মূলধনি লাভ

মূলধনি পরিসম্পদ হস্তান্তর করা হলে যে লাভ সৃষ্টি হয় তাকে মূলধনি লাভ বলে। এই মূলধনি লাভ দুই প্রকারের—

(a) স্বল্পমেয়াদী মূলধনি লাভ [ধারা 2(42B)]

হস্তান্তরের অব্যবহিত পূর্বে 12 মাস বা 36 মাস বা তারও কম সময়ে নির্ধারীর অধিকারে ছিল এরূপ পরিসম্পদ থেকে প্রাপ্ত লাভকে স্বল্পমেয়াদী মূলধনি লাভ বলে।

(b) দীর্ঘমেয়াদী মূলধনি লাভ [ধারা 2(29b)]

হস্তান্তরের অব্যবহিত পূর্বে 12 মাস বা 36 মাসের বেশি সময় নির্ধারীর অধিকারে ছিল এরূপ পরিসম্পদ থেকে প্রাপ্ত লাভকে দীর্ঘমেয়াদী মূলধনি লাভ বলে।

5B.3 মূলধনি পরিসম্পদ-এর হস্তান্তর (Transfer of Capital Asset)

মূলধনি পরিসম্পদ হস্তান্তরের ফলে যে লাভ বা আয় সৃষ্টি হয় তা সংশ্লিষ্ট পূর্ববর্তী বছরে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে করযোগ্য হবে—

- মূলধনি পরিসম্পদটি অবশ্যই হস্তান্তরিত হবে,
- এই 'হস্তান্তর' সংশ্লিষ্ট পূর্ববর্তী বছরে হবে,
- এই 'হস্তান্তরের' ফলে অবশ্যই নির্ধারিত লাভ বা মুনাফা হবে।

আয়কর আইনের 2(47) ধারা অনুসারে 'হস্তান্তর' বলতে বিক্রয় (Sale), বিনিময় (exchange), পরিসম্পদ-এর স্বত্বত্যাগ (relinquishment), পরিসম্পদ এর অধিকার সমূহের লোপ (extinguishment) বা আইনসম্মত বাধ্যতামূলক অধিগ্রহণ (acquisition)-কে বোঝায়। সুতরাং অন্য কথায় 'হস্তান্তর' বলতে বোঝায় পরিসম্পদ এর মালিকানার পরিবর্তন বা পূর্ণ মালিকানার অস্তর্গত এক বা একাধিক অধিকার পরিত্যাগ। মূলধনি পরিসম্পদকে নির্ধারিত ব্যাপারিক সম্ভাব (stock-in-trade) এ পরিবর্তন করলে তা হস্তান্তর হিসাবে গণ্য করা হবে।

5B.3.1 লেনদেন যেগুলি 'হস্তান্তর' হিসাবে গণ্য হয় না

আয়কর আইনের ধারা 47 অনুসারে নিম্নলিখিত লেনদেনগুলিকে 'হস্তান্তর' হিসাবে গণ্য করা হয় না। এই লেনদেনগুলি থেকে উদ্ভূত লাভ ও 'মূলধনি লাভ' খাতে করযোগ্য হবে না।

- যৌথ হিন্দু পরিবারের সম্পূর্ণ বা আংশিক বিভাজনের সময় কোনও মূলধনি সম্পত্তির বন্টন, [ধারা 47(i)]।
- উপহার হিসাবে বা দলিল অনুসারে মূলধনি সম্পত্তির হস্তান্তর [ধারা 47(iii)]।
- অংশীদারী কারবার বা কয়েকজন ব্যক্তির সমিতি অবসায়ন (dissolution)-এর সময় মূলধনি সম্পত্তির বন্টন,
- কোম্পানির অবসায়নের সময় শেয়ারগ্রহীতাদের মূলধনি সম্পদের বন্টন [ধারা 46]।
- কোম্পানি কর্তৃক তার সম্পূর্ণ নিয়ন্ত্রণাধীন বা অধীনস্থ ভারতীয় কোম্পানি (Indian Subsidiary Company)-কে মূলধনি সম্পত্তি হস্তান্তর [ধারা 47(iv)]।

6. সম্পূর্ণ নিয়ন্ত্রণাধীন কোম্পানি কর্তৃক তার নিয়ন্ত্রক ভারতীয় কোম্পানি (Indian Holding Company)-কে মূলধনি সম্পত্তি হস্তান্তর [ধারা 47(iv)]।
7. এককীকরণ (amalgamation)র ক্ষেত্রে নতুন কোম্পানি কর্তৃক বর্তমান (existing) ভারতীয় কোম্পানিকে মূলধনি সম্পত্তি হস্তান্তর [ধারা 47(vi)]।
8. ধারা 115AC(1)-এ উল্লিখিত শেয়ার বা বন্ডের মতো মূলধনি সম্পত্তি ভারতের বাইরে কোনও অনাবাসিক ব্যক্তির দ্বারা অন্য কোনও অনাবাসিক ব্যক্তিকে হস্তান্তর [ধারা 47(via)]।
9. 1.3.70-এর পূর্বে ভারতে কৃষিভূমির হস্তান্তর [ধারা 47(viii)]।
10. সরকার বা বিশ্ববিদ্যালয় বা জাতীয় সংগ্রহশালা বা জাতীয় চিত্র প্রদর্শনে বা কেন্দ্রীয় সরকারের বিজ্ঞপ্তিকৃত প্রতিষ্ঠানে বিভিন্ন পুরাতাত্ত্বিক সংগ্রহ, বই, পাণ্ডুলিপি, ছবি, চিত্র ইত্যাদির মতো মূলধনি সম্পত্তি হস্তান্তর [ধারা 47(x)]।
11. কোনও কোম্পানির বন্ড, ঋণপত্র, ঋণপত্র স্টক-কে ওই কোম্পানিরই শেয়ার বা ঋণপত্রে রূপান্তর [ধারা 47(x)]।

5B.4 মূলধনি লাভ নির্ণয়ের পদ্ধতি [ধারা 48]

(A) স্বল্পমেয়াদী মূলধনি লাভ :

| Particulars | Rs. | Rs. |
|--|-----|------|
| ধারা 48 অনুসারে হস্তান্তরের বিনিময়ে প্রাপ্ত পূর্ণমূল্য (Value of Consideration) | | *** |
| বাদ : | | |
| (i) এই হস্তান্তরের সঙ্গে সম্পর্কিত ব্যয় | *** | |
| (ii) পরিসম্পত্তি অধিগ্রহণের ব্যয় (Cost of acquisition) | *** | |
| (iii) উন্নয়ন ব্যয় (Cost of improvement) | *** | *** |
| | | *** |
| বাদ : ধারা 54B, 54D এবং 54G অনুসারে ছাড় | | **** |
| স্বল্পমেয়াদী মূলধনি লাভ | | *** |

(B) দীর্ঘমেয়াদী মূলধনি লাভঃ

| Particulars | Rs. | Rs. |
|--|-----|-----|
| ধারা 48 অনুসারে হস্তান্তরের বিনিময়ে প্রাপ্ত পূর্ণমূল্য | | *** |
| বাদ : (i) এই হস্তান্তর সম্পর্কিত ব্যয় | *** | |
| (ii) সম্পদটির অধিগ্রহণ ব্যয় (সূচক মূল্য অনুসারে) | *** | |
| (iii) উন্নয়ন ব্যয় (সূচক মূল্য অনুসারে) | *** | *** |
| বাদ : ধারা 54, 54B, 54D, 54EC, 54ED, 54F এবং 54G অনুসারে ছাড় | | *** |
| দীর্ঘমেয়াদী মূলধনি লাভ | | *** |

● সূচক পরিবর্তিত অধিগ্রহণ ব্যয় (Indexed Cost of Acquisition) :

দীর্ঘমেয়াদী মূলধনি পরিসম্পদ-এর লাভ নির্ণয় করার জন্য-এর অধিগ্রহণ ব্যয়কে কেন্দ্রীয় সরকার কর্তৃক ঘোষিত সূচক অনুসারে নিম্নলিখিতভাবে পরিবর্তন করতে হয়—

| বিভিন্ন অবস্থা | পদ্ধতি |
|---|---|
| 1. যখন মূলধনি সম্পদটি 1লা এপ্রিল 2001-র পূর্বে অধিগ্রহণ করা হয়েছে। | 01.04.2001 তে ন্যায্য বাজার মূল্য বা পূর্ববর্তী মালিকের অধিগ্রহণ মূল্য – যেটি বেশি 2001-02 সালের সূচক মূল্য (CII) × যে বছরে হস্তান্তর হবে সেই বছরের সূচক মূল্য (CII) |
| 2. যখন মূলধনি সম্পদটি 1লা এপ্রিল 2001-র পরে অধিগ্রহণ করা হয়েছে। | অধিগ্রহণ ব্যয় যে বছরে সম্পদ অধিগ্রহণ করা হয়েছে সেই বছরের সূচক মূল্য (CII) × যে বছরে হস্তান্তর হবে সেই বছরের সূচক মূল্য (CII) |

● সূচক পরিবর্তিত উন্নয়ন ব্যয় (Indexed cost of improvement) :

অধিগ্রহণ ব্যয়ের মতো মূলধনি সম্পদটির জন্য যদি উন্নয়নের জন্য ব্যয় করা হয় তবে তা সূচক মূল্য হিসাবে পরিবর্তন করতে হবে। উন্নয়ন ব্যয়কে নিম্নলিখিতভাবে মূল্য সূচক ব্যবহার করে পরিবর্তন করবেন—

$$\text{সূচক পরিবর্তিত উন্নয়ন ব্যয়} = \frac{\text{01.04.2001'র পর উন্নয়নের জন্য ব্যয়}}{\text{যে বছর এই ব্যয় করা হয়েছে সেই বছরের মূল্য সূচক}} \times \frac{\text{যে বছর হস্তান্তর হয়েছে সেই বছরের মূল্য সূচক বা সূচক মূল্য}}{\text{সূচক মূল্য}}$$

[01.04.2001'র পূর্বে কোনও উন্নয়নের জন্য ব্যয় করা হলে তা অগ্রাহ্য করা হবে। ঋণপত্র বা বন্ড ইত্যাদির ক্ষেত্রে সূচক পরিবর্তনের সুবিধা পাওয়া যাবে না।]

● মূল্য সূচক (Cost Inflation Index) বা CII :

কেন্দ্রীয় সরকার কর্তৃক ঘোষিত বিভিন্ন পূর্ববর্তী বছরের মূল্য সূচকগুলি হল—

| (Financial Year (FY)) | Assessment Year (AY) | Cost of Inflation Index (CII) |
|-----------------------|----------------------|-------------------------------|
| 2001-02 | 2002-03 | 100 |
| 2002-03 | 2003-04 | 105 |
| 2003-04 | 2004-05 | 109 |
| 2004-05 | 2005-06 | 113 |
| 2005-06 | 2006-07 | 117 |
| 2006-07 | 2007-08 | 122 |
| 2007-08 | 2008-09 | 129 |
| 2008-09 | 2009-10 | 137 |
| 2009-10 | 2010-11 | 148 |
| 2010-11 | 2011-12 | 167 |
| 2011-12 | 2012-13 | 184 |
| 2012-13 | 2013-14 | 200 |
| 2013-14 | 2014-15 | 220 |
| 2014-15 | 2015-16 | 240 |
| 2015-16 | 2016-17 | 254 |
| 2016-17 | 2017-18 | 262 |
| 2017-18 | 2018-19 | 272 |
| 2018-19 | 2019-20 | 280 |
| 2019-20 | 2020-21 | 289 |
| 2020-21 | 2021-22 | 301 |
| 2021-22 | 2022-23 | 317 |

এক্ষেত্রে হস্তান্তরের তারিখ গুরুত্বপূর্ণ নয়। কারণ মূলধনি সম্পদটি যেদিনই হস্তান্তরিত হোক না কেন সেটি একটি নির্দিষ্ট আর্থিক বছরের সূচীকরণের আওতায় আসবে। এখানে আপনাকে ধরে নিতে হবে যে সম্পত্তিটি বছরের প্রথমে অর্থাৎ ১লা এপ্রিল হস্তান্তরিত হয়েছে।

উদাহরণ : (I)

| | | |
|---------------------------------|-----|----------|
| Cost of asset Purchased in 1975 | Rs. | 90,000 |
| Fair market value as on 1.4.81 | Rs. | 1,60,000 |
| Cost of improvement..... | Rs. | Nil |
| Sale Price in Nov. 2016 | Rs. | 2,80,000 |

Compute the capital gain for the A.Y. 2019-2020

সমাধান :

Computation of Capital gain for the A.y. 2019-20

| Particulars | Rs. | Rs. |
|---|-----|----------|
| Sale Price | | 2,80,000 |
| Less Indexed Cost of acquisition | | |
| Fair market value | | |
| as on 1.4.81 | | |
| $\frac{\text{CII for 1981-82}}{\text{CII for 1981-82}} \times \text{CII for 2018-19}$ | | 4,48,000 |
| $= \frac{1,60,000}{100} \times 280$ | | |
| Long term Capital Loss | | 1,68,000 |

উদাহরণ : (II)

Gavaskar Purchased a flat in Kolkata at Rs. 1,00,000 in 1974. He renovated the flat twice—once in 1977-78 for Rs. 10,000 and then in Nov, 2000 for Rs. 12,000. He sold the flat on 31st January 2019 for Rs. 8,00,000. The market value of the flat on 1.4.81 was Rs. 1,75,000. Compute the taxable amount of Capital gain.

সমাধান :

Computation of taxable amount of Capital gain during the A.y. 2017-2018

| | | |
|--|----------|----------|
| Sale Proceeds of the flat | | 8,00,000 |
| Less. Indexed Cost of acquisition | | |
| $\left(\frac{1,75,000}{100} \times 280 \right)$ | | |
| Indexed Cost of improvement | 4,90,000 | |
| $\left(\frac{12,000}{100} \times 280 \right)$ | 33,600 | 5,23,600 |
| Long term Capital gain | | 2,76,400 |

5B.5 মূলধনি সম্পত্তিকে ব্যাপারিক সম্ভারে (Stock-in-trade)-এ পরিবর্তন [ধারা 45(2)]

1985-86 নির্ধারণ বছর থেকে কোনও লগ্নিকে ব্যাপারিক সম্ভারে পরিবর্তন করলে তা ধারা 2(47) অনুসারে 'হস্তান্তর' হিসাবে গণ্য হবে।

এই পরিবর্তনের ফলে যে মুনাফা অর্জিত হয় তা 'মূলধনী মুনাফা' খাতে করযোগ্য হবে। যে দিন লগ্নিটিকে পরিবর্তন করা হয় সেই দিনের ন্যায্য বাজার মূল্যকে অধিগ্রহণ মূল্য ধরতে হবে। ব্যাপারিক সম্ভারে পরিবর্তনের পর লগ্নিটি বিক্রয় করা হলে, বিক্রয়ের ফলে উদ্ভূত মুনাফা 'ব্যবসা বা পেশা থেকে মুনাফা ও লাভ' খাতে করযোগ্য হবে।

উদাহরণ :

Arun converts his plot of land purchased in the year 2001 for Rs. 60,000, into stock in-trade on March 31, 2018. The fair market value on 31.3.2018 is Rs. 1,85,000. The stock-in-trade is sold for Rs. 2,30,000 in the month of January 2019.

Find out the taxable income for the Assessment year 2019-2020 and 2019-20.

সমাধান :

(a) Computation of Capital gain of Mr. Arun for the Assessment year 2019-2020

| Particulars | Rs. |
|---|----------|
| Sales proceed (market value on the date of conversion) | 1,85,000 |
| Less Indexed Cost of acquisition $\left(\frac{60,000}{100} \times 280\right)$ | 1,68,000 |
| Long term Capital gain | 17,000 |

(b) Profit made on sale of land as stock-in-trade :

| | |
|----------------------------------|-------------------|
| Sale Proceeds | 2,30,000 |
| Less Cost acquisition | 1,68,000 |
| Business Profit for A.y. 2019-20 | <u>Rs. 62,000</u> |

5B.6 মূলধনি লাভ থেকে ছাড়সমূহ

মূলধনি পরিস্পদ হস্তান্তরের ফলে প্রাপ্ত মূলধনি লাভ থেকে কয়েকটি বিষয়ে ছাড় পাওয়া যায়। এই ছাড়গুলি হল—

5B.6.1 বাসস্থান হস্তান্তরের ফলে মূলধনি লাভ [ধারা 54]

স্বতন্ত্র ব্যক্তি বা যৌথ হিন্দু পরিবারের ক্ষেত্রে বাসস্থান (self-occupied residence) হস্তান্তরের ফলে উদ্ভূত লাভ করমুক্ত অর্থাৎ তার ওপর কর দিতে হয় না তবে কর ছাড় পাওয়ার জন্য নিম্নলিখিত শর্তগুলি পূরণ করতে হবে—

(a) হস্তান্তরের আগের এক বছর বা পরের দুই বছর সময়ের মধ্যে অন্য একটি বাসস্থান ক্রয়ের জন্য ওই মূলধনি লাভ ব্যবহার করা হয়েছে অথবা,

(b) বাড়িটি বিক্রয়ের পর তিন বছরের মধ্যে নতুন বাড়ি বা বাসস্থান তৈরি করার জন্য ওই লাভ ব্যবহার করা হয়েছে,

(c) গৃহসম্পত্তিটি অবশ্যই দীর্ঘমেয়াদী মূলধনি সম্পত্তি হবে।

কিন্তু এইভাবে ক্রয় করা অথবা তৈরি করা বাসস্থানটি যথাক্রমে ক্রয় করার দিন বা তৈরি করার দিন থেকে তিন বছরের মধ্যে বিক্রয় করা হলে যে মূলধনি লাভটি ছাড় পাওয়া গিয়েছিল তা পুনরায় চলতি পূর্ববর্তী বছরে করযোগ্য হবে।

5B.6.2 কৃষিভূমি হস্তান্তরের ফলে মূলধনি লাভ [ধারা 54B]

কেবলমাত্র স্বতন্ত্র ব্যক্তি এই ধারা অনুযায়ী ছাড় পাবেন

শহরাঞ্চলে কৃষিভূমি হস্তান্তরের ফলে উদ্ভূত মুনাফা (মূলধনি)-র উপর নিম্নলিখিত শর্তসাপেক্ষে কর দিতে হয় না—

(a) হস্তান্তরের আগের দুই বছর নির্ধারী বা তাঁর অভিভাবক কৃষিভূমিটি কৃষির জন্য ব্যবহার করেছেন।

(b) হস্তান্তরের দুই বছরের মধ্যে অন্য একটি কৃষিভূমি ক্রয় করার জন্য ওই মূলধনি মুনাফা ব্যবহার করা হয়েছে।

কিন্তু নতুন ক্রয় করা কৃষিভূমিটি ক্রয়ের তিন বছরের মধ্যে বিক্রয় করা হলে ছাড় পাওয়া মূলধনি মুনাফা বর্তমান মূলধনি মুনাফার সঙ্গে করযোগ্য হবে।

5B.6.3 বাড়ি এবং ভূমির বাধ্যতামূলক অধিগ্রহণের ফলে মূলধনি লাভ [ধারা 54D]

শিল্পের ব্যবহারের জন্য কোনও ভূমি বা বাড়ি বাধ্যতামূলক অধিগ্রহণের ফলে উদ্ধৃত মুনাফা কর থেকে রেহাই পাবে যদি নিম্নলিখিত শর্তগুলি পূরণ হয়ঃ—

- (a) এই ভূমি বা বাড়িটি নির্ধারী তাঁর শিল্পের জন্য অধিগ্রহণের আগের দুই বছর ব্যবহার করেছেন।
- (b) অধিগ্রহণের তিন বছরের মধ্যে কোনও ভূমি ক্রয়ে অথবা বাড়ি তৈরি করতে নির্ধারী ওই মূলধনি মুনাফা ব্যবহার করেছেন।
- (c) অধিগ্রহণ করা নতুন ভূমি বা বাড়িটি, শিল্পটি পুনরায় চালনার জন্য অথবা নতুন শিল্পের জন্য ব্যবহার করা হয়েছে।

যদি নতুন বাড়িটি বা ভূমিটি যথাক্রমে তৈরি করা বা ক্রয় করার তিন বছরের মধ্যে হস্তান্তরিত হয় তবে ছাড় পাওয়া আগের মূলধনি লাভটি বর্তমান মূলধনি লাভের সঙ্গে করযোগ্য হবে।

54D ধারা অনুসারে স্বতন্ত্র ব্যক্তি, যৌথ হিন্দু পরিবার, কোম্পানি, অংশীদারী কারবার বা অন্য যে কোনও ব্যক্তি ছাড় পাওয়ার অধিকারী।

5B.6.4 নির্দিষ্ট বন্ডে মূলধনি মুনাফা বিনিয়োগ [ধারা 54EC]

1.4.2000 এর পরে হস্তান্তরের ফলে উদ্ধৃত দীর্ঘমেয়াদী মূলধনি মুনাফার উপর কোনও কর দিতে হবে না যদি ওই উদ্ধৃত মুনাফা হস্তান্তরের ছয় মাসের মধ্যে 'দীর্ঘমেয়াদী নির্দিষ্ট সম্পত্তি' যেমন NABARD'র বিলি করা বন্ড বা ভারতীয় জাতীয় সড়ক বিলি করা বন্ডে বিনিয়োগ করা হয়। 01-04-2001 তারিখে অথবা তার পর Rural Electrification Corporation Limited এবং 31-3-02 এর পর National Housing Bank এবং Small Industries Development Bank of India-র বন্ডও "দীর্ঘমেয়াদী বিশেষ সম্পদ"-এর (Long term Sepecified Assets) আওতায় আনা হয়েছে।

যদি এই নির্দিষ্ট সম্পত্তি অধিগ্রহণের তিন বছরের মধ্যে হস্তান্তর করা হয় বা অর্থে রূপান্তরিত করা হয় বা বন্ধক রেখে ঋণ নেওয়া হয় তবে ওই ছাড় পাওয়া দীর্ঘমেয়াদী মূলধনি মুনাফা সংশ্লিষ্ট পূর্ববর্তী বছরে করযোগ্য হবে।

এই ধরনের বিনিয়োগের ক্ষেত্রে ধারা 88 অনুসারে কোনও কর রেহাই পাওয়া যাবে না।

5B.6.5 নির্দিষ্ট তালিকাভুক্ত লগ্নিপত্র বা ইউনিট হস্তান্তরের ফলে উদ্ধৃত মুনাফা [ধারা 54ED]

2002-2003 নির্ধারণ বছর থেকে আয়কর আইনে 54ED ধারাটি নতুন আনা হয়েছে। এই ধারার বৈশিষ্ট্যগুলি হল—

(A) স্বতন্ত্র ব্যক্তি, ফার্ম, কোম্পানি বা অন্য যে কোনও ব্যক্তির দ্বারা সংশ্লিষ্ট পূর্ববর্তী বছরে দীর্ঘমেয়াদী মূলধনি সম্পত্তি হস্তান্তরিত হয়েছে।

(B) দীর্ঘমেয়াদী মূলধনি সম্পত্তিগুলি হল—

(i) ভারতে কোনও স্বীকৃত শেয়ার বাজার (Stock exchange)-এ তালিকাভুক্ত লগ্নিপত্র যেমন শেয়ার, ডিবেঞ্চার, স্টক, বন্ড, সরকারি ঋণপত্র ইত্যাদি।

(ii) UTI'র ইউনিট বা মিউচুয়াল ফান্ডের মতো নির্দেশিত সম্পত্তি।

(C) সম্পত্তি হস্তান্তরের ছয় মাসের মধ্যে প্রাপ্ত মূলধনি লাভের সম্পূর্ণ অংশ অংশবিশেষ 'নির্দেশিত ইকুইটি শেয়ার' ক্রয়ে বিনিয়োগ করতে হবে। নির্দেশিত শেয়ার বলতে বোঝায় যে শেয়ার ভারতে গঠিত ও নিবন্ধিত সার্বজনীন, কোম্পানি (Public Co)-র দ্বারা বিলি হয়েছে এবং জনসাধারণের কাছে বিক্রয়ের জন্য বিলি করা শেয়ারের অংশবিশেষ।

(D) যদি নির্দেশিত ইকুইটি শেয়ারের মূল্য, মূলধনি লাভ থেকে বেশি হয়, তবে মূলধনি লাভের সম্পূর্ণ অংশ করমুক্ত হবে। যদি মূলধনি লাভের তুলনায় নির্দেশিত ইকুইটি শেয়ারের মূল্য কম হয় তবে মূলধনি লাভের যে অংশ বিনিয়োগ করা হয় সেই অংশটিই করমুক্ত হবে। অন্য কথায় বলা যায়, মূলধনি লাভ এবং নির্দেশিত ইকুইটি শেয়ারে বিনিয়োগ করা অর্থ—যেটি কম সেটি করমুক্ত।

(E) নির্দেশিত ইকুইটি শেয়ার ক্রয়ের একবছরের মধ্যে হস্তান্তর বা বিক্রয় করা হলে প্রকৃত সম্পত্তি হস্তান্তরের ফলে উদ্ভূত মূলধনি লাভ যা পূর্বে ছাড় পাওয়া গিয়েছিল তা সংশ্লিষ্ট পূর্ববর্তী বছরে করযোগ্য হবে।

5B.6.6 বাসস্থান ক্রয়ে মূলধনি লাভ বিনিয়োগ [ধারা 54F]

বাসস্থান (Residential house property) ছাড়া অন্য কোনও দীর্ঘমেয়াদী মূলধনি সম্পত্তি (Long-term capital asset) হস্তান্তরের ফলে উদ্ভূত দীর্ঘমেয়াদী মূলধনি মুনাফা হস্তান্তরের আগের এক বছর বা পরের দুই বছরের মধ্যে একটি বাসস্থান ক্রয় করতে অথবা তিন বছরের মধ্যে একটি নতুন বাসস্থান তৈরি করতে বিনিয়োগ করা হলে নিম্নলিখিত ভাবে ওই উদ্ভূত মুনাফা একজন স্বতন্ত্র ব্যক্তি বা একটি যৌথ হিন্দু পরিবাররূপী নির্ধারীর ক্ষেত্রে করমুক্ত হবে অর্থাৎ ওই মূলধনি মুনাফার ওপর কর দিতে হবে না—

(a) যদি নতুন সম্পত্তি (বাসস্থান)-টির মূল্য, পুরাতন সম্পত্তিটির হস্তান্তরের ফলে প্রাপ্ত নিট অর্থ (Net Consideration) থেকে বেশি হয় তবে মূলধনি মুনাফার সম্পূর্ণ অংশ কর থেকে ছাড় পাওয়া যাবে।

(b) যদি অধিগ্রহণ করা নতুন সম্পত্তিটির (বাসস্থান) মূল্য, হস্তান্তরিত সম্পত্তিটির বিনিময়ে প্রাপ্ত নিট অর্থ থেকে কম হয় তবে, বাসস্থানটি ক্রয় করতে অথবা তৈরি করতে ব্যবহার করা অর্থের আনুপাতিক মূলধনি মুনাফার অংশ ছাড় পাওয়া যাবে।

নিট অর্থ বলতে হস্তান্তরের ফলে প্রাপ্ত মোট থেকে হস্তান্তর সংশ্লিষ্ট ব্যয় বাদ দিয়ে যে অংশ পড়ে থাকে তাকে বোঝায়।

অধিগ্রহণ করা নতুন বাসস্থানটি অধিগ্রহণের তিন বছরের মধ্যে হস্তান্তরিত হলে ছাড় পাওয়া দীর্ঘমেয়াদী মূলধনি মুনাফাটি হস্তান্তরের বছরে করযোগ্য হবে।

জমা প্রকল্প ৪ প্রাপ্ত নিট অর্থ রিটার্ন দাখিল করার পূর্বে কোনও বাড়ি ক্রয় বা নতুন বাড়ি নির্মাণ করার জন্য ব্যয় করা না হলে নির্ধারী অবশ্যই কোনও তপশিলভুক্ত ব্যাঙ্কে Capital Gains Accounts Scheme, 1988 অনুসারে 'Deposit Account'-এ জমা রাখবেন।

5B.6.7 শহরাঞ্চল থেকে শিল্প কারখানা স্থানান্তর [ধারা 54G]

শহরাঞ্চল থেকে শিল্প কারখানাটি নয় এমন কোনও স্থানে স্থানান্তরের ফলে শিল্প কারখানায় ব্যবহৃত মূলধনি সম্পত্তি যেমন যন্ত্রপাতি, ভূমি, বাড়ি ইত্যাদি হস্তান্তরিত হতে পারে। এই হস্তান্তরের ফলে উদ্ধৃত মূলধনি মুনাফা করমুক্ত হবে যদি নির্ধারী ওই মুনাফা হস্তান্তরের আগের এক বছর বা পরের তিন বছরের মধ্যে নিম্নলিখিত উদ্দেশ্য ব্যবহার করেন—

- স্থানান্তরিত জায়গায় শিল্পে ব্যবহারের জন্য যন্ত্রপাতি ক্রয়,
- স্থানান্তরিত জায়গায় কারবারের জন্য জমি বা বাড়ি ক্রয় অথবা বাড়ি নির্মাণ, এবং
- ওই সংক্রান্ত কেন্দ্রীয় সরকার নির্দেশিত অন্যান্য ব্যয়।

অধিগৃহীত সম্পত্তি অধিগ্রহণের তিন বছরের মধ্যে হস্তান্তরিত হলে নতুন সম্পত্তির মূল্য ও নতুন সম্পত্তি হস্তান্তরের ফলে উদ্ধৃত মূলধনি মুনাফা উভয়ই করযোগ্য হবে।

5B.7 মূলধনী লাভের উপর কর [Tax on Capital Gain]

- দীর্ঘমেয়াদী মূলধনী লাভের উপর কর [ধারা 112]
— 20 শতাংশ মূলধনী লাভের উপর।
- দীর্ঘমেয়াদী মূলধনী লাভ যদি শেয়ার বিক্রি করে হয় (যার ওপর সিকিওরিটি কর দেওয়া হয়েছে Security transaction tax paid) 1,00,000 টাকার বেশি মূলধনী লাভ হলে 10% হারে কর দিতে হবে।
- সল্পমেয়াদী মূলধনী লাভ যদি শেয়ার বিক্রি করে হয় (যার ওপর Security transaction tax paid) [ধারা 111A]
— 15 শতাংশ মূলধনী লাভের উপর।
- অন্য সল্পমেয়াদী মূলধনী লাভ
— সাধারণ নিয়মে কর চাপান হবে (General sales rate), যেমনটি মোট আয়ের ওপর চাপানো হয়। অর্থাৎ আয়কর ধার্য করার যে ধাপ বা slab আছে সেই অনুযায়ী কর ধার্য হবে।

Up to Rs. 2,50,000 — Nil
 Rs. 2,50,000 – Rs. 5,00,000 — 10%
 Rs. 5,00,000 – Rs. 10,00,000 — 20%
 Rs. 10,00,000 – এর বেশী — 30%

+ Education cess and SHEC - 3%

[Senior Citizen হলে 5,00,000 টাকা পর্যন্ত Nil Rate]

E. Long term Capital Gain এবং Short term Capital Gain [U/S IIIA] এর থেকে Chapter VIA এর অন্তর্গত 80C থেকে 80U ধারার কোনো ছাড় পাওয়া যায় না। তবে কর কাঠামোর মূল ছাড় পাওয়া যায়।

উদাহরণ : Salary Rs. 1,00,000

Long term Capital Gain Rs. 2,00,000
 Deduction U/S 80C = Rs. 1,30,000

Calculate tax liability (without cess)

Salary = 1,00,000
 long term Capital Gain 4,00,000

Gross Total Income 5,00,000

Less: Deduction under chapter : VIA

80C (Limited to salary income) 1,00,000

[LTCG থেকে 80C-তে ছাড় পাওয়া যায় না]

Total Income 4,00,000

Tax:

Basic Exemption 2,50,000

∴ tax on Balance long term

Capital Gain [4,00,000 – 2,50,000] × 20% = 30,000.

5B.7.1 স্বল্পমেয়াদী মূলধনি ক্ষতি প্রতিসাদন (Set-Off) এবং পরবর্তী বছরে জের টানা (Carry forward)

(a) স্বল্পমেয়াদী মূলধনি ক্ষতি 'মূলধনি লাভ' খাতে যে কোনও লাভ (তা দীর্ঘমেয়াদী বা স্বল্পমেয়াদী যাই হোক না কেন) এর সঙ্গে প্রতিসাদন করা যাবে। [ধারা 70]

(b) বাকি অশোষিত (Unabsorbed) স্বল্পমেয়াদী মূলধনি ক্ষতি ভবিষ্যতের 'মূলধনি লাভ'-এর সঙ্গেই কেবল প্রতিসাদন করার জন্য সর্বাধিক 8টি নির্ধারণ বছর পর্যন্ত জের টানা যাবে [ধারা 74]

5A.7.2 দীর্ঘমেয়াদী মূলধনি ক্ষতি প্রতিসাদন এবং পরবর্তী বছরে জেরটানা

(a) দীর্ঘমেয়াদী মূলধনি ক্ষতি প্রথমে একটি বছরে দীর্ঘমেয়াদী মূলধনি লাভের সঙ্গে প্রতিসাদন করতে হবে। [ধারা 70]।

(b) বাকি অশোষিত দীর্ঘমেয়াদী ক্ষতি ভবিষ্যতের দীর্ঘমেয়াদী 'মূলধনি লাভ'-এর সঙ্গেই কেবল প্রতিসাদন করার জন্য পরবর্তী সর্বাধিক ৪টি নির্ধারণ বছর পর্যন্ত জের টানা যাবে [ধারা 74]।

5B.8 ব্যবহারিক উদাহরণ

উদাহরণ : (1)

Sanjib Rana had the following particulars computed income for the financial year 2018-19.

Income from Salary – Rs. 3,00,000, Income from house property – Rs. 1,10,000 ;
Income from other sources – Rs. 10,000 / Short-term Capital gain Rs. 30,000.

He is eligible to get the following deduction : u/s 80G – Rs.10,000 u/s 80L – Rs.8,000;
u/s 80D – Rs 10,000

Compute the taxable income for the Assessment year 2019-20.

সমাধান :

Computation of Taxable Income of Mr. Rana, a resident individual for the A.Y. 2019-20, relating to the P.Y. 2018-19.

| Particulars | Rs. | Rs. |
|--------------------------------|----------|----------|
| Income from Salary | 3,00,000 | |
| Income from House Property | 1,10,000 | |
| Short term Capital gain | 30,000 | |
| Income from other source | 10,000 | |
| Gross Total Income | | 4,50,000 |
| <i>Less</i> Deduction u/s 80 D | 10,000 | |
| u/s 80G | 10,000 | 20,000 |
| Taxable Income | | 4,30,000 |

উদাহরণ : 2.

From the following particulars compute the amount of Capital Gain for the Assessment year 2019-20.

| | |
|---|---------------|
| Residential house purchased on 1.6.90 | Rs. 3,20,000 |
| Sold in November 2005 | Rs. 10,00,000 |
| Purchased another residential house in Dec.2005 | Rs. 5,50,000 |

সমাধান :

Computation of taxable amount of capital gain for the Assessment year 2019-20 relating to the Previous year 2018-19

| Particulars | Rs. | Rs. |
|--|-----------|----------|
| Sale Price of the house | 10,00,000 | |
| <i>Less</i> Indexed Cost of acquisition | | |
| $\left(\frac{3,20,000 \times 117}{100} \right)$ | 3,74,400 | 6,25,600 |
| Long term Capital Gains | | |
| <i>Less</i> Exemption u/s 54 | | |
| – Cost of new house purchased within one year | | 5,50,000 |
| Taxable long term Capital Gain | | 1,25,600 |

উদাহরণ : 3.

From the following particulars compute the taxable income under the head 'Capital Gain' for the Assessment year 2019-20.

| | Building | Shares |
|---------------------------|-----------|-----------|
| Date of acquisition | 3.4.1995 | 30.3.2001 |
| Date of Sale | 15.7.2018 | 31.3.2019 |
| Cost of acquisition (Rs.) | 3,15,000 | 15,000 |
| Sale Proceeds (Rs.) | 16,00,000 | 25,000 |

সমাধান :

Computation of taxable income under 'Capital Gain' for the Assessment year 2019-20 relating to the Previous year 2018-19.

| | | | |
|------|--|-----------|----------|
| (i) | Sale Proceeds of Building | 16,00,000 | |
| | Less : Indexed Cost of acquisition | | |
| | Rs. $\left(3,15,000 \times \frac{280}{100}\right)$ | 8,82,000 | |
| | Capital Gain | | 7,18,000 |
| (ii) | Sale Proceeds of Shares | 25,000 | |
| | Less. Indexed Cost of acquisition | | |
| | Rs. $\left(15,000 \times \frac{280}{100}\right)$ | 42,000 | |
| | Long term Capital loss | | 17,000 |
| | Total long-term Capital Gain | | 7,01,000 |

উদাহরণ : 4.

Mr. Anil Saha got urban agricultural land from his father by way of gift on 30.7.1989. The market value of the land as on the date of gift Rs. 80,000. His father acquired the said land in 1975 for Rs. 4,00,000. The market value of the land as on 1.4.1981 was Rs. 6,00,000.

Anil had been regularly using the land for agricultural purposes. The said land was compulsorily acquired by the Government on 10.1.2019. The compensation was fixed at Rs. 30,00,000 which was received on 30.3.2019.

He purchased another agricultural land on 20.3.2019 for Rs 7,00,000. As he does not have any residential property, he deposited a sum of Rs. 3,00,000 under Capital gain scheme on 31.7.2019

Compute taxable Capital gain for the Assessment 2019-20

সমাধান :

Computation of taxable income of Mr. Anil Saha, a resident individual for the Assessment Year 2019-20 relation to the previous Year 2018-19

| | | |
|------|--|------------------|
| | Compensation received | 30,00,000 |
| Less | Indexed Cost of acquisition | |
| | Rs. $\left(6,00,000 \times \frac{280}{100}\right)$ | <u>16,80,000</u> |
| | Long term Capital gain | 13,20,000 |
| Less | Deduction u/s 54 B—agricultural land purchased | 7,00,000 |
| | Taxable Capital gain | 6,20,000 |

ব্যাখ্যা :

- (1) কোনও মূলধনি সম্পত্তি উপহার হিসাবে দেওয়া হলে তা 'হস্তান্তর' হিসাবে গণ্য করা হবে না।
- (2) এখানে কৃষিভূমিটি 1-4-81র আগে অধিগ্রহণ করা হয়েছে সুতরাং 1.4.81 তে সম্পত্তিটির ন্যায্য বাজার মূল্য এবং তার অধিগ্রহণ মূল্যের যেটি বেশি হবে সেটিকে সূচক মূল্যে ব্যবহার করে পরিবর্তন করতে হবে।
- (3) এখানে নির্ধারী 54F ধারা অনুসারেও ছাড় পাওয়ার অধিকারী।

উদাহরণ : 5.

Barun is the owner of the two houses. One is let out and other is occupied by him for his own residence. The self occupied house was constructed by him in the 1970 at a cost of Rs. 80,000. On 1st April 1981 the fair market value of this house was Rs. 98,000. In the Assessment year 2019-20, he sold away the self-occupied house for Rs. 8,00,000 But within six month of the sale, he purchased for his residence a new house costing Rs. 4,00,000.

Compute the taxable capital gains.

সমাধান :

**Computation of taxable Capital gain of Barun for the
Assessment year 2019-20 relation to the Previous Year 2018-19**

| | | |
|--|----------|----------|
| Sale proceeds | 8,00,000 | |
| <i>Less</i> Indexed Cost of Acquisition | | |
| $\left(98,000 \times \frac{280}{100}\right)$ | 2,74,400 | |
| Long-term Capital Gain | 5,25,600 | |
| <i>Less</i> Deduction u/s 54 – new house purchased | 4,00,000 | |
| Taxable Long term Capital Gain | | 1,25,600 |

উদাহরণ : 6

Mr. Z provides the following data regarding his transaction for the sale of his residential house for the A. Y. 2019-20. Compute the amount of capital gain to be included in the total income for the assessment year 2019-20

| | |
|----------------------------|---------------|
| House purchased in 1986-87 | Rs. 8,72,000 |
| Sold in November, 2018 | Rs. 42,00,000 |

সমাধান :

Computation of Capital Gain of Mr. Z for the A. Y. 2019-20

| Particulars | Amount |
|--|------------------|
| House | |
| Sale proceeds | 42,00,000 |
| <i>Less:</i> Expenses on transfer | Nil |
| Net sale consideration | 42,00,000 |
| <i>Less:</i> Indexed cost of acquisition [Rs. 8,72,000 * 280)/100] | 24,41,600 |
| Long Term Capital Gain | 17,58,400 |

উদাহরণ : 7

Mr. Y a resident of Kolkata, sold his residential house on 25.6.2018 for Rs. 50,00,000. He had purchased this house on 1.9.2002 for Rs. 2,40,000 and had spent Rs. 1,60,000 on improvement of the house during 2003-04. He purchased a new house on 11.10.2018 for Rs. 7,00,000. Compute capital gains for the AY, 2019-20.

সমাধান :

Computation of Capital Gain of Mr. Y for the A. Y. 2019-20

| Particulars | Amount | Amount |
|--|----------|-----------|
| House | | |
| Sale proceeds | | 50,00,000 |
| <i>Less:</i> Expenses on transfer | | Nil |
| Net sale consideration | | 50,00,000 |
| <i>Less:</i> Indexed cost of acquisition [(Rs. 2,40,000*280)/105] | 6,40,000 | |
| <i>Less:</i> Indexed cost of improvement [(Rs. 1,60,000*280)/109] | 4,11,009 | 10,51,009 |
| Long Term Capital Gain | | 39,48,991 |
| <i>Less:</i> Deduction u/s 54 | | 7,00,000 |
| Taxable Long Term Capital Gain | | 32,48,991 |

উদাহরণ : 8

Mr. Das Gupta furnishes the following information for the previous year 2018-19:

| | Building | Shares |
|---------------------------|-----------|-----------|
| Date of acquisition | 3.5.2004 | 21.7.2009 |
| Date of sale | 21.8.2018 | 2.9.2018 |
| Cost of acquisition (Rs.) | 3,50,000 | 10,000 |
| Sale proceeds (Rs.) | 6,25,000 | 12,000 |

Compute taxable income from capital gains for the assessment year 2019-20.

সমাধান :

Computation of Capital Gains of Mr. Das Gupta for the A. Y. 2019-20

| Particulars | Amount | Amount |
|---|----------|-----------------|
| Shares | | |
| Sale proceeds | 12,000 | |
| <i>Less:</i> Expenses on transfer | Nil | |
| Net sale consideration | 12,000 | |
| <i>Less:</i> Indexed cost of acquisition $\left(10,000 \times \frac{280}{148}\right)$ | 18,919 | |
| Long Term Capital Gain | | (6,919) |
| Building | | |
| Sale proceeds | 6,25,000 | |
| <i>Less:</i> Expenses on transfer | Nil | |
| Net sale consideration | 6,25,000 | |
| <i>Less:</i> Indexed cost of acquisition $\left(3,50,000 \times \frac{280}{113}\right)$ | 8,67,257 | |
| Long Term Capital Gain | | 2,42,257 |
| Total Long Term Capital Loss | | 2,49,176 |

It is assumed that transaction is not covered by security transaction tax.

উদাহরণ : 9

Mr. Surajit, a resident individual, furnishes the following particulars for the P.Y. 2018-19:

Sale of Building (purchased on February 12, 2012 for Rs. 2,13,500) on March 10, 2019 for Rs. 5,20,000.

Sale of Shares (Purchased on January 30, 2018 at a cost of Rs. 1,92,000) on December 22, 2018 for Rs. 1,75,000.

Compute his income from Capital Gains for the assessment year 2019-20.

সমাধান :

Computation of Capital Gains of Mr. Sarkar for the A. Y. 2019-20

| Particulars | Amount |
|--|-----------------|
| Building | |
| Sale Proceeds | 5,20,000 |
| Less: Expenses on transfer | Nil |
| Net sale consideration | 5,20,000 |
| Less: Indexed Cost of acquisition [(Rs. 2,13,500 * 280)/ 184] | 3,24,891 |
| Long Term Capital Gain (A) | 1,95,109 |
| Shares | |
| Sale Proceeds | 1,75,000 |
| Less: Expenses on transfer | Nil |
| Net sale consideration | 1,75,000 |
| Less: Cost of acquisition $\left(1,92,000 \times \frac{280}{272}\right)$ | 1,97,647 |
| Short Term Capital Gain (B) | (22,647) |
| Capital GainS (A+ B) | 1,72,462 |

উদাহরণ : 10

Mr. Sen furnished the following information for the previous year 2018-19.

| | Building | Shares |
|---------------------|------------|------------|
| Date of acquisition | 13.07.2008 | 25.10.2017 |
| Date of Sale | 20.08.2018 | 02.09.2018 |
| Cost incurred (Rs.) | 7,00,000 | 30,000 |
| Sale Price (Rs.) | 12,50,000 | 36,000 |

Compute his income from capital gain for the assessment year 2019-20.

সমাধান :

Computation of Taxable Gratuity of Anindya Dey for the A. Y. 2019-20

| Particulars | Amount |
|--|-------------------|
| Building | |
| Sale Proceeds | 12,50,000 |
| Less: Expenses on transfer | Nil |
| Net sale consideration | 12,50,000 |
| Less: Indexed Cost of acquisition [(Rs. 7,00,000 * 280)/137] | 14,30,657 |
| Long Term Capital Gain | (1,80,657) |
| Shares | |
| Sale Proceeds | 36,000 |
| Less: Expenses on transfer | Nil |
| Net sale consideration | 36,000 |
| Less: Cost of acquisition $\left(30,000 \times \frac{280}{272}\right)$ | 30,882 |
| Short Term Capital Gain | 5,118 |

উদাহরণ : 11

Raghubir sold a house on 1st January, 2019 for Rs. 25,00,000, (purchased on 01.1.2008 for Rs. 6,00,000). He paid 2% brokerage on sale and purchased another house (for own residential purpose) on 31st March, 2019 for Rs. 15,00,000.

Compute the taxable capital gain, if any, for the assessment year 2019-20.

সমাধান :

Computation of Capital Gains of Raghubir for the A. Y. 2019-20

| Particulars | Amount |
|--|------------------|
| Building | |
| Sale Proceeds | 25,00,000 |
| Less: Expenses on transfer $(25,00,000 \times 2/100)$ | 50,000 |
| Net sale consideration | 24,50,000 |
| Less: Indexed Cost of acquisition [(Rs. 6,00,000 * 280) / 129] | 13,02,326 |
| Long Term Capital Gain | 11,47,674 |
